.182. Qb. 924. 16(2).

W. 324

# শতগল

[ ঢাকা-হল বাर्यिकी ]

[ ঢাকা বিশ্ববিদ্যালয় ]

তৃতীয় বর্ষ। ফাল্কন,—১৩৩২ সন।

मम्भापक—बीथाजाशहल छ रि, धम् मि।

# সূচীপত্ত।

	বিষয়		<b>লে</b> থক				পৃষ্ঠা
> 1	জাগরণ (কবিতা)	• 2	শ্রী প্রফুলচন্দ্র নাগ বি	बे, এ	•••	•••	>
21	"রক্তকরবী"র কথা	***	শ্রীহীরেক্ত নাথ রায়	বি, এ	***		8
७।	স্বভাব (কবিতা)	• • • •	শ্রীশিব দাস	***			>8
8	প্ৰেমযোগী ( কবিতা)	***	শ্রীসুথেন্দ্রচন্দ্র পাল	***	•••		24
@	ব্ৰহ্মা ও শিবের ঝগড়া	··• অধ্যাপক	শ্রীঅজিত কুমার সে	ান এম, এ	* * *		59
<b>%</b>	প্রাণের দোসর ( কবিতা )	* * *	শ্ৰীশশিভূষণ চৌধুরী	বি, এ	• • •	***	₹•
9 }	গৃহদাহে অচলা চ্ট্ৰিক	•••	भौरतस नान मान				२३
<b>b</b> 1	স্থর (কবিতা)	***	শ্রীনরেন্দ্রচন্দ্র কর ও	াম, এ	• • •	•••	२१
<b>a</b> I	'নিবেদন' (গল্প )	***	শ্রীরথীক্র কুমার গু	হ রায় বি, এ	414	• • •	২৮
>-1	"কত কথা জ্বেগে হারা অভি	<b>নবার</b>	শ্ৰীসতীন্দ্ৰ মোহন চ	ট্রোপাধ্যায়	***	***	৩১
	তক্ষী হৃদ	য়ে" ( কবিতা ) -	1 .				
22.1	জ্ঞাতক যুগে আর্য্যাবর্ত্তের অ	ার্থিক অবস্থা	শ্রীশশিভূষণ চৌধুর	ী বি, এ	411	• • • •	99
521	সাহিত্যের কথা	* * *	শীমস্ল্যচন্দ্র চক্রব	ৰ্ত্তী বি, এ	411	• • •	85
201	তাজ (কবিতা)	* * *	बीधीरतक नान मा	<b>ৰ</b>	4 • •		84
18	বিশ্ববিদ্যালয়ে বাধ্যতামূলক	সামরিক শিক্ষা	बीधीरतक नाथ ठाउ	কলাদার বি, এফ	न्, मि		¢ •
>@ }	একশত বৎসর পূর্বেকে কোন	ও বঙ্গীয় অধ্যাপক	এপরেশচন্দ্র মুখোগ	পাধ্যায় এম, এ			¢5
	ছাত্রাবাসে বাগ্দেবীর আ	र्क्रम					
100	ফটোর কাগজ (গ্র	•••	শ্ৰীসুখেব্ৰচক্ৰ পাৰ		• • •	•••	<b>6</b> 2
186	ফুলবালা ( কবিতা )	***.	শ্ৰীপ্ৰতাপত্তৰ গুহ	বি, এস-সি	* * *	•••	৬৫
) P 1	সত্য-পীরের পাঁচালী	***	<b>aa</b>	•••	***	***	らか
166	ভূমিকম্প	••• অধ্যাপক	শ্রীস্থরেন্দ্রচন্দ্র চক্রব	ৰ্ত্তী এম, এস্,	<b>बि</b> ,		۹۵
₹•	প্ৰতিদান ( কবিতা )	***	শ্ৰীপ্ৰতাপচন্দ্ৰ গুহ বি	वे, এम् मि	•••	***	<b>b</b> -8
<b>45</b> }	কাক্সবাজার ভ্রমণ	•••	बीनदिक हक कत	এম, এ	***	• • •	40
२२ !	আর্সি (ছোট্ট গল্প )	***	"শেওলা"	***	• • •	•••	८६
२७।	পরপারে	***	সম্পাদক	***	844		53
28	হাস্ত-কৌতুক	***	*******	***		• • •	20
201	ঢাকায় বিশ্বকৰি রবীক্রনাথ	• • •	স্ম্প্দিক	***	• • •	• • •	<b>त</b> त
२७	থেলা ( কবিতা )	· · ·	শ্রীহীরেন্দ্রনাথ রায়	বি, এ			200
२१।	উড়োথবর	***	बीगान प्नीवायु	***	• • •	* * *	> 0 €
२৮।	ঘরের কথা	***		•••	•••	•••	>>>
491	সম্পাদকের শেষ কথা	···· <b>/</b>		+ * •	•••		<b>३</b> २१

.182. Qb. 924. 16(2).

W. 324

# শতগল

[ ঢাকা-হল বাर्यिकी ]

[ ঢাকা বিশ্ববিদ্যালয় ]

তৃতীয় বর্ষ। ফাল্কন,—১৩৩২ সন।

मम्भापक—बीथाजाशहल छ रि, धम् मि।

# সূচীপত্ত।

	বিষয়		<b>লে</b> থক				পৃষ্ঠা
> 1	জাগরণ (কবিতা)	• 2	শ্রী প্রফুলচন্দ্র নাগ বি	बे, এ	•••	•••	>
21	"রক্তকরবী"র কথা	***	শ্রীহীরেক্ত নাথ রায়	বি, এ	***		8
७।	স্বভাব (কবিতা)	• • • •	শ্রীশিব দাস	***			>8
8	প্ৰেমযোগী ( কবিতা)	***	শ্রীসুথেন্দ্রচন্দ্র পাল	***	•••		24
@	ব্ৰহ্মা ও শিবের ঝগড়া	··• অধ্যাপক	শ্রীঅজিত কুমার সে	ান এম, এ	* * *		59
<b>%</b>	প্রাণের দোসর ( কবিতা )	* * *	শ্ৰীশশিভূষণ চৌধুরী	বি, এ	• • •	***	₹•
9 }	গৃহদাহে অচলা চ্ট্ৰিক	•••	भौरतस नान मान				२३
<b>b</b> 1	স্থর (কবিতা)	***	শ্রীনরেন্দ্রচন্দ্র কর ও	াম, এ	• • •	•••	२१
<b>a</b> I	'নিবেদন' (গল্প )	***	শ্রীরথীক্র কুমার গু	হ রায় বি, এ	414	• • •	২৮
>-1	"কত কথা জ্বেগে হারা অভি	<b>নবার</b>	শ্ৰীসতীন্দ্ৰ মোহন চ	ট্রোপাধ্যায়	***	***	৩১
	তক্ষী হৃদ	য়ে" ( কবিতা ) -	1 .				
22.1	জ্ঞাতক যুগে আর্য্যাবর্ত্তের অ	ার্থিক অবস্থা	শ্রীশশিভূষণ চৌধুর	ী বি, এ	411	• • • •	99
521	সাহিত্যের কথা	* * *	শীমস্ল্যচন্দ্র চক্রব	ৰ্ত্তী বি, এ	411	• • •	85
201	তাজ (কবিতা)	* * *	बीधीरतक नान मा	<b>ৰ</b>	4 * *		84
18	বিশ্ববিদ্যালয়ে বাধ্যতামূলক	সামরিক শিক্ষা	बीधीरतक नाथ ठाउ	কলাদার বি, এফ	न्, मि		¢ •
>@ }	একশত বৎসর পূর্বেকে কোন	ও বঙ্গীয় অধ্যাপক	এপরেশচন্দ্র মুখোগ	পাধ্যায় এম, এ			¢5
	ছাত্রাবাসে বাগ্দেবীর আ	र्क्रम					
100	ফটোর কাগজ (গ্র	•••	শ্ৰীসুখেব্ৰচক্ৰ পাৰ		• • •	•••	<b>6</b> 2
186	ফুলবালা ( কবিতা )	***.	শ্ৰীপ্ৰতাপত্তৰ গুহ	বি, এস-সি	* * *	•••	৬৫
) P 1	সত্য-পীরের পাঁচালী	***	<b>aa</b>	•••	***	***	らか
166	ভূমিকম্প	••• অধ্যাপক	শ্রীস্থরেন্দ্রচন্দ্র চক্রব	ৰ্ত্তী এম, এস্,	<b>बि</b> ,		۹۵
₹•	প্ৰতিদান ( কবিতা )	***	শ্ৰীপ্ৰতাপচন্দ্ৰ গুহ বি	वे, এम् मि	•••	***	<b>b</b> -8
<b>45</b> }	কাক্সবাজার ভ্রমণ	•••	बीनदिक हक कत	এম, এ	***	• • •	40
२२ !	আর্সি (ছোট্ট গল্প )	***	"শেওলা"	***	• • •	•••	८६
२७।	পরপারে	***	সম্পাদক	***	844		53
28	হাস্ত-কৌতুক	***	*******	***		• • •	20
201	ঢাকায় বিশ্বকৰি রবীক্রনাথ	• • •	স্ম্প্দিক	***	• • •	• • •	<b>त</b> त
२७	থেলা ( কবিতা )	· · ·	শ্রীহীরেন্দ্রনাথ রায়	বি, এ			200
२१।	উড়োথবর	***	बीगान प्नीवायु	***	• • •	* * *	> 0 €
२৮।	ঘরের কথা	***		•••	•••	•••	>>>
491	সম্পাদকের শেষ কথা	···· <b>/</b>		+ * •	•••		<b>३</b> २१

# SIR P. J. HARTOG'S MESSAGE.

The Vice-President of the Dacca Hall Students' Union has asked me to write a short article on my experiences of Dacca University and to send a parting message to the students. I made so many parting speeches at the farewell meetings which were kindly arranged before my departure that I have really nothing to add to them. It is my hope and belief that the students of Dacca Hall will feel a pride in the Hall and the University to which they belong, which will be of real service to them in life. There is a French proverbnoblesse oblige. It means that when we belong to a great institution, we feel in all our actions that we must be worthy of it. It is for Dacca Hall students to maintain and to add to the fine traditions which the Hall has already established. I shall always think in affectionate remembrance of the students of the University which I served during the first five years of its existence.

London
Feb. 18th. 1926. (Sd.) P. J. HARTOG.

# \* ONG

৩য় বর্ষ।

ঢাকাহল, ফাল্গ্রন—১৩৩২।

৩য় বর্ষ।

স্পিহিত্য জগতের একটা মামুলি প্রথা আছে, কোন একটা পূজোপকরণ লইয়া বাণীর মন্দিরে প্রথম প্রবেশ লাভ করিতে হইলে, পূজারীর একটা কৈফিয়ৎ দিতে হয় পাছে সেটা কোন রক্মের অন্ধিকার প্রবেশ ইইয়া না পড়ে। প্রথমটায়ই যত সব মুস্কিল। এ সময়েই তাহাকে মনে মনে নানারূপ্ ভয় ভীতি এবং সন্দেহ লইয়া 'পা ফেলি কি না ফেলি' করিয়া মন্দির দারে উপস্থিত হইতে হয়। তারগর একবার স্বীয় আদর্শ ও উদ্দেশ্য সকলকে বুঝাইয়া দিয়া অস্তান্ত পূজারীদের মধ্যে না হউক অস্ততঃ বাণীর মন্দিরের এক কোণেও পূজার অর্ঘ্য প্রদান করিবার মত একটু জায়গা করিয়া লইতে পারিলে, শেষে মায়ের সেবার অধিকার লাভ করিতে আর নূতন করিয়া কোন কৈফিয়ৎ দিবার ভেমন কোন দরকার হয় না। সে যাহা হউক, সেই সমস্ত প্রাথমিক ঝঞ্জাট ও কৈফিয়তের দায় আমাদের পূর্বের যে সব যোগ্যতর পুজারীদের উপর মাতৃপূজার অর্ঘা সাজাইবার ভার ছিল, তাহাদের উপর দিয়াই চলিয়া গিয়াছে। অধিকার স্ষষ্টি করিয়াছেন তাঁহারা, সেই অধিকার অকুন্ন রাখা ও তাহার সম্প্রদারণের ভার এখন আমাদের ও ভবিষ্যতে আমাদের পরবর্ত্তী পূজাত্রীগণের। আজ এই তৃতীয় বার্ষিক মাতৃপূজার আয়োজন করিতে গিয়া, অর্ঘা ও রচনাসম্ভার সাজাইবার দিনে আমাদের এইটুকুমাত্র সাহস করিবার আছে যে, মায়ের মন্দিরের সকল ভাগ্যবান পূজারীর সক্ষে একতা বসিয়া দীন পূজারী আমরা মাতৃচরণে অঞ্জলি পূরিয়া আমাদের প্রাণের অর্থ্য নিবেদন করিতে না পারিলেও, আমরা এখনও তাঁহাদের সকলের কাতেই নেহাৎ অপরিচিত রহিয়া যাই নাই। ইহাই আমাদের বড় ভরসা। আমরা আশা করি, গত চুই বৎসর আমরা যাঁহাদের আশীর্কাদ ও অনুকম্পা, সহামুভূতি ও সাহচর্য্য পাইয়া আসিয়াছি, এ বৎসরের মাতৃপূজায়ও তাঁহাদের আশীর্বাদ, অমুকম্পা, সহামুভূতি ও সাহচর্য্য হইতে বঞ্চিত হইব না।

এ বৎসরের পত্রিকায় আমাদের আদর্শ ও উদ্দেশ্য সম্বন্ধে নৃতন কিছু বলিবার না থাকিলেও, গত ছই বৎসরের ভিতর আমাদের সাহিত্য সেবা কতথানি সাফল্যমণ্ডিত হইয়াছে, সে সম্বন্ধে অন্ততঃ ছই একটা কথা না বলিলে আমাদের কর্ত্তব্য কার্য্যে একটা বিশেষ ক্রটি রহিয়া যাইবে। কাজেই সে বিষয়ে আমাদের কিছু বলা দরকার। বাস্তবিক সমস্ত বৎসরের চেষ্টায় এমন একটা শিক্ষিত ছাত্র-সমাজ হইতে

একখানা মাত্র বাধিক পত্রিকা প্রকাশিত করার মধ্য দিয়াই যদি আমহা প্রচার করিতে চাই যে একমাত্র ইহাই আমাদের সাহিত্য সেবার নিদর্শন এবং আমাদের যাহা কিছু সাহিত্য স্পষ্টি তাহা শুধু এক 'শতদলের' মধ্য দিয়াই বিকাশ লাভ করিয়াছে এবং করিতেছে, তবে বুঝিতে হইবে সাহিত্য সেবায় আমাদের সফলতা নেহাৎই অকিঞ্চিৎকর। মাসিক বা ত্রেমাসিক পত্রিকা প্রকাশ করিতে না পারার আমাদের অন্ম যথেষ্ট কারণ থাকিলেও, আগরা এইটা মানিয়া লইতে বাধ্য না যে আমাদের মধ্যে সাহিত্যানুশীলন বা অনুশীলনের উৎসাহ খুবই কম। বাংলাদেশের দ্বিতীয় রাজধানী ঢাকা নগরীতে "প্রাচী" পত্রিকার সংক্ষিপ্ত জীবন ও ভাহার অকাল মৃত্যু যদিও প্রমাণ করিতে চায় যে ঢাকার সাহিত্যের আবহাওয়া তেমন স্থ্রিধাজনক নয়, তথাপি আমরা জোর করিয়া বলিতে পারি যে "শতদলের" মধ্য দিয়া ঢাকা হলের মৃতপ্রায় সাহিত্যিক জীবন যে এক নুজন জীবনে সঞ্জীবিত হইয়া উঠিতেছে তাহারও যথেষ্ট প্রমাণ আছে। এক বৎসর পূর্বের টাকাহলে Literary Association বলিয়া কোন Associationই ছিল না, কিন্তু এই বৎসর আমরা তাহার প্রতিষ্ঠা, অস্তিত্ব ও জীবনীশক্তি দেখিয়া যথার্থ ই মুগ্ধ হইয়াছি। আমাদের মনে হয় এই সাহিত্য সম্মেলন গড়িয়া উঠিবার মুলে "শতদল" অনেকটা কাজ করিয়াছে। এবং ইহাও আমাদের একটা বড় গৌরবের বিষয় যে ''শতদলের'' কোন কোন কবির 'সাধা' নীণা ইহার মধ্যেই অনেক কবিতা কুঞ্জে বাজিয়া উঠিয়াছে। আমরা আশা করি, আজ ''শতদল'' মাতৃস্তত্যের জন্ম লালায়িত শিশুর মত অর্দ্ধস্ফুটবাক্যে ঢাকাহলের ভিতরের অভাব অভিযোগ ও আবেগের কতটুকু মাত্র প্রকাশ করিলেও, অথবা আজ ঢাকাহলের মনের কথাটির মোটামোটি সাদামাঠা ভাষায় একটা রূপ দিলেও, এমন দিন শীঘ্রই আসিবে যে দিন সাহিভ্যিকের দরবারে ''শতদল'' বিশেষ অনাদর পাইবে না।

সাহিত্য স্থান্তি ও সাহিত্যামুশীলনের মূলে যেমন থাকা চাই ভিতরে ভিতরে একটা বিশেষ প্রেরণা, তেমনই আবার জনসাধারণের মধ্যে সাহিত্যালোচনা ও সাহিত্যপ্রিয়তা বাড়াইয়া তুলিবার পক্ষে সহায়তা করিবার জন্ম থাকা চাই একটা অনুকূল Literary atmosphere. আমাদের মনে হয় সাধারণের দিক হইতে দেখিতে গেলে এই atmosphereএরই দরকার সব চেয়ে বেশী এবং সাহিত্যের উন্নতিও বোধ হয় নির্ভর করে অনেকটা উহারই উপর। ঢাকায় বসিয়া সাহিত্যের কথা বলিতে গেলে কিন্তু বড় ছঃখের সহিত্ই বলিতে হয় যে এই স্থানে সম্প্রতি ঐ জ্বিনিষটার বড়ই অভাব হইয়া পড়িয়াছে। এইস্থানের বর্ত্তমান সাহিত্য প্রচারের ক্ষাঁণ ধারাই ইহার প্রকৃষ্ট প্রমাণ। আমরা জানি ঢাকায় অনেক সাধারণ অনুষ্ঠান, অনেক স্কুল কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও তদস্তর্গত তিনটা ছাত্রাবাসের প্রত্যেকেরই মুখপত্র স্বরূপ স্ব স্থ এক একখানা পত্রিকা আছে। তবে কোন কোন খানা হয়ত ছাপার অক্ষরে বাহির হয় আর বেশীর ভাগই হয়ত হাতের লেখা। কিন্তু সাহিত্যপ্রিয়তা ও সাহিত্য স্তির আকাজ্ঞা যে এখনও ঢাকায় একেবারে মরিয়া যায় নাই, ইহা কি তাহাই প্রমাণিত করে না ? আমাদের বিশ্বাস, বর্ত্তমানে ঢাকায় যে কয়জন খ্যাতনামা কবি ও সাহিত্যিক আছেন, তাঁহারা যদি ঢাকার সমস্ত স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সাহিত্যামোদী ছাত্রগণের সহযোগে একটা সাহিত্য সম্মেলন গড়িয়া উঠাইবার চেফা করেন, তবে সকলের আগুরিক যত্নে ও সহযোগিতায় ঢাকার সাহিত্যের আবহাওয়া নিশ্চয়ই বদলাইয়া যাইবে। এবং সেই সম্মেলনের মধ্য দিয়াই আবার নূতন সাহিত্য স্পষ্টির সঙ্গে সঙ্গে বাংলা সাহিত্যের সম্পদ অনেকটা বাড়িয়া যাইবে, ঢাকারও বৈশিষ্ট্য রক্ষিত হইবে সন্দেহ নাই।

# \* ONG

ওয় বর্ষ।

# ঢাকাহল, ফাল্কন—১৩৩২।

ওয় বর্ষ।

### জাগরণ

্শ্রীপ্রফুল চক্র নাগ বি, এ ] শরৎ-প্রাসন্ন হাসি আসি দেখা দিয়াছে ভুয়ারে ওরে মন জাগ আজি ; আন অর্ঘ্য ভার যতন স্থিত যত রভন সম্ভার। আজি এই নৰ জাগৱণে প্রাণের সকল পথ সকল ভুয়ার দাও খুলি; या ७ जूनि रेन्ग जाभनात । কত যুগ যুগাস্তর ব্যাক্তর রিক্তশ্ন্য প্রাণে কাটিয়াছে কাল; অনন্ত-বাসনা স্রোভ ব্যর্পতার হীনভার বহি কত কাল তোমা भरू वाँधान वाँधि कतिए नाकाल। হের আজি নবীন প্রভাত চিরসিগ্ধ হাসিরাশি আলিজন দিয়া কহিছে ডাকিয়া সবে "শুভ-সুপ্রভাত" | ওরে মন জাগ জাগ—
শুন নব আশার বারতা;
দেখ কিবা স্থলর তপন
বরষি অমৃত রাশি দশদিশি করিয়া উজল
ধোষিছে আশাস বাণী প্রতি ঘর ঘর—
"ভুলে যাও ভুলে যাও নর
খুলে দাও অতীতের শ্মৃতির পিঞ্জর;
শুল্র শান্ত হাস্থময় নব উষা লোকে
শতাকীর—পুঞ্জীভূত দাসোচিত জড়া গ্লানি ছেড়ে
এস চুটে ডিয়েমান মুক্তির পুলকে।"

হের কিবা সক্জিতা ধরণী;
অভিনব ফুল সাজে যেন ফুল-রাণী —
শ্বধাভাগু নিয়ে হাতে দুয়ারে তোমার
থলে দাও দার
বসাও যতনে তারে;
আজি তব সব দৈশ্য সব বার্থতার
হবে অবসান,
শব্দেয়র প্রতি তল্তে শিহরণ তুলি
উঠিবে স্থতান।

ওরে মন জাগ জাগ

আর কত র'বে অচেতন
হের ঐ পশ্চিমের ক্ষুধিত রাক্ষস
লেলিহান জিহবা মেলি গ্রাসিতে জগত—
শক্তির গর্জনে ছলে মোহ-প্রলোজনে
শোষনে শোধন-ভানে চাতুরী মায়ায়
নিরস্তর অনলস করিয়া যতন
বহুকাল পরে আজি ব্যর্থ মনোর্থ।

আজি তার ছদ্ম আবরণ প্রভাতের সূর্য্যালোকে পড়িয়াছে ধরা; তাই তার শক্তি ছমছাড়া নিক্ষল আক্রোশে রোষে করিয়া গর্জন ঘোষিছে জগতে তার আগত পতন।

হে নবীন!

আজি শুভ দিন

কান্তারে প্রান্তরে বনে প্রতি গৃহ কোনে

অসংখ্য করমক্ষেত্র ডাকিছে তোমায়;

ধরণীর প্রতি ধূলিকণা

সহস্র বন্ধনে তোমা করিছে আহ্বান।

ঐ শুন নবছন্দে নবীন সঙ্গীতে

বিশ্বের বরেণ্য কবি কহিছেন ডাকি—

"এই সব মৃঢ় মান মুখে

দিতে হবে ভাষা; এই সব প্রান্ত শুক ভগ্গ বুকে
ধ্বনিয়া তুলিতে হবে আশা; ডাকিয়া বলিতে হবে
মুহুর্ত্তে তুলিয়া শির একত্র দাঁড়াও দেখি সবে;
যার ভয়ে তুমি ভীত—সে অন্যায় ভীরু ভোমা চেয়ে,
বখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধ্বয়ে।"

উদার নির্ভীক প্রাণ শাস্ত সমাহিত হে নব জাগ্রত। শতধা বিচ্ছিন্ন তব লাঞ্জিত জীবন অলস বিশ্রাস্ত; ধন্ম হোক ধন্ম হোক করিয়া বরণ মানব কল্যাণময় জীব-হিত-ব্রত।

### "রক্তকরবী"র কথা।

### [ শ্রীহীরে<u>জ</u>নাথ রায় বি, এ |

বিগত বৎসবের পূজার সভগাদ 'রক্তকরবী' বাহির হওয়ার পর হইতে এ পর্যান্ত যুগ সাহিত্যে ইহার স্থান নির্দেশ নিয়া আনেক কথা হইয়াছে। বৈজ্ঞানিক সাহিত্যিক মগুলী ল্যাবরেটরিতে ক্র্সিব্লের সাহায়ে তাহার মানে বাহির করিতে গিয়া হতাশ ইইয়ছেন। তাহারা সন্দেহ করিয়াছেন, রক্তকরবী রূপক কথা, না হয় কোনো প্রচলিত বিধি ব্যবস্থার দিকে বিজ্ঞাপের ইক্তিত। তাহাদের সম্বন্ধে কবি নিবেদন করিয়াছেন—"ষেটা গৃঢ়, তাকে প্রকাশ করলেই তার সার্থকতা চ'লে যায়। হৃহপেশুটা পাজরের আড়ালে থেকেই কাল্প করে। তাকে বের ক'রে তার কার্য্যপ্রণালী তদারক কর্ত্তে গেলেই তার কাল্প বন্ধ হ'য়ে যাবে"। বাস্তবিক, মানুষের যা সৌন্দর্য্য আছে, তা ডিসেক্সন্ মরে বিশ্লেষণ থারা খুব কমই নিলে, কুলের যা সৌন্দর্য্য আছে, তা তার পাপড়িগুলি একটা একটা করিয়া ছিড়িয়া নিলে খুব কমই বোঝা বায়। রূপ ও রসকে বৃদ্ধি দারা আত্মগাৎ করিবার চেন্টা শুরুই শক্তির অপব্যয় নয়, মানুষের পক্ষে আগোরবের কথাও বটে। রসকে জানা যায় না, যেমন করিয়া বিজ্ঞান, জ্যামিতিকে আমরা জানি; সমগ্রে সমুভূতি দিয়া তাহার আদ গ্রহণ করিতে পারা যায়। তাহার একটা অর্থ থাকিতেও পারে, কিন্তু তাহাকে পৃথক করিয়া নিলে অর্থ অন্পর্য হইয়া উঠে, যার ঝোড়া মৃর্ত্তি দেখিয়া আমরা ভর পাই, আর বেশী ঘাটনের ফলে রসও ভিক্ত হইয়া যায়। এই রক্তকরবীরও পাপড়ির আড়ালে একটা অর্থ থাকিতে পারে, কিন্তু তাহাকে অন্তঃকলিলা রসের কল্পধারা হইতে পৃথক করিয়া দেখিতে গেলে শুক্ষ বালি উঠিবার সন্তাবনাই বেশী।

কৰি ভাহার কাব্যে, শিল্পী ভাহার শিল্পে, কাজে লাগান এই জগতেরই মাল মসলা, বাহা আমরা নিত্য চোথে দেখি, ব্যবহার করি বা অবহেলা করি। কিন্তু ভাহার 'আপন মনের মাধুরী মিশায়ে' যে প্রাণটুকু প্রতিষ্ঠা করেন, তাহা ভাহার নিজের। তাহা জাবস্ক, মূর্ত্ত, গতিশীল হইয়া উঠে ভখনই, কারণ উহা বিশ্ববীণার ছলের ভানে মিলিয়া যায়, স্প্রির যাবভীয় অমুপরমাণুতে কক্ষার ভোলে, প্রতিধ্বনির স্প্রি করে। তাহাকেই আমরা আর্ট বলিয়া সম্মান করি, সত্য বলিয়া নমস্মার করি। আবার বিভন্ন যুগের জাগতিক সমস্যাগুলিও সর্ববিধারণকে যেমন বিত্রত্ত করে, ক্রিকেও ভেমনি চঞ্চল করিয়া ভোলে। সাধারণ মানুষ মূক হইয়া থাকে,—ভালোমন্দের বিরোধে পড়িয়া ক্ষভবিক্ষত হয়; করি আদর্শের সহিত বাস্তবের অমিলটুকু দেখিয়া হাদয়ে ব্যথা পান, ব্যবধানের লক্ষ্যাটুকু তুলিতে আঁকিয়া লন। তখন আর তাহারা কেবল সাময়িক সমস্যাই থাকে না,—চিরকালের বেদনা হইয়া জাগিয়া উঠে। এই বাবধানের বেদনায় মানুষ না-পাওয়ার পেছনে ছুটিতে থাকে— পায় না তবু হয়য়ণ হয় না; পথে পথে মাধুর্যের আর আনন্দের খনি দেখিয়া মুশ্ধ হয়, ভাই বিরাম নিতে চায় না। এই ছটা চিরক্ষন।

এই রক্তকরবীও এমন একটা বিশিষ্ট যুগকে অবলম্বন করিয়া আবার তাহাকে ছাপাইয়া চিরকালের কথাটাকেই জীবস্ত করিয়া তুলিয়াছে। ইহা শক্তির বাহুল্যের কাছে অবমানিত লাঞ্ছিত মন্মুখ্যম্বের চিত্র; বিশেষত্ব এই যে প্রলয়ন্ধর শক্তিপ্রতীকের শির নোয়াইয়া তাহারই মাথায় পরাজ্যের গৌরব মুকুট পরাইয়া দেওয়া হইয়াছে। এই পরাজ্যে গ্লানি নাই, কারণ, উহা উদ্ধৃত্তর শক্তির ধর্ষণ ও অবলুপ্তন নহে,—আনন্দের হাটে সৌন্দর্যের ও সত্যের সাথে চোখাচোখিতে নিদ্রিত প্রাণের নব জাগরণ। শুধু "মানবের মহিমা উচ্ছল ক'রে ধরবার জন্মই চিত্রপটে দানবের পটভূমিকা"।

এ যুগের একটা সমস্তা কবির প্রাণে খুব বাজিয়াছে, যাহা তিনি বস্ত জায়গায় বস্তবার ঘোষণা করিয়াছেন,—সে 'বস্তসংগ্রহী বস্তগ্রাসী' যন্ততান্ত্রিক সভ্যজা এবং কর্ষণ ও আকর্ষণ জীবিদের পরস্পার হৃদ্দ। শোষণজীবির পরগ্রাসী ক্ষুধার এভ বড় হা দেখিয়া সমস্ত জগৎ আৎকাইয়া উঠিয়াছে। উহা সারা পৃথিবীটার শক্তি সংহরণ করিয়া আপন লোভের পিপাসা মিটাইতে চায়।

"স্ফীতকায় অপমান

অক্ষমের বক্ষ হতে রক্ত শুষি করিতেছে পান লক্ষমুখ দিয়া। বেদনারে করিতেছে পরিহাস সার্থান্ধত অবিচার!"

"দয়াহীন সভ্য হা নাগিনী তুলেছে কুটিল ফণা চক্ষের নিমিষে শুপু বিষদস্ত ভার ভরা ভীত্র বিষে।

> স্বার্থে সার্থে বেধেছে সংঘাত,—লোভে লোভে ঘটেছে সংগ্রাম; প্রলয়-মন্থন লোভে ভদ্রবেশী বর্বরতা উঠিয়াছে জাগি পঙ্গশ্যা। হতে।"

তাই প্রত্যেকের লোভের সীমা নির্দ্ধেশ করিয়া দিবার জন্ম 'লিগ্ অব নেশানস্' এর প্রয়োজন ইইয়াছে। কিন্তু বৈজ্ঞানিক প্রাকৃত্ব বন্ধনের তলে তলে একের সন্দেহ অপরের খাড়ের প্রেছনে, উঁকি মারিতেছে। "এই অনতিপ্রয়োজনকৈ প্রয়োজনীয় করে তোলা যখন দেশশুদ্ধ সকল লোকেরই নিতা সাধনা হয়, তখন বিশ্বরাপী দম্যুর্ত্তি অপরিহার্য্য হয়ে ওঠে"। "বস্তুগত আয়োজনের অসক্ষত বাত্ল্যকেই য়ে সভ্যতার প্রধান লক্ষণ বলে মানা হয় সে সভ্যতা অগত্যাই নরভুক"। তিনি তাই ভবিষ্যদাণী করিয়াছেন—"নররক্ত শোষণের বিশ্বরাপী চর্চ্চা একদিন আত্মহত্যায় ঠেক্বেই, এতে সন্দেহ করা চলে না।"

এই সম্বন্ধে সম্প্রতি তিনি মাঞ্চেষ্টার গার্ডিয়ানে যাহা লিখিয়াছেন তাহা খুবই প্রণিধানযোগ্য। এই পর্ঞাসী সভ্যতার অগ্রদূত হিসাবে তিনি ইউরোপকে সর্বাগ্রে দায়ী করিয়াছেন। সমাজ, রাষ্ট্র, ব্যক্তি, সকলে organisationএর বাধা নিয়মে উঠিতেছে, বসিতেছে। "Christian Europe no longer

depends upon Christ for her peace but upon the League of Nations, because her peace is not disturbed by forceful individuals so much as by organised powers.

But the personal man is not dead, only dominated by the organised man. The world has become the world of Jack and Giant—the Giant who is not a gigantic man, but a multitude of men turned into a gigantic system....... It is an organised passion of greed stalking in the name of European civilisation." তার কলে দেশ বিদেশের মধ্যে প্রীতির বন্ধন শিখিল হইয়া গিয়াছে, বধ্রা নিয়া কাড়াকাড়ির গওগোলে আকাশ বিকট প্রতিধানতে ভরিয়া উঠিয়াছে। এই ইউরোপের সঙ্গে ভারতবর্ষের সম্বন্ধ প্রেমের নয়,—নিছক্ সার্থের। তাই তাইরো কোনো দিন এদেশকে ভালবাসিয়া বুঝিতে চেকী করে নাই; যাহা করিয়াছে, তাহা শুধু লাভালাভ খুঁজিবার সুযোগ অন্বেৰণ করিতে বাইয়া হন্ধয়ইন বিশ্লোষণ। তাহারা পথে পথে বস্তুর চাক্চিকা দেখিয়া আত্মহারা হইয়াছে, কিন্তু এদেশের আকাশে বাতাসে বে সঙ্গীত ভাসিয়া বেড়ায় ভারার দিকে কান দিতে অবসর পাইল না। ঠিক এই জন্মই বিশেষ করিয়া পাইতে পিয়া ইংরাজরা শিশেষ করিয়াই এদেশকে হারাইয়াছে।

এই প্রকার পাইবার জন্ম হাত্রাইয়া খোঁজাটা অতান্ত বিকট দেখায়—তাই, বিজ্ঞানকৈ বাহন করিয়া সভ্যতার এই নগ্নতাকে লুকাইবার প্রচেফী। "Such an objectified passion lacks the true majesty of human nature; it only assumes a terrifying bigness,—its physiognomy blurred through its cover of an intricate network—the scientific system." ইহাই রক্তকরবীর সেই জালের আবরণ। এককালে এদেশে আকবর ছিল, ওরংজীব ছিল, অত্যাচারের লীলা বে খোলা হইতে বাহির হইয়া আসিভ, ভাহা লোকে দেখিতে পাইত, বুঝিতে পারিত। কিন্তু এখন দিকে দিকে নংঘবদ্ধ লোভ (organised avarice) নিজের ভয়ন্তর রুপকে আড়াল করিয়া সহজের আবরণে বিশ্বকে প্রাস করিতে উদ্যুত হইয়াছে। ব্যক্তিগত কার্যা অনেক সময় আড়ান্তরীণ চরিত্রের উপর নির্ভর করে, সেই চরিত্রগত তুর্বলভার জন্ম তুংখ করা চলে। কিন্তু চারিদিকে ভন্তবেশী লোভের যে সকল দৃত আমরা দেখিতে পাই, তাহারা রক্তমাংসের মানুষরূপে আসে না। সংযের উপদেবতা ভাদের প্রাণপুরুষের অন্সরমহলের খিলটি কন্ধ করিয়া দেয়। "Its inessengers who came to us.......are never for us our fellow-beings in flesh and blood as were Julius Cæsar or Antony who could find their immortal places in Shakespeare's drama. They are abstractions as far and near and therefore awful; they are obscure to us in their dark secrecy of their political laboratory and yet grimly concrete in their grasp upon our vitals."

এই গাড়তম **অন্ধ**কারের মধ্যে কবির গভীর **অসুভূতি রক্ত**করবী হইয়া ফুটিয়া উঠিয়াছে। এই উপ্ছেপড়া শক্তির চাপে পড়িয়া মনুষ্যুত্ব মরিয়া ষাইতে বসিয়াছে, সুন্দরের লীলান্দেত্রে রাক্ষ্ণের হাত পড়িয়াছে, সেই রাক্ষণের রূপ দেখিয়া সত্য শিব মূর্চিছত হইয়াছে। "আজ মুনাফার আড়ালে" মামুষের জ্যোতির্মায় সত্য রাজ্ঞাস্ত।" "সর্বভুক পেটুকতার এমন বিস্তৃত আয়োজন পৃথিবীর ইতিহাসে আর কোনো দিন এমন বিস্তৃত আকারে দেখা দেয়নি।" তাই কবির বীণায় নৃতন করিয়া তার সংযোগ করিবার ডাক পড়িয়াছে।

বর্ত্তমান জগৎ যন্ত্রকে সার্থি করিয়া তার 'প্রোগ্রেস্' ও 'সাক্সেস্' এর থবজা উড়াইয়া চলিয়াছে। আবার সেই যন্ত্রের দ্রুত তালের সহিত চলিতে না পারিয়া পিছাইয়া পড়িতেছে, ছুটিতেছে, ক্ষতবিক্ষত হইতেছে। বাহিরে ভাহার 'সাক্সেস্' জমিয়া উঠিতেছে বটে, কিন্তু অন্তরের মানুষটি না খাইয়া শুকাইয়া মরিতেছে। এই ভোগের আকর্ষণ বড় ভয়ানক, ভার শেষ নাই, তৃথি নাই। একটু একটু করিয়া সমস্ত জগৎকে সে মুঠোর মধ্যে আনিতে চায়; প্রয়োজনের হিসাবে সমস্ত জিনিয়কে'সে জানিতে চায়।

"সার্থ যত পূর্ণ হয়, লোভ-কুধানল তত তার বেড়ে ওঠে,—বিশ্বধরাতল আপনার খাত বলি না করি' বিচার জঠরে পুরিতে চায়।"

তার উপকরণ—যন্ত্র; ''মুক্তধারায়" তার বিশেষ পরিণতি আমরা দেখিয়াছি। যন্তরাজ বিভূতি দৃশুকঠে বলিতেছেন—''যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।" তাই উত্তরকুটে যন্তের পূজার ব্যবস্থা আছে, তার বন্দনা আছে—

"নমো যন্ত্র, নমো যন্ত্র, নমো যন্ত্র, নমো যন্ত্র ভূমি চক্রংমুগর মন্দ্রিত ভূমি বজ্রবহিং বন্দিত তব বস্ত্র বিশ্ববক্ষদংশ ধ্বংস-বিকট-দন্ত।"

"বিশের সকল ত্ষিতের জায়া দেবদেবের কমগুলু যে জলধারা তেলে দিচ্ছেন," সেই মুক্রধারাকে যন্ত্রের সাহায়ের বন্ধ ক'রে তাদের শক্তির বিকট মহোৎসব। রাষ্ট্রনীতি তাদের কাছে আত্র হইয়া উঠিয়াছে, প্রাণকে নিঃশেষ করাই তাহার বিশেষ কাজ। এই রাষ্ট্রের সাথে ব্যক্তির সমন্ধ বুঝাইতে গিয়া ধনপ্রয় যোষণা করিয়াছে—"আমার উদ্তু অল্ল তোমার, ক্ষুধার অল্ল তোমার নয়" "রাজা ভুল করচ এই, যে, ভাবচ জগওটাকে কেড়ে নিলেই ভোমার হ'ল। ছেড়ে রাখ্লেই ধাকে পাও, মুঠোর মধ্যে চাপ্তে গেলেই দেখ্বে সে ফস্কে গেছে।"

এই যন্ত্রথ আজ মানুষকে ত্রাসিত করিয়াছে। প্রাণকে দলিত মখিত করিয়াছে। আজ এই "ঘর্যরিত রথবেগ গৃহভিত্তি করি দিল গ্রাস।"

তার গতি উদ্দাম, তাই—

রথী কহে, "ঐ মোর পথ

মুবে গেলে দেরী হবে, বাধা ভেঙ্গে সৈধা যাবে রথ।"
গৃহী কহে, "নিদারুণ হরা দে'খে মোর ভর লাগে,
কোথা যেতে হ'বে বল।"
রথী কহে, "বেতে হবে আংগে।"
"কোন্থানে," শুধাইল।
রথী বলে, "কোনোখানে নহে,
শুধু আগে।"

এই ভোগদর্শক্ষনী তার যন্ত্রের কুঠার দিয়া প্রয়োজনের কাজে বিখভাগুরের দেয়াল ফুটা করিয়া সমস্ত স্থানিক টুক্রা টুক্রা করিয়া তাহাদের প্রাণ হইতে বিচ্ছিন্ন করিতেছে। যেখানে এই ভোগের অতি প্রয়োজনের রাজত্ব তাহারই নাম যক্ষপুরী। মানব-বৃত্তিকে পিরিয়া ফেলিয়া রাক্ষসবৃত্তিরই চিরভার্থতা সেথানে—তাই তাহার নাম এমন ভয়ঙ্কর। মানুষগুলি সেখানে মানুষ নয়—প্রয়োজনের দাস। পাতালপুরী হইতে সোণার তাল খুঁড়িয়া বাহির করাই তাহাদের কাজ; এই সোণার ঝলমলানিতে তাহাদের প্রাণের প্রদীপ নিজ্পভ হইয়া গিয়াছে। মানুষ হিসাবে করিবার তাহাদের কিছুই নাই, সেই জ্ঞানটুকুও তাহাদের লোপ পাইয়াছে,—ক্ষেত্র, ভালবাদা, ভক্তির প্রত্রেবণ শুকাইয়া গিয়াছে। তাহাদের পরিচয় নির্ণয় করিবে প্রয়োজন, কত্টুকু পর্যান্ত বাঁচিয়া থাকিতে হইবে তাহা ওজন করিয়া দিবে প্রয়োজন;—তাহাদের নাম নাই, রূপ নাই, এক একজন এক একটি কল, নিয়মের চাবিতে ঘুরে, চিনিতে হইবে শুরু পিঠের কাপড়ে দাগা সংখ্যাটুকু দিয়া, যেন, দেশ পঁচিশের ছক। লোভ ভাহাদের শিরায় শিরায় চুকিয়াছে, তাই মাঠ ছেডে, বাড়ী ছেডে, স্ত্রীপুত্র পরিজন সব ছেডে, বড় বড় চুক্লিওয়ালা কলের চারিদিকে জড় হইয়াছে।

এই যক্ষপুরী "প্রহণ-লাগা পুরী।" সোণার গর্ত্তের রান্ততে ওকে খাব্লে খেয়েছে। ও নিজে আস্ত নয়, কাউকে আস্ত রাখ্তে চায় না। এখানে একটা জালের আড়লে রাজাকে ঢাকিয়া রাখা হইয়াছে, সে যে মানুষ পাচে সে কাম ধরা পড়ে। আর এট "খোলাইকরের দল পৃথিবীর স্কুকচিরে দরকারের বোঝা মাথায় কীটের মত সুর্কীর ভিতর থেকে উপরে জাসছে।" পৃথিবীর উপরে ধেখানে রসের লীলা, তার দিকে পেছন ফিরিয়া কাজের মাতাল সাজতে তারা মদের পেয়ালায় ডুব দিয়া রহিয়াছে। ইহা এই শক্তিবাহুলার রাজ্যের রাষ্ট্রনীতি। এখানে ধর্মের 'প্রপাগাণ্ডার' জক্ত ধর্মাসচিবের পদ আছে, কারণ তেজীয়ানকে নরম করিতে রাষ্ট্রের পক্ষে ইহাকে অবহেলা করিলে চলে না; তাই প্রাণের স্পন্দনের অভাবে মন্ত্রসব মিথা বকুনি হইয়া দাঁড়াইয়াছে, আচার সব বুজক্রিতে পরিণ্ত হইয়াছে। ধর্মনীতির মেরুদগুটা এই তথা-কথিত রাষ্ট্রনীতি,—ধর্ম্মের মুখোস পরিয়া আছে মাত্র। তার দায়িত্ব—অসম্বন্তির দেয়ল ওই মজুরের দল যেন অসংযত হইয়া না উঠে, ভাদের আকাজকা যেন যক্ষপুরীর প্রয়োজনের দেয়াল ডিসাইয়া

বহিন্দুখী না হইতে পারে। এই লোকগুলির চিত্তবৃত্তির সঙ্গে যক্ষপুরীর প্রয়োজন সাধনের মাত্রার সামারক্ষার অগ্নাই তিনি নিযুক্ত অংছেন, — ভিনি একপিঠে গোঁসাই, আরেক পিঠে সর্দার, — নিত্য নৃতন বিধান ও ব্যাখ্যা বাহির করিয়া ভাহাদের আকাজকাকে রাষ্ট্রের প্রয়োজনের হালে বুঁতিয়া দেওয়াই ভাহার কর্মা। সর্দার একজারগায় বলিতেছেন—"আমাদের এই কারিগরদের তুর্বল মন, মাঝে মাঝে অশাস্ত খুহ'য়ে উঠে। এদের কাণে একটু শান্তিমন্ত্র দেবেন—ভারি দরকার।" এই দরকার উদ্ধারের জন্মই, ফোজের চাপে অহক্ষারটা দূর করিয়া এদের কাণে নিজ্জীবভার শান্তিমন্ত্র জ্বপ করা হয়। এই ভাবে যে শুধু এদের ভিতরটা ফাঁপা করিয়া দেয়, ভাই নয়, একেবারে ভরসা পর্যান্ত শুবিয়া নেয়।

এই নাটিকায় একটি অধ্যাপকের স্থান আছে। ভাগার মধ্যে "মামুষের অনেকখানি বাদ গিয়ে পণ্ডিতটুকু জেগে আছে।" তিনি তাঁগার বস্তু-ভত্তবিদ্যার মধ্যে দিবারাত্র গর্ত্ত খুড়িরী চলিয়াছেন। কিন্তু তাঁগার জ্ঞান সম্মুখকে প্রকাশ করিয়া চলে না, সম্পেহের অন্ধকারকে বাড়াইয়া ভোলে মাত্র। বিষয়ের ভারা বাহির করিয়া তিনি জানিতে চাহেন, কিন্তু যে পূর্ণকে আনিলে সব জানা বায়, ভাগা চিরকাল অজানাতেই গুপু থাকে। ভাগার জ্ঞান সভ্যকে প্রকাশ করিবার জ্ঞানয়, 'ইউটিলিটির'ইন্ধন যোগাইবার উপচার মাত্র।

রজ্জ করবীর পালায় 'সদ্দারের' সঙ্গে সাক্ষাৎ আমাদের বাবে বাবেই হয়। তাহার সদ্দারির নিয়মেই যক্ষপুরীর কলকাঠিটি বুরে ফিরে। ক্ষুন্দরের নেশা যাতে কাজের নেশাকে কখনই ছাপাইয়া না উঠে, ঐটাই সদ্দারের সন চেয়ে বড় কাজ। ঠিক এই কারণেই রাজা ক্ষয়ং কারাগারে। স্থান্দরকে খুণা করিছে শিখানই এখানকার সকল ব্যবস্থার চরম ব্যবস্থা। "যক্ষপুরীর হাওয়ায় স্থানেরর 'পরে অবজ্ঞা ঘটিয়ে দেয় এইটেই সর্বনেশে। নরকেও স্থানর আছে, কিন্তু স্থান্দরকে কেন্দ্র সোলা বুরুতেই পারে না, নরকবাসীর সবচেয়ে সাজা তাই।" এখানে গোটা মামুষটাকে বেঁহুস করিয়া দরকারের তৃষ্ণাটিকে শুধু সজাগ রাখা ইইয়াছে। এই উপায়ে সন্দার যে কেবল এই লোকগুলির ফিরিবার পথ বন্ধ করিয়াছে, তা নয়, ওদের "ইচ্ছেটা স্থান আটকেছে।" তারা যদি দেশেও ফিরিয়া যায়, ভবে থাকিতে পারিবে না, ফিরিয়া আসিবে,—"আফিম্পোর পাখী যেমন ছাড়া পেলেও খাঁচায় ফিরে আসে।"

এই বীভৎস সমৃদ্ধির পুরীতে কবি একটি মানব কঞাকে দাঁড় করাইয়াছেন, ভাহার কাছে শক্তিপ্রতীকের শির নোয়াইয়াছেন, পুঞ্জীভূত বস্তুতত্ত্বের উপচার ঠেলিয়া প্রাণের বিজয় বৈজয়ন্তা ছোষণা করিয়াছেন। নন্দিনী নারী,—কবির অপূর্বব স্প্রতি। সে নারী প্রেমের বাহন—যাহার প্রেরণা সমস্ত স্প্রতিক আপন অভীপ্সিতের দিকে উন্মুখ করিয়া ভোলে। কবির বিশ্বাস, এই নারী হইতেই জগৎ একদিন প্রেমের দীক্ষা গ্রহণ করিবে, ভাহারই প্রেমের ভিতর দিয়া চিরবাঞ্জিতের রাজ্যে প্রবেশলাভ করিবে। সেনিন জগতের স্বভাব বদ্লাইয়া যাইবে,—শান্তি প্রতিষ্ঠিত হইবে। ভাই বলিয়াছেন—

"The joy of this faith has inspired me to pour all my heart into painting against the back-ground of black shadows—the nightmare of a devil's temptation—the

portrait of Nandini, as the bearer of the message of reality, the saviour through death." তাহার একবিন্দু প্রেমের স্পর্শে শক্তির অবভার মাভাল হইয়াছে, শক্তিকে উপড়াইয়া মনের সিংহাসনে প্রেমের অভিষেক করিয়াছে;—বুঝিয়াছে, তাহার স্বরূপ প্রয়োজনারেষী শক্তি নহে, তাহার রাজা প্রাণ, তাহার স্বরু প্রেম।

এই তথাটি ব্যক্তিগত মানুষের পক্ষে যেনন, শ্রেণীগত মানুষের পক্ষে ঠিক তেমনি সতা । কেইই এই প্রাণের ডাকে সাড়া না দিয়া থাকিতে পারিবে না। পাশ্চাত্যের সম্বন্ধে প্রাচ্যের এই প্রকার কর্তব্যের কথা কবি অনেকবার বলিয়াছেন। তাহার ধারণা, যে প্রভুত্ব-রাক্ষসী পাশ্চাত্যের টুটি চাপিয়া ধরিয়াছে, তাহার হাত হইতে মুক্ত করার অন্ত একমাত্র ভারতেই আছে;—সে অন্ত বজ্ঞের নহে, প্রেমের।

আবার ব্যক্তিগত মানুষের মধ্যেও তাই,—"একই নীড়ে পাপ ও সেই পাপের মৃত্যুবার লালিত হয়েছে।" সে "এক দেহেই রাবণ ও বিভীষণ আপনাকেই আপনি পরাস্ত করে।" সুন্দর ও মঙ্গলের থোঁজে আপনাকে বিলাইয়া দেওয়া মানুষের চিরস্তন প্রকৃতি। যে অত্বৃদ্ধি উহা উপেক্ষা করিতে শিখার, তাহা আপনি আনক্ষের সাগরে নিমজ্জিত হইয়া প্রেমের শতদল হইয়া ফুটিয়া উঠে।

মাসুষের ভিতর সত্য, শিব ও স্থানেরের যে মন্দির আছে, তাহারই অর্গল খুলিয়া দিবার জন্ম নিন্দিরীর অবতারণা। যক্ষপুরীর 'মরাধনের' সাধকদের সেই প্রাণের পুরীতে বহুদিন আরতি হয় নাই, তাই সে "পৃথিবীর প্রাণভরা খুসিখানা নিজের সর্ববাঙ্গে" টানিয়া লইয়া "আচম্কা আলোর" মতনই এই প্রেড পুরীতে প্রবেশ করিয়াছে। এই জড়শক্তির রাজ্যে, যেখানে মনুষ্যুত্বের কবরের উপর অস্বরশক্তির কেতন উড়িয়াছে, সেইখানে নন্দিনী তাহার প্রাণের বিরাট ঐশর্য্য নিয়া আসিয়াছে "মাটীর উপরিতলে যেখানে প্রাণের, যেখানে রূপের নৃত্যু, যেখানে প্রেমের লালা, নন্দিনী সেই সহজ স্থের, সেই সহজ সৌন্দর্যোর।" এই যক্ষপুরীর অভিশপ্তের দল মাঠ ছেড়ে গ্রাম ছেড়ে, লোভের নেশায় পৃথিবীর স্থুখ, সৌন্দর্যোর আলয় হইতে নিজেদের নির্ব্যাসিত করিয়াছে। সোণার রূপে মজিয়া যরের স্থুখকে ভূলিয়াছে। মাঠের ডাক তারা শোনে না ;—নন্দিনী গান গাহিয়া এই আত্মবিশ্মৃত মানুষ-শুলিকে ছরে ফ্রিরাইয়া লইবে।—

পৌষ যে ভোদের ডাক দিয়াছে আয়রে চলে
আয় আয় আয়—
ডালা যে তার ভরেছে আজ পাকা ফসলে
মরি হায় হায় হায়।

মাঠের বাঁশী শুনে শুনে আকাশ ধুসি হ'ল ঘরেতে আজ কে রবে গো ? খোলো তুয়ার খোলো।

এই ছুর্ভাগ্যেরা লোভের ছুলে প্রেমের সমাধি দিতে বসিয়াছে। প্রেমের ঐশ্বর্যাকে ঠেলিয়া সোণার তালের মরীচিকার পেছনে ছুটিয়াছে। কিন্তু মানুষ—সে যে আনন্দের রাজ্যের শাপভ্রম্ভ জীব। সমস্ত ক্ষুত্র বলি দিয়া প্রাণকে যে তার জানিতেই হইবে। সে প্রাণ সীমাবদ্ধ নহে—অন্ত ক্ষ্যমি। তাহার "ছন্দে বস্তুর বিপুল ভার হাল্কা হয়ে যায়। সেই ছন্দে গ্রহ নক্ষত্রের দল ভিখারী নট-বালকের মত আকাশে আকাশে নাচিয়া বেড়ায়। ভুবনে ভুবনে তাহারই বিরহের কারা গুমরিয়া উঠিতেছে। তবে সীমার বাধনে বন্ধ যে, সে অসীমের পূজা কি দিয়া করিবে ? বস্তুর উপচারে যদি তার সাধনা না হয়, তবে কি আছে তাহার ? প্রেম আছে। নন্দিনী সেই প্রেমের বরণ ডালা সাজাইয়া আনিয়াছে। মামুষ যে, সেই ক্রিয়গ্রাহ্যকে পাইয়া সব পাইয়াছি বলিয়া তৃপ্ত হইতে পারে না। অসীমের জন্ম ক্রন্দন তাহাকে আকুল করিয়া তোলে। বাস্তবকে দেখিয়া, মুর্ত্তকে দেখিয়া অমূর্ত্তের জন্ম বেদনা তার উছলিয়া উঠে। অসীমের স্থ্র থাকিয়া থাকিয়া তাকে চঞ্চল করিয়া দেয়। তাহারই জন্ম সে চিরবিরহী, মিলনের লগ্ন অতীত হইয়া যাইবে আশক্ষায় চিররাত্রি জাগা রহিয়াছে। তাহারই অভিসারের জন্ম জন্ম উৎকণ্ঠার কাটিয়া গিয়াছে—তাহারে চিনে নাই, জানে নাই, তাই এ ব্যাকুল্ভা—

য়াব অভিসারে

ভার কাছে, জীবন সর্বস্থান অপিয়াছি যারে
জন্ম জন্ম ধরি! কে সে ? জানিনা কে! চিনি নাই ভারে—
শুধু এই টুকু জানি—ভারি লাগি রাক্তি-অন্ধকারে
চলেছে মানব যাত্রী যুগ হ'তে যুগান্তর পানে
বাড় ঝঞা বক্রপান্তে, জ্বালায়ে ধরিয়া সাবধানে
অন্তর প্রাদীপ খানি!

স্থাতির প্রতি পাদক্ষেপে সে তাহারই চরণধ্বনি শুনিতে পায়—প্রতিছন্দে তাহারই আগমনী বাজিয়া উঠে।

তোরা শুনিস্নি কি শুনিস্নি তার পায়ের ধ্বনি

এ যে আসে আসে আসে

যুগে যুগে পলে পলে দিন রজনী

সে যে আসে আসে আসে।

থাবতীয় পদার্থে সে তার প্রতিচ্ছবি দেখিতে পায়, মনে হয় যেন অনাদি কালের পরিচয়— নিশার আকাশ কেমন করিয়া

তাকায় আমার পানে সে

লক্ষ যোজন দূরের তারকা

মোর্নাম থেন জানে সে।

— তার অন্তর পুলকে নাচিয়া উঠে। জানে সে সামার বাধনে জ্বাহাকে পাওয়া যাইবে না, কিন্তু বিরহের মদিরা তাহাকে উতলা করিয়া তোলে। এই অনস্ত না-পাওয়ার পেছনে সে ধাবিত হয়, আকার্ডিকতকে পাইয়াও পায় না, যে টুকু পায়, তার চেয়ে না-পাওয়ার অনাস্থাদিত রসের আকর্ষণ বেশী;— তাই সারা জীবন প্রেমেরই তপস্থা করে—বলে,—"লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখনু, তবু হিয়ে জুড়ন না গেল।"

এই যক্ষপুরীর মায়ার রাজ্যে নন্দিনী সেই অনস্ত সমুদ্রের "অগম পারের তুতী," সে "স্থপন-ভরীর নেয়ে।" ভাষাতে আছে "বিশের বাঁশীতে নাচের যে ছন্দ বাজে, সেই ছন্দ।" বিশের সকল মাধুরী তাহার প্রেমে মূর্ত্ত হইয়া উঠিয়াছে। জগতে যে ছুঃখকে ভোলার মত আর ছুঃখ নাই, নন্দিনী সেই ছুঃখের কাহিনী জাগাইয়া দিতে আসিয়াছে, তাই সে "ছুঃখ জাগানিয়া।" ভার "চোখে মুখে প্রাণের লীলা"; তার গানে মানুষের অব্যক্ত চিরবেদনার স্মৃতি ভাসিয়া আসে;—

<sup>গর্ন</sup> ভালোবাসি ভালোবাসি এই স্থরে কাছে দূরে জলে স্থলে বাজায় বাঁশী।

\*\*\*\*\*\*\*\*

সেই স্থরে সাগর কুলে বাঁধন খুলে অতল রোদন উঠে জুলে. সেই স্থরে বাজে মনে অকারণে

ভুলে-যাওয়া গানের বাণী ভোলা দিনের কাঁদন হাসি।

নন্দিনী এই আঁধার পুরীতে হুরের আগুন স্থালাইয়াছে। তায়তে প্রত্যেকেই আগনাণন বিশ্ব হ চতনা ফিরিয়া পাইতেছে, লোভের পিশাচ মৃত্তি দেখিয়া সংক্ষ্ হইতেছে। স্বয়ং রাজার গায়ে নিন্দিনীর ছোঁয়া লাগিয়াছে। তায়ার ফলে এই বিশাল শক্তিমান্ পুরুষ নিজেই নিজের কাছে পয়াভূত হইয়াছেন। জড়শক্তির আশ্রেম প্রাণপুরুষের ছবিবসহ যাতনা রাজার ভিতরে বিচিত্রভাবে ফুটিয়াউটিয়াছে। বাহিরের প্রচণ্ডজোর তায়ার ভিতরটাকে ছব্বল করিয়া তুলিয়াছে। নিন্দিনীকে লক্ষ্য করিয়া বলিতেছেন— "নিজ্বকে গুপ্ত রেখে বিশের মালখানার মোটামোটা জিনিব চুরি কর্তে বসেছি। কিন্তু যে দান বিধাতার হাতের মুঠির মধ্যে ঢাকা; সেখানে তোমার চাপার কলির মত অঙ্গুলিটি যতটুকু পৌছায়, আমার সমস্ত গায়ের জোর ভায়ার কাছ দিয়ে য়য় না।" যে কাজ যত সহজ, যত কোমল, ভায়াই তায়ার পক্ষে তত কঠিন। "পৃথিবীর নীচের তলায় পিগু পিগু পাথর লোহা সোণা, সেইখানে রয়েছে জোরের মূর্ত্তি। উপরের তলায় একটুখানি কাঁচা মাটিতে ঘাস উঠ্ছে, ফুল ফুট্ছে। সেই থানে রয়েছে যায়ুর খোল। ছুর্গমের থেকে হীরে আনি, মাণিক আনি, সহজের থেকে ঐ প্রাণের যায়্টুকু কেড়ে আনতে পারি না।" তায়ার সমস্ত শক্তি তায়ার উপর বোঝার মত চাপিয়া আছে, তায়ার ভার তায়ার ভিতরের মানুষটিকে নিপ্পেষিত করিতেছে। বস্তুর অরেষণে তায়ার রক্তমাংসের

শরীর পাথর ইইয়া জমিয়া উঠিয়াছে। কিন্তু নন্দিনী যে প্রাণপুরুষকে জাগাইয়া তুলিয়াছে, ভাহার অদুট ক্রন্দনে বুকের জ্বালা পাথর ছেদিয়া বাহির হইতে চায়—তাই পাথরের পাঁজর ভিতরে ভিতরে বাথিত ইইয়া উঠে। নন্দিনীর অঞ্চলের স্পার্শ এক একবার তাহাকে কাঁপাইয়া যায়—ভাই এক এক সময় শক্তির বোঝা বাড়িয়া ফেলিতে গিয়া, বুকের উপর বন্ধনের শৃন্ধল নিষ্ঠুরভাবে বাজিয়া উঠে। বারে বারে এই "নন্দিনীর নিবিড় যৌবনের ছায়া-বীথিকায় নবীনের মায়ায়ৃগীকে" দেখিতে পান, কিন্তু শক্তির লা পারিয়া নিকেরই উপর রাগিয়া উঠেন। তাহার ইচ্ছা হয় নন্দিনীকে বুকে টানিয়া নেন, কিন্তু শক্তির আবরণ তাকে বিশ্বস্থাৎ হইতে নির্বাসিত করিয়া দিতে চায়;—ভাই বলিভেছেন—"আমি একটি প্রকাণ্ড মরুভূমি;—তোমার মত একটি ছোটু ঘাসের দিকে হাত বাড়িয়ে বল্লছি—কামি তপ্তা, আমি রিক্তা, আমি ক্রান্ত। তৃষ্ণার দাহে এই মরুটা কত উর্বেরা ভূমিকে লেহনু, করে নিয়েছে, তা'তে মরুর পরিসরই বাড়ছে, এই একটুখানি হুর্বলে ঘাসের মধ্যে যে প্রাণ জাছে ভাকে লাপন করতে পারতে না;" ঠিক এই কারণেই নিজেরই বিরুদ্ধে এতটা লড়াই। সেই লড়াইয়ে প্রাণের হুয়ারে শক্তির পরাজয়। এইবার সভাসভাই রাজা নন্দিনীকে মাথী করিয়া লইয়াছেন—মরণের মধ্য দিয়া মিলন উজ্জ্বল ইইয়া উঠিয়াছে। নন্দিনীকে বলিতেছেন—"জামারই হাতের মধ্যে ভোমার হাত এসে আমাকে মারুক, মারুক, সম্পূর্ণ মারুক, ভাতেই আমার মুক্তি।" এইখানেই শক্তি অবতারের ইাজেডি। আবার মৃত্যুর জড়িমা ভেদ করিয়া ভুপ্ত প্রাণপুরুষের নব জাগরণ।

পাশাপাশি ঠিক এই রকম একটা ভাব বৃহদারণাক উপনিষদে আমরা দেখিতে পাই, যেথানে আবাণ আর্ত্তভাগ মহর্ষি যাজ্ঞবন্ধ্যের নিকট মৃত্যুর মৃত্যু সন্থন্ধে প্রশ্ন করিতেছেন। রূপ-রঙ্গাদিঘটিত অবিদ্যায় মানুষের অন্তঃপ্রকৃতি মোহাচ্ছন্ন ইইয়া থাকে; ইহাই মৃত্যুর নামান্তর। আবার বিষয়লিপ্রতার বন্ধন ছিন্ন ইইয়া গোলেই অবৈত জ্ঞানের উন্মেষ হয়, পরিদৃশ্যমান জগতের সর্বত্তে অব্দাসুভূতির সঞ্চার হয়। এইখানেই অবিদ্যার জড়শক্তির অবসান, ব্রহ্মদর্শনের আরক্ত। এই ব্রশ্বাজ্মদর্শনই মৃত্যুর মৃত্যু, —সেই মৃত্যুতেই মৃক্তির আননদ।

যক্ষপুরীর রাজা এই মরণের মধ্যদিয়া মুক্তির আস্বাদ পাইয়াছেন। আর এই মৃত্যুর রাজ্যে অজানা তীরের সন্ধান বহিয়া মহামিলনের ডোর যে বাঁধিয়া দিয়াছে, সে আনাদের নিদ্দিনা। সে ভূত, ভবিশ্বত, বর্ত্তমান বলিয়া কোনো সময়ের বাঁচায় আবদ্ধ নহে—সে স্মান্ত আকাশের মুক্ত বিহঙ্গন,—মানুষের অন্তরের অন্তঃপুরে অতি গোপনে নির্জ্জনে তার কুলায়, দূরাস্তের বার্ত্তা বহিয়া অসীমের সঙ্গে তার সম্বন্ধটুকু জাঁয়াইয়া রাখে, অব্যক্ত কাকলিতে চির-বিরহের বেদনাটুকু জাগাইয়া তোলে—

যদি তোমার দেখা না পাই প্রভু এবার এ জীবনে, ভবে ভোমায় আমি পাইনি ধেন, সে-কথা রয় মনে। ষেন ভুলে না যাই, বেদনা পাই শয়নে স্বপনে।

যতই উঠে হাসি

মবে বতই বাজে বাঁশী

হোগা বতই গৃহ সাজাই আয়োজনে

যেন তোমায় মবে হয়নি আনা

সে-কথা রয় মনে

যেন ভুলোনা যাই, বেদনা পাই

শয়নে স্বপনে।

সেই বেদনায় যাতনা নাই, পুলক আছে, সেই অনস্ত না-পাওয়ায় নৈরাশ্য নাই, মাধুর্যা আছে, বিষাদ নাই, আনন্দ আছে; ভাই—

> প্রভু তোমা লাগি আখি জাগে; দেখা নাহি পাই পথ চাই সে-ও মনে ভালো লাগে।

### স্বভাব।

[ শ্রীশিবদাস ]

দ্রমার পুঁজিয়া ফিরে ফুলের অমিয় কোষ, মাছি শুধু খুঁজে মরে কোথা কার ক্ষত দোষ।

## <u>त्थिमत्यांशी।</u>

[ শ্রীস্থান্দ চন্দ্র পাল ] ওগো মোর অস্তর দেবতা, আজি একী ব্যপ্ত আকুলভা,---একী ভূষা, একী আকিঞ্চন— জেগেছে অস্তরে মোর! আজি চাহে মন---—বেন শুৰু দেবতা বলিয়া নহ ---ভগো মোর পূজ্যতম্ প্রিয়! —প্রিয়ঙ্গ বন্ধু বলি আজি ভোগা আমি— (र<sup>ं</sup>श्रमग्र-श्रामि,----বরণ করিয়া লই প্রেম-বাহ্ন-ডোরে— আমার এ অস্তরে ! শুধু ভক্তি নহে আজ পূজার অঞ্জলি নম ! শিশুসম— গুরুর বন্দনা নহে অর্চনা আমার ! নাহি ঢাহি আর---ভীত সকুচিত চিতে দূরে দূরে হ'তে---ভোমারে পুঞ্জিতে ! --- আজি যেগো ভূমি মোর শুধু গুরু নহ, — তুমি বন্ধু, তুমি মোর অন্তরের প্রিয়।

— অন্তর প্লাবিয়া মোর আজি একী আনন্দের বান—
বহে দিকে দিকে !— একী সুধানয় গান—
আকাশে বাতাসে উঠে রণিয়া রণিয়া,
চিত্ত মোর পুলকে ভরিয়া !
টোগে মোর একী দৃষ্টি দিলে আঁকি ভূমি !—
বিশ্বনয় আমি
হেরি শুধু হে আনন্দ, সরপ ভোমার
অনস্ক অপারী !

—ভাই আজি প্রণাম করিয়া নহে,আলিজনে বরিব ভোমারে—

আমার মন্দিরে।

—বিশ্বময় বিকাশিছে হে স্থলর, আজি তব আনন্দ মুরতি, বিশ্বময় তব প্রেম-ক্লোডিঃ!

—তোমার আনন্দ-ভরা রূপের অমির আজি বিশ্বময় !

একী পূর্ণ আনন্দের মহাবজ্ঞ চলিয়াছে অন্তরে আমার!

আজি আর—

স্থির থাকা ভার মোর,—ভাই ক্ষ্যাপা সম—

আজি বক্ষ মন—

নাচিয়া নাচিয়া উঠে !—যেন কোন ভুলে যাওয়া আনন্দের গানে— স্প্তির রহস্য আজি টানে মোরে টানে!

পুলে গেছে আজি মোর হাদয় তুরার,—

ন্তবে ন্তার—

সাজাইয়া পত্রে পুষ্পে মঙ্গল কলসে,

তোমার আসার আশে—

বসে আছি প্রতীক্ষায় !—হে অস্তর-তম ;

আজি ম্ম—

বক্ষের নিভূত কক্ষে এসো তুমি এসো, সকল তুলিয়া আমি ভোমা ভালবাসি,—তুমিও আমারে ভালবাসো ু

বিখের জঞ্জাল ভরা আমরে জীংন-ভার, আমার স্কর্ই—

ভোমার মঙ্গল হাতে দিই আজি তুলি'।

. —ওগো প্রিয়, আজি তুমি এসো, এসো, এসো,

\_\_\_ বারেক আমারে ভালবাসো,—

একাস্ত ভোমারি হ'ব আজি যেগো আমি,— তুমি হ'বে শুধুই আমার,—ওগো মোর প্রিয়ত্তম স্থামি !

## ব্রমা ও শিবের ঝগড়া

#### [ অজিতকুমার সৈন এম, এ ]

পৃথিবীর অক্ষান্ত দেশের জন্মসূত্রতারের সঙ্গে আমাদের দেশের জন্মসূত্রর তুলনা করিলে অনেক কথা জানা যায়, এবং আমাদের গলদ কোথায় তাহারও খানিকটা আভাস পাওয়া যায়। বিশেষ কোনও ভূমি চার অবতারণা না করিয়া আমরা ১৯০২—১৯১১ এই দশকের কতকগুলি দেশের হাজারকরা জন্মহার ও মৃত্যুহার দিতেছি। [১৯১২—১৯২১ দশকটির জন্ম মৃত্যুহার ঠিক স্থাভাবিক পর; কারণ ঐ দশকে যুদ্ধে ও ইনজুয়েপ্তা মহামারীতে বহুলোক মারা গিয়াছে শুবং সেই জন্ম জন্মহারও কমিয়া গিয়াছে। ক্ষিয়ার হিসাবটি ১৮৯৬—১৯০৫ দশকের এবং জাপানের হিসাবটি ১৯০০—১৯০৯ দশকের।

<b>জন্মহা</b> র	<u> মৃত্যুহার</u>
86.48	م2.82
OP.6P	.28.≶
o⊁.2≤	₹৯.⊄
Øb • d	ల•*8৬
<b>७७.₽</b>	२ ८ - ७৮
۵۶.%۶	১৮৺৩৯
ত <b>র.</b> ম্জ	২০ ৮৬
रं १ % २	76.00
₹७.₽	20.20
२७.७	28'%₽
₹0.5€	24.65
	84.99 54.99 54.99 54.99 54.99 54.99 54.99 54.99 54.99

এই তালিকাটি সাজান হইয়াছে একটি উদ্দেশ্য লইয়া। যে দেশের হাজারকরা জন্মহার সনচেয়ে বেণী, তাহার স্থান সর্বপ্রথমে এবং যে নেশের হাজারকরা জন্মহার সবচেয়ে কম, তার স্থান সবচেয়ে শেষে। মাঝের দেশগুলির জন্মহার তাহাদের উপরের দেশগুলিরও জন্মহার হইতে কম, কিন্তু নীচের দেশগুলির জন্মহার হইতে বেশী।

এই তালিকাটি চু'তিনবার পড়িলেই একটা বড় সিদ্ধান্তে উপস্থিত হওয়া যায়। সে সিন্ধান্তটি এই:—যে সব দেশে জনাহার বেশী, সে সব দেশে মৃত্যুহারও বেশী; আবার যে সব দেশে জনাহার কম, সে সব দেশে মৃত্যুহারও কম। অনেকের একটা হয়ত ধারণা থাকিতে পারে যে ভারতবর্ষে জন্মহার যথন এত বেশী, তথন দেশের লোকসংখ্যা নিশ্চরই হুন্ত করিয়া বাড়িয়া চলিয়াছে। কথাটা যে মোটেই সত্য নয়, ভা উপরের তালিকাটি দেখিলে বেশ বুঝা যাইবে। জন্মহার হইতে মৃত্যুহার বাদ দিলে যা বাকী থাকে, দেই থেকেই লোকসংখ্যা বাড়ে। এরপজাবে দেখিলে দেখা যায় যে উপরের তালিকায় সন্নিবিষ্ট দেশগুলির মধ্যে এক ফ্রাসী দেশ বাদে আর সকল দেশের লোকসংখ্যাই ভারতের লোকসংখ্যার চেয়ে অনেক বেশী বাড়িয়া যাইতেছে। অর্থাৎ ভারতবর্ষে হান্ধারকরা প্রায় ৪॥০ জন লোক বাড়িরাছে; দেইখানে ক্রিয়ার বাড়িয়াছে ১৭জন, সিংহলে ৯৮০ জন, জার্ম্মেনীতে প্রায় ১৪॥০ জন, জাপানে প্রায় ১২ জন, ইংলণ্ডে ১১৮০ জন ও স্কুইডেনে ১১॥০ জন। এক ফ্রাসীদেশেই লোকসংখ্যা কেবল নামমাত্র বাড়িয়াছে—হাজারকরা ৩ জনের চেয়েও কম। ভারতবর্ষে ফ্রাসীদেশে শহরে দেরে হাঁটু জর্ণে হইতে পারে, কিন্তু একটা জিনিষ লক্ষ্য করা দরকার: ভারতবর্ষে জন্মহার আন্সের জন্মহারের প্রায় দ্বিগুণ এবং মৃত্যুহারও বিগুণ।

ইয়ুরোপে রুবিয়ার মত জন্মহার আর কোন দেশে নাই; কিন্তু মৃত্যুহার বিষয়েও ভাই। ইয়ুরোপে রুবিয়া অধিতীয়। জন্মহার বিষয়ে ইয়ুরোপে রুবিয়ার পরেই হাজেরী, মৃত্যুহার বিষয়েও ভাই। এশিরার তিনটি দেশের মধ্যে (ভারতবর্ষ, সিংহল ও জাপান) ভারতের জন্মহার সবচেয়ে বেশী, আবার ভারতের মৃত্যুহারও বেশী। জন্মমৃত্যু বিষয়ে ভারতের পরেই সিংহল; জাপানে এই তিনটি দেশের মধ্যে জন্মহার সবচেয়ে কম, সেই জনুসারে ইহার মৃত্যুহারও সবচেয়ে কম।

করাসী দেশটা এই তালিকার মধ্যে যেন স্প্রিছাড়া। করাসী দেশে অন্মসংখ্যা স্বেচ্ছায় নানান উপায়ে কমান হয়; কিন্তু মৃত্যুহার ইংলগু, সুইডেনের চেয়েও বেশী। অন্মসংখ্যা কমান বাড়ান মাসুবের হাতের মধ্যে—জগবানের ইচ্ছা নহে—এমন কি একেবারেও বন্ধ করা যাইতে পারে; কিন্তু মৃত্যু বিষয়ে মাসুষ যমরাজার প্রজা। যতদিন অমর-স্থা বা এরপ কিছু আবিষ্কৃত না হয়; ততদিন মাসুষ মরিবে—কমহারেই হউক বা বেশী হারেই হউক।

আমাদের দেশে জন্মহার বেশী বলিয়া জামাদের কিছু তাতে গরব করিবার নাই; কারণ লোকসংখ্যা ত তাতে আমাদের দেশে বেশীহারে বাড়িতেছে না। স্কুতরাং মিছামিছি এত লোকের জন্ম হওয়া কি বাঞ্চনীয়। যতলোক জন্মায় সেই হারেই যদি লোক মরে (করাসী দেশের কথা আলাদা) তে ক্রাক্ত কি পান্ম্য-জন্ম লাভ করিয়া শৈশবেই যদি ইহলীলা শেষ করিতে হয়, তবে মানুষে ও ইতর জন্মজানোয়ারে তফাৎ কি প অগণিত মাছের ডিম হইতে মাত্র মৃষ্টিমেয় মাছ হয়; এ হল প্রকৃতির লীলাখেলা; কিন্তু সমস্ত মানবসভ্যতা ত পাষাণ প্রকৃতির ক্রের লীলাখেলার বিক্রমে একটা বিরাট যুদ্ধের অভিযান। সংজ্ঞাবদ্ধ সমাজের গোড়ার কথাটাই হচ্ছে প্রকৃতিকে দম্মুদ্ধে পরাস্ত করা। আমরা জন্মহার বিষয়ে বেমন অনেকটা অত্বিতীয়, শিশুমৃত্যুহার বিষয়েও অনেকটা তাই! হাজারকরা জন্মের মধ্য হইতে ১ বছরের কম বয়স্ক শিশুমৃত্যুর একটা তালিকা দিতেছি; তা থেকেই আমাদের পাণের পরিমাণ যে কত বেশী তা সহক্রেই অনুমান করা যাবে।

দেশ	শিশুমৃত্যু ( হাজারকরা জন্মপিছু )		
স্থইডেন	<b>৮</b> 8		
ইংলগু	254		
ফ্রান্স	১৩২		
ফাপান	<b>&gt;</b> ७०		
<b>বাংলা</b>	२१•		
পঞ্চাব	৩০৬		
বোন্ধাই	<b>৩</b> ২ ০		
যুক্তপ্রদেশ	ত ৫ ০	9	

স্টুডেনে যেখানে ১ বছর বয়ক্ষ ১০টি শিশুর মধ্যে ১টি মারা বায়, বোদ্বাই ও যুক্তপ্রদেশে সেখানে প্রতি প্রতি শিশুর মধ্যে ১টি অকালে ইংলীলা সংবরণ করে ! এ পাপের সাজা কোথায় ?

ি জামাদের দেশে এত বেশী মৃত্যুহার কেন ? এর সোজা উত্তর দারিন্দ্রা ও রোগ। রোগের কারণ ও আনেকটা দারিন্দ্রা। এত দারিদ্রা, অভাব যেখানে, সেখানে নিশ্চরই সংসারে অস্বচ্ছলতা—এবং তার অবশুজারী ফল অনটন, অন্ধাহার ও অনাহার। আমাদের দেশের বেশীর ভাগ লোকই পুষ্টিকর খাবার পেট ভরিয়া খাইতে পায় না। এত দারিদ্রা যেখানে, সেধানে এই অন্ধাহারের অস্ত মৃত্যুহার ও বাঁড়িবেই। দারিদ্রোর নিম্পেষণে ভারতবাসার জীবনাশক্তি একেবারে কমিয়া না গেলে কি ১৯১৮ সালের ইন্ত্রুয়েল্লা মহামারীতে ১ বছরেই ৭০ লক্ষেরও অধিক লোক মানবলীলা সংবরণ করে ? এত অভাব, দারিদ্রা যখন, তখন আবার অয়খা জন্মসংখ্যা বাত্যাইয়া, অনটন আনাহারকে স্বেচ্ছায় বরণ করিয়া অমঙ্গল ডাকা কেন ? ঘোর দারিদ্রোর ফল অধিক মৃত্যুহার, তবে জন্মসংখ্যা বাড়াইয়া দারিদ্রা, অভাব বাড়ান কি একটা পাপ নয় ? এ পাপের ফল অকাল মৃত্যু। জন্মসংখ্যা কমাইলে, অভাবের তওটা নিম্পেষণ থাকিবে না, সংসার স্বচ্ছল হউবে, রোগের বিরুজে সংগ্রাম করিতে এবং কয়ী হইতে পারিবে।

অনেকে হয়ত মাথা ঘামাইয়া ঠিক করিবেন—আমরা "গাছেরও খাব এবং তলারও কুড়াব।" অর্থাৎ আমাদের জন্মহার হাজারকরা ৩৮ থাক্ না; আমরা মৃত্যুহার স্থইডেনের মত কম করিব। তা যদি বরাবর চলিত, আমরা কোনও আপত্তি করিতাম না। কিন্তু তা বরীবর চিনেনা।

ভারতবর্ষের মত বেশী জনহার এবং সুইডেনের মত কম মৃত্যুহার যেখানে, দেখানে সভ্যসভাই লোকসংখ্যা হুছ করিয়া বাড়িভেছে। অর্থাৎ হাজারকরা ২৪—২৫ জন বৃদ্ধি পাওয়া ভয়ানক বেশী—বিশেষতঃ ভারতবর্ষের মত পুরাতন দেশের পক্ষে। কতদিন আর এইরূপ দেশে ক্ষতি মান্রায় বৃদ্ধি-প্রাপ্ত লোকসমূহের খাদ্যের সংস্থান হইবে ? কিছুকাল পরেই হয়ত দেখানে আবার ভীষণ দারিদ্যে ও মহামারী দেখা দিবে এবং মৃত্যুর হার আবার বাড়িয়া ঘাইবে। পরাধীন ভারতের উপনিবেশ স্থাপনেই বা কিলাত ? লোকসংখ্যার বৃদ্ধির দঙ্গে গঙ্গে ধনসম্পদ আরও বেশী হারে বাড়ান উচিত; তা নইলে

আবার অভাব, অন্টন এবং ইহাদের অব্শুস্তাবী কুফল। ধনসম্পদ বাড়িয়ে শুধু এ সমস্থার সমাধান হবে না ; আগে চাই জন্মহার কমান।

শিশুহত্যা, জ্রণহত্যা, সময়বিশেষে সঙ্গম হইতে বিরতি প্রভৃতি উপায়ে জন্মসংখ্যা কমান যাইতে পারে অথবা আধুনিক নানান উপায়েও ঐ ফল পাওয়া যাইতে পারে। কিন্তু কোনও পথই আধুনিক ভারতবাসীরা অবলম্বন করে নাই বলিয়া প্রকৃতির পরিশোধ হচ্ছে জরা মরণ বাড়িয়ে।

সমস্থাটা এই। মহাদেব যেন ব্রহ্মাকে বল্ছেন, তুমি যদি বুঝে না চল, তবে আমি মজা দেখাব। ফল হচ্ছে যে বিষ্ণুই মাঠে মারা যাছেনে। মানুষ যদি স্বেচ্ছায় জন্মহার না কমায়, তবে প্রকৃতির পরিশোধ আছেই অকালমৃত্যু বাড়িয়ে। মাঝখান থেকে যারা বেঁচে থাকে, তারা জন্মমৃত্যুর মাঝামাঝি অবস্থায় থাকে,—তারাই মাঠে মারা যায় অস্থের কর্ম্মকলে।

এই সমস্থারূপ সূত্রের থেই হচ্ছে জন্মহার, মৃত্যুহার নয়। জন্মহার কমাও, মৃত্যুহারও আপনা আপনি অনেক কমিয়া আসিবে। আমাদের দেশে রুদ্রের এই সংহার লীলা কতকাল আর চলিবে ?

#### প্রাণের দোসর।

(Shelleyর Love's Philosophyর অনুকল্পে) [শ্রীশশি ভূষণ চৌধুরী,বি, এ]

> ঝরণার জল নদীতে মিলায় নদী ধায় ঐ সাগর পানে। আকাশের গারে মিশে যায় বায় ঝির্ ঝির্ ঝির কোমল গানে॥

তোমারি নিয়মে পৃথিবীর পরে

একা থাকিবার সাধ্য নাই।
প্রাণের দোসর সকলেই থোঁজে
তাই তোমা সাথে মিশিতে চাই ॥

গিরি চুমু খার স্বর্গের পার
টেউ নেচে উঠে চেউয়ের কোলে।
বাগানের বুকে সীমাহীন স্থাপ
ফুল সুয়ে পরে পাশের ফুলে॥

অরুণ বিভরে ধরণীরে আলো চাঁদ দোলে উঠে সাগরের জলে। এই মেশামিশি সকলই মিছে আমা সাথে যোগ নি যদি হলে।



### গৃহদাহে অচলা চরিত্র।

#### [ भौरतन नान नाम ]

শরংচন্দ্রের অক্কিন্ত অভয়া কিরণময়ীকে কেন্দ্র করিয়া যে তীক্ষ্ণ, তীব্র সমালোচনার সৃষ্টি ইইয়াছে আধুনিক বাংলা সাহিত্যের ঘাহারা খোঁজ খবর রাখেন ভাহা ভাহাদের অবিদিত নাই। অচলা চরিত্রের সৃষ্টি করিয়া সেই বিশিষ্ট সমালোচক সম্প্রদায়ের নিকট লেখককে অধিকতর গালমনদ শুনিতে ইইয়াছে। এমন কি তরুণ পাঠকদল যাহাদের মাঝে শরংচন্দ্রের প্রখায়ের অভাব নাই, ঘাহারা ভাহার কোন বহিরই তারিফ কম করিয়া থাকে না—ভাহদেরও কাহারও;কাহারও সহাস্তৃত্তি ইইতে অচলা বঞ্চিত। অভ্যা কিরণময়ীকে সমর্থন করিতে ভরুণ পাঠক মুক্তকে কিন্তু অচলার বেলায়ে ভাহাদেরই কাহারও কাহারও গলা নরম হইয়া আসে, অচলার পক্ষ লইয়া তু'টা কথা কহিতে মন সরে না। সহাস্তৃতির অযোগ্য বলিয়াই কি অচলা মুণা ও ওদাসীল্যের পাত্রী অথবা ভাহার চরিত্রে অন্তর্দৃষ্টির অভাবই কি ইহার হেতু—একথাই এখানে আলোচ্য।

শরৎচন্দ্র Realist। অচলার চরিত্রের আলোচনা করিতে যাইয়া সাহিত্যে Realism ভাল কি ভালনা তাহা দেখিতে যাইব না। তাহা প্রাসঙ্গিক হইবে না। ইহা লইয়া কথা কাটাকাটি করিবার দরকারও হয়ত আজ কাল করেনা। গৃহদাহ একটা ট্রাজিডি। ট্রাজিডির নিমিত্ত অচলা কতথানি দায়ী তাহা দেখাইয়াই ক্ষান্ত হইব।

ম্বেশ মহিম ছই বন্ধু। মহিমের সাথে এক ব্রাক্ষ পরিবারের ঘনিষ্ঠতা জন্মে। সেই পরিবারের মেয়ে অচলা ও মহিম, উভয়ে উভয়কে ভালবাসে। মহিমকে উপলক্ষ করিয়া অচলাদের সঙ্গে মুরেশ অপ্রত্যাশিতভাবে পরিচিত হয়। মুরেশ অচলাকে ভালবাসিয়া ফেলে। মহিম অচলার বিবাহ হইয়া গোলেও স্থরেশ আপনাকে সংযত করিতে পারিল না। অদম্য বাসনায় সে অচলার কাছেই আরুষ্ট হইল। অবশেষে প্রতারণা করিয়া অচলাকে সে লাভ করে এবং মৃত্যুর পূর্বর পর্যায়্ত অজ্ঞাত বিদেশে স্থামীর সম্পূর্ণ অধিকার লাইয়া অচলার সহিত বাস করে। ছ'কথায় উপন্যাসের মর্ম্ম এই। এইটুকু পড়িয়া অচলার উপর রাগ ও বিরক্তি ধরিয়া যাইবারই কথা। কিন্তু ইহার মাবো অনেক জটিল ঘটনাবলী। সেই দিকে লক্ষ্যহীন হইয়া যা কিছু একটা রায় দিয়া ফেলিলে চলিবে না। জীবনের স্ক্রিশ নোভমই কিছু এক তুলাদণ্ডে মাপা চলে না। কতগুলি অভায় কমবেশী সকল মানুষের জীবনেই আছে,—যাহাতে আমরা ধাকা খাইয়া পড়িয়া যাই, খাড়া হইয়া থাকিবার কোন উপায়ই হাতের কাছে পাই না। এ অতি সোজা কথা। কিন্তু এই সোজা কথাটা যখন ব্যক্তি-বিশেষের জীবনে জাজ্জ্বল্যমান হইয়া উঠে তখন ইহাই বাঁকা হইয়া দাঁড়ায়, বাহির নিয়া যাহারা বিচার করিতে বসেন তখন তাহারা চোখ রাডাইয়া অভিশাপ করিয়া অন্থির হন। অচলার জীবনটাও তাই। তাহার ফটিল জীবনটা নাড়িয়া চাড়িয়া দেখিতে গেলে আমরা নালিশ করিবার মতন কিছুই পাই না।

অচলা মহিমকে ভালবাসিয়াছিল। মহিমই ছিল তাহার সমস্ত হৃদয়খানি জুড়িয়া। কিন্তু একদিন স্থরেশ আসিয়া ভাহার স্থমুখে দাঁড়াইল। অচলা ভাহাকে মুহূর্ত্তের জন্মও ভালবাসিল না সভ্য —মহিমের অধিকৃত অন্তরে অন্য কাহারো স্থান হয় না—কিন্তু তাই বলিয়া স্থরেশকে 'কিছু না' বলিয়া মন হইতে স্বাইয়াও দিতে পারিল না। পারা স্বাভাবিকও নহে। কেননা স্থারেশের নিবিড় স্লেহ ও পরার্থপরতাটুকু অলীক ও অকিঞ্ছিকর বলিয়া উড়াইয়া দিবার যো তাহার রহিল না। স্থরেশ উচ্ছুন্থল, স্থারেশ অসংযত কিন্তু স্থারেশ মহতও। অচলাদের গৃহে স্থারশের প্রাথম সাক্ষাতের কথা বলিতেছি। স্থরেশ ব্রাক্ষদিগকে নিন্দা করে, ব্রাক্ষ মেয়ের সহিত তাহার বন্ধুর বিবাহ হৌক ইছা তাহার অভিলাষ নহে। তাই অচলা-মহিমের বিবাহ ভাঙ্গিবার জঞ্চ অচলার পিতার কাছে মহিমের বির্ক্তিক্ষ অনেক কথা বলিল। কিন্তু যখন সে দেখিতে পাইল মহিমের আর্থিক অসম্ভলভার কথা অচলার অজ্ঞাত নতে, তবু অচলা ভাহাকে ভালবাসিয়াছে, সে অমনি সর্বল ভাবে আপনার অন্যায় স্বীকার করিতে বিধা করিল না। কহিল, "না জেনে ভার উপর আজ যে সকল মিথ্যা দোষায়োপ করেছি সে অপরাধ আজ স্থামার কত বড় তা কি **স্থাপনি বোষে**ননি। ভাকে জুয়াচোর মিথ্যাবাদী কিছু বলতেই আমি বাদ রাখিনি, এ সকল কথা তার কাছে স্বীকার না করে কেমন করে আমি পরিত্রাণ পাব।" তারপর হাত তুইটা যুক্ত করিয়া অচলার কাছে ক্ষমা চাহিল। অচলা বুঝিল যে লোক এক মিনিট আগেও মহিমের বিরুদ্ধে যাহা তাহা বলিয়াছে এবং পরক্ষণেই অবলীলাক্রমে সকল দোষ স্বীকার করিয়া ফেলিল, একজন অপরিচিতার কাছে লভ্ডা অশ্রন্ধার ভয় করিল না দে ত পুর সামাক, সাধারণ মামুষের মতন নহে। ইহার পর একদিন তুরেশ অচলাকে বলিল "মহিম বাড়ী গেছে, একটা চিঠি লিখে খেতেও ত পারত।" অচলা কছিল "চিঠি তিনি লিখেন ন।।" সুরেশ কহিল "ভার স্থুখ ছঃখ সকলই তার একার, এনিয়ে কত ২ড় তুঃখ ছেলেবেলা থেকে সে আগায় দিয়ে এসেছে! দিনের পর দিন নিজে নিঃশব্দ উপোস করে আমার প্রতিদিনের খাওয়া পরা তিক্ত বিষাক্ত করেছে। আমার ভয় হয় যে পাযাণকে নিয়ে আমি কখনো স্থুখী হতে পারিনি তাকে নিয়ে আপনি কি স্থুখী হতে পারেন ?" বলিতে বলিতেই ভাহার চোখচুটা অকস্মাৎ অশুদ্ধলে বক্ কক্ করিয়া উঠিল। স্বরেশের বন্ধুপ্রীতি, হাদয়ের কোমলতা অচলার চোথের স্থমুথে জীবস্ত হইয়া উঠিল। স্থারেশের সঙ্গে অচলার বিবাহ দিতে অচলার পিতা সানন্দে সম্মত হইলেন। স্থরেশ অচলার সম্মতি চাহিল। অচলার অনিচছাপ্রকাশে স্থুরেশ বলিল "এতে আমার চোখে শ্রদ্ধা বেড়ে গেল। তবু যাবার সময় একটা ভিক্ষা চেয়ে যাচিছ, আমার দোষ অপরাধগুলি মনে রাখবেন না! খারাপ কাজের জাহাজ বোঝাই করে বিদায় হলুম, কিন্তু বাস্তবিক পিশাচও আমি নই।" এমনি অনাড়ম্বর-ভাবে-বলা কথাগুলি হুরেশের ব্যথা সরলতা কতথানি ব্যক্ত করিল তাহা অচলার চোধ এড়াইলনা। তারপর স্থ্রেশের অকাত্র দান, অপরের রোগে বিপদে গা ঢালিয়া দেওয়া এ সকল অচলা চোখের উপর দেখিল। স্থরেশ

উচ্ছুঙ্খল সাংঘাতিক মাথার ঝোঁকে হঠাৎ কিছু করিয়া বসে অচলা তাহা দেখিয়াছে তথাপি তাহার প্রতি স্থরেশের ভালবাসা আবিষ্কার করিয়াও সে তাহাকে এড়াইতে পারিল না কারণ স্থ্রেশের মাথার ঝোঁক দিয়াই কেবল অচলা তাহাকে বিচার করিতে পারিল না। তাহার উদ্ধত্যের আবরণের তলে যে উদারতা, কোমলতা, আবেগ, উচ্ছাস লুকাইয়াছিল অচলার চেয়ে অধিক তাহার পরিচয় আর কেহ পাইলনা। তুর্গেশনন্দিনীর আয়েসা ওসমানকে অবহেলা করিতে পারিয়াছিল কারণ নবাবনন্দিনীর চোখে ওসমান অনেক ছোট ছিল। কিন্তু অচলা স্থরেশকে অপমান করিতে পারিলনা। তাই স্থারেশ অচলার জীবনে ঋড়াইয়া থাকিতে পারিল। মহিমের সহিত অচলার বিবাহ হইয়া গোল। স্থ্রেশকে প্রত্যাখ্যান করিয়া কোন দর্প দম্ভই অচলা অনুভব করিল না। স্থ্রেশ ইহাতে কতখানি রিক্ত হইল অচলা বুঝিতে পারিল। ভাহার হৃদয় আদ্র হইল। এইটুকু মনে ৠখিলে পরে অচলাকে বুঝিতে শক্ত হইবে না। এই পর্য্যন্ত অচলার জীবনের প্রথম পরিচেছদ। বিবাহের মুহুর্ত্তে স্বামীর উদ্দেশে ভক্তিগদগদভাবে অচলা মনে মনে বলিল 'প্রভু ভোমার কুটীরই আমার রাজপ্রাসাদ।" কিন্তু এই উচ্ছুসিত আকাজ্ঞা যে পূর্ণ হইতে পরিল না ইহার নিমিত্ত অচলা কি পরিমাণে দায়ী ছিল ? মিলনানন্দে বিভোর হইয়া অচলা ভাবিয়াছিল পল্লীগ্রামের অশান্তি অসস্তোষের মধো ভাহারা তুইটী স্বামী-স্ত্রী উভয় উভয়কে লইয়া স্থথে থাকিবে। পল্লীগ্রামের সহিত তাহার মুখোমুখী কোনদিনই হয় নাই। যাগ সে বিপুল ধৈর্য্য সহকারে সহ্য করিষে ভরসা করিয়াছিল তাহাই বুকে লইয়া বছন করিবার সামর্থ্য ভাহার ইইল না। ''পল্লীর সহিত ঢ়াপার অক্ষরের ভিতর দিয়াই ভাহার পরিচয় ছিল। সে পরিচয়ে জুংখ দারিজ্যের সহস্র ঈঙ্গিতের মধ্যেও কবিতা ছিল। পান্ধী হইতে নামিয়া সে বাড়ীর ভিতরে একবার চাহিয়া দেখিল কবিছের এতটুকু ঈঙ্গিত ভাহার হৃদয়ে আঘাত করিলনা।'' ভাহার বুক যেন ভাঙিয়া পড়িতে চাহিল। পাড়ার মেয়েরা বধু দেখিতে আসিয়া অচলার বয়স অসুমান করিয়া মুখ চাওয়াচাওয়ি গা টেপাটেপী করিল এবং শ্লেচ্ছ প্রভৃতি তুই একটা মিষ্ট কণাও ভালোর কাণে পৌছিল।'' (পূঃ ১৩৬---১৩৭) এমন অভাবনীয় অবস্থায় পড়িলে একজনের মন কি করিতে থাকে বুঝা শক্ত নয় এবং বুঝিলে অচলাকে ভংসনানা করিয়া করুণা করিতে হয়। সংবের শিক্ষিতা মেয়ে, শিষ্টাচার সহদয়তার মধ্য দিয়াই যে মাতুষ এই অদৃষ্টপূর্বে সহামুভূতিহান অশিষ্ট লোকগুলির মধ্যে— যাহারা মুখের কথায় আক্রীয়তা দেখাইতেও কাতর— তুঃখে সুণায় সে যে অধ<del>্যীক্রী</del>য়া উঠিবে এবং সেশ্বান যে তাহার অতিষ্ঠ হইয়া উঠিবে এ আর আশ্চর্যা কি 🤋

মূণাল নামে একটা মেয়েকে তাহার স্বামীগৃহ হইতে মহিম কয়দিনের জন্য বাড়ী নিয়া আসিল। "মূণাল ঘরে চুকিয়াই লগুনটা অচলার মুখের কাছে ধরিয়া ক্ষণকাল একদৃষ্টে চাহিয়া ইছিল"। তারপর মেয়েটা যাহা বলিয়া যাইতে লাগিল তাহার সকলি ঠাট্টা সন্দেহ নাই কিন্তু এই জাতীয় ঠাট্টার সহিত অচলার কোন কালেই পরিচয় নাই। মূণাল কহিল "আচ্ছা ভাই ঠান্দি হিংসে হয় নাকি ? এ সংসারে আমারই ত গিলী হ'বার কথা । তালে কপাল করেছিলুম ভাই কোথাকার একটা বাহাতুরে বুড়ো ধরে আমাকে

িলে"। মূণালের সেংময় অন্তরের সন্ধান যে অচলা পাইল না তাহা নহে কিন্তু মহিমের সহিত মূণালের সম্পর্কটাই তাহাকে বিপ্রত করিয়া তুলিল। মূণাল যথন তাহার কাছে বলিল মহিমের সঙ্গেই তাহার বিবাহ হইবার কথা ছিল কিন্তু হইয়া উঠিল না, এই কথাটাই তাহার চিন্তার বিষয় হইয়া দাঁড়াইল যে, ছেলেবেলায় যাহাকে প্রাণদিয়া ভালবাসা যায় তাহার পরিবর্ত্তে একজন ষাট বৎসরের বৃদ্ধকে সামীরূপে পাইয়া একজন নারী কি করিয়া সুখী হইতে পারে। নিজের মন দিয়া অচলা ইহার মীমাংসা করিতে পারিল না। এই ব্যাপারের আর একটা দিকও সে লক্ষ্য করিল। "মূণালের সঙ্গে একতা কাজ কর্ম্ম করিতে তাহার একশবার মনে হয়, সে নিজে মেয়ে মানুষ হইয়া ষখন বুকের মধ্যে একটা গোপন স্বর্ধার বেদনা বহন করিতে থাকিয়াও ইহাকে (মূণালকে) কোনমতে ছাড়িয়া দিতে পারিল না, একতা এন্ডকাল ঘর করিয়াও কি কোন পুরুষ মানুষে (মহিম) এ মেয়েকে ভাল না বাসিয়া থাকিতে পারে"। মূণালের অন্তরের মাধুর্য্য ছচলাকে মুগ্ধ করিয়াছিল সভ্য কিন্তু ইহারই নিমিত্ত সে সন্দিগ্ধ হইল আরও বেশী।

অচলার সহিত একসঙ্গে খাইতে কোন মতেই স্বীকৃত না হইয়া অভুক্ত অবস্থায়ই ম্ণাল যেদিন সামীগৃহে চলিয়া গেল, অচলা ব্যথা বেদনায় জর্জ্জিতি হইয়া পাড়ল। এমন সময় মহিম আসিয়া অচলাকেই দোষী করিয়া বলিল "ম্ণালের সঙ্গে যে ভোমার বনিবনা হবে না তা আমি কিচুতেই ভাবিতে পারিনি। তার সঙ্গে কারও কোনদিন বাগড়া হয়নি"। এই অনুর্থক দোষাযোগে ও ম্ণালের প্রতি পক্ষপাতে তচলার জালার সীমা রহিল না। এমনি করিয়া যখন অচলার মনে সন্দেহের মেঘ ঘনীভূত, তখনই স্থরেশ হুই গ্রহের মত আসিয়া উপন্থিত হইল। মহিমকে নিয়া যখন অচলার মনে দক্ষ, যখন তাহার চিত্তে প্রতিতি মহিমের মহিমময় মৃত্তিতে থুঁত দেখিয়া অবিশাসের বেদনায় অচলা আকুল, নির্বান্ধ্রন পল্লীতে বাহার প্রেম সম্বল করিয়া সে দিন যাপন করিবে ভাবিয়াছিল তাহারই প্রেমভালবাসায় সে যখন অতাতের উচ্জ্বলতা হারাইয়া ফেলিল, ভখন অহম্মাৎ আগত স্থারেশকে শুভাকাজ্কী মনে না করিয়া পালিল না। ইহাতে কাহারো গা ছম ছম করিবার কথা নহে। এখানে ছাপার লেখার ওজনে বিচার বারিলে চলিবে না কারণ এখানে গভীর জটিল মনস্তব।

ইংরেজীতে যাহাকে Undemonstrative বলে মহিম ছিল সেই জাতীয় লোক। আবেগ উচ্ছাসের ধার সে কোন্দিনই ধারিত না। কিন্তু দাম্পত্য জীবনে আবেগ উচ্ছাসেরও একটা প্রয়োজন আছে এবং ইহারই নিম্বিত একটা হাদ্য তৃষিত হইয়া থাকে। মহিম একথা যদিও বুঝিল, অচলার মনে একটা সন্দেহের ছায়া পড়িয়াছে তবু অচলাকে তুইটা ভাসা ভাসা কথা কহিয়াই খালাস হইতে চাহিল। এইখানে আবেগ উচ্ছাসের দরকার ছিল। মহিম যদি আদর-সোহাগ করিয়া অচলার কাছে আপনার মনটা খালিয়া দিতে পারিত এত বড় অপ্রীতিকর ব্যাপারটা সাঙ্গ হইতে বিলম্ব হইত না। মহিম ভাহা করিল না, অচলার মনের আন্দোলনটা ফেনাইয়া উঠিতে লাগিল।

যেখানটায় ব্যথা সেখানেই আঘাত করিয়া স্থরেশ একদিন প্রশ্ন করিল "তুমি এখানে স্থাণ আছ কি অচলা" ? অচলা বলিল ইহাু জানিতে যাওয়া তাহার উচিত নয়। স্থ্রেশ বলিল "কেবল মাস সুই

পূর্বেবি এ ভাবনা যে আমার উচিত ছিল তাই নয় অধিকারও ছিল। আজ সু মাস পর সব অধিকার যুচে থাকে ত নালিশ কচিচনে, এখনমাত্র সভ্যি কথাটা জেনে যেতে চাই। এসে পর্য্যন্ত মনে হচ্ছে জিতেচ অবির মনে হচ্ছে হেরেচ, আমার মনটাত তোমার অজানা নেই একবার সভ্যি করে বল ত অচলা"। স্থ্রেশের কথা বলিবার ভঙ্গিটাই আলাদা কারণ ভাষার মুখের কথা মনের তল হইতে উঠিয়া আসে। স্থরেশের বিদীর্ণ হৃদয়ের খবরটা অচলা জানিত ভাই তাহার চোখ চুটা জলে ভরিয়া গেল। স্থরেশের ব্যথাটাই আজ তাহার কাছে জ্লস্ত হইয়া উঠিল। একদিকে স্থরেশ, ভাহার রক্ত-রাণ্ডা হৃদয় এবং ভালবাসার শ্রাবণ-প্লাবন লইয়া, অস্ত দিকে মহিম যাহার ভালবাসা অচলার চোখে উড়িয়া গেছে! অচলার এ বিষম সমস্তা। ঝোঁকের মাথার স্থরেশের সঙ্গে অচলা কলিকান্তা যাইবে স্থির করিল। কিন্তু সেই দিন রাত্রিতে মহিম যখন অচলার যাওয়ার সম্বন্ধে বলিল "যাকে ভালবাসনা তারই মর কর্তে হবে এভ বড় অঞ্চায় উপদ্রব স্বামী হলেও ভোমার উপর কর্তে পারবো না"। তথন অঞ্চ-বিকৃত-কণ্ঠে অচলা বলিল "কিন্তু তুমিওত ভালগাস না"। এ কথার উত্তরে মহিম শুধু বলিল "আমিত কথনো ভোমাকে বলিনি"। এই যেন যথেষ্ট হইয়া গেছে। অচলা উত্তেজিত হইয়া বলিল "শুধু মুখের বলাই সতিয় আর স্বই মিথ্যে! রাগের মাথায় মনের কষ্টে যা কিছু মানুষের মুখ দিয়ে বেরিয়ে যায় তা নিয়েই তুমি জোর খাটাতে চাও"। এই কথাগুলিতে অচলার আত্মক্রটির কতখানি স্বীকারোক্তি নিহিত ছিল তাহা সহজ ও সরল। সে আরও বলিল "ভোমার মতন নিক্তির ওজনে কথা বল্তে না পারলেই কি তাকে পা দিয়ে ভুবিয়ে দিতে হবে"। যাওয়ার পূর্বব-রাত্রে মহিমের শ্বর পুড়িল। ভোরে সামীর মুখের দিকে চাহিয়া অচলার মন হা হা রবে কাঁদিয়া উঠিল। সে পালী আনিতে নিষেধ করিল। "মহিম কাছে আসিয়া দাঁড়াইতেই সে হঠাৎ ঝুকিয়া পড়িয়া ভাহার পায়ের ধূলা মাথায় লইল। হয় ত স্বামীর হাত সূটা ধরিয়া কাছে টানিয়া বসাইত ও আরো কিছু ছেলেমানুষী করিয়া কেলিত; কিন্তু সকাল হইয়া গেছে—চারিধারে কৌতৃহলী লোক।" মহিমকে ফেলিয়া অচলা সুরেশের সহিত যাইতে কোন মতেই চাহিল না। সে ম্ভিম্কে বলিল এখান হইতে তুজনে কলিকাতা যাইয়া ভাহার অলঙ্কারপত্র বেচিবে এবং ভারপর পশ্চিমে বাড়ী করিয়া ভাহারা স্বামীস্ত্রী নিরিবিলি বাস করিবে। ইহার উত্তরে বহুদুরদশী মহিম বলিল "কিন্তু না আমার না তোমাদের ভাল হবে বলেই আ্মার বিশ্বাস"। সে দিন যদি মহিমের এ বিশ্বাস না হইত, সেই একটা মুহুর্ত্তের জন্ম খালি মহিম যদি সন্নদর্শী থাকিয়া যাইয়া অচল্ডাকে <u>ফরে</u>শের সঙ্গে ঠেলিয়া না দিয়া পত্নীর সঙ্গে নিজে যাইতে দিধা না করিত, ভাহা হইলে হয় ত এত বড় একটা ট্রাজেডি না হইতেও পারিত। এই গেল অচলার জীবনের দিতীয় পরিচেছদ।

স্থামীগৃহ হইতে বিদায়ের মুহূর্বে অচলার যে ছবি আমরা দেখিতে পাই ভাহাতে সম্ভ্রম-সমবেদনায় হাদ্য পূর্ণ হয়। ইহার পর এমনি উজ্জ্বল আলোকে অচলাকে দেখিতে পাই স্থারশের গৃহে মহিমের শ্যাপার্শে। চিরদিনের বাকসংযত মহিম সেদিন সেবানিরতা অচলার পানে চাহিয়া বলিল "…… তুমি কাছে না থাক্লে আমি হয়ত বাঁচ্ব না।" অচলার হাদয়ের যত শ্রেহ যত মাধুর্য্য

এতদিন রুদ্ধ হইয়াছিল সমস্তই এক সঙ্গে এক মুহূর্ত্তে মুখ খুলিয়া দিল। মহিমকে লইয়া জবলপুর চেঞে যাওয়া স্থির হইল। যাওয়ার দিন যতই ঘনাইয়া আসিল, অচলার মন আশায় আনন্দে ভরিয়া উঠিতে থাকিল। "সেখানে তাহার স্থামী ভয়্রস্বাস্থ্য ফিরিরা পাইবে। একাকী সে-ই সেখানে ঘরণী সৃহিণী, সর্ববকার্য্যে স্থামীর সাহায্যকারিণী। সেখানে জ্বল বায়ু স্বাস্থাকর, জাবনযাত্রার পথ সহজ ও স্থাম; হয়ত তিনি ভাল হইলে তাহার৷ সেইখানেই ঘর সংসার পাতিয়া বসিবে এবং অচির ভবিয়তে যে সকল অপরিচিত অতিথিয়া একে একে আসিয়া তাহাদের গৃহত্বালী পূর্ণ করিয়া তুলিবে তাহাদের কচিমুখগুলি সে যেন চোখের উপরে দেখিতে পাইল। কাহারও বিরুদ্ধে আর তাহার কোন নালিশ রহিল না—অস্তবের সমস্ত মানি ধুইয়া মুছিয়া গিয়া জদয় গঙ্গাজলের মত পবিত্র হইয়া উঠিল নি (পৃঃ ৩০২—৩০৩) কিস্তু ক্রুদ্ধ দেবতার অভিশাপে অচলার অদৃষ্ট যে দগ্ধ তাই তাহার স্থথের স্থপ সার্থক হইল না।

তারপর অচলার জীবনের ভীষণ crisis;—কিন্তু এইখানেই কি ভার স্বেচ্ছাকুত কোন অপরাধ ছিল ? স্থরেশ তাহাকে ভুলাইয়া লইয়া আদিবার পর স্থোগ পাইয়াও সে কেন স্থারশকে ত্যাগ করিয়া গেল না ? এই প্রশ্নের জবাব খুঁজিয়া পাওয়া খুব শক্ত নহে। মহাশক্রর মৃত্যু তাবস্থায় ও ককণা হয়। সেই সহায়হীন ইষ্টিসনে মরণাপন্ন স্থ্রেশের পানে চাহিয়া অচলা ভাহার সকল অপরাধ ভুলিয়া গেল। তাহার জীবন রক্ষা করিতে ব্যস্ত হইয়া পড়িল এবং নিজের দিকটায় দৃষ্টি করিবার অবসর পাইলনা। যে ভদ্রলোকের বাড়ীতে যাইয়া জুন্ধনে আশ্রয় গ্রহণ করিল সেখানকার সকলেই তাহাদিগকে স্বামী-স্ত্রী জ্ঞানেই আশ্রয় দান করিলেন। তাহাদের এই ধারণা ভাঙ্গিয়া সত্য বলিবার তাবস্থাও তখন ছিল না—অচলার সাহস ও হইল না। কিন্তু তখন প্রয়ন্ত্রও অচলা নিশ্চিত ছিল শীঘ্রই আজা-পরিচয় জ্ঞাপন করিবে। কিন্তু বাড়ীর কর্ত্তা রামবারু যখন তাচলার বাক্য ব্যবহারে মুগ্ধ হইয়া, তাহাকে তাহার পিতৃহাদয়ে স্থান দিলেন, ভাহাদের স্বামীস্ত্রীর (?) মঙ্গল কামনায় দেবতার কাছে তুলসী দিতে লাগিলেন, অচলা সেই পিতৃসম বাক্তিটীর স্নেহ ভালবাসা কুল করিতে সাহস পাইল না। কিন্তু তাই বলিয়া অচলার মানসিক যাতনারই কি অন্ত ছিল ? নিজের জীবনটার প্রতি দৃষ্টি করিয়া অচলা দেখিল এ যেন একটা নিষ্ঠুর বিজ্ঞাপ মাত্র। "ভাগাবিধাতাই তাখার যৌবনের প্রথম আনন্দটাকে মিথ্যা দিয়া এমন বিকৃত এমন উপহাসের বস্তু করিয়া জগতের সম্মুখে উদ্যাটিত করিতে লেশ্যাত্র সমতা বোধ করে নাই। সে চোখ মুছিতে মুছিতে বার ধার বলিতে লাগিল 'হে ঈশ্বর ভোমার এই অতি বড় বিশ্ব-ব্রক্ষাণ্ডে এই ছুর্ভাগিনীর জীবনটা ভিন্ন কি কৌতুক করিবার কিছুই ছিল না।" বিশ্ব-ব্রহ্মাণ্ডের উপর এবং তাহার স্বস্টি-কর্তার উপর চুর্জ্জয় অভিমানে অচলা আপনাকে অবস্থার স্থোতে ছাড়িয়া দিল। এইখানে একটা কথা উঠিবে, ভগবানের উপর অভিমান এও কি একটা কৈফিয়ৎ! মানুষের মনের খবর যাহারা রাখেন, জীবনে পদে পদে যাহাদের আশা আকজিলা ব্যর্থ হইয়া গেছে একথার সভ্যতা তাহাদের অগোচর থাকিবে না। তারপর অচলার সর্বনাশ। ইহার জবাব কি ? এইখানে অচলা এবং যুঁণালের পার্থকাটা লক্ষ্য করিতে হইবে। অচলাকে মুণাল বলিয়া ভুল করিলে চলিবে না। "নিরবর্গধ সমাজের অবাধ স্বাধীনভায় চোথ কান খোলা রাখিয়াই অচলা বড় ইইয়াছে। তাই বাহিরের সহিত সামপ্রস্থা রক্ষা করিতে সেদিন সে ভল্রমহিলার সন্ত্রমের বহিব সিটাকেই আকড়াইয়া রহিল এই আবরণের মোহ কাটাইয়া"। একান্ত শুভামুখায়ী সেহশীল রুক্ষের পুনঃ পুনঃ "তুমি শুতে যাও মা" বলবার পর সেই তুর্য্যোগের রাত্রে কোন প্রকারেই বলিতে পারিল না, সে পরন্ত্রী—স্বরেশ তাহার কেহ নহে। "মুণালের কাছে স্বামী ছিল অত্যাজ্য ধর্ম, জীবনে মরণে অতিটার নিতা। কিন্তু অচলার শিক্ষা এই ভাবে হয় নাই। তাহার আজন্ম শিক্ষা ও সংস্কার ভিতরটাকে তুচ্ছ করিয়া কারাগার ভাবিয়া বাহিরের জগতটাকেই সকলের উপর স্থান দিয়াছে তাই সেদিনও বাহিরের খোলসটা বড় হইয়া তাহার ধর্মাকে পরাভূত করিয়া দিল।" (পুঃ ৪৯১—৪৯২) এই সকল কথা লক্ষ্য না করিয়া অচলাকে অভিশাপ করিলে অবিচার করা হইবে। অচলার জীবনের তুর্গতির তুলনা নাই সত্য কিন্তু সেই তুর্গতি হইতে নিক্ষৃতি পাইবার উপায় অচলার হাতেছিল না। স্থারশের সহিত প্রথম সাক্ষাতের দিন হইতে শেষ দিন পর্যাস্ত অচলার জীবন পুখামুপুখাক্ষাণে আলোচনা করিলে মুণালের সহিত গলা মিলাইয়া বলিতে ইচছা হয় "আল্রামই বল আশ্রয়ই বল, সেজদা, সে যে তার তোমারই কাছে।"

#### সুর।

শ্রিনকেন্দ্রচন্দ্র কর, এম, এ ]
পরাণ আমার বাইরে ছুটে,
গানের স্থরে, স্থরে;
মিশিয়ে যেতে দিক্ দিগস্তে,
দূরে—দূরে,—দূরে।
মিল্ছে যেথায় ভুবন, গগন,
উঠ্ছে শশী, ডুব্ছে তপন;
স্থর-লহরী হারাম্ম যেথা
আপন কায়াটিরে;
প্রাণ যেতে চায় সীমা-হারা
সেই সাগরের তীরে।

মেষে মেষে আলাপ সেথা
তিড়িৎ প্রতিদানে;
তারায় তারায় গোপর কথা,
চটুল চোথের কোণে।
সকল স্থরের সেইখানে লয়,
প্রাণে প্রাণে ভাব বিনিময়;
বাক্য সেথা অর্থ-বিহীন
নীরব আলাপনে;
প্রাণ যেতে চায় সেইস্কুরে,
গানে,—গানে,—গানে;

### 'निद्वन्न।'

#### [ জীরথীক্র কুমার গুহরার বি, এ ]

সে ছিল দার্শনিক—আপ্না-ভোলা। কর্ণাটের রাজপ্রাসাদের পার্যে, জার্প তার কুটার ধেন ভোগ বিলাসকে ব্যঙ্গ কর তো। ভোরের আলো, পাখীর গান, গোধ্লির আকাশে গলিত অর্থের আভা, তাকে কিছুই টলাতোনা। শুধু পুঁথির চাপে সে পড়ে থাক্তো। নিস্তব্ধ পূর্ণিমা বাতে অম্বরতল হ'তে বখন জ্যোৎস্না-ভ্রোভ নেমে অস্তো, সমীর-হিল্লোলে মদির লহরী রক্ষনীগলার ভ্রোতে ভেসে বেড়াভো, বুকের বই সে জোরে আঁক্ড়ে ধর্তো। রঞ্জিত মেঘের মাঝে তুষার ধবল, অনিন্দ্য, নির্মাল, চন্দ্রকান্ত মণিময় প্রাসাদ-সোধ-চূড় দূরে দেখা যেতো, দখিনের বাতায়ন-তলে বল্লরী-বিতানে ইন্দুমল্লী মঞ্জবিত, ক্টিক-প্রাঙ্গণে জলযন্তে ছল ছল উৎস্থারা বইতো, তার মন কিছুতেই বস্তো না, বই খুলে সে পড়তো—সোন্দর্য্য কাহারে বলে।

বাতাস ছিল উতলা আকুল, রাজ সরোবরে কমল-বনে প্রস্কৃতিত পুস্পদলের মদির-গদ্ধে চার্দিক্ আকুল হচ্ছিলো। ভোরের আলোর প্রথম চরণ-পরশের সাথে রাজ-প্রাসাদে বেজে উঠ্লো সাহানাধ্বনি, দখিণের দোলা-লাগা, পাখী-জাগা সেই বসন্ত প্রভাত যেন আলোর ঝল্মলানিতে নেচে উঠ্লো। হঠাৎ যেন তার কি মনে হলো—অজানা কি ভাবের শিহরণে গা শিউরে উঠ্লো। হাতের বই খসে পড়লো, চোখ ভুলে বাইরে চেয়ে সে দেখ্লো—সহচরীদের সাথে রাজ-কুমারী চলেছেন—হোলীর উৎসবে ফাগ্ খেল্তে। 'রক্তকমলের মতো রাঙা তু'খানি স্থন্দর পাং, ম্ণালের মতো বোমল তু'টি

হাত, পদ্মের স্থান্ধের মতো সৌরভে তার দেহ ভরা। উষার আধু আলো এসে পড়েছিলো তার মুখের তুপর;
মেথের মতো কালো কাজল-পরা চোখের, তারার আলোর মতো উজ্জ সিন্ধ চাউনীতে তার মাথা
ঘুরে গেল। মনে হলো বিশ্ব-প্রকৃতি স্থান্ধরী মানব-তরুণীর সাক্ষ্য পরে মর্ত্তাভূমে মূর্ত্ত হয়ে এসেছেন্।
দে আর চাইতে পার্লনা। রাজকুমারী চলে গেলেন—বিজ্ঞলীর দীন্থির পর আবার আঁধার এলো।
দে বঙ্গে পড়লো। বাইরে রাজপথ পর্যান্ত লালে লাল হয়ে উঠেছে। মনের তার গোপন পুরেও
বেন লালিমা চুকেছে—কোন্ রঙে ? কে জানে। খসে-যাওয়া পুঁথি তুলে আবার সে খুলে বসলো।
মন তো তাতে বস্লোনা।

পূর্ণিমা রাত্রি। অমল-ধবল জোছ্না-ধারা কৃটীরের ভেতর ঝরে পড়ছে; আজ্কের এই আলো তার কাছে তারালোকের ঝরে-পড়া ঝর্ণার মতো, রসের ফোয়ারার মতো মনে হচ্ছে। আজ সব ছন্দ-বন্ধ গ্রন্থাতি সে ছেড়ে দিয়েছে। জোছ্নার ইন্দ্রকালে তারার চিকিমিকি, তার দেহের রক্ত ঝিল্মিল্ কর্ত্তে লাগ্লা। রাজপুরীতে কে বাঁশী বাজাচেছ—বাঁশীর হ্ল তার মনের রুদ্ধ হুয়ার খুলে দিলো। তন্ময় চিত্তে বাঁশী শুন্তে শুন্তে সে দেখ্তে পেলো—বিশ্ব্যাপিনী কার এ রূপ ? চন্দ্র তার মুখের হাসি, জোছ্না ভার অবস্তুর্ভন, জ্যোছ্না পথ তার চরণ, কে এ ? কর্ণাটের রাজকুমারা চাঁদের আলোয় মিলিয়ে কোণা চলে গেল, বাঁশী শুরু ফিরে ফিরে কাদ্লো—'এসো বঁধু ফিরে এসো'।

ভোরের আলো পৃথিবীতে পৌছাবার আগেই সে তার রক্তের প্রতিকণা দিয়ে অমুভব কর লো

পৃথিবী তাকে ডাক্ দিয়েছে, প্রকৃতি তাকে ডাক্ছে—ঘর ছেড়ে সে বেরিয়ে পড়লো। পদ্মবনে
তখনো মাধবীকুপ্লের ভূজের বালার উঠেনি, অশোকের সাথে তখনো কেকারব হয়নি, উধার অন্ধনার
ছায়ায় সে কোন্ অদৃশ্য আকর্ষণে রাজ-উদ্যানে উপস্থিত হলো। রমনীয় উদ্যানে কমনীয় দীর্ঘিকা।
আত্র-মুকুল-গন্ধ-উদাস দখিন হাওয়া কালো জলের ওপর নাচ্ছিলো। ধীরে উদীয়মান সূর্যার রক্তপ্রভাগ
পদ্মবনে এসে পড়লো। কুন্ত কুন্ত কোকিল গাছে ডাক্তে লাগ্লো। সংবাবর তীরে সে বসে পড়লো

ত্ত জীর্ণ, ক্লাস্ত। কিশলয় ভরা রক্তালোক, কুরুবক-ভয়া মাধবী মন্তপ, বকুল মূলে ধেদিকায়
পেত ফুলের রাশ, জলে শুন্ত রাজহংসের ক্রাড়া, তার চোখের সাম্নে এক দেবী পুরীয় দৃশ্য তুলে ধর লো।

এ পুরী আলোয় উজল করে কে দেবী আস্ছেন—ভার চোখ ঝল্সে গেল,—এ যে রাজকুমারী—
স্বীদের সহ। তার বোধ হলো, জগতে অমন জী আর নেই। যা কিছু ইন্দর তাই দিয়ে ভার হিছি।
ফুলের গন্ধে, রামধনুর রঙ্গে, বসন্থের আনন্দে তার তন্ত তৈরী। সে বিন্মিত হলো, মোহিত
হলো, ভীত হলো। সে উঠে দাঁড়ালো। রাজ কুমারী বল্লেন 'তুমি কে' ? সহচরীয়া বল্লে 'পালল সাধু'।
কোমল চাউনী চেয়ে রাজকুমারী চলে গোলেন। সে চাউনীতে সভিয়ে সে পাগল হতে চল্লো। ফাগুন্হাওয়ার উতলা কুঞ্জমানে ভখনো যেন চার-চরণের ছায়ামঞ্জীর বাজ ছিলো; কুঞ্জের ধারে পৃথিবীর বুকের
ওপর সে শুয়ে পড়লো।

শতদল। প্রকাণ্ড রাজসভা। আলো করে বসেছেন রাজকুমারী। তার কোণে চুপটি দাঁড়িয়ে সে মৌন। তার দৃষ্টিতে কত আশা, কত ভাষা, কত ভাব। অর্থী প্রত্যর্থী সব চলে ষাচিছলো, সভা প্রায় শেষ হতে চল্লো। মন্ত্রী তাকে জিভেন্স কল্লেন্ "বুই রেখে ভুমি এসেছ, কি চাও" ? রাজকুমারী বল্লেন্ 'কিছু কি চাই ?' কথার স্থরে বিমুগ্ধ হয়ে সে চেয়ে রইলো—কিছু বল্তে পাল্লেনা, শেষে মাথা নেড়ে জানালো—'কিছু চাইনে।' রাজকুমারী চলে গেলেন—সভা ভেঙ্গে গেল, নিৰ্জ্জন হলো— भिःशामत्नव भाषभीर्य वृतिरा भ'र् म मत्नव रवदना कानात्मा।

নিত্যি সে সভায় আসে, নিত্যি রাজকুমারী গেলে চলে যায়, আর দাঁড়িয়ে থাকে, নির্ব্যাত, নিক্ষপ। পুঁথির চাপে সে আর পড়ে নেই। রাজকুমারীর একটু হাসি শতলক্ষ পুঁথির মতো তাকে আনন্দ দেয়।

সেদিনও পূর্ণিমা। দোলপূর্ণিমা। আকাশের প্রাস্ত থেকে চাঁদের অমিয়ধারা নীরব পৃথিবীর ওপর পড়্ছিলো। পাশে কুটীরে বাঁশীতে স্থর বাজ্ছিলো—'আমার একটি কথা বাঁশী জানে, ভরে রইলো মনের ভিতর'। স্থর উচ্চে উঠে প্রাসাদ, পথখাট ছেয়ে ফেল্লো। প্রকৃতির সমস্ত যেন বাঁশীতে মুগ্ধ হয়ে গেল। কত অত্প্র বাসনার কথা, কত অঞ্জানা বেদনার বাণী, কত হৃদয়ের গোপন কামনা বাঁশীতে ফুটে বেরুলো। রাজপুরী ভন্ময় হয়ে গেল। স্থ্রের রেশ আপনি কেঁদে আপনি যেন থেমে গেল।

পরদিন প্রভাতে আর তাকে দেখা গেলনা—রাজসভায়। রাজকুমারীর আদেশে প্রহরী গিয়ে দেখ লো—বাঁশীর কাছে সে পড়ে রয়েছে,—মৃত,—বুকের ওপর কাগজে লেখা—

> তবে পরাণে ভালোবাসা কেনগো দিলে ज्ञाभ ना मिटन यमि विधिट পূজার ভরে হিয়া উঠে যে ব্যাকুলিয়া পৃজ্ঞিব ভারে আমি কি দিয়ে ?

চোখের কোণে অঞ্চ তখনো ছল ছল কচিছ লো।

## "কত কথা জেগে হারা অনিবার তরুণী-হৃদয়ে।"

[ ञीमञीखरगाञ्च हर्ष्ट्रीभाशाय ]

অবোর ঝরিছে বারি, আকাশের ঝরণা-ধারায়,---বিরহ আবেশ বহি' বিয়াকুল তরুণ-হিয়ায় : চুন্সনে রাজা'য়ে ধীরে, মুঞ্জরিত নব-কিশ্লয়, আশায় ফুটায়ে কেয়া, বাদলের ব্যথা-পরিচয় ṭ বাভায়নে বসি' বসি' চাহি এই অকুষ্ঠিভ ধারে— নিমেবে ভাবিয়া মরি কত কথা হৃদ্য মাঝারে. ্রাণবান চিত্রবেখা সম। মানস ঘেরিয়া অনিবার 🗅 আদে কড, ভাদে কড, মানদী প্রতিমা কল্লনার অর্ঘারাশি হাতে ল'য়ে। কংগ্র বরি' মধুর সম্ভাষ নকে চিরামুভ ধারা, চকে চল সঞ্জীবিভ আশ :---চরণে মথিয়া বুক, পিয়াদীর আবেশ অধীর भाउमुर्खि म्लास्क । क नहीं (माला'र्य मिर्य मृतास्त्र मोल वांकायरन, তরুণী অলস হ'য়ে। নীলাম্বরী পড়েছে খসিয়া,— নাদলের দোল বায়ে, বক্ষ হ'তে কাঁপি' শিহরিয়া, — আনমনে রহিয়াছে বসি'; প্রিয়দয়িত বির্থে---অভীত স্মৃতির রেখা, আকুলিয়া ওল চল রচে, বক্ষের পঞ্জর মাঝে। কবে সেই বাসর শ্যায়, একরাত্রি জড়াইয়া প্রিয়কণ্ঠে হিয়ায় হিয়ায় :---নিয়েছিল দেহ মাঝে তৃপ্তিহীন অৰ্দ্ধ-রক্ত কণা পূর্ণ করিবার লোভে; চিন্ত মাঝে প্রণয় জল্পনা তারি স্মৃতি হাহাকারে গুমরিয়া দ্বিগুণ স্থালা'য়ে— আকুল করিয়া ভোলে, প্রিয়মত বাদলের বায়ে।

— মনে আছে চপল বিতাতে,
সঙ্গা মিলিল আঁপি, তার মুগ্ধ নয়নের পথে;—
বিবশা বহিল বসি'। বাভাস কহিয়া গোল কাণে—
গগনের রাণী ওরে! জানে ভোর মনো কথা জানে;—
সবার তৃপ্তিতে জাগি' জই মহা তৃপ্তিহান আঁখি,

তরুণ চিত্তের মাঝে, নিত্য এসে করে ডাকাডাকি---অঙ্গলক্ষা ইইবারে। ডেকে বলে, বন্ধু হে আমার ! যখন জাগিল বুকে, জীননের বসস্ত-সম্ভার, আকুলি' চাপিতে প্রিয়, বক্ষপাশে সাবেশ-বিভল উছলি ছলকি' যেতে ঝরণার সম কল কল জাগিল বাসনা মনে। মনে হ'ত ধরুক চাপিয়া, এই দেহ লভা মোর, এই প্রাণ যেত শিংরিয়া ! বুক মম কেটে গেছে মুখ কভু উঠে নাই ফুটে---সে কথার ভীব্রদ্বালা বক্ষম'ঝে ছেরি ফুলি' উঠে সহসা নবীন প্রাতে। প্রাথম প্রভাত আলো কাছে চাহিয়া দৈখিতু সৰ স্থাগেল স্পান্ত হ'য়ে আছে, টাকিতে হইল মনে। লজ্জা এসে জুড়িল পরাণ, প্রোণপণে চেকে রাখি তাই সেই সংখের প্রমাণ সকলের দৃষ্টি হ'তে। সে কথা জাগেনি শুধু বক্ষমাঝে চপন অন্থির---জেগেছে নয়ন-কোণে, চকি ভার চাহনী অধীর: ভরুণ বুঝেছে শুধু। নিশিদিন কত ভেবে ধাই লাজের রসনা রুধি', অনিবার কাহারে জানাই 🤊 ষত ভাবি তত বাড়ে চাহনীর অযুক্ত চলনা, ভত দেহ শিহরয়, তত ফোটে মানস-কামনা; আলোর পরশ লভি'। সে কথা কি জানো বন্ধু ! পায় নাই যাহারা কখন ; -প্রিয়ের দেহের স্পর্শ, মনের অযুত্ত আলাপন — তাদের বেদনা-জ্বালা, পিয়াসায় থাকে ভরপুর; গোপনে মনের কোণে আঁকি' ছবি মানস বঁধুর ! মোদের মানস ঘেরি' জাগে শুধু জাগে হাহাকার স্মৃতির দহন জালা, অতৃপ্তির লালসা-সন্তার ! তাই এত দৈশ্য মোর, তাই এই অঝোর ক্রেন্ন বরষায় তাই জাগে, নিতি নিতি প্রিয়ের বন্দন :--- .

চারিদিকে বিশ্বজুড়ে। বাদলের বায় কহে ডাকি'---

বসস্তের মধুহাসে, যৌবনের নব-পরিচয়ে---

কত কথা জেগে হারা, অনিবার ভরুণী-হৃদয়ে !

অই শোন, অই শোন, নীলাকাশ কহে থাকি' থাকি':

# জাতক যুগে আর্য্যাবর্ত্তের আর্থিক অবস্থা।

#### [ শ্রীশশিভূষণ চৌধুরী বি, এ ]

কে জানে কোন্ একদিন তরুণ অরুণরাগের স্থান্তর প্রভাতে মুনিশ্বধিগণ যজ্ঞহোমানলের নিকটে বিদিয়া গান গাহিয়া ভারতের ইতিহাস ঘোষিত করিয়াছিলেন। ভারতের ইতিহাস কোন নিপুণ ঐতিহাসিকের লেখনী নিঃস্ত হয় নাই। ভারতের ইতিহাস লিখিবার জন্ম কোন Thucydides কিংবা Tacitus ছিল না। কাব্য এবং সাহিত্যই ভারত ইতিহাসের উৎস।

সার্থিক সবস্থার ইতিহাস লিখিতে হইলে প্রাচীন গ্রীসের স্থায় প্রাচীন ভারতেও ইতিহাস লিখিবার উপকরণাদির যথেট সম্প্রিষণা ভোগ করিতে হয়। এই বিষয়ে ইতিহাস লিখিবার source খুব কম। Sacred Books of the East নামীয় গ্রান্থাবলীতে আমরা প্রাচীন ভারতের আর্থিক সবস্থার কিঞ্চিৎ আভাস পাই। ভারপর খ্রীউপূর্বর ষষ্ঠ, পঞ্চম কিংবা চতুর্থ শতালীতে লিখিত বৌদ্ধর্ম্মান্ত্রকণ্ডলি এই বিষয়ে অহান্ত উপকারী। বৌদ্ধর্ম্ম প্রচারের সময় প্রাচীন ভারতের আর্থিক সবস্থার ইতিহাস লিখার প্রধান উপকরণই হইতেছে এই বৌদ্ধর্ম-সাহিত্য-গ্রন্থাবলী। বৌদ্ধর্ম-সাহিত্য তিন ভাগে বিভক্ত। তন্মধ্যে স্তত্তপিটকের (Sutta pitaka) পঞ্চম নিকায়ের অন্তর্গত এক সংশোর নাম জাতক। যে সময়ের কথা জাতকে বিরুত আছে সেই সময়কেই জাতক যুগ (Age of the Jatakas) বলা হয়। এই যুগের আর্থিক সবস্থার ইতিহাস লেখা এই প্রবন্ধের উদ্দেশ্য।

জাতক কি ? "বৌদ্ধানিকের মতে ভগবান গোতম বুদ্ধের অভীত জন্মবৃত্যস্থা। তাঁহারা বলেন শুক এক জন্মের কর্মাফলে কেইই গোতম প্রভৃতির জায় অপার বিভৃতিসম্পন্ন সম্যক সমুদ্ধ ইইতে পারেন না, তিনি বোধিসর অর্থাৎ বুদ্ধান্ধরবেশে কোটিকল্লকাল নানা যোনিতে জন্ম-জন্মান্তর পরিপ্রেছা পূর্বক দানশীলাদি পারমিতার জন্মুন্তান বারা উত্তরোক্তর চ্টিত্রের উৎকর্ম সাধন করেন এবং পরিশোষে পূর্ণপ্রজ্ঞা লাভ করিয়া অভিসন্ধুর হন।" (১) এই গুলিকেই জাভক বলে। প্রত্যেক জাতকের তিনটি অংশ। প্রথম অংশের নাম প্রত্যুৎপল্লবস্ত্র জ্বথনা বর্ত্তমান কথা। গৌভম বুদ্ধ কি উপলক্ষে বা কোন্প্রস্ত্রে আখ্যায়িকাটী বলিয়াছিলেন তাহা বুঝাইয়া দেওয়া এই জংশের উদ্দেশ্য। বিভীয় অংশটি প্রকৃত জাতক, অর্থাৎ মূল আখ্যায়িকা; ইহার নাম অভীতবস্তু, কারণ ইহা গৌলেশ বুদ্ধের অভীত জন্মবৃত্তান্ত। পরিশোষে সমবধান অর্থাৎ অভীতবস্তু-বর্ণিত পাত্রদিগের সহিত বর্তমানবস্ত্রবর্ণিত ব্যক্তিদিগের অভেদ প্রদর্শন। যদি জাভকের সংখ্যা সণনা না করিয়া আখ্যান উপাধ্যান প্রভৃতির সংখ্যা গণনা করা যায় ভাহা হইলে দেখা যায় যে জাভকার্থবর্ণনায় প্রত্যুৎপল্ল ও অভীতবস্তু সমূহে নূানাধিক তিন সহত্র প্রধান কথা স্থান পাইয়াছে। এক মহাউন্মার্গ জাতকেই শত্যাধিক উপাধ্যান দেখিতে পাওয়া যায়। ইহাতে দেখা যায় যে জাভকার্থবর্ণনা কি প্রকাণ্ড গ্রন্থ। পৃথিবীর নানা দেশীয় প্রচলিত কপ্রেরের মধ্যে ইহা যে কেবল সর্ববাপেক্ষা বৃহত্ব ভাহা নহে, সর্ববাপেক্ষা প্রাচীনও বটে।

<sup>(</sup>১) ঈশানচন্দ্ৰ গোধ—"ছাতক"

গল্প বলিলে আনাদের মধ্যমুগের উপকথা মনে হয়, কিন্তু ভাতক গল্প পড়িলে প্রাচীন ভারতের আর্থিক অবস্থার একটা জ্বলম্ভ ছবি পাই। জাঁহকের অনেক আধায়িকায় বিশেষতঃ প্রত্যুৎপর্বস্তুতে পুরাকালের রীতি নীতি ও আচার ব্যবহার সক্ষমে জনেক তথা জানিতে পারি। নানা প্রসঙ্গে সমসাময়িক বিধিব্যবস্থা, রাজনীতি, অর্থনীতি ও সমাজ নীতির আভাস পাওয়া যায়। Dr. Fick(২) এর বিশিষ্ট প্রকরণ প্রস্থে জাতক যুগে ভারতের সামাজিক অবস্থার একটা আভাস পাওয়া যায়। এই পুস্তকে তিনি জাতক যুগে ভারতের সামাজিক অবস্থার একটা আভাস পাওয়া যায়। এই পুস্তকে তিনি জাতক যুগে ভারতের সামাজিক এবং প্রসঙ্গ ক্রমে আর্থিক অবস্থাও বিবৃত্ত করিয়াছেন।

এই যুগে ভারতের জনীসংক্রান্ত ভার্থিক অবস্থা সাধারণতঃ প্রান্য পঞ্চায়তীসত্ব প্রথাতেই
(Proprietorship of the village community) ছিল, অথবা ইউরোপে যাহা প্রজাসত্ব
(Peasant proprietorship) নামে অভিহিত ভাছে। যদিও মধ্যযুগে ইউরোপের Fendalism এর
স্থায় আমরা প্রভৃত সম্পত্তির অধিকারী, স্বাধীনতা-সম্পন্ন জনিদার বা Fendal lord ছিল বলিয়া
ভাত নহি, তথাপি মাঝে মাঝে দেখিতে পাই রাজারা প্রিয় অসুচরদের নিক্ষর ভূমি দান কবিতেন।
নৃপতিগণ সাধারণতঃ প্রজাদের ভোগদখল বিষয়ে হস্তক্ষেপ করিতেন না কিন্তু আশ্রায়ের পরিবর্তে
প্রত্যেক প্রামে প্রজাদের উৎপন্ন ফলশস্থাদির উপরে একটা কর ধার্য্য করিতেন। সেই কর
উৎপন্ন দ্রব্যের দশ্যাংশ হইতে ষষ্ঠমাংশ পর্যন্ত ছিল। কোন কোন জারগায় আমরা দেখিতে পাই
যে রাজা ইচ্ছা করিলে ঐ কর রহিত করিতে পারিতেন। কিন্তু জাতক যুগে জনীসংক্রান্ত আপিক
অবস্থার বিশেষ দ্রস্টব্য বিষয় এই যে ক্রমীর উপর রাজার কোন অধিকার ছিল না। গ্রাম্য জনীর
মালিক ছিল গ্রাম্য পঞ্চান্ত। প্রামবাসী সকলে একব্রিত হইয়া ক্রমীর ভোগ দখল করিত।

নরমগুলীর বাস বসতি স্থানে স্থানে দলবন্ধ ছিল বলিয়া বোধ হয়। প্রত্যেক বসভির চারিদিকে অবারিত মাঠ, মাঠের চারিদিকে বেড়া দেওরা থাকিত, ধেন কোন জন্তু আসিরা কল শস্তাদির অনিষ্ট করিতে না পারে। গো মহিষাদির জন্তু সাধারণ পশুচারণের স্থান থাকিত। গ্রামবাসীদের মধ্যে এক ত্রিত হইয়া কাজকর্মাদি করিবার ভাব (idea of co-operation) প্রবলভাবে বিদ্যমান ছিল। একটি জাতকে আমরা দেখিতে পাই বে মগখদেশে কোন একটি গ্রামের ক্রিশজন অধিবাসী একত্রিত হইয়া তাহাদের রাস্তাঘাট, জলাশয়, পুস্করিণী এবং বাসবস্তি সমূহ পরিকার করিয়া রাখিতেছে (৩) এবং বেখানে নুতন ক্রিত্ত সংক্ষার করা দরকার ভাহা করিতেছে। আমরা আরও দেখিতে পাই যে গ্রামবাসীগণ একত্রিত হইয়া দুর্ভিক্ষের জন্ত কিংবা অন্ত কোন আশু বিপদ আশকার কিছু কিছু ধান গোলায় জনা করিয়া রাখিতেছে। বাস্তবিক এই সব দেখিয়া বিশ্বয়াভিত্ত হই, যে কবে কত প্রাচীন ভাতকমুগে প্রামে এমন চমহকার ভাব এবং আদর্শ ছিল। আর আজ প্রামবাসীগণ সেই আদর্শ ভূলিয়া সেই

<sup>(3)</sup> Social organisation in North East India in Buddha's time.

<sup>(9)</sup> Economic Journal, 1901,

লুপ্তাস্থৃতির শ্মশানে বসিয়া হাহাকার করিতেছে। পরস্পার পরস্পারের মধ্যে স্নেহ দয়া মদতা নাই বলিলেই চলে, এখন আছে শুধু ঈর্ষ্যা, দ্বেষ, আর হিংসার জ্বলস্ত চিত্র।

তারপর কৃষিকর্ম্ম বিষয়ে দেখিতে পাই যে ধানই খাদ্যের প্রধান উপাদান ছিল। নানাপ্রকার ধানের নাম উল্লিখিত আছে, তা'ছাড়া ফলফুল ও নানাপ্রকার তরকারীর চাষও করা হইত। আমাদের একটা ধারণা আছে যে কৃষিকর্ম্ম সর্ববদাই নিম্নগ্রেণীর লোকের হারা করা হইত, কিন্তু অন্ততপক্ষে ইং পৃঃ ষষ্ঠ, থম কিংবা ৪র্থ শতাব্দীতে অর্থাৎ জাতকযুগে এই রকম কোন নিয়ম বা প্রথা ছিল না। কোন জাতকেই আমরা দেখিতে পাই না যে কৃষিকর্ম্ম করিলে সামাজিক মর্য্যাদার কোন হানি হইত। জাতকে দেখা যায় যে আক্ষাণ কৃষিকর্ম্ম করিতেছে অথবা কোন রাজপুত্র কৃষিব্যবসা বা অন্য কোন কৃষিকর্ম্ম করিতেছে অথব সামাজিক মর্য্যাদার কোন হানি হইতেছে না, ইহাতে বুঝা বার বুফ কৃষিকর্ম্ম নিম্পাজনক ছিল না। আক্ষাণ ক্ষতির বৈশ্য সকলেই কৃষিকর্ম্ম করিত। পরিশ্রাসের মর্য্যাদা অক্ষা ছিল। তাহাতে বুঝা বায় যে জাতকযুগে Dignity of labour ছিল।

কৃষিকর্দ্ম ব্যতিরেকেও শ্রামনাপেক্ষ ব্যবসা (Industry) নানাপ্রকার ছিল এবং তাহাতে অনেক লোক নিযুক্ত থাকিত। আমরা তারও দেখিতে পাই বে এই প্রকার বিভিন্ন ব্যবসা বিভিন্ন স্থানে স্থানীকৃত করা হইত (localisation of industry)। কোন কোন জায়গায় এও দেখা যায় যে একেবারে গ্রামবাসী সকলে এক ব্যবসাই অনুসরণ করিত, এবং ঐ গ্রামকে ঐ ব্যবসায়ের নামানুযায়ী ডাকা হইত। আমরা প্রায়ই এ প্রকার গ্রামের নামের উল্লেখ পাই। যথা:— স্কুত্রধর গ্রাম, কামার গ্রাম, ব্রামণ গ্রাম। শুধু গ্রাম নয় সহরেও কোন কোন ব্যবসা কোন কোন স্থানে স্থানীকৃত করা হইত—যথা প্রাবস্থীতে (৪) ধ্রোপাপট্টা। আজকালও এই localisation of industryর চিত্ন দেখা যায়, যথা ঢাকাতে শাখারী পট্টা, কুমিলাতে কাঁসারী পট্টা।

এখন দেখা যায় যে এইপ্রকার কাজকর্ম্মে সন্মিলনভাব (corporate spirit) যথেষ্ট প্রকারে বিস্তৃত ছিল। আর একটি উল্লেখযোগ্য বিষয় এই যে স্ব স্ব ইচ্ছাসুরূপ কোন একটা নির্দ্দিষ্ট ব্যবসায়ে নিপুণ ইইবার বা উৎকর্ষতা লাভ করিবার প্রচেষ্টা এবং প্রবৃত্তি (specialisation of industry) জনসাধারণের মধ্যে থুব প্রবল ছিল। পূর্বেবই বলা ইইয়াছে যে নানাপ্রকার ব্যবসা ছিল, মিলিন্দপন্ধতে বিভিন্নপ্রকার ব্যবসায়ের নাম দেওয়া আছে। ভাহাতে দেখা যায় যে শুধু একস্থনুক নির্মাণ ব্যবসাই তিন ভাগে বিভক্ত ছিল। যদি ধনুক নির্মাণেই তিন প্রকার বিভাগ থাকে তাহা ইইলে বেশ বুঝা যায় যে ব্যবসাদি কি বৃহৎ আকারে চালান ইইত। আর একটি কথা যে তখনকার দিনে সাধারণতঃ পুত্র পিতার ব্যবসাই অনুসরণ করিত; মাঝে মাঝে ইহাও দেখা গিয়াছে যে সমস্ত পরিবারশুদ্ধ সকলে পূর্বপুরুষের ব্যবসা অনুসরণ করিত। মোট কথা ব্যবসাদির উৎকর্ষতার জন্ম সকলে সন্মিলিত ইইয়া পরিশ্রেমের সহিত নিজ নিজ বাংসা চালাইত।

<sup>(8)</sup> Capital of Kosala which corresponds to modern Oudh,

্ অনেক ইয়ুরোপীয় লেখক বলেন যে জাতকযুগে ভারতের ব্যবসা বাণিজ্য কিছু উন্নতি লাভ করে নাই, কারণ জাতিভেদ থাকিলে ব্যবসা বাণিজ্য উন্ধতি লাভ করিতে পারে না। কিন্তু এই ধারণা ঠিক নহে। যদিও পুত্র সাধারণভঃ পিভার ব্যবসাই অনুসরণ করিত এবং localisation of industryও ছিল, ভ্ৰমণি এমন কোন প্ৰথা বা নিয়ম ছিল না যে ব্ৰাহ্মণ এই কাজ করিতে পারিবে না, ক্ষত্রিয় ঐ কাজ করিতে পারিবে না। জাতকযুগে mobilisation of industry যথেষ্টভাবে প্রচলিত ছিল। জাতক গল্পে আমরা দেখিতে পাই যে ব্রাক্ষণ কৃষিকর্ম্ম করিভেছে এবং সঙ্গে সঙ্গে অন্তান্য ব্যবসাও চালাইভেছে। ৫) একটি গঞ্জ আছে যে কোন এক গ্রামে একদল ভস্তবার ভাহাদের নিজেদের ব্যবসা ছাড়িয়া একটি নৌকা করিয়া বাণিজ্যার্থে দ্বীপাস্তর চলিয়া গেল। সে যাহা হউক এইপ্রকারে আমরা জানিতে পারি যে Industrial world জাতিভেদ ম্বারা কোন রকমে গঠিত হয় নাই, কিংবা সাধারণতঃ পুত্র পিতার ব্যবসা অনুসরণ করিত বলিয়াই যে mobilisation of industry ছিল না তাহা ভুল। উপরোক্ত গল হইতে বেশ বুঝা যায় যে "There was perfect mobilisation of trade or industry." সকলেই নিজের ইচ্ছা মত ব্যবসাদি অনুসরণ করিত, তাহাতে কোন বাধা বিল্প ছিল না বা কোন প্রকার সামাজিক মর্য্যাদার হানি হইত না। আর একটি উল্লেখযোগ্য বিষয় এই যে, আজকাল প্রায় ঐতিহাসিক পশ্তিতগণই বলেন যে জাতকযুগে জাতিভেদ তেমন স্পষ্ট ছিল Social organization পুস্তকে Dr. Fick এই মত প্রকাশ করেন। আর জাতক গল্প পড়িলেও দেখিতে পাওয়া যায় যে ব্রাক্ষণ চণ্ডালের সহিত আহার করিতেছে, ব্রাক্ষণ চণ্ডালের সক্ষে বন্ধুতা স্থাপন করিতেছে, ক্ষত্রিয় ব্রাক্ষণ কফার পাণিপ্রহণ করিতেছে ইত্যাদি। জাতক মুগে জাতিভেদ সম্বন্ধে এবং ব্যবসা বাণিজ্যের উন্নতি সম্বন্ধে Mrs. Rhys Davids বলেন "In modern India no doubt, lines of demarcation have intensified in the course of centuries and have split up the industrial world, which involves the econmic drawbacks which some writers say as characteristics of Ancient India. But in that ancient India we can say with assurance that the caste system in any proper and exact nse of the term, did not exist. What we actually find is caste in making" (&).

Dr. Mazumder দেখাইয়াছেন পে বে মধ্যবুগে ইউরোপের ন্থার ভারতে এই সময়ে শিল্পিগণ এবং অক্সান্থ বিনিধ সম্প্রদার ব্যবসা বাণিজ্যাদির উন্নতিকল্লে বিবিধ প্রকার শ্রেণীতে (guilds) শ্রেণীবদ্ধ ছিল। মঘপক জাতকে আমরা এই প্রকার ১৮টি নাম পাই। আরও থাকিতে পারে কিন্তু ভারা আজ পর্যান্ত জানা যায় নাই। ইহাতে বুঝা যায় যে এই প্রকার শ্রেণী বিভিন্ন জায়গায় বিভিন্ন ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে ছিল এবং সম্মিলিত ভাবে শ্রেণী স্থাপন করিবার খুব

<sup>(</sup>c) Cambridge History of India VOL-I.

Economic Conditon of India at the rise of Buddhism,

<sup>(</sup>b) Economic Journal 1901.

<sup>(9)</sup> Corporate Life in Ancient India,

একটা উৎসাহ ছিল। প্রত্যেকটি শ্রেণীর প্রধান কর্মচারী থাকিত একজন সভাপতি (Pamakha) এবং তাহার অধীনে আর একজন কর্মচারী সর্দার (Aldernman or jethaka) বলিয়া অভিহিত হইত। এই কর্মচারীদের শ্রেণীর উপরে কিপ্রকার আধিপত্য ছিল বা তাহারা কিভাবে শাসন কার্য্য সম্পন্ন করিত, তাহা কোনখানেই ভালভাবে পাওয়া যায় না। একশ্রেণীর সহিত অন্ত একশ্রেণীর বিবাদ বিসংবাদ মামলা মহাশেটীর (Lord High Treasurer) বিচারাধীনে ছিল। মহাশেটী মাঝে মাঝে অত্যাত্য জোণীর মহাসভাপতির কাজ করিতেন। জ্রামে ক্রামে এই জোণীসমূহ উন্নতিশালী হইয়া উঠে এবং পরে শাসন ও বিচার কার্য্য সম্বন্ধীয় (Executive and judicial) ক্রমতা প্রাপ্ত হয়। এই জোণী হইতে জামরা ব্রিতে পারি যে জাতক যুগে সন্মিলিত হইয়া কাজ কর্মাদি করিবার খুব একটা প্রচেষ্টা ছিল এবং ব্যবসা বাণিজ্যাদির উন্নতিকল্পে শ্রেণী স্থাপন করা হইত।

ভারপর ভারতের বাণিজ্যেও (Trade and Commerce) জাতক যুগে যথেষ্ট উপতি ছইয়াছিল। Samaddar বলেন "If trade and Commerce are indications of the growth of culture in any age we must admit that the ancient Indians in the age of jataka had attained a high state of culture and the very first Jataka, Apannaka jataka, gives us an idea about it. (৮) এই সময়ে দেশমধ্যস্থ (inland) কিংবা সমুদ্রপথে আনীত (seabourne) এই তুইপ্রকার বাণিজ্যই পুব সমৃদ্ধিশালী ছিল। বণিক্গণ ভাহাদের বাণিজ্যে জিনিষপত্র লইয়া জলপথ কিংবা স্থলপথ দিয়া, বাণিজ্যার্থে একদেশ হইতে অফ্রদেশে যাইতেন। ভারতবর্ধের এই একটা স্থবিধা যে নদনদীর অভাব নাই। কাজেই তখনকার দিনে স্থলপথ থুব তুর্গম হইলে বণিক্গণ জলপথে তাহাদের পণ্যদ্রব্য ক্রেয় বিক্রেয়ের জস্তু এক জায়গা হইতে অস্তু জায়গায় নিত। বারাণদী বোধ হয় স্বচেয়ে প্রধান বাণিজ্ঞ্য কেন্দ্র ছিল। জাতকে আমরা প্রায়ই দেখিতে পাই যে বারাণসী হইতে বণিক্গণ রেশম, তুলা, পশম ইত্যাদি গাড়ী বোঝাই করিয়া নিয়া ঘাইতেছে এবং বিদেশে চালান দিবার জন্ম সমুদ্র তীরে কোন এক বন্দরে আনিতেছে। বার্ণিসী ছিল তখনকার দিনের ভারতের বেবিলোন। দেশের কত লোক সেখানে আসিত ক্রয়বিক্রয়ের জন্ম, জাতক পড়িলে শ্রীবৃদ্ধিসম্পন্ন বহুলোকারণ্য বারাণসী নগরীর একটা ছবি পাওয়াযায়। দেশমধ্যস্থ (Inland) বাণিজ্যেয় জন্ম কতকগুলি প্রধান প্রধান রাস্তা ছিল, জাতকে তাহার উল্লেখ পাই। সাধারণতঃ বণিক্গণকে প্রাণস্তী হইতে বেনারস, বেনারস হইতে রাজগৃহ(৯), প্রাবস্থী হইতে রাজগৃহ, বিদেহ (১০) হইতে গান্ধার(১১)যাইতেছে এইরূপ উল্লেখ পাওয়া যায়। এই সব হইতে বুঝা যায় যে দেশমধ্যম বাণিজ্যের প্রধান রাস্তা এবং বাণিজ্য কেন্দ্র

<sup>(</sup>b) Economic condition of Ancient India.

<sup>(5)</sup> Capital of Magadha (modern Patna Gaya Dt).

<sup>(&</sup>gt;) Capital of Vajjian ( modern Muzusfarpur Dt ).

<sup>(&</sup>gt;>) A Province which corresponds to modern North Western side of Kashmere,

এই ক্য়েকটা ছিল। সমুদ্রপথে আনীত বাণিজ্যের জন্মও সমুদ্র তীরে বন্দুর ছিল। জাতক যুগে মধ্য এশিয়ার সঙ্গেও ভারভের বাণিজ্য সময় ছিল; এবং রাস্তা ছিল Taxila কিংবা Sogala ( Punjab ) এর মধ্যে দিয়া। Apannaka jatakaএ দেখিতে পাওয়া যায় যে বাণিজ্যাদি বিষয়ে বেশ প্রতিযোগিতাও ছিল। জে জিনিষপত্র ধেশী মূল্যে বিক্রেয় করিতে পারিবে এবং লাভবান হইবে ইত্যাদি বিষয়ে প্রতিবোগিতা ছিল (competition in trade) অপনক জাতকের গল্পটি এই (১২)---পুরাকালে বারাণসী নগরে ত্রন্সদত্ত নামে একরাজ। ছিলেন, ভাঁহার সময়ে বোধিসত্ত কোন বণিকের গৃহে জন্মগ্রহণ করিয়া, বড় হইয়া বাণিজ্যে প্রবৃত্ত হইলেন। তাহার পাঁচশ গরুর গাড়ী ছিল তিনি ঐ সকল গাড়ীতে মাল বোঝাই করিয়া কখনও পূর্বদেশে কখনও পশ্চিম দেশে বাণিজ্ঞা করিতে যাইতেন। একদিন এক জায়গায় বাণিক্ষা করিতে যাইবেন মনস্থ করিয়াছেন, এমন সময় শুনিলেন যে অহা এক বণিকও ঐ জায়গায় বাণিজ্ঞা করিতে যাইবে মনস্থ করিয়াছেন। তথন তিনি চিন্তা করিতে লাগিলেন আগে যাওয়া ভাল না পশ্চাৎ যাওয়া ভাল। অনেক চিন্তার পর তিনি ঠিক করিলেন যে পশ্চাৎ যাওয়াই ভাহার বাণিজ্যের পক্ষে স্থাবিধাজনক…'' ইত্যাদি। এই গল্প হইতে স্পান্ত প্রমাণ পাওয়া যায় যে বাণিজ্য বিষয়ে, বেশ প্রতিযোগিতা ছিল। আর একটি উল্লেখযোগ্য বিষয় এই; Samaddor বলেন ফে জাতকে ইহা দেখা যায় যে আন্তৰ্জাতিক বাণিজ্যও (International trade) সেই সময়ে ভারতে ছিল। এই প্রকারে আমরা এখন দেখিতে পাই যে জাতক যুগে ভারতের আন্তর্জাতিক বাণিজ্যাদি খুব উন্নতি লাজ করিয়াছিল এবং ভারত তথন বিশেষ সমূদ্ধিশালী ছিল।

Dr. Fick বলেন যে তথন সমুদ্রে নৌচালন বিজ্ঞান (navigation) অভ্ঞাত ছিল। কিন্তু আজকাল ঐতিহাসিকগণ ঐ মতের পক্ষপাতী নহেন। Dr. Radha Kumud Makherjee দেখাইয়াছেন (১৩) যে অতি প্রাচীনকাল হইতে সমুজপথে ভারতের সহিত অভ্যান্ত দেশের বাণিজ্যসন্থক ছিল। বণিকেরা পোতারোহণে দ্বীপান্তরে বাণিজ্য করিতে যাইতেন। সমুজভঞ্জভাতক, ভালহম্মভাতক, স্থপরক জাতক, পড়িলে বিশিক্ট প্রমাণ পাভ্যা যায় যে জাতক মুগে ভারতবর্ষের বহিঃবাণিজ্য (External trade) যথেক উন্নতি লাভ করিয়াছিল। বাস্তবিক ভারতবর্ষের সমুজপথে আনীত বাণিজ্যাদি যে শুধু জাতক যুগে ছিল তা নয়, অতি প্রাচীনকাল হইতে অক্ষেরের সময় হইতে এই প্রকার বাণিক্যা সম্বন্ধ নদেখা যায় এবং এই মত Dr. Sayee, Professor Rawlinson এবং Dr. Mukherjee সকলেই সমর্থন করেন। স্থঃপৃঃ ৬ছ্ঠ, ধম কিংবা ৪র্থ শতান্দীতে অর্থাৎ জাতকযুগে ভারতবাসীগণ চতুর্দ্ধিকে অনেক দূর পর্যান্ত সমুজ্রপথে বাণিজ্য সম্বন্ধাদি চালাইয়াছিল। বজেক জাতকে আমরা দেখিতে পাই যে কয়েকজন ভারতীয় ৰণিক সমুজ্রপথে জাহাজে করিয়া বেবিলোনে (Babylon) মযুর্ব্ধ নিতেছে। Professor Bubler বলেন যে জাতকে এমন অনেক গল্প পাওয়া যায়

<sup>(</sup>১২) ঈশানচক্র ঘোষ "জাতক''।

<sup>(</sup>২৩) A History of Indian shipping and maritime activities.

বাহা সমুদ্রবাত্রা এবং সমুদ্রপথে জাহাজতুবি হইয়া প্রাণ বিয়োগ ইত্যাদি বিষয় নিয়া লিখিত। তা ছাড়া ভারতের সমুদ্রতারের কয়েকটি বন্দরের নামও উল্লিখিত আছে। বথা স্থপরক (১৪) এবং বরিকচ্ছ (১৫) আশ্চর্যোর বিষয় এই ষে, সমুদ্রয়াত্রা করিবার সময় দিক্নির্ণয় করিবার জন্য নাবিকেরা কতকগুলি পাখা আকাশে ছাড়িয়া দিত এবং পাখীগুলি যেই দিকে বায় সেইদিকে জাহাল চালাইত। স্থপরক এবং বরিকচ্ছ হইতে বাণিজ্য লাহাল বেবিলোনে যাইত এবং বেবিলোন হইতেও অনেক লাহাল এই বন্দরে নঙ্গর করিত এবং বণিকেরা ভারতে ব্যবসা করিত। কিন্তু বাণিজ্যাদি যে কেবল আরব সাগরেই সীমাবদ্ধ ছিল ভাহা নয়—বলোপসাগরেও সামুদ্রিক বাণিজ্যাদি খুব চলিত। স্থবর্ণ ভূমির (১৬) সঙ্গে ভারতের বাণিজ্যাদি সম্বন্ধ ছিল এমন কি চীন দেশেও বণিকগণ বাণিজ্য করিতে যাইত। ঐতিহাসিক পণ্ডিতগণ আজকাল ইহাও প্রমাণ করিতেছেন যে Java, Sumtra এবং Siam প্রভৃতি জায়গায় ও হিন্দুগণ উপনিবেশ (Colonisation) স্থাপন করিয়াছিল। এই সব হইতে আমরা জানিতে পারি যে সমুদ্রপথে বাণিজ্য ব্যবসাদিতে ভারতবাসিগণ বিশেষ দক্ষ ছিল এবং পৃথিবীর প্রাচীনতম জাতিদের সহিত্ত ভারতের বাণিজ্যসম্বন্ধ চিল।

তখনকার দিনে দেনাপাওনা মিটাইবার উপায় ছিল একপ্রকার তাদ্রমুদ্রা। সেই তাদ্রমুদ্রার নাম ছিল কহপণ (Kahapan) এবং ১৪১ গ্রেন ছিল তাহার ওজন। এই ওজন প্রতিশ্রুত থাকিত এবং ওজনে অল্ল কম থাকিলে বে কোন ব্যক্তি তার যন্ত্রহারা (Punch mark) ইহা দেখিতে পারিত এই যন্ত্র বিশেষ কি কোন বণিক সম্প্রদায়ের কিংবাকোন শ্রেণীর নিদর্শন ছিল তা বলা যায় না। এই মুদ্রা ব্যতিরেকেও অনেক সময় দেনা পাওনা, খত (Instrument of credit) দ্বারা মিটান হইত। আফ্রকাল যেমন cheque কিংবা I. O. U. কিথিয়া দেয় তখনকার দিনেও ধনী বণিকেরা এই প্রকার খত লিখিয়া কারবার করিত। এই সব হইতে বুঝা যায় ব্যবসা বাণিজ্য তখন কত উন্নতি লাভ করিয়াছিল। যাবসার উন্নতি না করিলে দেশে টাকার চলন হয় না এবং টাকার আদান প্রদান খুব বেশী না হইলে কোন দেশে এবস্থিধ Instrument of creditaর দরকার হয় না। সে যাহা হউক এইভাবেই তখনকার দিনে দেনা প্রথমার আদান প্রদান হউত।

কাতক যুগে Banking ছিল কিনা এই সম্বন্ধে Mrs. Rhys Davids বলেন "There does not seem to have any anticipation of modern Banking" কিন্তু Dr. Mazumdar এই মত স্বীকার করেন না। Nasika Inscription এ যে সমস্ত শ্রেণীর উল্লেখ পাওয়া যায় ভাহাতে দেখা যায় যে ঐ সব শ্রেণীতে জনমণ্ডলী টাকা পয়সা জনা রাখিত এবং নিয়মিতরূপে হুদ ও পাইত। শতকরা ৯ টাকা হইতে ১২ টাকা পর্যান্ত হুদ দেওয়া হইত। কিন্তু Nasika inscription এর সময়কে জাতক

<sup>(:8)</sup> Modern Supara in Thana Dt of Bombay.

<sup>(&</sup>gt;@) Modern Broach near gulf of Cambay.

<sup>(</sup>১৬) Modern Burma,

যুগের অন্তর্গত বলা চলে না। ইহা জাতকযুগের আরও পরে, কিন্তু Nasik inscription এর সময়ে যদি এইরপ সর্বাঙ্গানভাবে Banking system চলিতে পারে, তাহা হইলে ইহা নিঃসন্দেহে বলা যাইতে পারে যে জাতক যুগে, এইরপ সর্বাঙ্গান ভাবে না থাকিলেও অশু কোন আকারে Banking system ছিল। অকটি জাতক হইতে আমরা জানিতে পারি য়ে ব্যবসায়িক সম্প্রদায় সমূহ মাঝে মাঝে সম্মিলিত মুলধনভাবেও. (on joint stock principle) গঠিত ছিল। একটি গল্প আছে তাহাতে আমরা দেখি যে একটি যুবক কোন ব্যবসা আরম্ভ করে এবং কয়েকজন বণিক তাহাকে এক হাজার মুদ্রা দিয়া ঐ ব্যবসায়ের একটি অংশ কিনে। এই গল্প হইতে বুঝা যায় যে সম্মিলিত মূলধন হারাও ব্যবসাদি করা হইত। ভূমিকর্ষণ হইতে আরম্ভ করিয়া নানা শিল্পকার্য্যাদি এবং ব্যবসা বাণিজ্যাদি এইরূপ সমবায়ে করা হইত। বর্ত্তমান যুগে এই সমবায় ভাবের অভাব কিন্তু জাতক যুগে যে ভারতে এই ভাবটা বেশ প্রবল ছিল তাহা নিঃসন্দেহে বলা যাইতে পারে।

এই যুগে ভারতের ধন দোলত ঐশর্যা বা ছিল তা ভারতে আর কোন যুগে হয় নাই। সমস্ত ভারতের লুন্তিত স্বর্ণমুদ্রা যথন স্থলতান মামুদের রাজধানী গজনীতে নেওয়া ইইল, তথন নাকি বৈদেশিকেরা বলিয়াছিল যে পৃথিবীতে এত মুদ্রা কোথাও নাই। তাই যদি হয় তা হলে জাতক যুগের ঐশর্যা দেখিয়া তাহারা না জানি কি বলিত। সোণার ভারত সোণায় মণ্ডিত ছিল। প্রত্যেক নগরে প্রামে ধন ঐশর্যাদির বাহুল্য ছিল। দারিদ্র্য ছিভিক্ষ কাকে বলে ভারতবাসী জানিত না। তথনকার দিনের ধন ঐশর্যাদির কথা শুনিলে বিল্ময়াভিত্ত ইইতে হয়। প্রায় বণিকেরই ৮০ কোটি টাকার কম ছিল না। জ্বনাথপিগুদের ধন দোলতের কথা এখন আমাদের দেশে উপকথার মত মনে হয়। সে গৌকধর্ম বিস্তাবের জন্ম কত কত কোটি টাকা খরচ করিয়াছে এবং বুজের আ্রেমের জন্ম জেতবনে একটা জায়গা স্থবর্ণ দিয়া মণ্ডিত করিয়া দিয়ছিল। সে কত বণিককে এবং কত ছঃপীজনকে কত টাকা বিনা স্থাদে দিয়াছে, এমন কি অনেক সময় ফিরিয়াও চায় নাই। এক ব্রাজাণ নাকি তার স্ত্রীকে ৮০ কোটি টাকা নগদ দিয়াছিল। ভগবান বুজকে কেই একজোড়া চর্ম্মগান্তকা উপহার দিয়াছিল, তাহার মূল্য সহস্র স্থবর্ণ মুদ্রা, রাজার হাতীর অলকারের মূল্য ছিল প্রায় ২০ লক্ষ মুদ্রা। এইত ছিল তখনকার আর্থিক অবস্থা—কি ঐশর্য আর কি ধন দেশিত। দারিদ্রা, ছর্ভিক্ষ তাহাদের হাহাকারের চিত্রপট তুলিয়া ধরে নাই। সকলেই স্থবে শান্তিতে থাকিত।

হায় কোথায় গেল ভারতের সেই দিন! কোথায় গেল ভারতের ধনদৌলত, সেই সুথ শাস্তি আর নাই। এখন আছে শুধু হাহাকার, দারিদ্রা তুর্ভিক্ষ,—সব মরক একসঙ্গে সোণার ভারতের বক্ষের উপর তাহানের রক্ত নিশান উড়াইয়া দিয়াছে—আর সেই লুপ্ত সভ্যতার শাশানে ভারতবাসী একমৃষ্টি করের জন্ম আজ পরের তুয়ারে ভিথারী।

# সাহিত্যের কথা

### [ ञ्रीयम्मा हक हक्करखी वि, এ ]

কাব্য, উপস্থাস, গল্প, নাটক ইন্ড্যাদি আকারে যে সাহিত্যের বিকাশ তাহার প্রধান উদ্দেশ্য রসস্ষ্টি এই কথাটাই আমি এইখানে বিশেষ করিয়া বলিব। এমন কথা হইডেছে না বে, এই বিশেষ শব্দ কেবল একই জারগায় একই দিকে ভাহার কাঁটা ছির করিয়া ধরিয়া রাখে। শব্দটি যে আপেক্ষিক এ সম্বন্ধে আমার নিজের কোনও সংশর নাই। ভিন্ন ভিন্ন ধারায়, পারিপার্দিক অবস্থা ভেদে এই রস-ধারা প্রবাহিত হইবে ইহাই নৈস্থিক নিয়ম বলিয়া আমার দৃঢ় বিশাস। মিষ্টুজ্রবা বিশেষের প্রতি আমার নিজের লোভ না থাকিতে পারে, এবং যদিও আমি দেখিতে পাই যে, জনেক্ষেরই সেই দিকে দৃষ্টিপাত করায় মুখের খাভাবিক আকৃতি বদলাইয়া গিয়াছে, তথাপি আমি বলিব সেই বস্তবিশেষে রসাভাব—ইহাতে আমার চরিত্রেরই যে একদিক বেশ পরিকার হইয়া অন্ধিত হইয়া গোল, তাহা আমার অগোচরে কাহারও বৃঝিবার বাকী রহিল না। এই কারণেই সর্বাকালে সর্বাদেশে এই রস মাপিবার যন্ত্রটী লইয়া জল্ল বিস্তর গোলমাল চলিয়াছে। যুগমুগান্ত ভরিয়া আলোচনান্ধ কলেও সেই মাপকাঠি নিরপণ হইল না সত্য; কিন্তু তাহাতে হতাশ হইবার কোনও কারণ নাই। কেননা, খরে ঘরে যেদিন দর্জ্জিদের নিত্য ব্যবহার্য্য মাপ কাঠিটির মত এই কাঠিটি আমাদের মিলিয়া যাইবে, সেই দিন রসবোধের সঙ্গে সঙ্গে সাহিত্যেরও আঞ্চল্লান্ধ—এই মত অনুমান করা ঘাইতে পারে।

যাহা হউক, এই রসক্রপ সম্বন্ধে বক্তৃত। দিয়া বিশেষ ফল লাভের আশা করা যায় না, কারণ ইহা কেবল রসিকেরই প্রাণের ভিতর অস্তঃসলিলা ফল্পর মত আবেগ-উচ্ছাসে ছুটিয়া চলে; বাইরে যারা থাকে তারাট্রইহার কোনই রূপ বা গতিবিধি দেখিতে পায় না। কম কথায়, রস উপলব্ধি করিবার জিনিষ, বুঝাইয়া দেওয়ার মত নহে। যাহার ভিতরে এই রস-গতির একটু হুন্দ, ঝয়ার আছে, সে-ই স্টুর পদার্থ হইতে অনেকখানি রস টানিয়া লইতে সমর্থ হয়। এই কারণেই কাব্যে, গল্পে, উপভাদে লেখক তাহার হৃদয়ের রস-সাগরের সামান্ত একটু কাঠামো তৈয়ারী করিয়া আমাদের হাতে কেলিয়া দেন। সেই সাগর মন্থন করিবার ভার আমাদের উপর। এই মন্থনবৈচিত্র্য হইতেই আমাদেরও স্ব স্থ চরিত্র ফুটিয়া উঠে। সত্যই, যিনি রসিক, রস গ্রহণে যাঁহার যোগ্যতা আছে তিনি এই রস একেবারে সবচ্টুকুই গ্রহণ করিতে চান। তাঁর ইচ্ছা, হয় সেই রসের পূর্ণভাকে আয়ল্ব করা, নয় সেই পূর্ণভাকে একেবারে হারাইয়া ফেলা। খণ্ড খণ্ড করিয়া, বিশ্লেষণ করিয়া সৌন্দর্য্য উপভোগ করা প্রেমিকের ধর্ম্ম নয়। আকাজ্ঞার সামগ্রী সবচুকুকেই মুঠোর ভিতর সে পাইতে চায়। যাঁহারা সাহিত্যের রস একটু একটু করিয়া পরীক্ষা করিয়া, চাধিয়া, যাচাই করিয়া উপলব্ধি করিতে চান, তাঁহাদের ভিতরে রসের চেউ লাই এই কথাটা আমি বলিয়া

ফেলিতে চাই। এমন করিয়াই রস উপলব্ধি করা ঘাঁহারা বিশেষ সঙ্গত এবং নিয়মানুমোদিত বলিয়া বিশাস করেন, তাঁহারা সাহিত্যের দিকে রস পাইবার রুখা চেন্টা না করিয়া, বিজ্ঞানের পুঁথিপত্র ভাল করিয়া আলোচনা করিলে বিশেষভাবে আনন্দলাভ করিতে পারিবেন বলিয়া আমার ধারণা। সমালোচনা অথবা দর্যাচাই করা যে, রসজ্ঞানের পক্ষে মোটেই অমুকূল পস্থা নহে তাহা অনেকেই সমর্থন করিয়া থাকেন। কাটিয়া কুটিয়া হাড়মাস বাহির করা চিকিৎসা শান্তেরই প্রকৃষ্ট উপায়, সাহিত্যের নহে। বিশ্লোষণ করিয়া ভিন্ন ভিন্ন ভিন্ন ভালেও নির্থা করিয়া ভিন্ন ভিন্ন ভিন্ন ভালাওণ নির্ণয় করা রসায়ণ শাল্তের অবশ্য কর্ত্ব্য কর্ম্ম, কিন্তু সাহিত্যের ক্ষেত্রে এ নিয়ম খাটে না। টীকা টিপ্লনী ঘারা কলাপ, মুগ্ধবোধ, বেদ উপনিষ্কের ব্যাখ্যা চলিতে পারে, কিন্তু রাদায়ণ মহাভারতের যথার্থ ব্যাখ্যা চলে না। "আঘাচ্চ্ম প্রথম দিবসে" রাম্পিরি পদপ্রান্তে বিরহার বন্ধ কি অন্যক্ত যাত্রনায় ছট্ফট্ করিতেভিল তাহা টীকা টিপ্লনীঘারা ব্যাখ্যা করিয়া উঠিতে পারা যায় না। কী মর্ম্মন্তেদ যন্ত্রণায় অন্থির হইয়া অভাগিনী সীতা বলিয়া উঠিয়াছিলেন,

"বাদ্বাণঃ কর্ম্মাভিঃ পড্যো ব্যক্তিচারো যথা ন মে। তথা বিশ্বস্তারে দেবি! মামস্তর্ধাতুমর্হসি॥"

ইহা কবিই সবটুকু ষেমন করিয়া ব্যক্ত করিবার, করিতে পারেন, আর কেহ পারেন না।

সাধারণ ক্ষেত্রে একটা ধারণা অনেককাল হইতেই আছে যে, উপত্যাসের প্রধান লক্ষ্য সমাজ, ধর্ম্য অথবা কোনও প্রতিষ্ঠানের সংস্কার। চরিত্রসৃষ্টি করিয়া সমস্তার মীমাংসা করাই উপস্থাদের প্রধান কর্ত্তব্য। কিন্তু এ বিষয়ে আমার মতদৈধ আছে। রদ এবং সৌন্দর্য্য স্থিকে সংস্কার ছাপাইয়া উঠিবে এমন কথা আনি প্রান্ত বলিয়াই মনে করি। বড়দরের বাস্তবকবি হুইলেও এ ধারণা তাঁহার ভিতর থাকেনা যে, বাস্তবতা আদর্শকে ছাপাইয়া উঠিবে। যদি ভাহাই হয়্বীতবে তিনি কবি বা ঔপক্যাসিক নহেন; সাহিত্যের মূত্র কনকাঙ্গুলির চাপে তাঁহার হৃদয়ভন্ত্রী বাজিয়া উঠেনা। ইংরেজীতে যাহা "আইডিয়াল" তাহাকেই আমি এখানে আদর্শ বলিয়াছি। আদর্শকে থকা করিয়া বস্তুস্প্তিই যদি সাহিত্যের চরম লক্ষ্য হইত, তাহা হইলে এমন অনেক পুস্তকই পাওয়া যাইত যাহ। বালি চী কালিদাসের স্প্তি হইতে বড় স্প্তি হইয়া পড়িত। ভাহা হইলে বল্পি-সাহিত্য অথবা রবি-কাব্য ছাড়িয়া সাহিত্যিকগণ ইভিহাস এবং বিজ্ঞানের পুঁথিপত্র লইয়া উঠিয়া পড়িয়া °লাগিয়া যাইতেন। যদি তাহাই হইত তবে সকলই এমন বিশেষ বিশেষ বিষয় লইয়া মাথা ঘামাইতে শাগিয়া যাইতেন ধাহাতে অন্নসমস্থার স্থমীমাংসা হইত:৷ একটা কথা মনে পড়িয়া গেগ। কোনও অভিভাষণে শ্রীযুক্ত শরচন্দ্র বলিয়াছিলেন যে, জনৈক ভদ্রলোক ভাঁহাকে একবার বলিয়াছিলেন "মহাশয়, আমি এমন সব বাস্তবজীবনের ঘটনা জানি যে তাহা শুনিলে আগনার এক একটা উপত্যাস হইয়া ফাইবে।" শংৎবাবু অল্প কথায় উত্তর দিলেন "তাহা হইলে মহাশয়ই অনুপ্রাই করিয়া ছুই একখান। লিখুন না ?" বাস্তব এবং আদেশরচনা—যাহা লইয়া আজকাল এত মাথা মারামারি হইতেছে, এদের ভিতর যে সত্যিসতিটেই কোনও বিরোধ নাই, উপরের কথায় এই বিষয়টাই পরিফুট হইয়া উঠিয়াছে। আমার এত কথা বলিবার উদ্দেশ্য এই যে, কেহ যেন মনে না করেন আমি আকাশ-কুস্থম-

আদর্শ রচনার কথা বলিতেছি। যদি অলীক স্বপ্ন রচনাই সাহিত্যের কাজ হইত তাহা হইলে ইহাকে সাহিত্য-রচনা না বলিয়া পাগলামি বলা যাইত। ইহা নিশ্চিত যে, সাহিত্যের ক্ষেত্রে আদর্শ ও বস্তু উত্থেরই স্ব স্থ হান আছে। নিজ নিজ কক্ষে নিজেরা আবর্ত্তন করিবে ইহাই রীতি। কিস্তু একটী নিজের আবর্ত্তন পরিধি ছাড়িয়া অপরের স্কল্কে আরোহণ করিয়া বেড়াইবে, ইহাতেই আপত্তির কথা উঠে।

পরিদ্র্যান জগৎ হইতে নিজ নিজ উপধোগী বস্তু দংগ্রহ করিয়া দাহিত্যের সৃষ্টি, তখন নিজের পথে চলিতে থাকিবে ইহাই ইইল আসল কথা। খড়ের গাদা মনুন্ত্র আকর্ষণ করেনা, কেননা ইহাতে রূপ নাই, সৌন্দর্য্য নাই, রুদান্ত্র্ভূতির আবেগ-স্পাদন নাই—ষাহা মানুষের রুস এবং দৌন্দর্য্য-বোধকে আকর্ষণ করিতে পারে। খড়ের-গাদাই যে এই সৌন্দর্য্যের আসল ভিত্তি দে বিষয়ে কেই অমত করিবে না। কিন্তু লোক কাঠামোর উপর সংফলান দেখিয়া এবং তাহার অসল সৌহ্ব দেখিয়াই প্রীতিলাভ করে, কেই ভিত্তরের খড়ের পরিমাণ জিজ্ঞানা করে না। দেখিয়া আদিয়া মানুষ বলে মূর্ত্তি দেখিয়া আসিলাম; কেই বলেনা কাঠামো দেখিয়া আসিয়াছি। এমন করিয়াই রুদ্রেরের দৃষ্টি কেবল বাস্তব সৃষ্টি অভিক্রম করিয়া পূর্ণ স্টেখানির উপর ছড়াইয়া পড়ে। সেই স্টি তার অন্তরের রুদধারায় সিক্ষেত্র ছইয়া সৌন্দর্যাকে উজ্জ্বলতর করিয়া তুলে। প্রেমকে শ্রেম করিয়া তুলে। এই চিত্র-অঙ্কনের এক এক জনের এক এক ধারা আছে। বিশিষ্ট ছাপমুক্ত ভুলিকা ছাড়াও ইহা চলিতে পারে। শ্রুত্ত-বিন্তার গণ্ডী লক্ত্রন করিয়াও এই সৃষ্টি তার মনের কথাটুকু সমন্তই খুলিয়া চিত্রিত করিতে পারে ইহাতে তাহার কোথাও আট্রকার না। সেই জন্মই আন্তর্গন্ত সংগারের পথিক যথন করুণ স্থারে বলিয়া উঠিয়াছেন,

"মন-মাঝি ভোর বৈঠা নেরে আমি আর বাইভাম পারলাম না।"

তথন তাঁর জীবনের সমস্ত নৈরাশ্য এবং অবদাদই ভাষা পাইয়াছে; কিছুই অপ্রকাশিত থাকিলনা। মার্জিত ভাষায় উচ্চারণ না করিলেও কাহারও এই কথা বলিবার রহিল না যে, কবি বলি বলি করিবা কিছু যেন বলিতে পারেন নাই। দরদী বুঝিল এই একটুকুতেই তার জীবনবাণী ছঃখ. নৈরাশ্য, হাহাকার জল হইয়া বাহির হইয়া পড়িয়াছে! অথচ এই কথাই অফারপেও বলা যাইত, যাহাতে ব্যাকরণ অথবা ভাষাগত দোল কিছু থাকিত না। ঘুরাইয়া ফিরাইয়া "বাজে কথায় সময় নদ্ট" না করিয়া চটুপট্ বলিয়া ফেলা যাইত; ভাহাতে "মোটরে" দম্ দিতে দিতেও শুনিয়া, বুঝিয়া এবং সম্ভব হইলে ইহার একটা অবস্থায়ী।ব্যবস্থা করিয়া অত্যাবশ্যকীয় কার্য্যে বাহির হইয়া যাওয়া চলিত। কিন্তু তাহা হয় না। কারণ, কবি নোটরে চলেন না। ভিনি "চৌদ্দ ডিক্সা মধুকর" লইয়া মযুরপদ্ধী নৌকাতে হেলিয়া ছলিয়া চলেন। ইহাই তাহার চিরন্তুন অভ্যাস। গন্তব্য পথের চারিধার ধূলির আবংগে ঢাকিয়া চক্ষু কর্প বন্ধ করিয়া কোনও গতিকে পৌছাই তাহার চলিবার রীতি নয়। সমস্ত ইন্দ্রিয় স্কাগ করিয়া, বুকের আগল থুলিয়া দিয়া তিনি চলেন——মন্তুর গতিতে, কখনও বা ক্রত।

এই স্থানে সাহিত্যের ভাষা সম্বন্ধে তুই একটা কথা বলিয়া রাখাই ভাল। কেননা, ভাষাই রস-স্থিরি প্রধান উপায়। আমার ধারণা কেহ কোনও দিন সাহিত্যের ভাষা নির্দেশ করিতে পারেন না। "গোমুখার মুখ হইতে স্থানে" সে ভাষা ঝিরয়া ঝিরয়া অবিরত নিজের রাস্তা তৈয়ার করিয়াই চলিবে। লেখক তাঁর প্রাণের কথা, অন্তরের গভারতম প্রদেশে যে পুর নিহিত রহিয়াছে তাহাকে ধীরে ধীরে পথ দেখাইয়া আনিয়া সদর দরজার সম্মুখে বাহা দিয়া দাঁড় করাইতে পারেন, তাহাই লেখকের ভাষা। রসবোধ জাগাইয়া ভোলাই কবির কার্যা। যে রস-সৌন্দর্য্যে কবি আত্মহারা হইয়াছেন, তাহার ভাষা তাঁহাকেই জোগাইতে হইবে, অক্টে নির্দেশ করিয়া দিতে পারে না। যুথিকার গন্ধে আনন্দলা চ করিয়া যদি কোনও অরসিক তাহার একগুচ্ছ তুলিয়া আনিতে চান, তবে, তিনি বাহা চাহিয়াছিলেন তাহা আর পাইবেন না। বৃত্তচ্যুত রাশি রাশি মুথিকা-পেলব-ই তাঁহার হাতে আসিবে। বস্ততঃ বাহার ভিতরটা রসে টন্ টন্ করিয়া ফাটিয়া পড়িতে চাহিতেছে, সে রস নিঃসরণের গত্তি নির্দেশ ভাহার নিজেরই কার্য্য, অক্টে তাহা করিছে পারে না। করিলে রস-স্থি স্থূর-পরাহত হইয়া উঠে। প্রোক্রাইনের শব্যায় মামুবের সাম্য হয় নাই; য়ৃত্যুই হইত। কবি যখন গাহিলেন,

#### "জানি তোমার আসা যাওয়া

#### শুনি ভোমার পারের ভাষা।"

তথন হইতে এই 'পায়ের ভাষা' লইয়া কত যে ভাষার স্থি আৰু অবধি হইয়া গিয়াছে ভাহার আর সংখ্যা করা যায় না। ভাষার স্বাস্থ্য ও শুচিতা রক্ষা করিবার জন্ম কঙলন যে কতভাবে ইহার সমালোচনা করিয়াছেন ভাহা এখানে বলিয়া উঠা সন্তব নহে। এখনও অনেকেই এইরূপ ভাষা ব্যবহাবের বিরুক্তে যুক্ত ঘোষণা করেন সন্দেহ নাই। ভাঁহারা বলিবেন, ''পায়ের ভাষা' না বিলয়া "কঠের ভাষা" বলা উচিত ছিল; ভাহা হইলেই সর্ববভোভাবে নির্ভূল সাধু শব্দ ঘোজনা হইত, পরন্ত অর্থের কোনও পার্থক্য হইত না। কেন না, পায়ের কোনও ভাষা থাকিতে পারে না, যেহেতু পায়ের কোনও বাক্শক্তি নাই। শ্বভরাং সাধারণ সভাটুকু না বুঝিরা শব্দসমন্তির প্রয়োগ করা নিভান্ত ক্রাজেয় । ভাষা উচ্চারণ করা ইন্দ্রিরবিশেষরই অধিকার ইহা কে না জানে? বাল্যকাল হইতেই আমরা দেখিয়া আসিতেছি শিশুশিক্ষায় স্পষ্টাক্ষরে লিখা রহিয়াছে, ''চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও স্বক্" এই পঞ্চেন্দ্রিয়। ইহার মধ্যে ভোমার 'বা' টুকাইয়া যট্-ইন্দ্রিয় করিবার কি অধিকার ? শ্বভরাং বাহা দেখিয়া আসিয়াছ ও বাল্যকাল হইতেই শিক্ষা করিয়া আসিয়াছ তাহাই ভোমার মানিয়া চলিতে হইবে, নতুবা সর্ববনাশ হইবে, জাতি যাইবে। অভএব স্ববোধ বালকের মত চলিতে শিখ, পরিপানে স্বধ পাইবে।

"বংশীধর ভাল ছেলে হিংসা নাই মনে, যাহা পায় অংশ করি খায় ভাই ঝোনে।" কিন্তু মধ্যে মধ্যে যে, বংশীধরের নৃত্য আরম্ভ হইয়া পড়ে ভাহাতেই নিয়ম উলট পালট হইয়া যায়। বংশীধর শিখিল,— "লেখাপড়া করে যেই

গাড়ী ঘোড়া চড়ে সেই।"ু

কিন্তু মারখান হইতে ধর্মন নৃত্যুশীল বালকটা জিজ্ঞাসা করিয়া বসে, "মান্টার মহাশয়, গাড়োয়ান ও ত গাড়ী ঘোড়া চড়ে," তথন দস্ক-পংতির বিকাশ অথবা ইন্দ্রিয়বিশেষের সঙ্কোচন প্রসারণ বালকের মুখ সেলাই করিয়া রাখিতে পারে, কিন্তু তার বিচিত্র মনোজগৎকে কি নিজ্ঞির রাখিতে পারে ? তথন গুরুশিশু পরস্পরের ব্যবহারই পাঠ্যপুক্তকটার বহিছুতি আইনকান্তনের কোঠায় আদিয়া ঠেকে। আমানের ধারণা, ইহাই সংসারের নিয়ম। সাহিত্য ও ভাষা তত্ব, দাহিত্য ও ব্যাকরণ এক জিনিশ নহে। ব্যাকরণ অন্থ্যায় চলা খ্বই ভাল সন্দেহ নাই; কিন্তু সর্কাহাই যে এ নিয়ম চলিবে এমন কোনও কণা নাই। নিশীথে ভস্রাজড়িত উৎকণ্ডিত প্রেমিকের প্রতীক্ষার প্রতি মুহূর্ত্তে তাহার কাণ কিসের দিকে আকৃষ্ট হইয়া পড়িয়া থাকে, ভাহা প্রেমিকই বুঝিতে পারে। সে উৎকণ্ডার প্রতি শুলুমুর্ত্ত কণ্ডমুর্ত্ত কণ্ডমুর্ত কণ্ডমুর্ত্ত কল ভাহার কাণে মুর্ত্ত ভাষা হইয়া প্রবেশ করে না ৪ সের্ক্তিত চার কান্তন্ত কণ্ডমুর্তিত স্থানিক কণ্ডমুর্ত্ত কণ্ডমুর্তিত ক্রিক্ত ক্রামুর্ত্ত কণ্ডমুর্ত্ত কণ্ডমুর্ত্ত

মোটকথা, যে সাহিত্যে প্রবাহ আছে অর্থাৎ বাহাতে জীবনী-শক্তির অভাব বটে নাই ,তাহা বেমন নিত্য নৃতন সত্য আবিদ্ধার করিবে নৃতন সৌন্দর্য্য চক্ষুর সম্মুখে আঁকিয়া দিবে, তেমনিই নৃতন চন্দও স্পৃত্তি করিবে, না হইলে ভাহার কথা ফুটে না। ধর্মা, নীভি, সমাজ, প্রভিষ্ঠান ইভ্যাদি সমস্তই সাহিত্যের বিষয়ীভূত বটে; কিছু ইহা মনে রাখার আবশ্যকতা আছে যে, ইহাদের চাইতেও অনেক বড় একটা জিনিব সাহিত্যের প্রাতিপান্ত —যাহা না হইলে সাহিত্যুই হইবে না। রস-ধারা ব্যাভিরেকে ধর্মা, নীভি অথবা সমাজ-তত্ত্ব নিতান্তই তত্ত্ব হইয়া পড়ে, একথা বোধ হয় আর বলিয়া দিতে হয় না। এমন অনেক বিশ্ববিশ্রুত প্রস্থের নাম করা যার বাহাকে সাহিত্যপর্য্যায়ে কেলা চলে না। অথচ সকলগুলিই সত্যের খনি। কোনভটী যুগমুগান্ত সত্য বিভরণ করিয়া আসিতেছে, লোক নিক্ষা দিয়া আসিতেছে; কোনভটী বা আবহমনে শাসন-পদ্ধতি পর্যান্ত আমূল উৎপাটন করিয়া ফেলিরাছে। অথচ কোনটাই সাহিত্য নহে। কারণ, কবি ইহাদিগকে গৌন্দর্যাকণায় দিঞ্জিত করিয়া অভিযেক করেন নাই। তাঁহার নিকট এদের চাইতে ক্ষুত্র তুইটী কথাই বেশী মূল্যবান। স্কুতরাং সভ্যমাত্রই সাহিত্যের কথা নহে, সভ্যের বাজার সাহিত্যেরই এণচেটীরা নহে। এই কারণেই ইহা সাধারণের হাত হইতে দূরে পড়িয়া যায়। রক্তা-মাংসের আবরণে ঢাকা কারার কোন নিভ্ততম প্রদেশে ভাহার আনন্দ-ম্পান্তন চলিতেছে ভাহা সকলের অমুভূতিছে আনে না।

এইরপ কাব্য সম্বন্ধে যে কথা, নাটক উপস্থাস সম্বন্ধেও প্রায় একই কথা। কপাল কুণুলার সর্বিশেষ দৃষ্টাটী স্মরণ ইইতেছে—"না——স্মায়ি——না!——" এইরূপ শব্দ করিয়া নবকুমার কপাল-কুণুলাকে হৃদরে ধারণ করিতে বাছপ্রসারণ করিলেন। কপালকুণুলাকে আর পাইলেন না।

ৈত্রবায়ুবিতাড়িত এক বিশাল তরঙ্গ আসিয়া, ভীরে যথায় কপালকুগুলা দাঁড়াইয়া, ভথায় তটোভাগে প্রহত হইল; অমনি তট-মৃত্তিকাখণ্ড কপালকুণ্ডলার সহিত ঘোররবে নদী প্রবাহ মধ্যে ভগ্ন হইয়া পড়িল। \* \* ক্সই অনস্ত গঙ্গাপ্রবাহ মধ্যে, বসন্তবায়্বিক্লিপ্ত বীচিমালায় আন্দোলিও হইতে হইতে কপালকুণ্ডলা ও নবকুমার কোথায় গেল? যেমন অকস্মাৎ তরঙ্গাঘাত কিনারায় আসিয়া লাগিল, ভেমনই নূতন জীবনের সূচনা হইতে হইতেই অকস্মাৎ উপাখ্যানও শেষ হইল। যে প্রেমনিকারণী অনুয়ত শৈলখণ্ডে নিয়ত আঘাত পাইতে পাইতে প্ৰবাহিত হইতেছিল, তাহা অনস্ত গঙ্গা প্ৰবাহে ছুটিল ! লেখক গ্রন্থ নদীতে পাঠককে ছাড়িয়া দিয়া চলিয়া গেলন। কেহ বা নবকুমারের সঙ্গে সঙ্গে রস-গঙ্গায় ঝাঁপাইয়া পড়িঙ্গেন, আর কেহ কুলেই রহিয়া গেলেন। এইস্থানে, যিনি রসিক তিনি কখনও এই কথা জিজাগা করিতে বসিয়া রহিলেন না যে, কপালকুণ্ডলার কি জীবনরক্ষা হইল? রসামুভূতি ভাঁহাকে নায়িকার দক্ষে সঙ্গে অমৃতরাজ্যে পৌছাইয়া দিল, সুতরাং তাঁহার অমুসন্ধানের কার্য্য শেষ হইয়া গিয়াছে। কিন্তু যাঁহারা মনে করিলেন যে, উপাখ্যানভাগ বস্তুতঃ একটু হাঠাৎই শেষ করিয়া ফেলা হইয়াছে, তাঁহাদের ঔংশ্বক্যের মাত্রা এড বাড়িয়া যায় যে, তাঁহারা সন্ধান লইয়া, এবং পুঝানুপুঝভাবে তাহার সম্ভাব্যতা ও সত্যতা আবিষ্কার করিবার জন্ম উঠিয়া পড়িয়া লাগিয়া যান, যে কপালকুগুলার শেষ কি হইস ? তাঁহাদের স্বভঃই মনে হইতে থাকে যে, এমনভাবে জমাইয়া তুলিয়া গল্পটা এমন করিয়া শেষ না করিয়া ফেলিলেই কি চলিত না ? তাই তাঁহারা পুনঃ পুনঃ জিজ্ঞাসা করিতে থাকেন, "কপালকুণ্ডলার কি হইল ?'' ইহার কি কোনও উত্তর আছে ? তথ্ন কি শুধু ইচ্ছা হয় না যে বলি, "কপালকুওলা মরিয়া ভূত হইয়া গেল ?" মনোজগতের এই গৈষম্যের জন্মই কি একের পূর্ণভূপ্তি ও অন্মের অহেতুকী অক্সন্ধিৎদা নহে ? এই স্থানে বিগ কবি এবীক্রনাথের প্রাচীন সাহিত্য হইতে একটা দৃশ্যান্ত মনে পড়িব। কাদস্ব ী-চিত্র শীর্ষক প্রবন্ধে তিনি বলিতেছেন, "কল্পনা করিয়া দেখ-----গায়ক গান গাহিতেছে 'চ-----ল ——ত শ্—সা——সা——সা——সা,' ফিরিয়া পুনরায় '5——স্—তরা— সা ——সা——সা, স্থলীর্ঘ তান,——শ্রোতারা সেই তানের খেলার উন্মন্ত হইয়া উঠিয়াছে; এদিকে গানের কথায় আছে, "চলত রাজকুমারী" কিন্তু তানের উপদ্রবে বেলা বহিয়া যায়, রাজকুমারীর আর চলাই হয় না; সমজদার শ্রোতাকে জিজ্ঞাস। করিলে সে বলে রাজকুমারী না চলে ত না-ই চলুক কিন্তু তানটা চলিতে থাক্ ।" " এই বৈষম্যের কারণ এই যে, প্রকৃত আনন্দ ঘাঁহারা পান ভাঁহারা উপস্থাসের সামাজিক বা নৈতিক চরিত্র স্ফুরণের দিকে দৃষ্টি দিবার বিধে ইহার সমস্ত স্থমাটুকু নিংড়াইয়া নিংড়াইয়া নিজকে তাহাতে স্নান করাইয়া, ভবে সেইদিকে দৃষ্টি দিবার অবকাশ পান। কারণ রস ও সৌন্দর্য্যই ইহার মূল কথা। নাটকেও ইহার ব্যতিক্রম নাই। নাটক বিষয়টাকে সমগ্রভাবে না দেখিলেও এমন এক একটি চরিত্র সৃষ্টি ইহাতে পাওয়া যায় যাহাতে আনন্দ ও সৌন্দর্য্য এতই থাকেযে, ব্যক্তি হিসাবে সেই চরিত্র চক্ষুর সম্মুখেই পড়ে না। ইহা আপন সৌন্দর্য্যেই ওত্তপোতভাবে জড়িত হইয়া ঝল্খল্ করিতে থাকে। এই সৌন্দর্য্য সঞ্চলের কাছে ধরা পড়ে না। যে স্থানে ওথেলো ডেস্ডিমোনাকে

9

''বেশ্যা' বলিয়া চলিয়া গেলেন, সে স্থানে, ভাঁহারই পরমশত্রু নুক্পিশাচ্ আয়াগোর চরণে জ্বান্থ পাতিয়া কি মর্মাভেদী করুণস্থরেই ডেস্ডিমোনা বলিয়াছিলেন ''Am I that name lago?" হৃদয় ভন্তী ছিঁজিয়া গিয়াছে, অফুরস্ত প্রেম প্রত্যাখ্যাত হইয়া থাকিয়া থাকিয়া, ডন্ত্রীতে ভন্তীতে নীরব রোদন বহন করিয়া বেড়াইতেছে; তথাপি ভাষা নাই। সে-শব্দ উচ্চারণে অসমর্থা সভীর ওষ্ঠাধর মুহু মৃহ্ কম্পিত হইতেছিল, কেবল একটা কথা—"Am I that name Iago?" এই অতি সংক্ষিপ্ত উক্তি যত্থানি সৌন্দর্য্য বাহিরে ফুটাইয়া তুলিল, ভিতর হইতে জুলনা করিলে তাহা কি নিতাস্তই অকিঞিংকর হইয়া দাঁড়ায় নাং চক্ষের সম্মুখে আমরা দেখিতেছি মঞ্রিত সৌন্দর্য্য যৌষনে টল্মল্ করিতেছে, অথচ নিষ্ঠুরভায় ক্ষত্বিক্ষত! কিন্তু এই অসহায়া যুবতীর করাণ দৃশ্য ছাড়া আমাদের অন্তদৃষ্টির সম্মুখে পুনঃ পুনঃ যে চিত্রটী ভাসিয়। বেড়াইতেছে তাহা অস্বীকার করা যায় না। এই চিত্রশালার সমস্ত চিত্রগুলি একত্রিত হইয়া দর্শকের ভিতর যে এক রেখাপাত করে তাহা সম্পূর্ণই জাতিহীন নহে কি ? ইহার ভিতর খুঁজিলে ব্যক্তিগত চরিত্রগুলির ভালমন্দ, দোষাদোষ কিছুই পাওয়া যায় না ; কারণ, এই উজ্জ্বল রশ্মিপাত বিভিন্ন চরিত্রের বৈষম্য ঢাকিয়া ফেলিয়া রস্প্রাহীকে এক নুজন স্প্তির ভিতরে প্রনেশ করাইয়া দেয়। ভাহাতে প্রত্যেকগুলি চরিত্র এক একটা পূর্নস্প্তি, এবং ভাহাদের সমষ্টিও পূর্ণরূপেই দেখা দেয়। অথবা, যে স্থানে মৃত প্রণয়ীর শাশানশয্যায় আতায়গ্রহণে গ্ননোতা "থেক্লাকে" পরিচারিকা বলিতেছিল, –"Alas, what would you there, my dearest mistress?" অতি ছংখে থেক্লা উত্তর দিলেন,—"What there? Unhappy girl! I hou wouldst not ask if thou hadst ever loved..." এ চিত্ৰে কি জাভিবিচার আছে ? ইহা কি পারিপার্শ্বিক অবস্থা ব্যবস্থা, আচার বিচার, অথবা ব্যক্তিগত দোষাদোষ সকলের উর্দ্ধে নহে ? অল্লক্ষণ কথোপকথনের পর পুনরায় থেক্লাকে ফিরাইয়া রাখিবার জন্ম পরিচারিকা বলিল, "এতদুর। তুমি কেম্ন क त्रिया याहरत !'' तमहे छात्न यथन त्राक्षनिकनी विलिया छेठित्सन,

"Does the pilgrim count the miles, when journeying To the distant shrine of grace?"

তথন কোন্ মহাতীর্থের দিকে তাঁহার উন্মুখ প্রেম চাহিয়া রহিয়াছিল, তাহা সাধারণের মাটাতে থাকিয়া পরিচারিকা একবর্ণও বুনো নাই। তাঁহার হৃদরে কি প্রেম-মন্দাকিনী বহিয়া যাইতেছিল, এবং তাহা হইতে ক্ষণে ক্ষণে কি অমৃতথারাই ক্ষরিত হইয়া তাঁহাকে সৌন্দর্য্য ভূষিত করিয়া মহীয়দী করিয়া তুলিয়াছিল, তাহা জানিতে হইলে বোধশক্তির তীত্র চেতনা চাই। অনেকেই উপরোক্ত স্থানগুলি পড়িয়া, অথবা ইহাদের অভিনয় দেখিয়া স্থাইত পারেন, নায়ক নায়িকার ছঃখ দেখিয়া দুঃখিত হইতে পারেন, কিন্তু বাহ্যদৃত্তি অন্তর্নিহিত করিয়া, অনির্বাচনায় ভাবে বিভোর হইয়া সমাধিত্ব হইয়া পড়িতে জানেন না। রসজ্য তাহা পারেন। এই রসস্পৃত্তিই—কবির এবং রস স্রত্থার স্পৃত্তির পরাকাষ্ঠা। ইহাই তাঁহার আদর্শ। তৎপশ্চাৎ বাস্তরজীবনের সত্যাসভ্য, ভালমন্দ সকল কথাই—আসিবে।\*

<sup>\*</sup> ছাকাহৰ সাহিত্য সম্বেশনে পঠিত।

#### তাজ

#### [ শ্রীধীরেক্রলাল দাস ]

আগরা সহর, আড়াই প্রহর রাতের ঘুমে মরা

নীল যমুনায় কাজলকালীর ছোপ

গাছের পরে ছিমিয়ে পরে বাতাস হিমে ভরা,

তারার চোখে আকাশ চেয়ে চুপ।

त्रःभश्टलत सम्मतीरमत तक घटतत **मा**ट

স্তব্ধ অচল অন্ত্রপাণি খোঁজা,

একটা কোঠার দখিন তুয়ার ফুলবাগিচার ধারে

শুধু কেবল আধেকখানি বোজা;

দীপ জ্লেছে সোণার শেক্তে আধার ঈষৎ আলা

তুইটি ছবি হাড়ের পালং 'প্রে,

রোগ যাতনায় নেগম লুটায়, ছিল্ল ফুলের মালা,

বাদ্শা প্রিয়ার শির্টি কোলে ক'রে।

রাত গহনের অন্ধকারের নিবিড় অঙ্গ বেয়ে

মৃত্যু ছায়া খনায় নয়নব্যাপি,

বাদ্শা ভাহার প্রাণপ্রতিমার মুখের পানে চেয়ে,

ক্ষণে ক্ষণেই উঠছে হাদয় কাঁপি ॥

বেদনা-কাতর অফুট স্বর শীর্ণ অধর থেকে

শুন্তে পেয়ে বিভল সাজাহান,

ব্যাকুল ব্যথায় ত্রস্তে শুধায় মমতাক্তেরে ডেকে

"বল্ছ কিছু আমায় বেগমজান্ •ৃ"

"চোখের আলো সব ফুরালো পড়্লো যবনিকা"

মুমূর্ কয় বিপুল আয়াস ভরে

"বিদায় পলে এই কপোলে শেষ চুমো হোক্ লিখা

বেহন্তে বাই মধুর মরণ মরে'

"মিটাও হে নাথ! অন্তিমে সাধ জুড়াও উষর হিয়া:

দাও সোহাগের শেষের পরশন,

"নাও আমারে বুক মাঝারে হাত তুখানি দিয়া,

ভোৰার কোলেই মুদ্ব জুনয়ন।

"আঞ্চকে রাতে ভোষার সাবে অতুল অভিসারে

অভীত আশা তৃষার অপ্নোদন্,

"পেলুদ ভোমার জীবন দীমায় পূর্ণ অধিকারে,

কুতার্থ যে আমার দেহ মন।

"অ্জানে কডই অধির্ভই শতদিনের শ্বতি

भरमत्र मार्य माग्रह जारमात त्ररथ,

"আমায় তোমার হারিরে কেলার কিৰে অশেষ ভীতি

সারাটি রাভ ছাড়ছে না বুক হতে।

"জ্যোৎস্না ধোওয়া বাহাস বওয়া প্রথম মিলন হাতে

নামটি ধরে ডাক্লে কানে কানে

"বাধ্লে মোরে বাহুর ডোরে চুমোর সাথে সাথে

চাইতে যখন গেলাম ভোমার পানে,

"উर्वाचानि निल्व है छे।नि, मान्दल नादका वाथा

সরিয়ে দিলে বুকের বসন যত,

্রাত্রি জাগি কথার লাগি সাধ্লে সেকি সাধা

কইতে গিয়েও হলুম সরম ২ত।

"এমনি ধারা অন্তহারা কত অতীত কথাই

আছে আমার হৃদয় খানি খিরে

"এ অস্তবে দয়িতরে আর কামনা নাই,

खश् वल जून्रवना वानीरता

"क्वत कारण क्रमीनज्राण मिन्दि यथन (प्रश्

्र स्थात्र कीवरनव श्रामीश श्राप्त निर्व,

"পরীর সমা অসুপমা তখন এসে কেহ,

স্থৃতি কি মোর মলিন করে দিবে গ

"এক লহমার অপেকা মার নেইক আমার গ্রিয়

এযে কারা ছিনিয়ে নিতে এলো।

একলা ঘরে অবদরে বারেক মনে নিয়ে।

হপদরদের একটা নিশাস কেলো।

\*

বাদশাহেরে রিক্ত করে মৃত্যু দিল সাঞ্জা
রাজ্যজুড়ে পড়ল বিষাদ ছায়া
বিয়োগ কাতর মনের ভেতর থাক্ল উজল তাজা,

অনিন্দিতার রাজা মুখের মায়া।
আর কি তারে ভূলতে পারে হাদ্ জুড়ে বার বাস
দিন যামিনী কাট্লো চথের জলে
সাজাহানের ভালা প্রাণের কল্প শোকোচছাল

মুর্ক্ত হল্প মণি ভাজসহলে।

# বিশ্ব-বিত্যালয়ে বাধ্যতামূলক সামরিক শিক্ষ। (শ্রীধীরেন্দ্র নাথ চাকলাদার বি, এস্সি।)

এ হতভাগ্য দেশটা অসাড় হয়ে পরে আছে একটা মন্তবড় জানোয়ারের মত। কাণ্ডাকাণ্ডি জ্ঞান হারিয়েছে—দে অনেক দিন হল। "আপনার ভাল পাগলেও বোঝে"—এ কথাটা বেন এই হতচহাড়া দেশে প্রয়োগ করা যায়না। আত্মনির্ভরতা ছেড়ে দিয়ে "হাঁ" করে চেয়ে আছে কন্তাদের মুখের দিকে। তুমি কান মলো, খুদি দেও — 'টু' শক্ষিও করবেনা—কি শান্ত, কি সুশীল—অহিংগার অবিকল অবতার বেন অয়ং বুরুদের। এমন উদাহরণ সমস্ত জগণটা খুরেও পাবেনা। ঘরে চোর চুকল কন্তামশাই টের পোলেন—"হাঁ" "হ' শক্ষিও করলেন না — কি জানি টের পোলে যদি আ্ছাত করে। সুযোগ বুঝে মাল পত্র টাকা কড়ি গুছিয়ে চোর মশাইত নির্বিশ্বে প্রস্থান করলেন। কর্তামশাইত তথন শান্তা থেকে উঠে হৈ টৈ আংস্ক করে দিলেন। পাড়া প্রতিবেশী এসে হাজির হলেন আর লাগলেন তামুকের আদ্ধি করতে। সকাল বেলা থানায় এজাহার দেওয়া হল — দাবোগা বাবু এসে তার খাতায় মাল পত্রের একটা হিসেব লিখে নিলেন—বাস্। ফুরিয়ে গেল কর্তামশাইর কর্তব্য। আবার স্ত্রীর উপর অত্যাচার হচ্ছে—আমী হাঁ করে তা দাঁড়িয়ে দেওছে একটু চোধলাল করার শক্তিটুকুও নেই রক্ষা করা ত দুরের কথা। আর কাতরম্বরে তগবানকে ডাকতে লাগলে ভগবান ত ভাক কাপুক্রের দিকে কিরেও চাননা। তিনি যেন ইলিত করে বলহেন—"নিজের পায়ে দাড়াতে শেখ—তখন শক্তি সাহস দরকার হলে আমি দেব।'

দেশের এই ছর্দ্দশা দেখে ক্য়েকজন মনীয়ী হৃদয়ে বড়ই আঘাত পেলেন। তাঁরা সদাই ভাবছেন কিসে এই দেশটাকে আত্মরকা শিখান যায়। এই সমস্থার উৎকৃষ্ট সমাধান কল্লেই আজ দেশে ''সামরিক শিক্ষার' প্রদক্ষ উঠেছে।

সামরিক শিক্ষা একটা মস্ত বড় সমস্তা বটে। কিন্তু চুংখের বিষয় এ প্রসঙ্গ এখনও ভাল করে দেশে উঠেনি—খুব কম লোকই এ বিষয় একটু ভেবে থাকেন। ভবে সে একটা খুব স্থাখের দিন হবে—বি দিন সমস্ত দেশটা জুড়ে এই সামরিক শিক্ষা প্রসঙ্গ উঠবে ও ইহার উপকারিতা উপলব্ধি করে ইহার প্রচলনের জন্ত দেশশুদ্ধ লোক ব্যতিব্যস্ত হয়ে উঠবে। ভবে সে দিন কভদূরে নির্দেশ করে বলা সহজ নয়।

সামরিক শিক্ষা বিশ্ব-বিভালরের 'সিলেবাস্' ভুক্ত করা উচিত কিনা এই নিয়ে বৈশ একটু আলোচনা চল্ছে কতকথালি বিশ্ব বিভালরে।' বাধ্যভামূলক সামরিক শিক্ষা' বিশ্ব-বিভালরের ''সিলেবাস্' ভুক্ত হউক এই মর্ম্মে একটা প্রস্তাব বোঝাই ও মাজ্রাজ্ব বিশ্ব-বিভালরের ''সেনেট সন্তার'' উপস্থিত হয়েছিল এ নিয়ে তুমূল আলোচনাও চলেছিল। কি তুংখের বিষয় প্রস্তাবটি তুই যারগাতেই অপ্রাত্ম হয়। ইহাতে "দেনেটেন" সদস্তালগের বর্তমান মনোভাবের বেশ পরিচর পাওয়া যাছেছ। কিন্তু খুব আশা করা যায় যে অদ্র ভভিন্ততে তাঁলের মনোভাবের পরিবর্ত্তন হবে। হরত এমন দিন আগবে যে দিন সামরিক শিক্ষা প্রচলনে এ রা সবাই একমত হবেন। এ রা বিশেষ কোন বুক্তি হারা নিজেদের মতের সমর্থন কচ্ছেন না—শুধু যা কিছু গলদ এ মনে। সামরিক শিক্ষার কথা শুনেই যেন এ দৈর শানীর আঁত্কে উঠ্ছে। তবে স্থান্থ বিষয় কলিকাতা বিশ্ব-বিভালরের ''সেনেটের' সভায় ইহার অন্তর্গত কলেজগুলিতে সামরিক শিক্ষার বাধ্যভামূলক হউক এই মর্ম্মে একটা প্রস্তাব গৃহীত হয়েছে। তবে এখনও গ্রগমিনেটের অনুমতির মন্দেক্ষার রয়েছে। আশা করা যায় ব্যাপারের গুরুষ মনে করে আজ হউক আর কাল হউক গ্রণমিন্ট ইহাতে অনুমতি দিয়ে ইহা প্রচলনের ব্যয়ভার রাজ্য্ম হতে মঞ্জুর করবেন। আমরা আশা করি অনুর ভবিদ্যুতে ভারতের সমস্ত বিশ্ব-বিভালয়ন্তলৈ সামরিক শিক্ষার উপকারিত। বুন্থে ইহা ''দিলেবাদ'' ভুক্ত করে নেবেন।

### সামরিক শিক্ষার উপকারিতা কি 📍

সামরিক শিক্ষা পোলে মনের অবস্থার কি প্রকার পরিবর্ত্তন হয় তাহ। লক্ষ্য করার বিষয়। ইউরোপ আমেরিকার অনেক দেশেই সামরিক শিক্ষা দেওয়া হয়। সেই সব দেশের একটা যুবকের হাব ভাব চলাফেরা লক্ষ্য করে দেখলে দেখতে পাই একজন ভারতের যুবক আর তাহাতে কত প্রভেদ। কি বুক ফুলিয়ে হাঁটে যেন জগতের কাউকে ভরায় না! কি বলিষ্ঠ দেহ! যে কোন বিপদ আফুক না কেন—সে বীরের মত তার সম্মুখান হবে এক পাও হট্বে না। দশ্টা লোক মিলে ভাকে আক্রমণ কর্লে, দেখবে সে কি বারত্বের পরিচয় দেয়। অন্ত শন্ত্র পাক্লে সেম্নেন করে, "কুচ্ পরোয়া নেই, বীরের মত যুক্ত করে দরকার হলে প্রাণ দিতেও কুঞ্জিত হবো না।"

আর ভারতবাসী ? একটা সাহেব দেখনেই প্রাণ কেঁপে উঠে। সোলাগুলিরছ কথাই নাই। সভাব কবি গোবিন্দ দাস ভারতবাসীর কাপুরুষভা, তুর্বলভা আণে প্রাণে অনুভব করে অভি তুঃথের সহিতই বলে গেছেনঃ—

'কার ফদেশে কাদের মেরে, এমনভর পথে পেরে, ক্রোর জবরে গাড়ীর ভিতর শাড়ী কেড়ে লয়।''

"সংগ্ন দেখে গোলাগুলি, উইয়ের ঢিপি কেখে তোদের শিবির বলে ভয়।"

আমর। শাস্ত শিস্ত বাবুর দল। একটু বিশদের আশ্বঃ হলেই জনপিওটা কাঁপতে থাকে।
একটা চোর ঘরেটুক্লে তাকে বাধা দেওয়ার সাহসটুক্ পর্যান্ত হারিয়ে কেলেছি! পুলিশের কুপা ভিক্লা
কচ্ছি আর তারা যাতে আমাদের সকল বিপদ হতে দুরে রাখে তার চেন্টায় বাস্ত হচ্ছি। কোন বিপদে
প্রাণের আশবঃ থাকলে ত আর কথাই নাই—সবেগে বীরের মত পশ্চাদ্ দিকে পলায়ন! আমাদের
দেশে পণ্ডিতমশাইগণ বেশ বীরের মত শিখা নেড়ে আওড়াচ্ছেন—'ব পলারতে স জীবভি।" কাপুরুষভার
এমন উৎকৃষ্ট দৃষ্টান্ত আর কোথাও আছে নাকি? জানিনা কোন "দাহসী" মনীয়া এই বচনের শুষ্টি
করেছিলেন। বিপদ দেখলেই সবাই এ বুলি আওড়ায় বেন অকাটা বেদ বাণী— মার চম্পট দিয়ে নিজের
কাপুরুষতা সমর্থন করে। এ বচনটা দেশের যে কত ক্ষতি করেছে তঃ বোধ হয় এর রচরিতা বেঁচে
থাকলে মর্শ্যে অনুভব করতেন।

জগতের সমক্ষে আমাদের কেউ হীন করতে চাইলে আমরা আমাদের পূর্বপুরুষদের গৌরবের কথা অনগ করিয়ে দেই। আমী বিবেকানন্দ বাস্তবিকই বলেছেন—"আমাদের প্রতিভা চর্বিত চর্বিণে এবং সর্বোপরি গৌরব কেবল পিতৃপুরুষের নাম কীর্ত্তনে।" কিন্তু ত্থুখের বিষয় তাঁদের যে শৌর্যা ছিল, আমাদের তার শতাংশের একাংশও নেই, আমরা বীরশ্রেণী রাজপুতদের শতমুথে প্রশংসা করে থাকি—কিন্তু তাদের উষ্ণ রক্তের একবিন্দুও যে আমাদের শিরায় প্রবাহিত হচ্ছে তার ত কোন প্রমাণ পাওয়া যায় না। তারা মান, সম্রম, ধর্ম ও স্বাধীনতা রক্ষা করার জন্ম দরকার হলে আদে দিতেও কুঠিত হোত না। ছোট বেলা হোতেই পুরুষন্ত্রী উভয়ই যুদ্ধ বিল্লা শিক্ষা করত। যৌবনে পৌহাতে না পৌছাতেই তারা যুদ্ধবিলা-বিশারদ হয়ে দাঁড়াত। কাজেই তারা কাউকে ভয় করত না। আত্মরক্ষা কেন —সমস্ত দেশটা রক্ষা করত তারা সিংহ বিক্রমে। আমাদের যত কিছু গলদ ঐ আত্মরক্ষা করার শক্তির অভাবে। দেশে যদি সামরিক শিক্ষা প্রচলন করা যায় তবে কয়েক বৎসর পরে দেখা যাবে যে মানুষগুলি কি প্রকার নির্তীক ও বীর্য্যান হয়ে দাঁড়ায়। তথন "লাখি মেরে পিলে ফাটানের" গল্প শুনা যাবে না—আর স্ত্রী জাতির

উপর ব্যক্তাচার ও স্ত্রী হংবের পালাটাও পুব কমই এই ভারত মধ্যে অভিনীত হবে—যা নাকি এই হওঁভাগ্য থেশে প্রায়ই পটে থাকে। সামরিক শিক্ষা এই মরা জাতটার মনে আশার আলোক সঞ্চার করে দেবে— "মরা গাঙ্গে ডাক্বে বান"—কাপুরুষভা, তুর্বলভা দূর করে একে বীরের মত আত্মরক্ষা করার শক্তিও সাহস এনে দেবে আর সর্বোপরি দেশে নৃতন প্রাণ ও নৃতন ভাবের সাড়া পাওয়া যাবে এবং নৈরাশ্যব্যঞ্জক মলিন মুখে তখন তেজ ফুটে বেরুবে।

আছি—ভা কলনে ভাল করে বােকেন বা একটু ছির হরে চিন্তা করে দেকেন? এ মরা দেশে বিশ্ব-প্রেমের বলা ছুটনে যে কভনুর বাতুলভা তা অনেক মনীয়াও বােবেন না। অহিংসার ছানও এদেশে সেই প্রকার। সবল যদি "অহিংসা ধর্মা" তার মূল মন্ত বলে মনে প্রাণে গ্রহণ করে, তাহলেই সেটা 'একটা জ্যন্ত মূলমন্ত্র হোল—হাতেই তার মহন্দ ও মহামুভ্যভার প্রকৃষ্ট পরিচর পাওয়া যারে। "Whosoever shall smite thee on thy right cheek, turn to him the other also."— বিশুখ্টের এ বাণী ত সবলের জ্যা। তুর্বল ওকথা বল্লে তাে তার ভীক্রভা ও তুর্বল তার পরিচর পাওয়া যাবে। সাহেব বড় বাবুকে মুক্ট্যাঘাত করলেন—বড় বাবু ত বেল জানেন এর প্রতিবিধান করা তার পক্ষে অসম্ভব—এ নিয়ে গোলমাল করলে তাে তার চাকুরী যাবে জার জন্মভাবে প্রাণ বেতে বদবে। সে জার কি করে—মনে মনে (প্রকাশ্যে বলার সাহদ কোথায় ?) বল্লে, "ভোমাকে ক্ষমা করলুম।" একে কি ক্ষমা বলে—এ ক্ষমার মূল্য কি ? এ ভ ভীক্রভা, কাপুক্ষহা ব্যঞ্জক।

আজ যদি দেখি শক্ত এসে আমাদের মা, বোনের উপর অত্যাচার করার প্রয়াদ পাচছে। তখন কি কংবে। ? দাঁড়িয়ে দাঁড়িয়ে নির্ভক্ত অধ্যের মত হাঁ করে তাকিয়ে থাকবে। আর শক্তর কুপাভিক্ষা করবো না কাতরশ্বরে ভগবানকে ডাকবো ? ভগবান ত ভীক্ষ কাপুরুষের সাহায্য করেন না—ভিনি এ ত্বিলভা দেখে উপহাদ করেন মাত্র। নিজের পায়ে দাঁড়িয়ে নিজের সন্থল নিয়ে প্রাণপণ চেফা করে শক্তকে হটিয়ে দেওগার চেফা না করলে ভগবান আমাদের সাহায্য করবেন কেন ? এ অবস্থায় আমাদের কর্ত্ব্য কি ? বীরের মত এলিয়ে নিয়ে নিজেদের সম্বল নিয়ে প্রস্তুত হয়ে দাঁড়াব—শক্তকে হটিয়ে দিতে প্রাণপণ চেফা করবো না পারনে প্রাণ দিতেও কুষ্ঠিত হবোনা। আমাদের মা, বোন তাদের মান মর্য্যাদা রক্ষার অক্য আমাদের নিকট এইটুকুও কি প্রস্ত্যাশ। করেন না ?

কাকেই আমাদের আত্মরক্ষা করার শক্তি ও কৌশল শিথতে হবে। সমর-শিক্ষা দেশে প্রচলিত না হলে আমরা কিছুতেই আ্রারক্ষা কত্তে পারবো না। সমর-শিক্ষায় শিক্ষিত হলে আমরা মা, বোনের মান ইজ্জ ত রক্ষা কত্তে পারবো। আর দেশে শান্তি ও মুশৃত্মলা বিরাজিত হবে ও বিদেশী শক্রর আক্রমণ হতেও স্বদেশকে রক্ষা কত্তে পারবো।

আজ আমরা 'শ্বরাজ ''শ্বরাজ" বলে চাৎকার কচিছ। চুর্বলের আবার স্বরাজ কি? আচ্ছা ধরে নিলুম স্থামরা স্বরাজ পেয়েছি—ইংরেজ শাসনভার আমাদের হাতে ছেড়ে দিয়ে নিশ্চিন্ত মনে হাত শুটিয়ে বস্লে। তথনত বৈদেশিক আক্রমণ হতে দেশকে রক্ষা করে হবে । তথন শুধু "প্লাটফরমে" দাঁড়িয়ে লম্বা লম্বা বক্তৃতা দিলে বা খবরের কাগজে বড় বড় রচনা লিখলে চলবে না। শক্রকে অহিংসা ধর্মের বিশন বাখা করে শুনালে বা বিশপ্রেমের বড় বড় বুলি আওড়ালে তার প্রাণ গলবে না। বাধা না পেলে তার কাজ সে নির্নিল্লে হাসিল করে নেবে। কাজেই বাহু বলের প্রয়োজন। স্বরাজ পেলে—আমেরিকা বল, ফ্রান্স বল আর জার্মানই বল সবাই একবার চেন্টা করে দেখবে এই স্বর্ণ প্রসূ তারতবর্ষটার মালিক হওয়া নায় কিনা। এদেশটা নিয়ে একটা বড় লুকো লুকি হবে সমস্ত জগতের বড় বড় জাতিদের মধ্যে। তথন যদি সামরিক শিক্ষায় উপযুক্তরূপে শিক্ষিত হয়ে শক্রের সহিত্যুদ্ধ করে তাদেব হটিয়ে দিতে না পারি তা হলে তথন দেশের অবস্থা কি হবে ? আমাদের হাত বেকে শাসন ভার ছিনিয়ে নিয়ে এদেশে তাদের আধিপত্য স্থানন করবে। এখন আছে ইংরেজ রাজ → তখন না হয় হবে আমেরিকান রাজ, ফ্রাসী রাজ বা জার্ম্মান রাজ। এখন যা আহি ঠিক তাই থাকবে। কিয়া অবস্থা আরও শোচনীয় হতে পারে— পুনুমুর্ষিকো ভব।"

সামরিক শিক্ষা প্রচলনের বিরুদ্ধে আপত্তি তুলে একদল লোক বলছেন — আত্মরক্ষা করার জন্ম আমরা এত ব্যস্ত হচ্ছি কেন— আমাদের মান, ইজ্জভ রক্ষা করা বা দেশে শান্তি ও মুশৃধালা স্থাপন করার জন্মত পুলিশই আছে—ভারা তাদের কর্ত্তব্য করে বাবে আর আমরাও নিরাপদ থাকর। আছে। ধরে নিলুম পুলিশ বেশ সতর্কভার সহিত ভার কর্ত্তব্য পালন কচ্ছে। রাড়ীতে ডাকাত এসে সমস্ত বাড়ী খিরে দাঁড়াল একটা লোকেরও বের হওয়ার সাধ্য নেই। তখন পুলিশকে কি করে সংবাদ দেবো ? আমরা সামরিক শিক্ষায় শিক্ষিত হলেই নিজের বাহুবলে ও কৌশলে এ বিপদ হতে উদ্ধার হতে পারবা। কিন্তু ডাকাত নিবিবদ্বে চলে গেলে পুলিশে খবর পাঠালে কি ফল হয় তাত সকলেই জানি।

আবার কেই বলছেন যে স্বরাজ কবে হয় কে জানে। স্বরাজ হলে সামরিক শিক্ষায় শিক্ষিত হয়ে দেশ রক্ষা করা যাবে। কিন্তু শত্রু এসে পড়লে সে কি শিক্ষিত ইওয়ার সময় দেবে ? এখন থেকে চেন্তা করে সামরিক শিক্ষায় স্থানিকিত ইয়ে না থাকলে বিপদ কালে আমরা হারু ভুবু খেতে থাকব আর শত্রু দেশকে তুর্বল ও অর্ক্ষিত পেয়ে ইচ্ছামত অত্যাচার ও লুঠন করে চলে যাবে বা তার আধিপত্য স্থাপন করে বসবে।

আবার কেহ বলছেন যে জাতি সামরিক শিক্ষায় সুশিক্ষিত হলে তাদের মধ্যে যুদ্ধ করার একটা প্রবৃত্তি জন্ম—এর ফলে বড় বড় যুদ্ধ হয়ে খাকে ভাতে অসংখ্য লোক ও অর্থ ক্ষয় হয়—জগতে একটা অশান্তির স্প্তি হয় ও যুদ্ধের পূর্বের অবস্থা কিরে পেতে অনেক সময় ও শক্তির প্রয়োজন হয়ে থাকে। কিন্তু এঁরা একটা মস্ত বড় ভুল কচ্ছেন। এ শিক্ষার উদ্দেশ্য জগতে অশান্তি ও অরাজকতার স্পত্তি করা নহে—বরং তার উল্টো। জগতে যাতে কোন দিন মহাযুদ্ধ সংঘটিত হয়ে অশান্তির স্প্তি না হয় এই জন্তই সকলের সমর-শিক্ষায় স্থশিক্ষিত হওয়া দরকার। একটা জাতি সমর শিক্ষায় স্থশিক্ষিত হওয়া দরকার। একটা জাতি সমর শিক্ষায় স্থশিক্ষিত হলে সমস্ত জগত তাকে সন্মান ও ভয় করবে। কোন যুদ্ধ হওয়ার আশঙ্কা দেখে দে যদি মধ্যবন্তী হয়ে তুই জাতির মধ্যে

সোহার্দ্ধ সৃষ্টি করার চেন্তা করে তা হলে অনেক ফল হওয়া পুবই সম্ভব। কারণ ভার কথা অপ্রাহ্ন বা অবহেলা কন্তে সহজে কেহ সাহদ পাবে না। ভারতবর্ষের মত এত বড় একটা সুসভা দেশ যদি সমর-শিক্ষায় সুশিক্ষিত হয় তা হলে নিশ্চয় সমস্ত জগত একে মহা সন্মানের চক্ষে দেখবে। জগতে কোন মহাযুদ্ধের আশকা হলে এই সুশিক্ষিত দেশটা যদি মধ্যবন্ধী হয়ে মীমাংসা করার চেন্টা করে তা হলে নিশ্চয়ই সুফল ফল্বে এ আশা করা খুবই সম্ভব। এর কথা অগ্রাহ্ম করা দূরে খাকুক খুব সম্ভ্রমের সহিতই গ্রহণ করবে। কারেই সমস্ত জগতে চিরদিনের জন্ম শান্তি ও সুশৃদ্ধানা রক্ষা কত্তে হলে—যার জন্ম আজ অনেক বিশ্বপ্রেমিক বাস্ত হয়ে, পরেছেন—ভারতবর্ষের সমর-শিক্ষায় শিক্ষিত হওয়া একান্ত প্রয়োজন। ঐ বিষ্য়ে ভারতবর্ষের একটা মহৎ কর্ত্বব্য আছে—হন্ত ভারতের সেই স্থাননের জন্ম সমস্ত জগত অপেক্ষা কছে। উইল্যন্ কত চেন্টা করেছেন ইউরোপে চিরশান্তি স্থাপন কতে। ভারতবর্ষ তৈরী ইরে অগ্রসর হলেই হয়ত জগতে চিরশান্তি ও সুশৃন্ধলা স্থাপিত হবে।

### বাধ্যতামূলক হওয়ার প্রয়োজনীয়তা কি 🤊 🦠

বেহ কেহ বলেন সমর-শিক্ষা বাধ্যতামূলক না করে দেশবাসীকে ইচ্ছামত গ্রহণ করে দেওয়া উচিত। কিন্তু সমর-শিক্ষা দেওয়ার উপযুক্ত বন্দোরস্ত করে দেশবাসীকে আহ্বান করে তাদের ঐ শিক্ষা গ্রহণ কত্তে বল্লে দেখবা যে খুব কম লোকই শিক্ষা কৈন্দ্রে উপস্থিত হবে। এ হল আমাদের দেশের লোকের ভাব। আহার নিজ্ঞায় আরামে সময় কাটানর পরিবর্ত্তে বন্দুক ঘাড়ে করে ছুটো ছুটি করা বড়ই ক্ষকব হয়ে উঠে। কাজেই সমর-শিক্ষার যে উদ্দেশ্য অল্পসংখ্য কলোক দিয়ে দে উদ্দেশ্য সফল হতে পারে না। উদ্দেশ্য সিদ্ধি কত্তে হলে আমাদের দেশে সমর-শিক্ষা বাধ্যতামূলক না করে উপায় নাই।

অনেকে বলেন—যে কাজই হোক না কেন লোককে বাধ্য করে করান বড়ই অন্তার— এতে তার
মনের উপর একটা অনিচ্ছারুত ভার চাপান হয়—বিরেক বৃদ্ধির উপর জোর জুলুম করা হয়। কিন্তু
আমরা এমতের সম্পূর্ণ সমর্থন করি না! যা প্রচলিত হলে দেশের একটা মহা উন্নতি সাধিত হবে তাহা
বাধাতামূলক করে প্রহণ করার জক্ত দেশবাসীকে আহ্লান করলে যদি করেক জনের ইচ্ছার বিক্লজে
হয়—তা হলে সে দিকে জ্রুক্লেপ করার প্রয়োজন নেই। কালের স্রোত্ত কার্য্যের মহৎ উপকারিতা
উপলব্ধি করে ইহারাই ইহার প্রচলনের জন্ম ভূরুসা প্রশংসা করলে আজি আমরা নিরক্লর হয়ে
ক্রগতের কোন আলোক পেতৃম না। আধীন দেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হওয়ায় শিক্ষার কত
বিস্তার হয়ে অজ্ঞানের অরকার দূরী ভূত হয়েছে। তারা এখন জ্ব্যতের সমক্ষে বুক ফুলিয়ে দাঁড়িয়েছে।
আর আমাদের দেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক নয়— ফলে শিক্ষার বিস্তার মোটেই হচেছনা—জ্ঞানের
আলোক না পাওয়ায় আজি আমরা এত পেছনে পরে আছি। জ্ব্যতের কিছু জানিনা—কিছু বৃবি না।
কৃপমঞ্কের মত কুণে থেকে ভাবছি—বেশ আছি—এইত জ্ব্যত—আমিই ত এর রাজা। স্প্রহাং তুমি

যদি তুমি স্থখী হও তা হলে কোন মতেই ও কথা বলতে পারবে না। সমর-শিক্ষারও ঠিক ঐ কথা।
সমর-শিক্ষা যখন দেশের তুর্বগতা কাপুরুষতা দূর করে একটা মস্ত বড় শক্তিমান জাতি গড়ে তুলবে
তথন ইহা বাধ্যতামূলক হওয়া কোন প্রকারেই দোষনীয় হতে পারে না। আর একটা কথা পরিছার করে
বলা দরকার। অনেকে ভাবতে পারেন যে সমর শিক্ষা বাধ্যতামূলক হলে তুর্বল ও সরল, স্থাও কয়
সবাইকেই বুঝি সে শিক্ষা গ্রহণ কত্তে হবে। তা কিছুতেই হতে পারে না। ডাক্তার ভাকে পরীক্ষা বরে
যদি বলেন বে তার শরীরের বর্তমান অবস্থায় সমর-শিক্ষা গ্রহণ করলে শরীয়ে ক্ষতি হতে পারে তা হলে
তিনি অবশ্যাই রেহাই পাবেন—জোর জবরদন্তির কথা এখানে কিছুতেই উঠতে পারে না।

## বিশ্ব-বিদ্যালয় প্রকৃষ্ট স্থান কিসে ?

বিশ-বিভাগলয়ে যুবকদের সমাগম হয়। ভারাই দেশের বল ভরসা। দেশের মুখ উভ্জ্ব করার ভার ত তাদের উপরই। ভাদের ভিতর থেকেই ত বড় রাজনৈতিক, দার্শনিক, ঐতিহাসিক প্রভূতি বেরিয়ে দেশের নাম চতুর্দিকে ছড়িয়ে দেবে। দেশের এত অবনতি হচেছ কেল—এর কারণ কি—এথেকে উদ্ধার পাওয়ার কোন আশা আছে কিনা—থাকিলেই বা কোন পথে চললে এলেশ আবারু ভেগে কগতের আধীন জাতিদের সমকক্ষ হয়ে বুক ফুলিয়ে দাঁড়াবে—এরাইত দে পথ নির্দেশ করে। শিক্ষিত সম্প্রদার বাহা বলে অস্তান্ত লোকেরা তাই ভাল মনে করে তাদের নির্দিষ্ট পথে চলতে থাকে। কাকেই দেশরক্ষা কত্তে হলে এই যুবকদিগকে অস্তান্ত স্বাইকে চালিত কত্তে হবে—না হলে অস্ত স্বাই অনুসর্ব কর্মবে কেন ? এরা ভৈরারী না হলে নিরক্ষর জনসমূহকে চালিত করেবে কি প্রকারে। কাজেই স্ববিপ্রথমেই এই যুবকদের সমর-শিক্ষার অ্শিক্ষিত হয়ে ভৈরারী হয়ে থাকা একান্ত দরকার।

বর্ত্তমানে বিশ্ব-বিভালয় কতকগুলি ভশ্ন-যাস্থ্য ও অন্থি চর্ম্মার মুবক তৈরী কচ্ছে। ওখান থেকে বেড়িয়ে এলে এরা বড় মুন্ফিলে পড়ে যায়। সংসারের আপদ বিপদে পড়লে যে শারীরিক শক্তি, ধৈর্য্য ও অধ্যবসায়ের দরকার ভাহা এদের খুব কমই থাকে। কোন পরিশ্রমের কাল্ল কন্তে বল্লে যেন মাথায় আকাশ ভেল্লে পড়ে। রবীশ্রনাথ বিশ্ব-বিভালন্মের মুবকদের পুথিগত বিক্তার কাহিনী একটা গল্পের ভিতর দিয়া বেশ স্করে ভাবেই প্রকাশ করেছেন :—

পাখীটা মরিল। কোন কালে বে কেউতা ঠাহর করিতে গারে নাই।
নিন্দুক লক্ষীছাড়া রটাইল—"পাখী মরিয়াছে।"
ভাগিনাকে ডাকিয়া রাজা বলিলেন—"ভাগিনা একি কথা শুনি !"
ভাগিনা বলিল,—"মহারাজ, পাখীটার মিক্ষা পুরো ইইয়াছে।"
রাজা শুধাইলেন—"ওকি আর লাকায় !"
ভাগিনা বলিল—"ভারে রাম।"
"আরু কি ওছে !"
"না।"

"আর কি গায় ?"

"ના "

দানা না পাইলে আরু কি চেঁচায় ?" "না।"

রাজা বলিলেন, "একবার পাখীটাকে আনত দেখি।"

পাথী আসিল, সঙ্গে কোভোয়াল আসিল, পাইক আসিল, ঘোড়সওয়ার আসিল। রাজা পাথীটাকে টিপিলেন। সে হাঁ করিল না, "হু" করিল না। কেবল ভার পেটের মধ্যে পুথির শুকনো পাতা খস্ খস্ গজ্ করিতে লাগিল।"

বিশ্ব-বিস্তালয়ে মন্তিক্ষের চালনা ব্যতীত আর কিছুই হয় না। মন্তিক্ষের অত্যধিক চালনায় ও শরীরের চালনার অভাবে শীঘ্রই শরীর ভেলে পরে। মন্তিক ও শরীর উভয়েরই সমভাবে বিকাশ না হলে মানুষ কিছুতেই শান্তি পেতে পারে না। বিশ্ব-বিন্তালয়ের শিক্ষার দোষে এমন দেখা বায় যে প্রায়ই যুবকদের সাঁতার কাটা, লক্ষ্ম প্রদান, দৌড়ান প্রভৃতিতে কোন রক্ম উৎসাহ বা উন্তম দেখা যায় না—কর্তৃপক্ষ ও এ বিষয়ে সাধারণতঃ ওলাদীক্ত দেখিয়ে থাকেন। এমন অনেকে আছেন যাঁরা ঐ গুলিতে সম্পূর্ণ অনভিজ্ঞ। এই প্রসঙ্গে একটা গল্প মনে পড়ল—বলার লোভ সাম্লাতে পারলুম না ঃ—

বিশ্ব-বিশ্বালায়ের এক কৃতী যুবক নৌকায় যাচ্ছিলেন তার এক আত্মীয়ের বাড়ী। পথে যেতে যেতে তার পুথি হতে নানা রকম প্রশ্ন মাঝিকে জিজ্ঞেস কত্তে লাগ্লেন। মাঝিত নিরক্ষর কি আর উত্তর দেবে—নিজের অজ্ঞতার কথাই শুধু বলছে।

যুবক জিভেন্তেস কল্লেন, "মাঝি, তুমি দর্শন পড়েছ ?"

মাঝি, "না বাবু, দর্শন অর্শনের নাম আমার চৌদ্দ পুরুষেও জনতে না।"

বাবু "তবে দেখ্ছি, তোমার জীবনের চার আনিই রুথা।"

বাবু, "আচ্ছা, বিজ্ঞান পড়েছ 🕫"

মাঝি, "না বাবু, আমি "ক" "খ"ই ল্যাখ্তাম পারতাম্না আবার বিজ্ঞান টিজান ৷"

বাবু, "তা হলে তোমার জীবনের আট আনিই বৃথা।"

বাবু, "আচ্ছা যাক্, সেক্সপীয়ারের নাম শুনেছ 🔭

মাঝি, "দেক্সপীয়ার কিতা, বাবু ?"

বাবু, (বিরক্তির সহিত), 'আরে ছাই, সেক্সপীয়ারের নামই শোননি, তোমার দেখছি জীবনের বার আনাই র্থা।"

কথাবার্ত্তা এইরূপ চল্ছিল। এদিকে দেখতে দেখতে সব দিক অন্ধকার হয়ে এল—আকাশ মেঘে আচ্ছর হয়ে পর্ল। কিছু পরে দক্ষিণ দিক হতে ঠাণ্ডা বাতাস বইতে লাগ্ল—তারপর ত মহা হুলুস্ল—নদীতে ঢেউ উঠে নদী ভীষণ মূর্ত্তি ধারণ কর্ল। নৌকাধানিত ঢেউতে আছার খেতে লাগ্ল যেন জুব্বার বেশী বাকী নাই। এ দেখে ত বাবুর প্লীহা চম্কে গেল—চক্ষু কোটরগত—স্থদিয়ে আর কথা বেড়োয় না। এ দেখে মাঝির বড় জুঃখ হল। মাঝি জিজেন্ কল্ল, "বাবু, নাও বাচাইতাম্ পারতাম্ না। অহন জলে পড়া ছাড়া আর উপায় নাই। আপনি হাঁতার জামুইন্ তো ?"

বাব্ ( অতি ক্ষীণ স্বরে ), "না মাঝি, সাঁতার কাটতে কোন দিন শিখিনি।" মাঝি, "বাবু, এত ল্যাহা পড়া হিখ্যা দেহি আপনের জানের হোল আনাই মাডি।"

বলতে বলতে নৌকাখানা ডুব ল। মাঝি ঝাঁপ দিয়ে অতি কফে গিয়ে পারে উঠ্ল। বাবুকে অনেক তালাদ করেও আর পাওয়া গেল না—"তিনি হয়ত বিজ্ঞান, দর্শন ও দেক্সপীয়ারের ব্যাখ্যা কতে কতে অতল জলে নিমগ্ন হলেন।"

এই হল বিশ্বিভালয়ের শিক্ষার অবস্থা। সমর-শিক্ষা প্রচলন কর্লে শরীরের চালনায় এদের মাংশপেশী সমূহ দৃঢ় হবে—এরা স্কৃত্ব ও সবল হয়ে দাঁড়াবে। ত্বন্ধ ও সবল শরীর নিয়ে বিশ্ব-বিভালয় থেকে বেড়াতে পারলে এরা জগতে অনেক কাজ করে পারবে। মন্তিকের চালনাই হউক বা শরীরের শক্তিই হউক এরা কিছুতেই পশ্চাংপদ হবে না। আজকাল দেখা যার বিশ্ব-বিভালয় থেকে বেড়িয়ে এসে অনেক যুবক অকালে মুভূামুখে পভিত হয় —কারণ শুধু মন্তিকের চালনার আধিক্যে জীবনী শক্তি আত্তে আতে কম্তে থাকে। বিশ্ব-বিভালয়ের যুবকগণ যদি শরীর আজ্যবান ও সবল রাখতে পারে ভাহলে অকাল মুভূার সংখ্যা অনেক কমে যাবে সন্দেহ নাই। সমর-শিক্ষা না করে ব্যায়াম করলেও শরীরের শক্তি বৃদ্ধি হতে পারে স্বীকার গরি। কিন্তু সমর-শিক্ষার ছটো দিক—ধেমন শরীর সবল ও স্থগঠিত হয়, অক্তদিকে আবার মাতুগতে আত্মক্ষা করার ও দেশে শান্তি ও স্থশুগুলা স্থাপনের শক্তি ও কৌশল দান করে।

অনেকে বলেন যে বিশ্ব-বিভালয়ে সামরিক-শিক্ষা প্রচলন না করে যুবকদিগকে দেরাছন কলেজে শিক্ষার জন্য পাঠালেই হয়। কিন্তু ভাহাতে ও ধুব অল্ল সংখ্যক লোক চুক্তে পারে। কাজেই ভারতবর্ষের মত এত বড় একটা বিশাল দেশের পক্ষে উহা সম্পূর্ণ ই অপর্য্যাপ্ত। বিশ্ব-বিভালয়ে প্রচলিত হলে যুবকগণ তাদের সাধারণ শিক্ষার সহিত সমর-শিক্ষাও গ্রহণ কতে পারবে। কাজেই ভাকে একথেয়ে মানুষ হতে হবে না—ভার ছ'দিকই বিকশিত হবে।

বৈভাবে আমাদের দেশের রাজত্বের একটা খুব বড় অংশই খরচ হয়ে থাকে। কিন্তু বিখবিভালয়ের যুবকদিগকে তাদের সাধারণ শিক্ষার সাথে সাথে বদি সমর-শিক্ষা দেওয়া হয় তাহলে অনেক
আলু ব্যয়েতে দৈল্ল বিভাগের কার্য্য অতি সুচারুরূপে পরিচালিত হতে পারে; কারণ দৈল্ল বিভাগে তারা
'Second line of defence' হতে পারে। এতে বেকার সমস্তার অনেক সমাধান হবে সন্দেহ নেই।
"Indianisation of the army" বলে একটা প্রশ্ন উঠেছে দেশে। গ্রন্থেন্ট যদি বাস্তবিকই ঐ
কথা কার্য্য পরিশত কত্তে আন্তরিক ইচ্ছা করেন তাহলে বিশ্ব-বিভালয়ের ভিতর দিয়ে সমর-শিক্ষা দিলে
উদ্দেশ্য সফল হতে পারে। যে টাকা বেঁচে যাবে তাহা অনেক লোক হিডকর কার্য্যে খরচ হতে পার্বে—
তাতে দেশের অবস্থা ক্রমশঃ উর্জ্য হবে সন্দেহ নেই।

#### উপসংহার

আমরা যে দিক দিয়েই বিচার করে দেখি না কেন বাধ্যতামূলক সমর-শিক্ষা বিশ্ব-বিভালয়ে প্রচলিত হলে দেশের বহু কল্যাণ সাধিত হবে। গাঁৱা এর পক্ষপাতী নন্ বুঝতে হবে তাঁদের স্বাদেশিকতার উপর সহামুভূতির সম্পূর্ণ অভাব।

দেশের পূর্ববেগারব ফিরে পেতে হলে ব্বকদেরই চেপ্তিত হতে হবে। এরা যদি সবল ও সর্ববিষয়ে অদক্ষ না হয় তা হলে দেশের উন্নতির আশা কোধার ? দেশের যুবকর্ন্দ সমর-শিক্ষার অশিক্ষিত হলে দেশে অপুথালা ও শান্তি বিরাজ কর্বে। আর ভবিশ্বতে কোন শক্র আমাদের দেশ আক্রমণ করলে তারা বীরের মত অপ্রান্ত হয়ে শক্রকে হটিয়ে দিরে দেশের আধীনতা অক্স্প রাধ্বে। তারা ভারতটাকে জগতের সমক্ষে শক্তিমান্ ও যুদ্ধবিশারদ করে তুলবে। সমস্ত জগৎ তথন আমাদের দেশটাকে মান সম্ভমের চোখে দেশ্বে। 'League of nations' বা ঐ প্রকারের জগতের বে কোন আন্তর্জাতিক অমুষ্ঠান ভারতবর্ষকে সমন্ত্রমে নিমন্ত্রণ করে তার সংপ্রামাশ ও সাহাব্য চাইবে। কাজেই যারা ভারতের অমুষ্ঠান ভারতবর্ষকে সমন্ত্রমে নিমন্ত্রণ করে তার সংপ্রামাশ ও সাহাব্য চাইবে। কাজেই যারা ভারতের ও ইহার যুবকদের কল্যাণ কামনা করেন—মামিজীর কথার বলতে হলে, বাঁরা মনে করেন, 'ভারতবাসী আমার ভাই, ভারতবাসী আমার প্রাণ, ভারতের দেবদেবী আমার ঈশ্বর, ভারতের সমাজ আমার শিশু-শ্ব্যা, আমার যৌবনের উপ্রন, আমার বার্দ্ধক্যের বারাণসী আর ভারতের মৃত্তিকা আমার অর্গ, ভারতের কল্যাণ আমার কল্যাণ"—তাঁরা সমন্ত্ররে ও সর্ববিস্তঃকরণে নিশ্চরই বলবেন যে বিশ্ব-বিত্তালয়ে বাধ্যতামূলক সমর-শিক্ষা প্রচলিত হলে দেশের ও দশের প্রভৃত কল্যাণ সাধিত হবে।

# একশত বৎসর পূর্বের কোনও বঙ্গীয় ছাত্রাবাসে বাগ্দেবীর অর্চ্চনা।

( শ্রীপরেশ চন্দ্র মুখোপাখ্যায় এম, এ)

ছাত্রাবাস কথাটা বলা বোধ হয় স্থায়দক্ষত হইল না। আক্রকাল ছাত্রাবাস বলিলেই বিভল কি বিভেল বৈত্যতিক আলোকমালায় স্থদজ্জিত সর্বপ্রকার ক্রচিও ভদ্রতা অন্থমোদিত এটালিকা বিশেষ বুঝায়। একশত বৎসর পূর্বে ছাত্রাবাস অর্থে অধ্যাপকের কয়েকথানা খড়ের ঘর ছাত্রা কিছুই বুঝাইত না। সেথানে পঁচিশ জন কি ত্রিশ জন বিত্যার্থী যুবক অধ্যাপকের আরে প্রতিপালিত হইয়া তাঁহারই নির্দিষ্ট ঘরগুলিতে থাকিয়া বিত্যার্জন করিত। ছাত্রদের ক্রচিও সভ্যতা কভদূর পরিমার্জিত ছিল তাহার বিচার করা এই প্রবন্ধের উদ্দেশ্য নহে। যাহারা অধ্যাপকের আয়ে প্রতিপালিত হইত এবং তাঁহারই আত্রায়ে বাস করিত তাহারা যে বিলাসিতা কিম্বা বায় বাছলোর সক্রে কিছুই স্ম্পর্ক রাখিত না, তাহা সহজেই অনুমান করা যায়। আজও সভ্যতার গণ্ডীর বাইরে পাড়াগাঁরে তুই একটি মরণোমুখ টোল দেখিতে পাওয়া

যায়; কিন্তু ইহাদিগকে পূর্বকালের টোলের প্রেভাত্মা বা কঙ্কাল বলিলেও বেশী বলা হয়। সেগুলির তুলনায় এ গুলি কিছুই নয়।

অনেক বিষয়েই বর্ত্তমান টোলগুলি অবনত হইনা পড়িয়াছে। কাজেই আগের মত জীবন্ত ভাবে এবং উৎসাহের সহিত কোন কাজেই হয়ত আর সেখানে হয় না। তবে, এখনও আমাদের হিন্দু ছাত্রবুন্দের মধ্যে বাগ্দেবীর অর্চনার সময় যে উৎসাহ ও আগ্রহ দেখা যায়, এমনটা বোধ হয় আর ভাহাদের কোন কাজেই দেখা যায় না। সরস্বতী পূজার বহু পূর্বে হইতেই আধুনিক ছাত্রাবাসে চাঁদা আদারের ধুম লাগিয়া যায়, এবং পূজা উপলক্ষে খাওয়া দাওয়া আমাদ প্রমোদ প্রভৃতিতে সর্বস্বমেত অন্যূন ৩০০, হইতে ৫০০, পর্যাস্ত খরচ হইয়া যায়। আমাদের স্কুল কলেজের কর্ত্তপক্ষরণও এই সময়টায় শাসনের লাগামটা একটু আল্গা করিয়া দেন, ছাত্রগণও আনন্দে মাতিয়া যায়। একশত বৎসর পূর্বেব আমোদ আহলাদের পরিমাণটা কিছুতেই কম ছিল বলিয়া মনে হয় না, আহারাদির ব্যবস্থা যে এখন হইতে অধিক গুরুতর ছিল ভাহাতে ত আর সন্দেহই নাই। আমাদের পূর্ববঙ্গে সরস্বতী পূজা উপলক্ষে যাত্রাগান বিশেষ উল্লেখ যোগ্য। আবার কোণাও বা ছাত্রগণ নাটকাদিরও অন্থ্রতান করিয়া থাকে। কিন্তু সে সময়ে ছাত্রগণ যে কেবল গানের অন্থ্রতান করিয়াই সন্তন্ত্র থাকিত ভাহা মনে হয় না; ভাহারা স্থচাক্ষরপে নৃভ্যাদিরও ব্যবস্থা করিত। কিন্তু এখন যাহা ৩০০, টাকায়ও সম্পূর্ণ হইয়া উঠেনা, সেই সময় ভাহা ২৫, হইতে ৩০, টাকার মধ্যে সম্পূর্ণ-রূপে অনুষ্ঠিত হইত। আজকাল আমাদের একখানা স্কুলর প্রতিমা গড়াইয়া নিতেই কুস্কুকার বা গণক আল্লাণকে ৩০, হইতে ৫০, দিতে হয়।

নিমে যে ব্যয়ের তালিকাটি প্রদত্ত হইল, তাহাতে মোট সংগৃহীত টাকার পরিমাণ ২৭৮০ ও ব্যয়ের পরিমাণ ২৭/০।

আরের মধ্যে স্থানীয় জমিদার ও সঙ্গতি-সম্পন্ন ভদ্রলোকদের নিকট হইতে সংগৃহীত চাঁদার পরিমাণই ১০ । ব্যয়ের সম্পূর্ণ তালিকাটি না দিলেও, যাথা প্রদত্ত হইল, তাথা হইতেই পাঠক পাঠিকাগণ সেই সময় জিনিষপত্রের মূল্য ও জনপ্রতি জীবিকা-নির্বাহের জন্ম কতটা ব্যয় করা আবশ্যক হইত তাথার একটা মোটামোটি অসুমান করিয়া নিতে পারিবেন। সেই সময় যে খাওয়া পরা একটা লোকের চিন্তার বিষয় ছিল, তাথা মোটেই অনুমানে আনা যায় না।

প্রতিমা ··· একখানা ... ১ টাকা। বস্ত্র ··· এক জোড়া ... ১৮০ টাকা।

কাপড়ের মূল্যটা পুব কম ছিল বলিয়া মনে হয় না। তবে হয়ত চরকা হইতে সূতা সংগ্রহ করিয়া জোলাদের সাহায্যে কাপড় প্রস্তুত করাইবার খরচ সামার্গই ছিল।

ছাগ ... ছুইটা ... ১॥০ টাকা।

্রিখন আর সরস্বতী পূজা উপলক্ষে বলিদান বড় দৃষ্ট হয় না। কিন্তু পশ্চিম বঙ্গের পাঠক পাঠিকাগণ ছুইটী ছাগ ১॥• টাকায় পাওয়া যাইভ জানিয়া নিশ্চয়ই আশ্চর্য্যান্থিত হুইবেন।

		~~~~~~		and the second	and the second s
	ত পুল	•••	। 🖰 (ভের সের		া ( চারি আনা )
সিক্ষ চ	<b>াউ</b> ল	•••	৸•৴( <b>ত্রিশ সে</b> র)		∥৹ ( আটি আমা )
চিড়া		•••	॥০/ ( আধ্মণ )	•••	No ( " )
গুড়		•••	।०/ ( सभ (अद्र )	•••	∦∘ ( " )
চিনি		•••	/৭ ( সাত সের )	***	১১ ( এক টাকা )
বাতাস	il e	- • • •	৴৹⊫ ( সারে ভিন ফে	ার)	॥০ ( আট আনা
খাজা		• • •	/২ ( হুই সের )	• • •	।০ ( চারি আনা )
মোগু		•••	/৮ ( আট সের )	•••	্ ( গুই টাকা )
গোলা		• • •	/৩ ( তিন দের )	• • •	১১ ( এক টাকা )
ময়দা			no/ ( আধ মণ )	***	২০/০ (এক টাকা ছুই আনা)
যুত		• • •	৴৫॥০ (সাড়ে পাঁচ ে	দর)	২ ( ছুই টাকা )
ছানা		• • •	/১ ( এক সের )		ক'০ ( তুই আনা )
ছশ্ব		•••	১৷• ( সোয়া মণ )	***	॥০ ( আট আনা )
অর্হর			/১ ( এক সের )	444	৴• ( এক আনা )
খেসারী	•	•••	/৫ ( পাঁচ সের )	• • •	৶৹ ( তিন আ <u>না</u> )
বুট		***	/১ ( এক সের )	* * 4	/০ (এক আনা)
তৈল		7 * *	/৪ (চারি সের)	4 4 4	॥০ ( আট আনা )
<b>ল</b> বণ		* * #	/২॥ ( আড়াই সের )		।॰ ( চারি আনা )
[ লবণে	র মূল্য এ	খন হইতে	ও বেশী ছিল সন্দেহ নাই	है।]	
আলু		• • •	/১ ( এক সের )	• • •	্> ( ছুই পয়সা )
পান		* • •	(দশ বিভূ।)	• • •	/৫ (পাঁচ প্রসা
স্থপারী		* * *	/১ ( এক সের )	• • •	/০ (এক আন।)
ধূপ		4 • 4	/১ ( এক সের )	• • •	্১০ ( ছুই পয়সা
তামাক		• • •	/২ ( ছুই সের )	• • •	পু <sup>০</sup> ( ছুই আনা )
( হয়ত	তামাক প	াভা )			
টীকা			৫০০ (পাঁচ শত)	•••	ce ( এক পয়সা <sub>)</sub>
আদা		•••	/১ সের		৫ (এক পয়সা)
মৎস্থা		•••	পরিমাণ লেখা নাই		Io ( চারি আনা )
নৰ্ত্তকী		•••	একজন		ু (ভিন টাকা)
গায়ক			ঞ্কজন	• • •	।• (চারি আনা)
				-	1 7 93 77 11 11 7

শাঁক	***	একটি			৴• ( এক আনা )
বাত্তকর	• • •	***	***	4-4-6	্যাত (আট আনা)
পুরোহিতের দক্ষিণা		•••	· · ·	• • •	১১ ( এক টাকা )
বাত্তকরের ইনাম		• • •	•••		।॰ ( চারি আনা )
				c • •	··· ইত্যাদি।

উপরোক্ত ভালিকা দৃষ্টে স্পৃষ্টই বুঝা বায় যে একটি লোক এক টাকা হইতে পাঁচদিকার মধ্যে স্বচ্ছন্দে জীবনথাত্রা নির্বাহ করিতে পারিত এবং অন্ধ-সমস্তা ভাহাদের একটা চিন্তার বিষয়ই ছিল না। বাৎসরিক দোল, চুর্গোৎসব, পূকা পার্বব এখন লোকের আর্থিক অসচছলতা নিবন্ধন এক প্রকার দেশ হইতে উঠিয়া যাইতেছে। কলে, এইসব উৎসবে দেশে যে অল্লাধিক পরিমাণে একটা অর্থানির বন্টন হইত, ভাহাও উঠিয়া গিয়াছে। বাঁহারা এখনও পৈতৃক নিয়ম অনুষ্ঠানাদি ক্রেট স্থেট রক্ষা করিয়া আসিতেছেন, ভাঁহারা পূজা পার্ববিগদি সন্মুখে উপস্থিত হইতেছে মনে করিয়া একটা ত্রাস অনুভব করেন। স্তর্গাং পূজানি উপলক্ষে দেই ক্ষুর্তির বিকাশ ও বিমল আনন্দ দেশ হইতে একেবারে তিরোহিত হইয়াছে। অভিথি সেবা ভ দেশ হইতে এক প্রকার বিদ্রিভ হইয়াছে বলিলেও অত্যুক্তি হয় না। অর্থ ও অন্ধসমস্তায় আমরা আমাদের পিতা, পিতামহ প্রভৃতির তুলনায় দিন কৃপণ ও অধার্শ্মিক হইয়া দাঁড়াইতেছি।

# ফটোর কাগজ।

( ঐীস্থথেন্দ্র চন্দ্র পাল )

জন্ম আমার বিলেতে, মফঃস্বলের এক কাগজের কারখানার। খুব ছোট বেলাতেই লগুনের এক মন্ত ব্যবদারী আমার আমার মত এক গাদা ছেলেকে ভার দোকান বাড়ীতে নিয়ে এসেছিল। দে এক প্রকাণ্ড বাড়ী! ছোট বেলার কথা প্রায় সবই ভূলে গেছি, তবু লগুনের সে বাড়ীটার কথা বেশ মনে পড়ে। বড় রাস্তার উপরে ট্রাম, মোটরের ঘড়্ ঘড়ানির পাশে দাঁড়িয়েছিল, দৈতাপুরীর মত বাড়ীটা,—কী প্রকাণ্ড! পাশে রাস্তায় লগুনের কোলাহল-মুখর জনস্রোত বয়ে যেত বিরামহীন গতিতে পাছাড়ি নদীর স্রোতের মত ক্রত তালে। কাজের ডাক এসেছে,—দাঁড়াবার সময় নাই যে, মানুষের আর মেদিনের কর্মকোলাহল কানে ঝালা পালা লাগিয়ে দিত,—গর্জনমান জল প্রপাতের মত। নিশি দিন ঘড়্ ঘড়,—ভোঁ। তোঁ—সহস্র রকম গণ্ডগোল! লগুনের এ দৈত্যকারার কল কোলাহল আমার মোটেই ভাল লাগ্ত না;—কান্ধ আর কান্ধ, কান্ধ ছাড়া যেন লোক গুলো আর কিছুই জান্ত না!

একদিন শুন্লেম আমাদের দলকে তোমাদের এই বাংলা দেশের কল্কাতায় পাঠানো হচেছ ! ক'সে প্যাকেট বাঁধা হ'ল, প্যাকেটের গায়ে ঠিকানার 'ছাপ' মারা হ'ল,—ভারপর হ'ল যাত্রা ! জাহাজে চড়ে সাগরের দোলা খেতে খেতে, আর কেণিল উচ্ছাসের মুখর গান শুন্তে শুন্তে, পৌছলেম এসে শেষে তোমাদের এই বাংলায় ! বাংলায় বে আমার আস্তেই হবে ; এখানেই যে আমার প্রাণহীন কাগজ জীবনের প্রাণস্কার, এখানেই যে আমার কটো-জীবনের সার্থকতা ! এই সপ্রাণতা আর সার্থকতার কথাই আজ তোমাদের বল্তে বসেছি ;—তোমরা কি সামাত্ত কাগজের এ মর্মাকথা শোন্বে ?—তারপর কি বল্ছিলেম, হ্যা—কল্কাতায় পৌছে কিন্তু আমাদের উঠ্তে হ'ল আবার এখানকার এক বড় দোকানে,—আবার সে টাম-মেটির, আবার সে কলের ধ্য়া, আবার সে ঘড়্ছড়ানি : জ্বালাতন ;—কল্কাতাকেও তোমরা লগুনের সে দৈত্যপুরী করে তুল্লে দেখ্ছি!—যাহোক্ তুদিন পরেই কিন্তু ভাগ্য আমার ফিরল,—ফটোগ্রাকার 'দত্ত' আমায় আর আমার কয়জন বস্তুকে তাঁর বাড়ীতে নিয়ে এলেন !

\* \* বভেগ চমৎকার দত্তের এ বাড়ীটা। সহর ছাড়িয়ে গঙ্গার পারে বাড়ী;—
সাম্নে গঙ্গার জঙ্গ-খেলার কলগান আর আন্দে পাশে গাছে ভরা মাঠ। নির্জন বাড়ী, কমাসুষের মধ্যে
'দত্ত' আর তার বুড়ো বামুন ঠাকুর। বাড়ীর উঠানে বাগান, ছাদে বাগান;—বুড়ো 'দত্ত' বসে বসে
ছবি আঁকেন;—নিয়ত কবিভা লিখেন। বেশ লাগ্ত আমার এ বুড়ো 'দত্ত'কে।

মাঝে মাঝে 'দত্তর' বাড়ী ফটো নেবার জক্তে লোক আস্ত। 'দত্ত' নাকি নামজাদা ফটোগ্রাফার

ছিলেন, বুড়ো বলে কাজকর্ম ছেড়ে দিয়েছেন; তবে এখনও তাকে অনুরোধে পরে ত্র' একটা ছবি নিতে
হয়। কচি কচি ছেলে মেয়ে, তরুণ তরুণী, বুড়ো বুড়ীরা সব তাদের ছবি নিতে আস্ত,—তাদের সে
ক্ষণিকের মুখের হাসি বা তঃখের বাধার স্থৃতিকে তারা কাগজের বুকের ছবিতে অটুট করে ধরে রাখ্তে
চাইত। বুড়ো 'দত্ত' আমার এক একজন বন্ধুকে নিয়ে মানুষের হাসি কারার সে ছাপ তার বুকে এক
দিতেন। মানুষ তাকে যত্ন করে নিয়ে যেত;—কারণ তার বুকে যে দেখ্ত —মা তার খোকা খুকীর
হাসি, তরুণ তার ভরুণী প্রিয়ার চাউনি, আর ব্যথিত তার অতীত প্রিয়ের অ্তি! স্থৃতিকে ছবি কার ধরে
রেখেছিল মানুষের স্থুখ, আর সে স্থৃতির ছাপ বুকে করে ছিল আমাদের আনক।

একদিন এ আনন্দথন্তে আমারও ডাক পড়ল। চিরন্তন মিলনের যুগল-স্ত্তির মত চুই তরুণ তরুণী এলো তাদের ছবি নিতে,—আমারি বুকে পড়বে আরু এদের ছাপ! কি বিমল সৌন্দর্য্য, কি অপূর্বব মিলন এই তরুণ তরুণীর! মিলনের এমন নিবিড় অটুট বন্ধন, প্রীতির এমন উচ্ছ্বিত মধুর হাসি আমি কখনো দেখিনি। এ যেন নিজকে নিঃশেষ করে অপরের হাতে সঁপে দেওয়া,—তাই বুকে এদের এত আনন্দ, তাই মুখে এদের মিলন-ভৃত্তির এ প্রাণ-খোলা ছাসি! এই প্রেমময় মিলনের প্রাণময় প্রতিমা বুড়ো দত্ত আমার এ প্রাণহীন বুকে এঁকে দিলেন; আমার কাগজ-বুকে তরুণ তরুণীর এই মুখোমুখী চাওয়া প্রীতিভরা চোখে হাস্তে লাগ্ল!

তরুণী তার নীল শাড়ীর আঁচলে জড়িয়ে আমায় তাদের বাড়ী নিয়ে এলো,—স্বচ্ছ কাচের আবরণে

সোনালী ফ্রেমে আট্কিয়ে আমায় ভারা তাদের শোবার ঘরে টাঙ্গিয়ে রাখ্লো! স্কুর ধপ্ধপে ঘরখানি;— ...

ভার পর १ — নব জাবনের উচ্ছ্বিলিভ প্রেমের বক্ষরাপা তেইরে তরুণ তরুণী ভেদে পেল! আদর আদার অভিমানের শতরূপ প্রেম লীলা আর পরিপূর্ণ মিলনের তৃপ্তিভরা হাসি থেলা ঐ তুরুনের জীবনকে মধুময় করে তুল্ন। তরুণ তরুণী প্রায়ই এনে আমার বুকে আঁকা তাদের সে প্রথম-মিলনের প্রেম-প্রতিমার দিকে তেয়ে থাক্তো, — ছবির সে ললাজ মধুর হাসি তাদের চোখ-মুখ রাজিয়ে দিউ, সে স্থখ-স্থৃতি তাদের তরুণ বুক ফুলিয়ে দিউ। তাদের প্রত্যক কথা বার্ত্তায়, পড়া শুনায়, গানে গল্পে আর কাজে কর্ম্মে বয়ে মেত একটা প্রীতি-ভরা আনন্দ উচ্ছ্বাস! এমনি পূর্ণ মিলনের পরিপূর্ণ স্থেষ কাট্ছিল তাদের দিনগুলি।

\* বছর চারেক পর মিলনের প্রথম নির্দ্ধাল্য এক নূতন অভিথির আগমনে তাদের সে স্থেষর দিনগুলি আরও স্থময় হ'য়ে উঠ্লো; — এ শিশু অভিথির আদর আন্দার আর পরিচর্গ্যায় এরা যেন মেতে গেল। তরুণী-মায়ের কোলে এ স্থকুমার শিশু—বেশ দেখাতো! মা তার শিশুকে নিয়ে আদর করতে করতে আমার বুকের ছবির কাছে এসে দাঁড়াতো—শিশুর মুঝের আর ছবির মুথের সাদৃশ্যগুলি দেখ্ত আর হেসে হেসে তরুণকে বল্ভ,—দূরে বই-হাতে তরুণ শুধুই হাস্তো। কী হাসিভরা আনন্দময়

হিংস্ক বিধাতার কিন্তু এ মানদ্দ বেশী দিন দইল না! শিশুর জ্বের বছর তিনেক পর কোন্
অদৃশ্য নিষ্ঠ্র হস্ত ধেন সে তরুণ যুবককে ডরুণীর বুক থেকে ছিকিয়ে নিয়ে গেল! উঃ! কী করুণ সে
কাহিণী! তরুণীর সেদিনকার সে ব্যথাতুর চেহারার কথা মনে হ'লে এখনও আমার গা শিউরে উঠে!
কী শৃশ্য উদাস দৃষ্টি! কী ব্যথাতরা আকুল অঞ্চ! সর্বস্ব-হারা বিধবার সে দীর্ঘ খাস, সে করুণ বিলাপ,
সেই আছড়িয়ে পড়ে কায়া—উঃ এখনও আমি চম্কে উঠি! কী নির্মান তোমাদের বিধালা! একটা ক্ষুদ্র কোমল নারী-হালয় এমন করে ভেঙ্গে চ্রমার করে না দিলে কি তাঁর চল্ছিল না! হায়,—কেমন করে
এমন হ'ল? সংসারের এক কোণে এই এক জনের এমন মরণ না হ'লে কি বিশ্ব-সৃষ্টি উল্টে যেতো?
কেন এমন হয় পরিপূর্গ স্থাখের পর এ ব্যথা-ভরা রিক্তভা ভরুণী বিধবা কেমন করে সইবে গো কেমন
করে সইবে ?

তরুণীর চেহারা সম্পূর্ণ বদ্লে গেছে, তার ঘরের চেহারাও বদ্লে গেছে! তরুণীর সে চঞ্চল হাসি আর নাই,—সে এখন গন্তীর শুচি বিধবা মাতা। পিয়ানো, সেতার, টেবিল আয়ন। সমস্ত সে এ ঘর থেকে সরিয়েছে। এ ঘরে করেছে সে তার পূজার আসন,—আর সে আসনে বসিয়েছে আমারি বুকে আঁকা তার সে প্রিয়তম স্মৃতি-প্রতিমা। বিধবা আজ সে স্মৃতির পূজারিণী। রোজ স্মান করে এসে গলায়

আঁচল দিয়ে সে এখানে প্রণাম করে,— আর জল-ভরা চোখে তার প্রিয়ের দিকে চেয়ে থাকে। কী সে দৃষ্টি! কী সে সাধনা! সমস্ত মন দিয়ে যেন এ চাউনি! এ যেন সে তার প্রিয়ের সাথে কথা কইছে, ওই, যেন ছবির সোঁট কাঁপছে,—আমি যেন অফার কাগজের দেহেও সে স্পান্দন অমুভব কচিছে। হিন্দুর প্রেম-পূজার কথা শুনেছিলুম, কিন্তু এমন পূজার কথা ভাবতেও পারিনি।

- \* \* \* আমি ভাবি আমার ফটো—জন্ম দার্থকি হ'ল। এই যে এক নারী-ফুদয়-মথিত-করা প্রেম স্মৃতির অর্চ্চনা—আমি যে হ'তে পেরেছি তার প্রিয়ের আসন,—আমারি বুক পুড়িয়ে যে আঁকা হ'য়েছে তার এ প্রিয়-স্মৃতির ছাপ! ধস্য আমি, ধস্য আমার এ ফটো জন্ম!
- \* \* \* কভ বছর কেটে গেছে। ছেলে এখন বড় হ'রেছে, কলেজে পড়ে। নারী কিন্তু এখনও রোজ এ'লে এখানে তেম্নি প্রণাম করে, তে-ম্-নি করে চেয়ে থাকে। সমস্ত পৃথিবীর কতই না পরিবর্তন হরেছে, কিন্তু নারীর মনের সে পূজা আর আমার বুকের সে স্মৃতির ছবি একটুও বদ্লায় নি, একটুও রান হয় নি। আমার বুকের তরুণ তরুণী এখনও তেম্নি হাস্ছে!
- \* \* আমি ভাবি আমি না থাক্লে এ নারীর দিন কেমন করে কাট্ত !—ভোমরাই বল, তা' হ'লে কি সে এ শোক সাম্লাতে পার্ভ? এ ভার বইতে পার্ভ? আমার বুকে যে সে ভার প্রিয়কে তেম্নি কাছে কাছে পেয়েছে, ভাইত ভার প্রেম-সাধনা মরণ-ভেদ টুকুকে ভেকে ফেল্ভে পেরেছে! এতে কি ভার কম শাস্তি!
- # # % ওগো মাত্রষ, নিজের বৃক্ত পুড়িয়ে আমরা যে তোমারের সমস্ত স্থ্য, ছঃখ, হাগি, কার্মার স্মৃতির বোঝা বই,—তোমরা কি আমাদের কথা একটুও ভাব ?

## ফুলবালা।

্রীপ্রভাপ চন্দ্র গুহ বি, এস-সি

তার বাম বাহু বেড়ি' ফুলের মালায়

ডান করে ল'রে সাঞ্জি,

নিতি গিরিডি সহরে ফেরি করে ফিরে

বেচিতে কুসুম রাজি।

দূরে পাহাড়ের কাছে ঘর প্রায় তু'ক্রোশ পথের পর

প্লেক ভোর বেলা এসে, সায় বেলা শেষে

ফুল বেচা হ'লে পর

ন'য়ে দিনের বেসাতি, অতি ধীর গতি,

श्रुरा क्या-करकार।

দিনে কুল বেচে যাহা পায় সব বেসাভি কিনেই যায়

রাতে ভাতে ভাত রাঁবি, সংগোপনে কাঁদি

भाग्न विस्त्र वरम थाग्र।

মেয়ে খুটা নার্চ লেরে, ক্লান্ড শরীরে শুরে প'ড়ে ঘুম যায়।

> বুড়ী বদে বসে তারি পাশ পুলে বেঁধে দেয় কেশরাশ, কত ক্ষেদ ক'রে চুমো খায় ধরে মুখখানা তুলে চায়,

ভাবে "কত ছঃখ পায় দিন কেটে যায়

भरमत भूँ कि भूँ कि।

শেষে পেটের দায়েতে সোণার পুতুলি

হারাভেই হবে বুঝি।"

দূরে বাঁশীর হুরেভে উষার রাগিনী

যখন বাজিয়া উঠে,

"ফুলী" বিছানা ছাড়িয়া পাহাড়ে পাহাড়ে

कुञ्चम हग्रत्न हूर्ह।

সেধা ডালা ভরে তুলে ফুল, বসে গাথে মালা নাহি তুল,

পরে খরে খেচে, খেরি করে বেচে

কারে মালা, কারে ফুল।

অই ফুলের উপরে তুইটা জীবন,

বৃঝিয়াছে নিভুল।

এল সেদিন ত্য়ারে সোর যবে সক্ষ্যা হয়েছে ঘোর

वरल, "मात्राषिन **यरत**े छेशवाम करत

मा बदब्रस्य चटन स्मान,

কেহ একটি পয়সার নিলনাক' ফুল---''

—নয়নে বহিল লোর।

ভেকে নিয়ে ভারে মোর ঘরে
ভারে মিনিট কয়েক ধরে
ভার ত্ঃধের কাহিনী যত
চোধে জল ঝরে অবিরত,—

দিমু একখানি নোট গুলে তার হাতে,

— मृत्थ **टारथ** शिंत कूरि ;

রেখে সবগুলি ফুল আমার টেবিলে

চলে গেল বালা ছুটে।

সেই মাতাল<del>গত্ত</del> কুত্ম ত্ৰাসে

বরখানি দিল ভরে;

আমি থরে থরে ফুন সাঞ্চায়ে রাখিন্ত

অভীব ষড়ন করে।

বালা প্রদিন পরভাতে এল ফুলভরা সাজি হাতে

দিল হাসিভরা মুখে, প্রাণভরা সুখে

একগাছি মালা হাতে,

কিন্তু পয়সা সে দিন নিলনাক' বলে,—

"বড় পাপ হবে ভাতে;—

কাল ভিখারিণী এলে ঘরে

ভার পাঞ্রখানি দিলে ভরে

আজ কেমনে ভুলিবে কালিকার কথা—"

মুকুতা পড়িল ঝরে।

দূরে পাথরের মত রইসু দাড়া

অবাক বিশ্বয়ভরে।

আমি সাজি হ'তে তুটো ফুল
নিয়ে করে যেন কত ভুল,
তার কবরীতে দিয় গুঁজে,
থীরে চলে গেল কিবা বুঝে,—
তার লাল-হ'য়ে-উঠা মুখখানি মোর
বুকখানি দিল ভরে।
বালা কেড়ে নিয়ে গেল কি জানি আমার,
মন প্রাণ নিল হরে।

আপনার মনে বৃদি গৃহ কোণে আমি অঁকিতেছিলাম ছবি; পূর্ব গগন রক্ষিণ করিয়া য়বে উঠিল উষার রবি। "ফুলী" চুপি চুপি ঘরে আসি মোর সমুখে দাঁড়াল হাসি**.** কণ্ঠে পরাল মাধ্বীর মালা মম্ ্ —গন্ধ ফুলের রাশি। বাজ্লতায় মোর কণ্ঠ জড়ায়ে বলে, "তোমা বড় ভালবাসি।" তার হাসি ভরা মুখখানি ্ টেনে বুকের ভিতরে আনি হেসে দিয়েছিমু তার বিশ্ব অধরে চুম্বনের রেখা টানি, ভৎ সনা-ভরা চাহনি দেখিযু তার মুখে নাহি ছিল বাণী। এল প্রেমের মূরতি ধরি ংগল অপরাধী মোরে করি,

আর আসে নাই কভু ফিরে
দূরে দেখিয়াছি যায় ধীরে
হায়। কোন্ দেশে আছে প্রেমের কি রীতি
জানি নাত আর সবি।
এবে পাহাড়িয়া দেশে স্মৃতির আবেশে
দিবা নিশি আঁকি ছবি।

## সত্য-পীরের পাঁচালী।

মাসের উনত্রিশটা দিন ভবিষ্যতে বহুমূত্র উপেক্ষা করিয়াও আলুর খেঁট দ্বারা কোনও প্রকারে দেহরক্ষা করিবার পর ত্রিংশৎ দিবসে যখন শুনা গেল ম্যানেজার বন্ধ সঙ্গত কারণেই ফীষ্ট্ দিতে পারিবেন না, তখন যুগপৎ ক্রোধে ও তৃঃখে সভ্যোশের অন্তরাজা। কাটিয়া যাইতেছিল। সে ভাড়াভাড়ি নিজের কোঠায় গিয়া অতি সংগোপনে রক্ষিত হুঁকায় দম দিয়া দিয়া আট ছিলিম তামাক ভস্ম ক্রিয়া ফেলিল। যৎকিঞ্চিৎ প্রতিহিংসা সাধন করিয়া, সে বারান্দায় আসিয়া পারদ্শিতার সহিত যথন ব্যক্তিবিশেষের উদ্দেশ্যে বস্তু লোভনীয় বস্তু উৎসর্গ কহিয়া ফেলিভেছিল, তখন তাহাকে ধরিয়া কোঠায় লইয়া যাওয়া ছাড়া উপায় খুঁজিয়া পাইলাম না। সারাদিনই প্রায় রৃষ্টি ছিল। স্কুতরাং হোষ্টেল ছাড়িয়া আর বাহির হইলাম না। চাকরতে দিয়া কিছু গরম গরম হিং দেওয়া কচুরী আনাইয়া এক টাস্থলার চা সহকারে উদরস্থ করিয়া কিঞ্চিৎ উত্তাপ স্প্তি করিয়া লইলাম: তাহার পর কি করি ? যোগেনের কোঠায় যাইতে যাইতে দেখিলাম দারে।য়ানের হাতে একখানা নোটীশ। পড়িয়া দেখা গেল রসদ বিভাগ হইতে রাত্রে খেচরান্ন ঘোষণা করা হইয়াছে; অবশ্যি, দেটা মসুর ডাঙ্গের কি ছোলার ডালের সে বিষয় কোনও উল্লেখ নাই। যা হউক, "অর্দ্ধং ত্যজ্ঞতি" স্মরণ করিয়া সকলই যেন কিছু চাঙ্গা হইল। গামলা প্রমাণ হাতায় সোপকরণ চৌদ্দ হাতা থিচুরী একা সভ্যেশই অবলীলাক্রমে তুলিয়া ফেলিতে পারিত এইরূপ জনশ্রুতি ছিল। স্থুতরাং সজ্যেশের নাচ দেখিবার লোভ হইল। দলবল সহ ভাহার কোঠায় উপস্থিত হইয়া দেখিলাম সে মহাব্যস্ত। তেল, চিনিও চায়ের সমবায়ে প্রস্তুত অর্দ্ধ ইঞ্জি মোটা গালিচায় ঢাকা টেবিল খানা হড় হড়, করিয়া টানিয়া বারান্দায় ফেলিতেছে, এবং পুঁথি পত্র, ছাভা বাক্স, সমস্তই টেবিলটার উপর টানিয়া টানিয়া ফেলিভেছে। বারোয়ারী কাজের চাপে ক্ষিপ্ত পড়ুয়াদের মত অত্যধিক কর্মাকুশলতায় বাহ্যজ্ঞান হারাইয়া দে মুখে মুখে প্রকোষ্ঠবাসীদের ঔর্দ্ধাহিক ক্রিয়া সম্পন্ন করিয়া ফেলিতেছিল তাহার কাছা খুলিয়া অর্দ্ধদেশ্ব সিগারেটের

টুক্রা, টিকের কালি, অর্দ্ধ সিদ্ধ চায়ের পাতা, বিলাতী ছথের কোটা ও কলসীর জল এই সমস্ত সহ এক কোণ হইতে অস্ত কোণ পর্য্যন্ত বাটি দিয়া কেলিতেছিল। আমি তুলিয়া দিতে বাওয়ায় ভাহার চৈতস্ত হইল। লাফাইয়া উঠিয়া তার যাের সাথী বেচারার যাড়ে গিয়া পড়িল, যেন তাহারই সমস্ত দোষ। সকলে মিলিয়া তাহাকে রক্ষা করিলাম। উজ্যোগপর্বব শেষ হইল।

সমস্ত খাটগুলি একত্র করিয়া দিব্যি করাস করিয়া চারিধারে গোল হইয়া বসিয়া পড়িলাম ৷ চিন্তা হইল কি করা যায় ? তাস পাশা পুরোণো। গান ? তা পুরোণো হলেও যেন আমলকীর আচার—— বিশেষ, আদর বুঝিয়া ধরিতে পারিলে একেবারে কাসন্দ। একটা অর্দ্ধ শাশানযাত্রী হার্মোনিয়মের জোগাড় হইল, এম্রান্তও একখানা দুখানা আসিল। সত্যেশ উঠিয়া গিয়া বাঁশী সাইয়া আসিল। সকলে হাঁ হাঁ, করিয়া উঠিলাম। সর্বনাশ তাহা হইলে সমস্তই মাটী। আর সমস্ত সহিতে পারিলেও বড়বাবু ( স্থপারিন্টেণ্ডেণ্ট ) কি জানি কেন বাঁশীর স্থর সহিতে পারিতেন না। বাঁশী শুনিলেই যেন তাঁহার দিভীয় পক্ষের বিরহ জাগিয়া উঠিত। উজান ত দূরের কথা, তাঁহার প্রাণ চটাং, চটাং, করিয়া লাফাইয়া ৯০ ফুট উর্দ্ধে তেতলায় উঠিয়া পড়িত। সত্যেশ শুনিল না । অগত্যা দরজা বন্ধ করিয়া বাজনা চলিতে লাগিল। মিনিট পনর পরেই শুনিলাম কে কড়া নাড়িতেছে। জিঞ্জাদা করিলাম— কে? উত্তর আদিল—— দরজা খোল। সত্যেশ গন্তীর ভাবে বলিল——চুক্নেকো মানা হ্যায়। পুনরায়——দরজা খোল। সর্বনাশ! যাহা ভাবিয়াছিলাম তাহাই। বড় বাবুই বটে। কেহ কেহ উঠিয়া মাঝের দেয়াল টপকাইল। সত্যেশের বাঁশী থামেনা। রাগে সমস্ত শরীর কাঁপিতেছিল; হেঁচকা টান মারিয়া তাহার বাঁশী কাড়িয়া লইয়া অতি ক্ষে খাটের নীচে ঢুকিয়া পড়িলাম। সত্যেশ বাঁশী লইতে আসিল। খাটের নীচ হইতে তাহার সঙ্গে টানাটানি করিয়া পৃষ্ঠদেশ ঘর্ষণে ঘর্ষণে বড়ই আপ্যায়িত হইয়া পজিতে লাগিল। ছাড়িয়া দিলাম। আবার বাঁশী আরম্ভ হইল। ওদিকে ঘন ঘন কড়া নাড়া। আন্দাক্তে বুঝিলাম বাইরে পাক্ড়ার বীজে প্রস্তুত উৎকৃষ্ট তৈলের ব্যবহার চলিতেছে। দরজা খুলিয়া দিলাম। সত্যেশ আপন মনে বাজাইতেছে, যেন কিছু শুনে নাই। অংঘার বাবু বয়লিং পয়েণ্টে। কোঠার ঢুকিয়াই সভ্যেশের দিকে গন্তীর ভাবে হাত বাড়াইলেন; ইচ্ছা, প্রথমই বাঁশীখানা বাজেয়াপ্ত করা। সত্যেশ চট্ করিয়া বাঁশীখানা বাঁ হাতে সরাইয়া রাখিয়া ডান হাতে অঘোর বাবুর করকম্পন করিয়া বলিল——Good evening, Sir. Take your seat please.—এই বলিয়া একখানা চেম্নার আগাইয়া দিল। অঘোর বাবু বাক্শক্তিহীন! কতক্ষণ চাহিয়া থাকিয়া নিঃশব্দে চলিয়া গেলেন। হাঁপ ছাড়িয়া বাঁচিলাম। তারপর হাসি। ওঃ, সে কি হাসি, পেট ফাটিয়া যাইবার উপক্রম হইল। সভ্যেশ কিন্তু পা নাচাইতে নাচাইতে সিগারেট ফুঁকিডেছে।

একপর্বে শেষ করা গেল। এখন কি করা যার ? তর্কবিতর্ক আরম্ভ হইয়া গেল। এক হইতে অন্তের গলা ধাপে ধাপে উঠিতে লাগিল। শেষে কগুবিধি আইনের কোনও কোনও মোটা ধারার আশস্কা করিয়া এসিটেন্ট মহাশয় দৌড়াইয়া আসায় আপোষে মিটমাট হইল। সাব্যস্ত করা গেল যে, আপাততঃ গল্লই চলিতে থাকুক। কিন্তু বিষয় নির্বাচনের পরই, ক্লাসে প্রশ্ন বর্ষণের ভয়ে অধ্যাপকের চক্ষুর দিকে

না চাহিয়া এদিক সেদিক ঘাড় নাড়াইয়া যেমন বাঁচিবার চেটা হয়, এ ক্ষেত্রেও প্রায় ভাই দাঁড়াইল। চুপ্চাপ্ থাকা সহ্য কৰিতে না পারিয়া সত্যেশ অধৈষ্য হইয়া উঠিল। খুব একচোট বক্তৃতা ও গালি দিয়া এবং সকলেরই ভবিশ্যতের গাঢ় অন্ধকার পর্যান্ত দেখাইয়া দিয়া সে-ই আরম্ভ করিল,—

তখন সবে মাত্র আই, এ, পরীক্ষা শেষ হইয়া গিয়াছে। বড় গরম পড়িয়াছে। পরীক্ষার পর কিছুদিন সমস্ত কলিকাতা সহরখানা দৈনিক বারকতক সার্ভে করিয়া, এবং ক্রাশানেল হোটেলের ভীড ঠেলা, প্যারাগণ ফৌরের সরবৎ ও স্থকীয়া ষ্ট্রীটের পান যখন আর ভাল লাগিতেছিল না, তখন অগড়্যা দেশে যাইবার জন্মই প্রস্তুত হইলাম। বাড়ীর জন্ম অবশ্য বড় একটা মাথা ব্যধা ছিল না। বারকয়েক ম্যাটিক ও আই, এ, তে কর্তৃপক্ষ আমার পুনদশনের সদিচ্ছা জ্ঞাপন করায়, আমি ইতি মধ্যেই Experienced undergraduate এর দলেই আসিয়া ঠেকিয়াছিলান। পরীক্ষার জীগে বা পরে---আমি নির্বিকারই থাকিতে পারিতাম: এবং লক্ষ্য করিয়া দেখিয়াছি ইহাতে অভিভাবকেরাও বিশেষ চাঞ্চল্য প্রদর্শন করিতেন না। যাহা হটক, বাড়ীত আদিলাম। কিন্তু সময় কাটে কি করিয়াং প্রভাবেপর উপযুক্ত একটা লোক বাড়ীতে খুঁজিয়া পাইনা। পাশ বালিশটা লইয়া আহা উন্তঃ করিয়া পুনঃ পুনঃ পার্শ্ব পরিবর্ত্তন করিয়া করিয়াও যেন এই গ্রীক্ষকালটা যাইতে চাহিত না। ভাবিয়া চিন্তিয়া দেশোদ্ধার আরম্ভ করিয়া দিলাম। শিশু, বৃদ্ধ, যুবক সমস্ত শ্রোতাকেই দেশমাতৃকার হেড, আপিস্ হইতে রেডিএফোন সংযোগে অবিলম্বে তাঁহার আহ্বান শুনাইয়া দিবার আখাস দিলাম। টেবিলের সম্মুখে দাঁড়াইয়া কখনো কংনো মাকে সশরীরে দেখিয়া ফেলিভাম। এমন করিয়া এক একদিন মায়ের এক এক মুর্ত্তি সকলকেই দেখাইতে লাগিলাম। দিন কাটিতেছিল। ক্রমে তুই এক ফোঁটা বৃষ্টি নামিল। দেখিয়া শুনিয়া দেশ ভ্রমণে বাহির হইয়া পড়িলাম। সকলকৈ বলিয়া গেলাম যে, বিদেশে মহাত্মার বাণী প্রচার করিতে যাইতেছি। পাথেয় কোথা হইতে আসিল ভাহা বলিয়া কাজ নাই। পরে শুনিয়াছিলাম এই সম্পর্কে আমার খুল্লভাত আমার একটা পাকাপাকি বাসস্থান নির্দেশ করিবার জক্ত ব্যাকুল হইয়া পড়িয়াছিলেন: কিন্তু কাকীমার কথায় দে যাত্রা ভাহা ঘটিয়া উঠে নাই। দেশ ভ্রমণে বাহির হওয়া গেল। বিহার প্রদেশটা একবার না বেড়াইলেই নয়। রওনা হইলাম। দেশে বৃষ্টি আরম্ভ হইয়াছে, কিন্তু এখানে তখনও অতি গ্রম। যা হউক, কাজ চলিতে লাগিল। ক্রমে এদিক সেদিক করিয়া অনেক জায়গাতেই গেলাম ; অনেক তথ্যই সংগ্রহ করিলাম। পথে, টাটাকোম্পানীর লোহা গুঁড়া করিবার চেকি, ষ্টীলু ফার্নেসের হাতা, পাথর জোহা (ore) টানিবার "কেঁচো-গাড়ী", পাওয়ার হাউদের ছইস্ল এ সম্স্ত বিশেষ জ্বন্টব্য বস্তু দেখিলাম। ভাগ্যক্রমে হঠাৎ একদিন নোটকেস্টায় দৃষ্টি পড়িল। দেখিলাম ভাহা হইতে যেন কে বাট্পাড়ি করিয়াছে। মাথা সুড়িতে লাগিল। ভ্রমণে ইভি দিয়া বক্রী কয়েকটী রক্তভখণ্ড সম্বল করিয়া ফিরিলাম। টিকিট ত কিনিয়া ফেলিলাম। খাবার পয়সা নাই। প্রায় একদিন লঙ্খন দিয়া কোনও রকমে ঝাড়ফুঙ্গুরা আসিয়া পৌছান গেল। বেলা প্রায় আটটা। পেট চোঁ চোঁ করিতেছে। কি করা যায় ? হঠাৎ এক বুদ্ধি খেলিল। তাড়াভাড়ি স্থুটকেস্টা খুলিরা বাধ্রুমে লইয়া গিয়া বাঙ্গালী

পোষাক ছাড়িয়া দিলাম। দিব্যি সাহেব। একখানা দিগার মুখে দিয়া রেজভয়ে রেজোরাতে সপ্ সপ্ করিয়া উঠিলাম। বাট্লার আসিয়া সেলাম ঠুকিল। খাবার আনিতে বলিলাম। খাবার আসিল। কয়েক টুক্রা মূখে ফেন্সিবার পরই টাঁ্যাকের কথা মলে হওয়ায়—আমার পেট ভরিয়া উঠিতে লাগিল। বিরক্ত হইয়া অর্দ্ধভুক্ত চপ্টা——মহালোভ দমন করিয়াও——কেলিয়া দিলাম; এবং ছুরী ও ফর্কটা ছুঁজিয়া ফেলিয়া, চোথ লাল করিয়া ভাকিলাম—বয়? ৬১ বৎসর বয়স্ক 'বয়'', ছুটিয়া আসিল। (দাদার নিকট শুনিয়াছিলাম---"বয়্" কথাটা আইনের Fiction এর মত )। গস্তীর ভাবে বিললাম---বাট্লাংকো বোলাও। প্রমাদ গণিয়া বাট্লার শশব্যক্তে আসিয়া সেলাম ঠুকিল। সেই দিকে নজর না ক<িয়া ভাহাকে, আমি যে ভাহার ঠাট্টার পাত্র নহি যে, পূর্বব রাত্রের বাসি জিনিষ দিয়া আমাকে বিদায় করা যাইবে, তাখা সম্যকরপে সালস্কারে বর্ণনা করিলাম। এবং আমি চটিলে তাহার রুটীর বরাদেরও একটা ফদ্ তাহাকে দিলাম। বলা বাহুল্য, খাদ্যে যে ক্রচী ছিল, তাহা পয়সা থাকিলে নন্ধরে আসে না। বহু অমুনয় বিনয়ের-পরও বহু লম্বা লম্বা সেলামের পর তাহার উপর নেক্নজর প্রার্থনা করিয়া বাট্লার বলিল— গোস্তাকী মাফ্ কীজিএ, হুজুর। এইনা ঔর কংজি নেই হোগা। আপ্দোস্রা কোই চিজ, ফ্রুট্ন উট্ন ফর্মাইয়ে জী। অাপ্কা খানা তো হোনা চাহিয়েই, ইত্যাদি। ফ্রটুসের কথা মনে হইভেই পেটে দৃষ্ঠি পজিল। (পেট ত ভরিতেই হইবে ? ইতিমধ্যে) গোলমাল শুনিয়া ম্যানেজার উপস্থিত হইল। তাহাকে দেখিয়া আমার পুনরায় রাগ হইল। খুব ধম্কাইয়া ভাহাকে "রিমার্কবৃক" আনিতে বলিলাম ও ভাহাতে মস্তব্য লিখিয়া তাহার চাকুরীর মস্তিকটী চর্বেণ করিবার অভিপ্রায় জ্ঞাপন করিলাম। কাচুমাচু হইয়া সে করজোরে ভাহার সমস্ক বক্তব্য নিবেদন করিয়া সাহেবের জন্ম ফল আনিতে গেল। ফল আসিল, কিন্তু রিমার্কবৃক্টীও না আনাইয়া ছাড়িলাম না। পরিপূর্ণ ভোজনের পর দেখিলাম গাড়ী ছাড়িবার দশ মিনিট আছে। উত্তম স্থযোগ। সিগারেটটী ধরাইয়া তাচ্ছিলোর তাবে নোটকেস্টা টানিতে টানিতে বিল চাহিলাম ও এক হাতে পেন্সিলটি ধরিলাম। ভৃত্যদ্বয়ের অবস্থা কাহিল। ম্যানেজার বলিতে লাগিল ——Sir, sir, excuse—pardon—mercy.——বুঝিলাম ঔষধে ধরিয়াছে। তথাপি শৃত্য নোটকেসটীর মুখ খুলিলাম। ম্যানেজার হাত কি পা ধরিবে বুঝিয়া উঠিতে পারিতেছিলাম না। সে আবোল তাবোল বকিয়া গুটেতেছিল যাহার একমাত্র অর্থ এই যে, তাইারা কোনও বিল্লিবেনা। হরি, হরি, হরি। খাম দিয়া জ্বর ছাড়িল। চাকর বাকরদের দৌড়াদৌড়ি লক্ষ্য করিয়া জানিলাম যে, রেস্টোরার কর্ত্তপক্ষ পরিদর্শনে আসিয়াছেন ও এই কোঠায় আসিতেছেন। চক্ষে যেন সর্বেফুল দেখিলাম। মা কালীকে নগদ চারি আনা ( কি এক টাকা মনে নাই ) মানত করিয়া বারান্দায় আসিয়া পড়িলাম; এবং একটা মোটা দেখিয়া দিগার ধরাইয়া পা ফাঁক করিয়া দাঁড়াইয়া টানিতে লাগিলাম। সাঙেব আমার পাশ দিয়া কোঠায় ঢুকিলেন। মিটি মিটি আড় চোখে সাহেবকে দেখিয়া লইয়া গাড়ীতে উঠিয়া পড়িলাম। কিন্তু দেখিলাম ম্যানেজ্ঞার আমার গাড়ার দিকে পুনঃ পুনঃ অঙ্গুলি নির্দেশ করিতেছে, আর সাহেব আমার কামরার দিকে ফিরিরা দাঁড়াইয়াছেন। ভাড়াভাড়ি অন্য কামরায় গিয়া ধরাচূড়া পরিভ্যাগ করিয়া ঈশর নাম করিতে করিতে

শুইয়া পড়িলাম ও একটা নাম ঠিক করিয়া রাখিলাম। গাড়ী ছাড়িয়া দিল। পরের স্টেশনে আসিয়া উকি ঝুঁকি মারিয়া পুলিশের গতিবিধি পর্য্যবেক্ষণ করিয়া হাঁপ ছাড়িয়া বাঁচিলাম।

এই পর্যান্ত বলিয়া সত্ত্যেশ একবার রান্নায়ত্বে তদারক করিতে না গিয়া পারিল না। নন্দ-গোপাল—ভাহাকে আমরা "Beg your pardon" ডাকিভাম। মোটামুটি নামের ইতিহাসটা এই। ক্লাদের অর্দ্ধেক বক্তুতা হইয়া গেলে সে অতি ব্যস্তভাবে দিবা-নিদ্রায় স্বাস্থ্যরক্ষা শেষ করিয়া ক্লামে ঢুকিয়া পড়িত। এবং পরে আসিয়াও প্রথম বেঞ্জিতে ভাহার নির্দ্ধিষ্ট স্থানটী অবশ্যই দখল করিয়া লইত। এবিষ্য়ে ক্রেমাগত সহিয়া সহিয়া অধ্যাপকেরা ভাহাকে ছাড়পত্র দিয়া রাখিয়াছিলেন। অতঃপর একটু পর পরই দক্ষিণে বামে আকর্ষণ সত্ত্বেও দে, Beg your pardon, Sir, বলিয়া উঠিয়া পড়িত, এবং যত সম্ভব অসম্ভব প্রশা করিয়া ভাহার সমস্ত জ্ঞান পিপাদার নিবৃত্তি করিয়া লইত। সভ্যেশ চলিয়া গৈলে, Beg your pardon তাড়াভাড়ি ছয়ার হইতে তাহার প্রস্থান স্বচকে দর্শন ক্রিয়া আসিয়া বলিল,---"সভ্যেশের আর একদিনের কাহিনী ব'লভেছি শুন!" বিষয়টা যে গোপনীয় এবং সভ্যেশের কর্ণে ভাহা পৌছিলে ভাহার কোনও কোনও প্রত্যঙ্গ বিশেষ ভাবে মর্দ্দিত হইয়া যাইবে তাহা সে আমাদিগকে জানাইয়া রাখিল। সে বলিল,—সেবার সরোজ নলিনীর বিবাহ—৷ কর্লাচরণ বাধা দিয়া বলিয়া উঠিল---দে কি ৭ মেয়েছেলের কথা লইয়া আমরা এখানে কি করিব ? এখানে মেয়েছেলের গেট্পাস নাই। এ আপত্তি উঠায় Beg your pardon এর বহু যুক্তিতর্ক দেখাইয়া ভাষার বন্ধুবরকে স্থাতিষ্ঠিত করিতে হইল। অতঃপর অমুমতিক্রমে সে আরম্ভ করিল,—সম্প্রদান হইয়া গিয়াছে; স্ত্রী-আচার হইং হছে। ক্সাপকীয়ের সাদ্র আপ্যায়নে আমাদের পেটের ভিতর দ্ধিমন্থন চলিতেছে। সত্যেশ চুপি চুপি আসিয়া বলিল,— এ দিকে আয়। মনে করিলাম একটা কিছু ব্যবস্থা হইয়াছে। খুব খুদী হইয়া ভাহার সঙ্গে গেলাম। সে চুই দালানের মাঝখানে একটী সরু গলিতে লাইয়া গেল। বড় ধাঁধায় পড়িলাম। বটে! ইহা ত আহারের সমীচীন স্থান নয়? সে ফিস্ ফিস্ করিয়া বলিন্ত,—উপরে দেখ। উপরে চাহিয়া দেখিলাম জানালার পার্শে থালে থালে প্রচুর সন্দেশ, রাজভোগ, মিহিদানা। আমার ডাক ছাড়িয়া কাঁদিতে ইচছা হইল। ততটা নিরাপদ মনে না করিয়া কেবল বুক চাপ্ড়াইতে লাগিলাম, আর সতুর গলা ধরিয়া বলিলাম---"নিশ্চয় মরিব স্থি, কেরাদিনে পুড়িয়া।" সে বলিল—চুপ। আমার সঙ্গে চল্। এই বুলিয়া সে উপরে উঠিয়া পাশের কোঠায় (বর্যাত্রার বিশ্রামের আছ্ডা) চলিয়া গেল। আমি বলিলাম,—শেষ্টায় 🌼 💠 🎄 "সাবিত্রী" না পড়িলেই হয়। চট্ করিয়া গালে এক ঘা লাগিল। কাজেই নিঃশকে তাহাকে

অনুসরণ করিলাম :

ঘর অন্ধকার! পেট ভরিয়া গিয়া সর্ববগাত্র পশ্চিমা ধোপার কলপ দেওয়া কাপড়ের মত চট্ চট্ ক'রতে লাগিল। আমি বলিলাম,—আর অতি লোভে কাজ নেই ভাই। আমার কাঁধে ভর দিয়া, এক পা সেই কোঠা ভানটোয় রানিয়া সে আস্তে আতে বলিল,—এই আস্ছি।

ভপদেনীটে সমান ভারগ্রস্ত হইয়া আমার দম্ বন্ধ হইয়া ধাইবার জোগাড়। হঠাৎ পামোর

কোঠার আলো নিবিয়া গিয়া যেন টুং করিয়া একটু মিঠে শব্দ কানে আসিল। পুনরায় ক্ষীণ আলো। সত্যেশ তাড়াতাড়ি নামিতে নামিতে কি একটা জিনিষ থাবা মারিয়া মুখে পুরিল, এবং তৎক্ষণাৎ কি কারণে নিঃশব্দে বমন করু করিবার ব্থা চেন্টা করিয়া আমার ঘাড় হইতে পড়িয়া যায় যায় হইল। থপ্ করিয়া ধরিয়া তাহাকে নামাইলাম। পাশের ঘরে একটা অতি মৃত্ চাপা হাসি যেন শুনিলাম। সত্যেশও দেখি তাড়াতাড়ি চলিয়া যায়। বড় খট্কা লাগিল, যাইতে যাইতে বলিলাম,—ভাই, শেষে কি খেলি একটুও ত দিলি না ? গন্তীর শব্দে উত্তর হইল ত । সে চলিয়া গেলে আন্তে আন্তে অরক্ত করিকা গলিতে গিয়া দেশলাই জ্বালিলাম। অনেক গবেষণার পর উক্ত ভুক্তাবশিষ্ট জব্য পঞ্চগব্যের শ্রেণীভুক্ত বলিয়া দ্বির করিতে পারিলাম। বাইরে আসিয়া শুনিতে পাইলাম সভোশ টবের ধারে ওয়াক্ ওয়াক্ করিতেছে, তাহার নীকি পেটে ভয়ানক ব্যথা হইয়াছে।——এমন সময় সভ্যেশের পায়ের শব্দ হইল। Beg your pardon ভাড়াতাড়ি আরম্ভ করিল,—

হাঁ, তারপর হলো কি, পণ্ডিত মহাশয়কে মাঝখানে রাখিয়া সকলে তাঁহার শ্রীমুখ হইতে প্রাচীন আর্য্যাথা উদ্ধার কিংতেছি। পণ্ডিত মহাশয়ের প্রজা তাঁহার আকার সদৃশ এ কথা বলিতেই হইতেছে। ঘন ঘন স-পুচ্ছ মন্তক আন্দোলিত করিতে করিতে তিনি সায়ং সদ্ধার নিগৃত তত্ত্ব প্রকট করিতেছিলেন। ঘন ঘন করতালি পড়িতে লাগিল। পূর্বেরাত্রে সত্যোশের মন্দায়ি হওয়ায় সে আমিষাহেষণে ঘুরিয়া বেড়াইতেছিল। এখানে বর্ত্ত্রাকার পণ্ডিতমহাশয়্টীকে দেখিয়া তাঁহার বড় লোভ হইল। পণ্ডিতমহাশয় তখন রাহ্মণের কর্ণমার্জনা ব্যাথ্যা করিতেছিলেন। ব্রাহ্মণের দক্ষিণ কর্পে স্বয়ং গঙ্গা overtime-remuneration ছাড়াই যে চবিবশঘন্টা প্রবাহতা, তাহা তিনি মুগপৎ থিয়েটার ও বায়েজাপ সহযোগে জলের মত বুঝাইয়া দিতেছিলেন। পুণ্যলাভের এ হেন অনায়াসলভ্য মার্স দর্শন করিয়া সত্যেশের পরিতাপ হইতে লাগিল। কপালে করাঘাত করিয়া সে কাঁদিয়া উঠিল,—

হায়, হায় প্রভুগো।

কি মোর কপালে ছিল,

পিয়াস লাগিয়া জলদ সেবিসু

আমি পাদপূরণ করিলাম—"বমন হইয়া গেল।" আমার দিকে কট্মট্ করিয়া চাহিয়া সে পুনরায় আরম্ভ করিল,— সে কি প্রভু! আপনি এত কাছে থাকিতেও আমাদের কলিকাতা দৌড়াইতে চইবে, তা কি হয় ? এই বলিয়া সে হাত বাড়াইয়া পণ্ডিভমহাশয়ের দক্ষিণকর্ণ স্পর্শ করিয়া সন্ত গঙ্গামানের মহাপুণ্য—সঞ্চয়ে অপ্রসর হইল। দেখাদেখি আমরাও গলামানে চলিলাম। পণ্ডিভমহাশয় লাফাইয়া পনর ফীট্ উর্দ্ধে উঠিয়া পড়িলেন এবং সঙ্গে সঙ্গে সাড়ে তিন পদবিশিষ্ট কেদারাখানি সহ উল্টাইয়া পড়িয়া গেলেন। আমরা প্রায় ধরিয়া কেলি কেলি! কোমরে বংকিঞ্ছিৎ পাইয়াও তিনি উদ্ধানে দরজার দিকে খোঁড়াইতে খোঁড়াইতে চলিলেন, এবং তারস্বরে আমাদের পিতার ও তাঁহার বয়দের একত দেখাইয়া আমাদের চতুর্দ্দশ পুরুষের পিণ্ডাধিকার প্রার্থনা করিতে লাগিলেন। সত্যেশ লম্বা লম্বা পা ফেলিয়া

অগ্রদর হইয়াই চলিল। হঠাৎ একবার সাফাঙ্গে প্রধান করিয়া পুনরায় চীৎকার করিয়া দৌড়াইল——
দোহাই প্রভু, অতবড় নদীটা কাঁধে করিয়া দোড়াইবেন না, মচ্কাইয়া যাইবেন। প্রভুগো। —পণ্ডিতমহাশয় কোনও প্রকারে স্থালিত বসন মুঠায় ধরিয়া পুকুর পাড় দিয়া দোড়াইয়া নিস্কৃতি পাইলেন। আমরা
স্বস্থানে প্রত্যাবর্ত্তন করিয়া হাঁপাইতে লাগিলাম।

এতক্ষণে সভ্যেশ কোঠার চুকিয়াছে। মাতব্বরি চালে সে ধনক দিয়া বলিল,——য়া, য়া, ফাজ্—লামো করিদ্ নে। নিজের গণ্ণ ছেড়ে আমার গণ্ণ তুই বল্ডে আদ্লি কেন ? কোনও উত্তর না দিয়া Beg your pardon তাহার জায়গা ছাড়িয়া দিয়া অক্সন্থানে বিদল। পরম পরিতোষ সহকারে সভ্যেশ পুনরায় আসর জাকাইয়া বিসল। এক কোণায় ফায়্ট ইয়ারের এক ছোক্রা চুপ, মারিয়া বিসয়া শ্রীলীকথায়ত পান করিতেছিল। বেচারা সন্ত নস্তবিছায় হাত পাকাইতে আরম্ভ ক্রিয়াছে। ফলে, সঙ্গে দক্রে—্ইছ্যো—হেঁছ্যো—! অন্থির হইয়া পড়িলায়। বিমল বলিল—পারিস্ না ত কতকগুলো তামাক পাতার গুঁড়ো নাকে চুকাম্ কেন ? যতসব বল্নেশা। ইাচিতে ইাচিতে ছোক্রা বলিল—নেঃ—হেঁঃ—হেঁছ্যোঃ—নেশা নয়, সদ্দি করেছে—তাই—হেঁছ্যোঃ। দদ্দির এই অসাধারণ মুপ্টিযোগ দেখিয়া সতোশ দাঁত খিঁচাইয়া বলিয়া উঠিল——ছেঃ, দদ্দি করেছে—না তামাক অভ্যান হচ্ছে ও ছোক্রা কোনও উত্তর দিলনা। সব চুপ্।

নীর তো ভক্ক করিয়া আমি সভ্যেশকে জিজ্ঞাসা করিলাম——বলি দাদা, দেদিকের কতদূর ?

(সত্যেশ আমাদের চাইতে ৫০ বংসরেয় বড় ছিল; তাই কখনও কখনও তাহাকে সম্মান দেখাইতাম)।

দেবলিল—দেনা আছে। ততক্ষণ কি করা যায় ? আবার গল্ল। সভ্যেশ আরম্ভ করিতেই নিকুঞ্জ

বলিয়া উঠিল—দেখ ভাগা, মানো মাঝে একটু একটু রম দিও। সব গগ্গই কিন্তু আলু পটোলের ভাল্না

হয়ে উঠচে। হয় diet বদ্পাও, নয় sick diet ধর্ব। সভ্যেশ হাসিয়া সায় দিল। চারিদিকে একটু

চাহিয়া লইয়া, একটু কাসিয়া, দে বলিল—আমার বিয়ের কথাটাই তোদের বল্ছি। অবশ্যি নিজের মুখে

সে কথা কেউ বলেনা, তবু আমি বল্ছি।

আমি বলিলাম-এখানে স্ত্রীলোকের প্রবেশ নিষেধ।

সভ্যেশ ধনক দিয়া বলিয়া উঠিল—রেখে দে গোর নিষেধ। আমরা কি পদ্দাসনীন্? আর বদি বা তিনি চুকেন, ত এই-ডি-কং নিয়ে চুক্চেন। বুঝেছিস্? বিশেষ, রসদ বিভারণর কল্যাণে আমাদের ব্রহ্মচর্য্য সাধনা হয়ে গেছে তা জানিস্ । মনে পড়িল লেবোরেটারী হইতে অর্জ্জিত "বিকারে" preserve করা স-ম্পিরিট্ মংস্থ খণ্ড! যেন এক একটা সাকার Surface! (A surface has got length and breadth but no thickness). চুপ করিলাম। সত্যেশ আরম্ভ করিল।—

কোনও রকমে আই, এ, পাশ করিয়াই পড়া ছাড়িয়া নিলাম। আর পারি না। চেন্টা চরিত্র করিয়া একটা চাক্রী বাক্রীও জোগাড় করিয়া উঠিতে পারিলাম না। এদিকে কাকা মারা যাওয়াতে সংসারও অচল হইয়া পড়িবার উপক্রম হইয়া উঠিল। উপার্জ্জন করিবার মধ্যে কেবল বড়লা। ভাও তিনি

আবার মোটে নূতন উকাল—স্তরাং উপার্জ্জনের পরিমাণ আর বলিয়া দরকার নাই। উকীল হইবার পর হইতেই দাদা মর্থনীতির অনেক থিওরীই কাজে লাগাইয়াছেন : উক্লেশ হৃহতে পায়ের গোড়ালী শুর্যাস্ত উভয় পদের ক্রেমিক প্রস্থ সমান রাঝিয়া স্ত্রীছাঁটের পেণ্ট্রলন ছাড়া আর কিছু তিনি পছন্দ করিতেন না। ইহা নাকি মাসে মাসে মোজার অপব্যয় হইতে বাঁচিবার অপূর্ব্ব কৌশল! ধাহা হউক, দশ হাত ধুতি খানা যথা সম্ভব গুটাইয়া তাহার উপর কভক্ষণ টানাটানির পর উক্ত বেশটা চড়াইয়া ফেলিয়া হাঁপাইতে হাঁপাইতে তিনি এক গ্রাস জল চক্ চক্ করিয়া শোষণ করিয়া ফেলিতেন। অতঃপর কোনও দিন ভাগ্যক্রমে পুরোণো কাপড়ের পাড় দিয়া তৈরী করা কোমর-বন্ধটীর অদর্শন ঘটিলে, ভাহার বিরহে এক চোট সমস্ক বাড়ীথানি মাথায় ভুলিয়া, একখানা গামছা কি নিদেন, ছেলে পিলের এক খানা কাপড় কোমরে বাঁধিয়া সে-দিনকার কার্য্য সমাধা করিতেন। ইহার পর স্থপারীবহুল কিঞ্চিন্ধিক অদ্ধ্রধানা পান মুখে পুরিয়া কংগ্রেস কমিটি হইতে ক্রান্ত, কাপড়ের বোতাম লাগানো কোট ধানা গায় দিতে দিতে উদ্ধানে কাছারীতে দৌড়াইতেন। বলা বাহুল্য, রৌজের বহুগুণ জানা থাকায় দাদ। ছাভা ব্যবহার করিতেন না। কাছারীতে আদিয়াই পরের উপর খরচ চলিয়া যাইবার স্কৃতিতে বর্কিত পিশাদা বড় হুকাটায় খুব ক্সিয়া দম দিয়া দিয়া নির্ত্তি ক্রিয়া ফেলিভেন। অভঃপর একবার এ চেয়ারে, একবার ও চেয়ারে বসিয়া মুন্সেফ মহাশয়দের পরকালের স্থব্যবস্থা চলিত ; কখনও বা দেশ, জাতি ইত্যাদি উদ্ধার হইয়া যাইত। ক্রমে মৌতাত ধরিয়া আসিলে, সকলই যথন টেবিলটাকে পরম ভক্তি সহকারে পুনঃ পুনঃ মক্তক ঠেকাইতেন, তখন দাদ৷ আক্তে আস্তে উঠিয়া কাছারীর চতুপ্পার্শস্থ রক্ষবিশেষের আন্দে পাশে শীকারের সন্ধানে ঘুরিয়া বেড়াইতেন। এই সব দেখিয়া শুনিয়া আৰু পড়িবই না স্থির করিলাম। অবশেষে খোঁজ করিয়া রেজুনে এক ব্যবদায়ী পিতৃবস্কুর শ্রণা-পার ইইলাম। চাকুরীও জুটিল। মাসহারা নগদ ৮১, তঙ্কা। বেশ দিন কাটিভেছে। পাশের বাড়ীওয়ালা মিঃ নাথ ব্যারিফীরে। তাঁহার বাড়ীর লোকের দঙ্গে ভাব হইয়া গেল, অবশ্য অন্ম আকর্ষণও যে না ছিল তাহা হলপ করিয়া বলিতে পারি না। রোজই সন্ধ্যায় সেখানে চায়ের আড্ডা জমিয়া উঠিত। ছোট হুইতেই আমার চেহারা ছাব তুবস্ত ছিল স্মুত্রাং মিসেস্ নাথ আমায় বড় আদর যত্ন করিতেন আমারও বড় ভাল বাগিত বিশেষ নাথ-হহিতা মিস্ প্ৰতিমা was a celestial beauty! ভাব জমিয়া উঠিল। ৪া৬ মাস পরে সভ্যি সভ্যিই আমরা শরাহত হইয়া পড়িলাম। দেখিয়া শুনিয়া মিঃ নাথ কন্যা-সম্প্রবানের সদিস্থা প্রকশি করিয়া আমাকে কুভার্থ করিয়া কেলিলেন। বাড়ীতে "তার" করা হইল ; দাদা আশিয়া কথাবার্ত্তা স্থির করিয়া গেলেন। স্থির হইল তুই মাস পরে শুভকার্য্য দৈবানুগ্রহে সুসম্পন্ন হইয়া যাইবে। মহছে টমনে ইতস্ততঃ সঞ্চরণ করিয়া, এবং আপিসের খাতায় উণধাটের সঙ্গে আট যোগ করিয়া একানব্বই ঠিক দিয়া নিবিকার চিত্তে বাড়া ফিরিলাম। ভাবিতে লাগিলাম——সাহা! কি সুখ। আর যাহাই হউক ভবিষ্যতে আর খিচুরী শাইবার জন্ম ভাবিতে হইবে না !

\* \* সন্ধাবেলা চা-চক্রে আমি ও প্রতিমা বলিয়া কখনও স-রব, কখনও নারব কাহিনী ব্যক্ত করিভেছি। ইতিমধ্যে অফুমবর্ষায় ভাবী শ্যালক আসিয়া খবর দিল, তাহার

পিভামাতা এখন কোনও কাজে ব্যস্ত, সুভরাং আমরাই যেন চা-পান শেষ করিয়া ফেলি। অত্যস্ত পুলকিত হইয়া এই স্কুব্দির জন্ম মনে মনে ভাঁহাদের অক্ষয় স্বৰ্গ কামনা করিয়া কেলিলাম। প্রতিমাণ্ড বোধ হয় এমনি একটা কিছু করিয়া থাকিবে। চা পান শেষু হইয়া গেল। শ্যালক চা শেষ করিয়া ভিড়িং ভিড়িং করিয়া লাফাইতে লাফাইতে চলিয়া গেল। মনটা ভরিয়া উঠিল। আত্তে আত্তে প্রতিমার হাত চুখানি নিজের হাতে লইলাম। ভাহার জন্ম কংসামান্ম টানটোনির দরকার হইয়াছিল সম্দেহ নাই। অল্ল অল্ল করিয়া অনেক কথাই হইতে সাগিল। শেষে পছদের কথাও আসিয়া পড়িল। সে তাহাতে এমনি নীরৰ ভঙ্গিতে অনুমোদন করিল যে, আমি একেবারে গলিয়া পড়িরা ভাহাকে টানিয়া অধর স্থা ----, ঠিক এমন সময় লাকাইতে লাকাইতে স⊸কুকুর শ্যালকের প্রবেশ! চম্কিয়া তুই জনই সরিয়া পড়িলাম । কিন্তু হতভাগা সব দেখিয়া ফেলিয়াছে । সে কণ্ঠস্বর সপ্তমে তুলিয়া লাফাইতে লাগিল——ইয়া, ছোডদি, সব দেখেচি। জামাইবাবু চুমো খাচ্ছিল। শুমা, মা, জামুক্রেবাবু——, এই বলিয়া দে উপরে যাইতেছিল। প্রমাদ গণিলাম। লক্ষ্ণ প্রদান করিয়া শ্যালকের ত্রীবাদেশ আকর্ষণ করিয়া কাছে আনিলাম ও খাবার, পুজুল ইত্যাদি সমস্ত জিনিধেরই লোভ দেখাইয়াও অকৃতকার্য্য হইলাম। তাহার কণ্ঠস্বর উচ্চতর হইতে লাগিল। মহা ক্যাসাদে ঠেকিলাম! চট্ করিয়া একটা বুদ্ধি খেলিল। তুই হাতে প্রতিমাকে অর্দ্ধকোলে, অর্জ টানিয়া লইয়া সাম্নের কোঠায় চৌকীর উপর শোয়াইয়া দিলাম, এবং চৌকীর নীচ হইতে ঘটি বাহির করিয়া ভাহার চোখে মুখে জল ছিটাইয়া দিলাম। একটা কিছু উপায় ঠিক হইয়াছে বুঝিতে পারিয়া প্রতিমাপ্ত একটু স্থান্থির হইল। তাহাকে চোধ বুঁজিয়া থাকিতে বলিলাম। শ্যালক এই অভিনয় দেখিয়া এভক্ষণ অবাক্ হইয়া গিয়াছিল। আমি পাশ ফিরিতেই পুনরায় চেঁচাইয়া দৌড়াইল। আমিও অতি ব্যস্ত হইয়া দৌড়াইয়া হাঁপাইতে হাঁপাইতে মিদেস্ নাথের নিকট শ্যালকের পূর্বের্গিয়া উপস্থিত হইয়া স্বিস্থারে বাগানে প্রতিমার সর্পভীতির উল্লেখ করিলাম ও তাথাকে এক প্রকার অচৈত্যাবস্থায় আনিয়া হল্ঘরে শুশ্রাষা করিয়া তাঁহাদিগকে খবর দিতে আসিয়াছি। মহা হৈ তৈ পড়িয়া গেল। সকলে দৌড়াইলেন। ইতিমধ্যে শ্যালকচন্দ্র দন্তবিকশিত করিয়া পিতার নিকট বলিতেছিল—হেঁগো বাবা, জামাইবাবু দিদিকে ছু——। চটাং, চটাং করিয়া তাহার গালে কয়েক চাঁটি পড়িল। বেচার। অপ্রত্যাশিত পুরস্কার লাভ করিয়া কতক্ষণ ফ্যাল্ ফ্যাল্ করিয়া চাহিয়া থাকিয়া তেউ ভেউ করিয়া কাঁদিতে লাগিল। ঘাম দিয়া জ্ব ছাড়িল।

গল্প শেষ হইতেই আমর। সমস্বরে Bravo, Bravo বলিয়া তাহাকে সম্বর্জনা করিলাম। বিজেশ একেবারে এক কল্কি তামাক সাজিয়া হুকাটি তাহার মুখের কাছে ধরিয়া তাহাকে পারিশ্রমিক দিল। পিপাদা মিটাইয়া লইয়া সত্যেশ বলিল,——গুরে ছোক্রারা। আর একটা ঘটনা বলেই শেষ কর্বো, বুঝ্লি? আজ আর নয়।

অ।রস্ত হইল। — বিবাহ হইয়া গিয়াছে। কিছুদিন পরে গবেষণা করিয়া দেখিলাম চিঠি পত্র ছাড়া প্রেম জমিতেছে না। স্কুতরাং দূরে যাইতে হইতেছে। অনেক ভাবিয়া চিন্তিয়া পুনরায় কলেজে আনাই দ্বির করিলাম। বিশ-বিভালয়ের মারকৎ প্রেম ষেমন জমে তেমন আর কিছুতেই নয়। বিশেষতঃ, আহা ! উৎসর্গীকৃত জস্ত্র বিশেষর মত যুরিয়া ফিরিয়া যাপন করিবার মত এমন জীবন আর নাই। অধ্যাপকদের ঘনিষ্ঠতাই কি ভুলিতে পারি ? বিশেষ করিয়া, বক্তৃতার বিষয় প্রস্তুত করিয়া না আসার দিনে ছাত্রদিগের অন্তরন্ধ বন্ধু অধ্যাপক মহাশ্রের অ্যাচিত উপদেশাস্থক—তথা রহস্তাত্মক গল্প! আরও কয়েক মাদ পরে দেসনের প্রারম্ভে চাকুরী ছাড়িবে কল্পনা করিয়া রাখিলাম। কিন্তু বিধাতার ইচ্ছা তথনই চাকুরী ছাড়িতে হইবে। \* \* মনের আনন্দে বিদয়া বিদয়া রিপোর্টবুকের মাঝখানে রাখিয়া সর্বেলাচ্চ কর্ম্মচারীর কয়েক শতাব্দী পূর্বের অবস্থা কল্পনা করিয়া এক খানা ছবি আঁকিয়াছিলাম। আমি ডারউইন্ পূর্বেই পড়িয়াছিলাম। ছবির নীচে কয়েক ছত্র পত্তও লিখিলাম। অতঃপর ইহা সকলকেই দেখাইয়া বাহাত্রী করিতেছি, এর্মন সময় মিঃ তারাপরিওয়ালা (কারখানার মালিক) আসিয়া হাজির! গজ্ঞীর হইয়া ডাকিলেন—What is that Mr. Roy? মন্তকের পশ্চাদেনে কণ্ডুয়ণ অমুক্তব করিলাম। বিশ্লাম "—Sir, Sir—." All right, let me have it—এই বিলয়া ছবিখানা লইয়া তিনি চলিয়া গেলেন।

মিঃ তারাপরিওয়ালা আমার শশুরের বন্ধ। বিবাহের পর হইতে আমার চাকুরীরও বিশেষ উর্মতি হইয়াছে। বাদায় আদিতেই (শশুরালয়েই থাকিতাম) উপরে ডাক পড়িল। বুঝিলাম নালিশ আদিয়াছে। মনটা বড় খায়াপ হইয়া গেল। জ্রীর সাম্নে, বিশেষতঃ নাবালক শালকের সম্ধে—। কি করি উপায় নাই! উপরে পিয়া দেখিলাম আমার আশস্কা সর্বৈব মিধ্যা। সে দিন কি একটা উপলকে বিশেষ খাবার দাবার বন্দোবস্ত। খুদিতে প্রাণ ভরিয়া উঠিল। অন্ত দিনের দেড়গুণ আহার করিয়া পান চিবাইতে চিবাইতে গল্প করিতেছি। শাশুরী বলিতে ছিঞ্চেন,—কর্ত্তা মফঃম্বল চলে যাছেল, একদিন তুমিই একটু ছেলেপিলেদের দেখো। এমন সময় শুনিতে পাইলাম টাই বাঁধিতে বাঁধিতে শশুর মহাশয় আমাকে আহ্বান করিয়া এই দিকেই আদিতেছেন। এইবার বুঝি কিল্লা কতে! চাহিয়া দেখিলাম তাঁর মোটরের দম দেওয়া হইয়া গিয়াছে। যেমনি তিনি কোঠায় পা দিলেন, আমি একটুখনি কাণ পাতিয়া— যাই— বলিয়া চীৎকার করিয়া ভাড়াভাড়ি বাহিরের দিকে চলিয়া গেলাম। ভাবখানা— কক্ষনী কাজে কে আমায় ডাকিয়াছে। দেরী করা যায় না ভাবিয়া শশুর মহাশয় রওনা হইয়া গেলেন। কতক্ষণ বাহিরে কাটাইয়া ফ্রিয়া আদিলাম। সক্ষাবেলায় প্রতিমার নিকট হইতে শুনিলাম, ঔৎস্কর থাকিলেও এ সম্বন্ধে বাড়ীতে আর কোনও আলোচনা হয় নাই। মনটা ঝরঝের হইয়া উঠিল। অতঃপর শশুর মহাশয় মহাত্বন থাকিতে থাকিতে থাকিতেই সে ফ্রান পরিভ্রাগ করিয়া একবারে দেশে আদিয়া পড়িলাম।

এই বলিয়া সত্যেশ উঠিয়া দাঁড়াইয়া পড়িল, এবং আমায় বলিল,——ওরে হৃদেশ, চল্ একবার ঘুরে দেখে আসি উড়ে ভূতগুলো কি কর্ছে। "

আমি বলিলাম,— সে কি দাদা, এতক্ষণ বক্তৃতা দিলে, একটা পারিশ্রমিক নেবে না ? ততক্ষণে একজন দাঁড়াইয়া সভার পক্ষ হইতে সভ্যেশকে ধন্সবাদ প্রদান করিল। সঙ্গে সঙ্গে:—— চং চং চং চং, অনেকক্ষণ—তারপর সিঁড়িতে অবিশ্রাম চটাচট্, চটাচট্ শব্দ।

# ভূমিকম্প।

### ি শীস্থরেন্দ চন্দ্র চক্রবর্তী এম, এস্, সি ].

অতি প্রাচীনকাল হইতেই ভূমিকম্প সম্বন্ধে আমাদের দেশে নানা প্রবাদ বাক্য চলিয়া সাধারণ লোকের নিকট ইহা আজও নিভান্ত রহস্তময় ও অমঙ্গল সূচক। বিবিধ কারণ সম্ভূত বলিয়া বহুদিন পর্য্যস্ত পণ্ডিভগণ ইহার কোনও স্থির দিন্ধান্ত করিতে পারেন নাই। আকাশে গ্রহ নক্ষত্রের নিয়মিত গতি হইতে সাধারণ গণিত ও জ্যামিতির সাহায্যে অতি প্রাচীনকালেই জ্যোতির্বিতার .সূত্রপাত হইয়াছিল; কিন্ত ভূমির কম্পন অনিয়মিত ও অভর্কিত বলিয়া বহুকাল পর্যান্ত এ সম্বন্ধে কোনও গবেষণা সম্ভবপর হয় নাই। ভুকল্প-পীড়িত দেশসমূহ ভূপুঠে অসংলগ্নভাবে বিক্তিপ্ত বিশেষতঃ বছকাল পর্যান্ত এ সকল স্থান সভ্যতার কেন্দ্র হইতে দূরে ছিল বলিয়া বিজ্ঞানের প্ৰস্তাবনা অস্থান্ত ধারার সঙ্গে সঙ্গে ভূকম্প বিভার সম্যক পুষ্ঠি সাধন হয় নাই। ভূতত্তবিভার (geology) সাহাযা ব্যতীত পৃথিবীর অভ্যস্তর সম্বন্ধে কিছুই জানা যায় না; এবং ভূকম্পবিভারত সম্যক আলোচনা হইতে পারেনা। এই সকল কারণে এই বিংশ শতাকার প্রথমভাগে মাত্র ভূকস্পবিভা প্রকৃতভাবে বিজ্ঞানের গণ্ডীতে প্রবেশ করিয়াছে। ১৮৮০ খুষ্টাব্দে ইওকোহামাও টকিও সহরে যে ভীষণ ভূমিকম্প হয়, তাহার পর ভূকস্পবিভার আলোচনার জন্ম জাপানে বৈজ্ঞানিকদিগের এক সমিতি প্রতিষ্ঠিত হয়। ইহার পর হইতে ইউরোপের নানা শিক্ষা কেন্দ্রে এ বিষয়ের আলোচনা ও গবেষণা আরম্ভ হয়। ইউরোপীয় পণ্ডিতদিগের মধ্যে বাঁহারা এ বিষয়ে বিশেষ অগ্রণী তাঁহাদের মধ্যে প্রফেদার জ্বন মিল্নির (John Milne) নাম বিশেষ উল্লেখযোগ্য। তিনি জাপানে অধ্যাপনা কাৰ্য্যে নিযুক্ত থাকা কালে সেখানে ভূমিকপ্প সম্বন্ধে অনেক গবেষণা করেন। তাঁহাকে এ বিষয়ের প্রতিষ্ঠাতা বলিলেও অত্যুক্তি হয় লা

ভূমিকম্প প্রায় অনেকেই প্রত্যক্ষ করিয়াছেন। ভূমিকম্পের সময় সচরাচর ভূমি গৃহাদি আন্তে আন্তে কম্পিত হয়, কিন্তু কথন কথন উহাদ্বারা ভূপ্র্চ এরপ প্রবল্ধ বেণ্নে কম্পিত হয় যে প্রস্তরাদি স্থান দ্রম্ভ হয়, বৃক্ষাদি উৎপাটিত হয় এবং গ্রাম নগরাদি ভূমিস্থাৎ হইয়া যায়। ভূমিকম্পে লাকের যে ক্ষতি হয় তাহা অতি ভয়য়র ও বিশ্ময়জনক। পূর্কে প্রায় কিছুই জানা থাকে না; সহসা ভ্মিকম্পের পূর্বর্তী মেঘ গর্জন বা তোপের শব্দের তায় শব্দ হয়, এবং লোকে চমকিত হইয়া দেখে যে বিবরণ পদতলম্ভ ভূমি দোলায়মান হইতেছে, ইতস্ততঃ ভূভাগ বিদীর্ণ হইতেছে এবং কোথাও বা বিদীর্ণ হইয়া পুনরায় সংযুক্ত হইতেছে। কথন কখন নিমিষ মধ্যে বৃহৎ বৃহৎ নগরাদি ভয় ও সহত্র সহস্র লোক মৃত্যুমুখে পভিত হয়, এবং কখন কখন উহার প্রভাব বহুদূর বিস্তৃত হইয়া দূরবর্তী প্রেদেশেরও অশেষ অনিষ্ট করে। যেমন সমুদ্রে তরক্ষ হইলে সমুদ্র আলোড়িত হয় এবং জাহাজাদির

মাস্ত্রল ইতস্ততঃ দোলিতে থাকে, ভূমিকম্পকালে ভূমিতেও এরপ তরঙ্গ উৎপাদিত হয়। এই তরঙ্গ একস্থান হইতে আরম্ভ করিয়া ক্রমশঃ চতুম্পার্শ্বে বহুদূর পর্য্যস্ত বিস্তৃত হইয়া পড়ে।

ভূমিকম্পের প্রভাবে কখন কখন ভূমি উন্নত অথবা নিম্ন হইয়া যায়। ১৮৩৫ অবে চিলিদেশের ভূমিকম্পে তত্ত্রতা উপ্কৃত্ত সহদা দশফুট উন্নত হইয়াছিল। উনবিংশ শতাকীতে মিসিসিপি নদীর
নিকটবন্ত্রী প্রদেশে অনেকবার ভূমিকম্প হয়; ভাহাতে সূব্হৎ ভূভাগ অনেক নিম্নে বিদিয়া যায়। ঐ
প্রদেশের কত বৃহৎ রক্ষাদি এখনও জলমগ্র অবস্থায় দেখা যায়।

ভূমিকম্পে অনেক সময় ভূভাগে ঘূর্ণাবর্ত উপস্থিত হয়। সেই সময় মাসুষের দাঁড়াইয়া থাকা অসম্ভব হইয়া পড়ে। ছাতকের জর্জ ইংলিস মনুমেণ্ট এ বিষয়ের প্রকৃষ্ট উদাহরণ। ১০০৪ সালের ভূমিকম্পের ফলে ইহার উপরিভাগ ভাঙ্গিয়া কতকটা ঘূরিয়া গিয়াছে, তাহা আজও দেখিতে পাওয়া যায়। কোন কোন বাগানে উত্তর-দক্ষিণ দিকে শ্রেণীবদ্ধ বৃক্ষসমূহ পূর্বে-পশ্চিম রেখায় ঘূরিয়া গিয়াছে। বেললাইন, সেতু প্রভৃতি বাঁকিয়া অনুত আকার ধারণ করিয়াছে। শিলং এ উরিলেন শৃতিক্তম্ভ গেরণ ভাবে বিধ্বন্ত হইয়াছে ভাহা হইতেও ভূমিকম্পের প্রভাবের অনেক পরিচয় পাওয়া যায়।

জাপান, ইটালী, দক্ষিণ আমেরিকা প্রভৃতি অঞ্চলে ভূমিকস্পের প্রাত্র্ভাব পুব বেশী। ভারতের উত্তরভাগে, বিশেষতঃ কাশ্মীর ও বঙ্গদেশের উত্তর পূর্বে পার্বেডীয় অঞ্চলে উহাদারা মধ্যে মধ্যে অনেক অনিষ্ট সাধিত হইয়া থাকে।

১২৯২ সালে রথযাত্রার দিন এই দেশে একটা ভরানক ভূমিকম্প হইরা গিয়াছে। ইহাতে প্রায় সমুদয় বঙ্গদেশ বিকম্পিত হইয়াছিল। ইহাতে বগুড়া, নাটোর প্রভৃতি অঞ্লের বিশেষ অনিষ্ঠ হইয়া গিয়াছে। এই ভূমিকম্পের কয়েক দিন পূর্বে কাশ্মীর অঞ্লে একটা ভীষণ ভূমিকম্প হয়; ভাহাতে তিন সহস্রের অধিক লোক মৃত্যুমুখে পতিত হয়।

১০০৪ সালের ০০শে জ্যৈষ্ঠ অপরাফ ৫ ঘটিকার সময় এদেশে যে ভয়ানক ভূমিকম্প হয় তাহার বিস্তৃত বিবরণ লিখা অসন্তব। ইহা প্রায় পাঁচ মিনিট কাল স্থায়ী ছিল। ইহার প্রভাব প্রায় সমগ্র উত্তর ভারতবর্ষে প্রকাশ পাইয়াছিল। এরপ বছদূর ব্যাপী ও দীর্ঘকাল স্থায়ী ভূকম্পন আর কোন দিনও এদেশে ঘটে নাই। ইহার প্রভাবে ক্ষণকালের মধ্যে লক্ষ লক্ষ গৃহ ধরাশাল্পী ও অসংখ্য লোক আগ্রয়হীন ও মৃত্যু-মুথে পতিত হয়।

ভূমিকম্প শেষ হইলেই ভূকম্পবিদ্ পণ্ডিতগণের কাজ আরম্ভ হয়। তাঁহারা প্রত্যেক স্থান পর্য্যাবেদ্দন করিয়া সেধানে ঘর বাড়া, প্রাচীর, স্থুপ, নদী, পুন্ধরিণী প্রভৃতি ভূমিকম্পের প্রভাবে কিরপ পরিবর্ত্তিত হইয়াছে তাহা লক্ষ্য করেন। স্থানীয় লোকের নিকট হইতে সমস্ত তত্ত্ব সংগ্রহ করেন। তাহাদের বর্ণনায় যাহা অতিরঞ্জিত মনে হয় তাহা বাদ দিয়া, এবং বাহা বাদ পড়িয়াছে মনে হয়, তাহা পুরণ করিয়া ভূমিকম্পের একটা বিস্তৃত বিবরণ লিপিবন্ধ করেন। এই প্রকারে ভূমিকম্পের উৎপত্তি স্থান এবং তাহার উৎপত্তির কারণ সম্বন্ধ অনেকটা অনুমান করা যায়।

কিন্তু বৈজ্ঞানিকের মন এরপ অসম্পূর্ণতা ও অনিশ্চয়তা নিয়া বসিয়া থাকিতে পারে না। প্রায় বিশ বৎসর হইল ভূমির কম্পন নির্দেশের জন্ম বৈজ্ঞানিক এক প্রকার যথ্ধ আবিকার করিয়াছেন। আসী-পুরের বিজ্ঞানাগারেও এই প্রকারের যন্ত্র সাহায্যে ভূমিকম্প নিরূপিত ইইতেছে। যে সকল কম্পন নিতান্ত মূত্র বলিয়া আমরা অনুভব করিতে পারি না, তাহাও এই যন্ত্রের সাহায়ে ধরা পড়ে। ভূমিকম্প আরম্ভ ইইলে এই যন্ত্র চলিতে থাকে; এবং ভাহার উপার কম্পনের রেখাপাত আরম্ভ হয়। এই যন্ত্রের সাহায়ে ভূমিকম্পের প্রভাব ও উৎপত্তিস্থান নিরূপণ করা সন্তব্যর ইইয়াছে। অনেক সময় ভূমিকম্প জনমানবহীন স্থান বা সমুদ্রগর্ভে উৎপন্ন ইইয়া থাকে। এরূপ যন্ত্রের সাহায়্য বাতীত সেই সকল স্থান নির্দেশ অসম্ভব ইইত। আজকাল প্রায় সকল শিক্ষা ও সভ্যভার কেন্দ্রেই এইরাপে ভূমিকম্প নিরূপিত হইতেছে। এক জাপানেই প্রভি বৎসর গড়ে প্রায় বার হাজার ভূমিকম্প ধরা পড়িয়া থাকে; সমস্ভ পৃথিবীতে বৎসরে ধাট হাজারেরও অধিক ভূমিকম্প হইতেছে, অর্থাৎ প্রভি দশ মিনিটেই পৃথিবীর এক একবার কম্পন ইইভেছে। আবার ইহাদের মধ্যে প্রায় একশভটীই লোকের পক্ষে অনিইকর ও ভীতিপ্রদ।

এই গোল শুধু স্থলভাগের কথা। পৃথিবীর প্রায় তিন ভাগ জল ও এক ভাগ হল। জানরা য়ে সকল ভূমিকপা অনুভব করিয়া থাকি, তাহারও অনেক সমুদ্রগর্ভে উৎপন্ন হইরা থাকে; আর কত ভূমিকপা বে গভীর সমুদ্রতলে উৎপন্ন হইরা লোকের ইন্দ্রিয়-গ্রাহ্য নাই। ভূমিকপো সমুদ্রের জল অনেক সময় তীরের নিকট হইতেছে তাহার ইয়তা নাই। ভূমিকপো সমুদ্রের জল অনেক সময় তীরের নিকট হইতে দূরে সরিয়া যাম; তারপর পর্বতাকারে তরক ভূমির। তীর-ভূমির দিকে ফিরিয়া আসে, এবং কুল-ভূমি একেবারে বিধ্বস্ত করিয়া দেয়। এই জক্ত সমুদ্রের তীরবর্তী স্থানে ভূমিকপো যেরূপ অনিষ্ট সাধিত হয়, অক্সন্র করিয়া দেয়। এই জক্ত সমুদ্রের তীরবর্তী স্থানে ভূমিকপো যেরূপ অনিষ্ট সাধিত হয়, অক্সন্র করিয়া দেয়। কর্মুদ্রে করিপ ভূমিকপা হয় তাহারও মোটামোটি বিবরণ সংগ্রহ করা হইয়াছে। যে সকল জাহাজ সর্বদা সমুদ্রে চলাচল করিয়া থাকে, তাহাদের নাবিকগণের নিকট হইতে যে বর্ণনা পাওয়া গিয়াছে তাহার উপরই নির্ভর করিয়া এই বিবরণ লিপিবন্ধ হইয়াছে। সমুদ্রে জাহাজ সাধারণতঃ বাণিজ্য-পথ দিয়া চলাচল করিয়া থাকে; কাজেই বিশাল বারিধি বক্ষে যে ভূমিকপা হইতেছে তাহার বিবরণ নিতান্তই অসমপূর্ণ।

ভূমিকম্পের কারণ সম্বন্ধে বছকাল যাবত বিভিন্ন দেশে নানারপ মন্ত ছিল। আধুনিক ভূমিকম্পবিদ্দিগের মতে দেখা যায় যে ইহার উৎপত্তির কারণ বছবিধ; সকল স্থানে একই প্রকারে ভূমিকম্প উৎপন্ন হয় না। পৃথিবীর যে সব স্থানে আগ্রেয়গিরি বেশী দেই সকল স্থানে ভূমিকম্পেরও উপদ্রব বেশী দেখা যায়। ইহাতে অনেকেরই বিশাস যে আগ্রেয় গিরির ভূমিকম্পের বিবিধ উদ্ভবের সহিত ভূমিকম্পের সম্বন্ধ আছে। ভূমিকম্প ও আগ্রেয় গিরির অগ্নাদগম কালে ভূগর্ভ হইতে বাজ্য, উষণ্ণজন্ম ও দ্রব পদার্থ প্রভৃতি উৎক্ষিপ্ত হয়; ইহাতে বোধ হয় যে পৃথিবীর আভ্যন্তরীন ভাগই এভত্তয়ের আদি কারণ। ভূপৃষ্ঠের কোন কোন স্থানে গহের আছে;

তাহাতে জল অথবা অক্সবিধ পদার্থ দক্ষিত থাকে। গহবরের জল ছিল্লাদি দিয়া অভ্যুক্ত স্থানে উপস্থিত হইলে বাম্পে পরিণত হয়। জল বাম্পে পরিণত হইবার সময় উহার আকার সহসা অনেকগুণ বৃদ্ধি প্রাপ্ত হয়। শুতরাং বাম্পরাশি যে পথ পায় সেই পথ দিয়াই-ধাবমান হয়। উক্ত স্থান হইতে ভূপ্ষ্ঠ পর্যান্ত কোনও ছিল্ল থাকিলে বাম্পরাশি সেই পথেই গমন করে; নতুবা নিজ প্রসারণ শক্তিতে ভূপ্ষ্ঠ ভেদ করিয়া বহির্গত হয়। যেমন বাক্ষদে আগুন দিলে ভহুৎ পক্ষ বাম্প আকারে বছগুণ বৃদ্ধি পাইয়া অভিশয় বেগে গুলির সহিত বন্দুকের নলের মুখ দিয়া বহির্গত হয়, ভূগর্ভেও সেইরূপ ঘটনা হওয়াতে অভ্যন্তরেস্থ গলিত পদার্থ প্রবল বেগে উৎক্রিপ্ত হয়। যে প্রাদেশের ভূগর্ভে এরূপ উপস্থাব হয়, সে অঞ্চল সহজেই সঞ্চালিত হইয়া ভূমিকম্প উৎপাদন করে। কখন কখন ভিত্রের বাম্পরাশি ভূপ্তের উপরিভাগ পর্যান্ত না উটিতে উঠিতেই পুনরায় প্রবল হইয়া যায়: এরূপ সময় কেবল ভূমিকম্প হয়, কিন্তু অগ্নাদগম হইতে পারে না।

আগ্রের গিরির উত্তব ব্যতাতও অনেক স্থানেই ভূমিকম্প হইয়া থাকে। বস্ততঃ পৃথিবীর অভ্যন্তরন্থ মৃত্তিকাস্তরে কোনওরূপ স্থিতিশীলতার ব্যতিক্রম ঘটিলেই সেই স্তেরভাগ আবার পূর্ববিদ্যা বা কোন কোন স্থলে নৃতন অবস্থায় পরিবন্তিত হইবার কালে ভূমিকম্প উৎপাদন করিয়া থাকে। এখন কি কি কোকারে ভূস্তরে এরূপ বিপর্যায় ঘটিতে পারে ভাহারই আলোচনা করা যাইবে।

পৃথিবীর অভ্যন্তর ভাগ যে বহির্ভাগ অপেকা উষ্ণতর, ইহা সকলেরই জানা আছে। কুপ খননের সময় যতই নিমে যাওয়া যায়, ততই এই উতাপ অধিকতর অসুভব করা যায়। সৃষ্টির প্রাগ্ যুগে পৃথিবী অগ্নিময় গোলকের মত ছিল। ক্রমে ক্রমে বহির্ভাগ শীতল হইয়া মনুয়্ববাসোপযোগী হইয়াছে, কিন্তু অভ্যন্তর ভাগ এখনও অত্যুক্ত তরল অবস্থায় রহিয়া গিয়াছে। যুগে যুগে ঐ অভ্যন্তর ভাগও শীতল হইয়া তরল হইতে কঠিন অবস্থায় পরিণত হইতেছে। এই পরিবর্তনের কলে ভিতরে যে সংকাচন হইতেছে তাহাতে বাহিরের তরে গ্রন্থির সমতা নফ্ট হইয়া অনেক সময় ভূমিকম্পের উৎপত্তি হইয়া থাকে।

ভূগর্ভে রাসায়নিক পরিবর্তনের ফলেও অনেক সময় ভূমিকম্প হইয়া থাকে। বারণার জল বিশ্লেষণ করিয়া উহার মধ্যে অনেক সময় যে খনিজ পদার্থ পাওয়া যায়, ইহা হইতে আভ্যন্তরীণ রাসায়নিক প্রতিয়ার অনেক আভাস পাওয়া যায়। রাসায়নিক পরিবর্তনে অনেক সময় কিরুপ উত্তাপের সমুদ্ভব হইয়া থাকে ভাহা বৈজ্ঞানিকের নিকট অবিদিত নহে। এইরূপ স্থানীয় উত্তাপের প্রভাবে ভূস্তরে হঠাৎ বিপর্যায় ঘটিয়া ভূমিকম্প হওয়া থ্বই সম্ভবপর।

পৃথিবীর আফিকগতির প্রভাবে তাহার ভিতরের ন্তরে কিরূপ পরিবর্ত্তন ঘটিতে পারে তাহাই এখন দেখা যাউক। কোনও নরম জিনিসের এব টা কল হাতের উপর ঘুরাইলে তাহা ক্রমশঃ চেপ্টা হইয়া কমলালেবুর আকার ধারণ করে। পৃথিবীও এককালে এইরূপ নরম ছিল। যুগে যুগে ইহা থেমন শীতল হইয়া কঠিন অবস্থায় আসিয়াছে, নিজ মেকদণ্ডের উপর আবর্তনের ফলে তাহার বহির্ভাগও মেকদণ্ডের ছই মাথায় কভকটা চেপ্টা হইয়া গিয়াছে। পৃথিবীর ভিতর ভাগ এখনও নমনীয় অবস্থায় রহিয়াছে;

কাজেই এই স্বর্নণের ফলে সে স্থানেও এইরূপ একটা পরিবর্ত্তনের প্রচেন্টা চলিতেছে। ইহার প্রভাব ফে উপরের স্তর পর্যান্ত আদিয়া ভূমিকম্পের সৃষ্টি করিতে পারে তাহা নিতান্ত অযৌক্তিক নহে।

চন্দ্র ও সূর্যোর আকর্ষণে নদী ও সমুদ্রের ক্ষল বেরূপ ফ্লীত হইয়া উঠে, ফ্লভাগও কিঞ্চিৎ পরিমাণে সেইরূপ অবস্থা প্রাপ্ত হয়। কিন্তু হিসাব করিয়া দেখা গিয়াছে যে এরূপ আকর্ষণ বন্ধতঃ ভন্তরের প্রস্থি বিদীর্ণ হইতে পারে না। যদি ইহা সন্তব্দর হইত, তাহা হইলে পৃথিবীর যে জংশে যথন চন্দ্র ও সূর্য্যের আকর্ষণ হয়, সেই অংশেই তখন ভূমিকম্প হয়ত; এবং ভূমিকম্প সম্বন্ধে ভবিষ্যুত্ত করাও সহজ্ঞ হয়য়া দাঁড়াইত। তবে যে সব স্থানে ভূমির প্রস্থি নিতান্ত শিথিল, সেই সব স্থানে আকর্ষণ হইলে তাহা আকর্ষণের বলে বিধ্বন্ত হয়য়া ভূমিকম্প উৎপাদন করিয়া থাকে সন্দেহ নাই। পৃথিবীর কোনও স্থান যদি অতিরিক্ত পরিমাণে ভারাক্রান্ত হয়য়া পড়ে, তাহা হইলেও স্তরের স্থিতিশীলতায় ব্যতিক্রেম ঘটিতে প্রারে। চন্দ্র ও সূর্য্যের আকর্ষণের সময় নদী ও সমুদ্রে জোয়ার হয়য়া ক্ষল বহু উর্জে ফ্লীত হয়য়া উঠে। ক্ষল এক ফুট উর্জে উঠিলে এক বর্গ ফুউ ভূমির উপর প্রায় ত্রিশ সের চাপ বাড়িয়া যায়। সমুদ্রে জোয়ারের সময় ক্ষল এত উর্জে উঠে যে সেখানে চাপের পরিমাণ অনেক বাড়িয়া যায়। কিন্তু হিদাব করিয়া দেখা গিয়াছে যে ভূভাগ পূর্কে শিথিল অবস্থায় না থাকিলে এরূপ চাপের প্রভাবে ভূমিকম্প হওয়া সন্তব্যর না থাকিলে এরূপ চাপের প্রভাবে ভূমিকম্প হওয়া সন্তব্যর নহে। এইরূপ বায়ুর চাপের হ্রাস বৃদ্ধির সঙ্গেও ভূমিকম্পের সময়ন্ধ আছে। হঠাৎ বায়ুর চাপ কমিয়া গেলে অনেক সময় ঝঞ্জাবায় ও ভূমিকম্প এক সঙ্গে ঘটিয়া থাকে।

উপরে ভূমিকম্পের যে নানারপ কারণ দেওয়া গেল, ইহাদের মধ্যে একাধিক কারণের সমন্বয়েও ভূমিকম্প ঘটিতে পারে। এই যে অহরহঃ ভূমিকম্প হইতেছে ইহাতে ম্পেষ্টই বুঝা যায় যে পৃথিবীর অভ্যন্তরে এখনও স্প্তির একটা বিরাট ও বিচিত্র পরিবর্তন চলিতেছে। যদি পৃথিবীর অভ্যন্তর ভাগও শীতল ইইয়া বহির্ভাগের মত দৃঢ় ও সমধর্ম বিশিষ্ট হইত, তবে তাহার ভিতরের হুরে পরিবর্তনের মাত্রা কমিয়া যাইত, এবং সঙ্গে ভূমিকম্পত হ্রাস পাইত।

এখন ভূকত্প পীড়িত দেশ সমূহে গৃহনির্মাণ কিরূপে সম্ভবপর হইয়া তাহাই আলোচনা করা হইবে। জাপান, ইটালী, স্পেন ও দক্ষিণ আমেরিকায়ই ভূমিকস্পের প্রকোপ বেশী। জাপানে প্রায় প্রত্যহই ভূমিকস্প হইতেছে। উপযুক্ত গৃহনির্মাণে জাপান বহুকাল যাবত কৃতিত্ব দেখাইয়া আসিয়াছে। ভূমিকস্পে কোনও অট্টালিকা বিধবস্ত হইলে দেই ধ্বংসের মধ্যে একটা নিয়ম ও শৃঙ্খলা দেখা যায়।

্ষিকলা ও পৃষ্ঠ নির্মাণ বিশেষ প্রতিপ্রস্তাহ হয় ভাহাদের মধ্যে একটা সম্বন্ধ দেখা যায়; তবে এইরূপ সম্বন্ধ স্থান বিশেষের উপর নির্ভির করে। যে দিকে ভূমি কম্পিত হয় ভাহার সহিত সমান্তরাল দেওয়াল গুলির যেরূপ অনিষ্ট হয় অন্যগুলি সেরূপ হয় না। আর গৃহের যে সব দেওয়ালে দরজা জানালা থাকে সেগুলি অন্যান্ত দেওয়াল অপেকা হাল্কা। কাজেই কোনও স্থানে গৃহ নির্মাণের পূর্বের ভূমির কম্পন কোন্ দিক দিয়া বেশী হয় ভাহাই স্থির করিতে হইবে। ইহা যন্তের সাহায্যে নিরূপণ করা

যায়। তৎপরে গৃহনির্মাংশের সময় বন্ধ দেওয়ালগুলি সেইদিকে তুলিয়া দরজা জানালা-বিশিষ্ট দেওয়াল অক্যান্য দিকে জুড়িয়া দিতে হয়। দেওয়ালগুলি হাল্কা করিবার জন্ম যথাসাধ্য কঠি ব্যবহার করা হয়। ছাদ ও অন্যান্য ভাগ শক্ত অথচ হাল্কা করা আবশ্যক। আর গৃহের ভিত্তিও শক্তস্তরের উপর হইতে গড়িয়া তুলিতে হয়। এইরূপ নানা উপায় অবলম্বন করিয়া প্রকৃতির এই অনিয়মিত ও অবিশ্রান্ত অভ্যাচারের মধ্যেও মানুষের বদ্বাস সম্ভবপর হইয়াছে।

ভূমিকম্প সম্বন্ধে ভবিশুগুক্তি করিবার চেন্টা বহুকাল হইতেই পণ্ডিতদিনের মধ্যে চলিয়া আসিতেছে।
ইহাতেই ভূকম্পবিদের পরীক্ষা, ইহাতেই ভাহার চরম সার্থকভা। কিন্তু এপর্যান্ত স্থান ও সময় নির্দেশ
করিয়া ভূমিকম্প সম্বন্ধে কোনরূপ ভবিশুদ্বাণী করা সম্ভবপর হয় নাই, ভবে অভিজ্ঞ ব্যক্তিগণ নানা
ক্রার নৈস্গিক পরিবর্ত্তন হইতে এসম্বন্ধে অনেকটা পূর্ববাভাস দিতে পারেন। তাঁহারা ভূমিকম্পের পূর্বে
বায়ুমণ্ডলে নানারূপ পরিবর্ত্তন লক্ষ্য করেন। আর সেই সময় বারণার জলের রং, স্থাদ
ভ্ষিকম্প স্বন্ধে ও উত্তাপেরও কিছু কিছু পরিবর্ত্তন ঘটে। অনেক সময় মাটার নীচেও নানারূপ শব্দ
ভবিষ্থান্তি শোনা যায়।

পশুপক্ষীর মধ্যে এ বিষয়ে অন্তুত ধারণাশক্তি দেখা যায়। কারাকাসের আদিম অধিবাসীরা এক প্রকার অন্তুত চতুষ্পদ জন্ত পালন করে। সেখানে ভূমিকম্প প্রায়ই হইরা থাকে। এবং অধিবাসীরা সেই সব জন্তুর অন্তিরতা লক্ষ্য করিয়া ভূমিকম্পের পূর্ববাভাস পাইয়া থাকে; অনেক সময় উহারা ঘরবাড়ী ছাড়িয়া পলায়ন করিতেও বাধ্য হয়।

ভূমিকম্পের পূর্বের সামৃত্রিক পক্ষী বাঁকে বাঁকে ভীরের দিকে আসিতে থাকে। প্রবল্প কম্পনেশ্ব
পূর্বের ভূমির যে মৃত্র স্পাদন হয় উহারা ভাহাই টের পায়। এইরূপ মৃত্র কম্পন যন্ত্রের সাহায্যেও ধরা
পড়ে। এই সকল উপায়েই অল্লকণ পূর্বের ভূমিকম্পের সম্ভাবনা নির্দ্ধেশ করা যায়। এবিষয়ে আরও
অনেক গবেষণা হইভেছে; তবে সেগুলি এখনও বিজ্ঞানাগারের গণ্ডী হইতে আমাদের ব্যবহারিক জীবনে
আসিতে পারে নাই।

### প্রতিদান

শ্রিপ্রতাপচন্দ্র গুহ বি, এস্, সি ]
ভাষর বলে, "গোলাপ বঁধু, পান করে যাই যত মধু
দেই না ত তার কোনই প্রতিদান!"
গোলাপ বলে "ভ্রমর ভাই, এর চেয়ে আর বেশী না চাই,
—বঁধুর সনে মধুর আলিজন।"

#### কাকাবাজার ভ্রমণ।

গিরি-তনয়ার স্মৃতিশক্তি যদি বিশ্ববিত্যালয়ের ছাত্রদের চেয়ে অধিক স্থায়া হোতো, অথবা শিবঠাকুর যদি অধ্যাপকদের মত বৎসরের পর বৎসর কৈলাস পর্বতের চূড়ায় বসে সৃষ্টির গোড়া থেকে আরম্ভ করে, সত্যাদি চূর্যুণের মধ্য দিয়ে প্রলয় পর্যান্ত সমস্ত বিবরণ আবার নৃতন করে বল্তে গররাজি হতেন; তা'হলে শিব-শিবানীয় দাম্পত্য জীবনে কোন গোলযোগ উপস্থিত হোতো কিনা, সে বিষয়ে মতদ্বৈধ আছে, কিন্তু আমাদের পাড়ার বধির গণক ঠাকুরের জীবন যাত্রা যে বিশেষভাবে কটকর হয়ে উঠ্তো, তাতে কেউ সন্দেহ করেন না। বৎসবের গোড়াতেই প্রবণ-থর্ম এই বৃদ্ধ ব্যান্ধণ প্রাড়ায় হরপার্বতীয় দাম্পত্যালাপ প্রসঙ্গে সংবৎসবের যে কলাকল বিবৃত করেন এবং প্রত্যেক মাসের আদিতে আবার তাকে চন্দ্রতারাদির শুদ্ধাশুদ্ধি সমেত যে রকম নৃতন করে ঝালিয়ে আসেন, তাতে কেউ বিশাস করুক আর নাই করুক, কতকটা কথকতার গুণে এয়ং কডকটা ছঃম্বের প্রতি অমুকম্পা প্রযুক্ত সকলেই তাকে যা কিছু দানাকরে তাতেই কোনমতে তার চলে যায়।

এবারের ১লা বৈশাশ বৃদ্ধের কর্ণ কুহরে "মূলা ধন্য" "মূলা ধন্ন" বলে মৃত্যুত চীৎকারের পর আমার প্রশের প্রতি সচেতন হয়ে যধন তিনি প্রাহ বিশেষের ত্রিপাদ, অর্দ্ধপাদ প্রভৃতি নানান ভগ্নাংশিক দৃষ্টির কলে আমার সম্প্রযাত্রা যোগ ঘোষণা কল্লেন, যৌবন-স্থলভ মনের উড়ো স্বভাব বশতঃ সমুদ্রযাত্রাকে বিলাত্যাত্রার সলে ভুল করে, বরাবরের মতই বৃত্যোর কথা হাসিয়ে উড়িয়ে দিয়েছিলাম। কিন্তু ঘটনাচত্রে কাক্সবাজার যাওয়ার কথা উঠলে, "মধ্বা ভাবাৎ গুড়ং" এর মতই এই বিতীয় পত্মার ব্যবস্থা দেখে নিয়তির অপ্রিজ্ঞেয় রহস্তের প্রতি বিস্ময় প্রকাশ না করে থাক্তে পাল্লাম না। আমার কাক্সবাজার জমণের সলে এই বৃদ্ধ ত্রাক্ষণের কথা পাঠকের কাছে যতই অপ্রাসন্ধিক মনে হউক না কেন, বৃদ্ধের ভবিষারাণীর সলে আমার সমুদ্রযাত্রার এম্নি মানসিক যোগ হয়ে গেছে, যে আমি উভয়কে বিচ্ছিন্ন করে দেখতে পারি না। সে জন্ম পাঠকের কাছে ক্ষমা প্রার্থনা করাই প্রশস্ত মনে করি।

তরা জাতুরারী কার্রবাজার যাত্রা করি। সঙ্গী হলেন মথুর বাবু। বয়ন তার ত্রিশের উপরেও হ'তে পারে; আর তাঁকে শুধু লোলচর্দ্ম স্থুন দেহ বল্লে অদ্ধাক্তি দোষ হয়; কারণ শরীরাত্রযায়ী সভাবটাও তার অনেকটা স্থিতিশীল। যাই হোক্, 'বাসনের' এই সাথীটিকে বয়স এবং আকৃতি প্রকৃতির প্রভৃত বৈষমা সত্ত্বে শাত্রমতে যথন বন্ধুতে বরণ করে নিলাম, তিনি শরীর-গোলার্দ্ধময় হাদি ছড়িয়ে, ঘাড়ার বুণা চেন্টা করে বিনয় সহকারে সে বন্ধুত স্থীকার করে নিলেন।

রেল গাড়ীতে আমাদের চট্টগ্রাম যেতে হয়েছিল; সেখান খেকে ষ্টীমারে কাক্সবাজার গিয়েছি।
চট্টগ্রাম পর্য্যন্ত গাড়ীতে আমারই প্রস্তাব মত তৃতীয় শ্রেণীর টিকিট করা গেল। তরুণ বন্ধুত্বের
অনংলগ্নতাটা যাত্রাতেই প্রকাশ হয়ে পড়বে ভরে যদিও বন্ধু তাতে কোন আপত্তি কর্লেন না, তথাপি

আসর ভিড়ের চিন্তায় মনে মনে একটু অপ্রসন্ন হয়ে গিয়েছিলেন;—তা আমার টের পেতে দেরী হয়নি! গাড়ী ফেশনে চুক্তেই দেখি তুদিকে মালগাড়ীর মধ্যে একখানা তৃতীয় শ্রেণীর গাড়ী রয়েছে; কেউ তাতে উঠ্ছেনা। বন্ধুর অঙ্গুলি নির্দ্দেশক্রমে বাক্স পেটেরা নিয়ে সেখানে উঠে পড়্লাম। সেই অপ্রত্যাশিত অংশে আর কেউ ভিড্লেনা।

মিনিট কয়েক হাঁপিয়ে যখন বন্ধুর এই উত্থান-শ্রমের লাঘব হোলো তখন গাড়ীও ছেড়ে দিয়েছে। আমানের তুলনায় অক্যান্স তৃতীয় শ্রেণীর যাত্রীরা বুদ্ধিতে কত খাট সেই প্রাসক্ষ নিয়ে বন্ধু আলাণ স্কুরু কল্লেন, আর আমিও "মনসাবাচা" তার কথার সায় দেইনি বল্লে সভ্যের অপলাপ হয়, বন্ধু আমার বেছায় আলাপী লোক, যদিও প্রত্যেক ভূতীয় শব্দের পর তাঁকে একবার দম নিতে হয়, আর দৈবতুর্য্যোগে যদি কোন হাসিব বিষয় উঠে ত কথাই নেই; তাঁর হাসির নমুনা দেখে দয়ালু লোকের কালা পাবার উপক্রম। আমি ভাব্ছিলাম, যদি বস্ধুটির সঙ্গে শারীর সম্বন্ধে "দদাতি প্রতিগৃহ্যাতি" চলতে৷ ভা'হলে আমাদের কারুই কাক্সবাজার যাওয়ার দরকার হোভোনা। বিশ্বকর্মা যদি হাঁড় মাংস বিভরণে বন্ধুর প্রতি পক্ষপ।তিত্ব আর আমার প্রতি কার্পণ্য মা কর্তেন ভাহ'লে ভাঁর মালমসল্লাও গড়ে সমান থাক*ে*ডা, অথচ উভয়েই অনেক হুর্ভোগ থেকে েঁচে যেতাম। বিশ্বকর্মার এই নির্বেগধ পক্ষপাতিকের ভুলেই যে আমাদের অশেষ কম্ট পেতে হচ্ছে, তা ভাব্তে ভাব্তে উত্তরোত্তর তাঁর প্রতি রুফ্ট হয়ে উঠ্ছি, এমন সময় সীতাকুও এসে গাড়ী থাম্লো। একজন টিকিট কালেক্টার এদে জানিয়ে গেলেন, যে আমাদের ঐ গাড়ীতে উঠা ভুল হয়েছে, কারণ দেটা দেখানেই রেখে যাওয়া হবে। শুনে আমার রাগ পড়ে গেল, আর ব্সুটি যে বিপন্নভাব দেখালেন, তাতে হাসি চেপে রাখা দায় হোভো; তবু নূতন বন্ধুবের প্রতি অগ্যান হয় ভয়ে, হাসি দমন কর্তে যে কস্রং কতে হয়েছিল, তাতেই হয়ত স্বাস্থ্যে ছিল প্রথম অধ্যায় আরম্ভ হয়ে গেছে। যাইহোক, এই ঘোর বিপদে আমি তাকে আশাস দেবার চেন্টা কল্লাম, কিন্তু যতক্ষণ পর্য্যন্ত না টানা হেছ্ড়া ক্রে কোন রক্মে মালপত্র ও বন্ধু সমেত গাড়ী বদল করতে সমর্থ হলাম ততক্ষণ তিনি কোন ভাবান্তর প্রকাশ কল্লেন না। বন্ধু বড় হিসাবী লোক, কোন জিনিসই বাইরে রাখেন নি। ষটী গামছা থেকে আরম্ভ করে লেপটি পর্যান্ত ভিতরে পুরে তিনটি বড় বড় ট্রাক্ষ সঙ্গে নিয়েছেন। আমার একটি বেতের বাক্স আর বিছানা ছাড়া কিছু ছিল না। গাড়ী ছেড়ে দিলে উত্তীর্ণ বিপদের কথা স্মরণ করে বন্ধু কি ভাবে অদৃষ্ঠ দেবতাকে নিন্দাবাদ এবং ভগবানকে ধক্তবাদ দিয়েছিলেন, সে সব বিস্তৃত করে বলে পাঠককে চট্টগ্রামের পথে অটিক করে রাখাটা স্থায়সঙ্গত হবে না। এটুকু বল্লেই ষথেষ্ট হবে যে সে দিন বন্ধুর পরিচিত এক গোমোস্তার আশ্রয়ে টানের ঘরে এক শয্যায় তুই বন্ধু রাত্রি যাপন করেছিলাম। রাভ অকালে বৃষ্টি নাম্লো ; কিন্তু গর্জন ছাড়া বর্ষণ শোভা পায় না ; তাই বন্ধু ক্যল্লকণের মধ্যেই একমনে নাসিকা-নিনাদ স্থুক্ত করে বলা বাস্থল্য দে রাভ খুমের বৃথা চেষ্টা করে দার্শনিক চিস্তায় কাটিয়ে দিয়েছি।

সকালবেলাই স্থীমার ছাড়াবে। গোমোস্থা গাড়ী ডাকিয়ে আমাদের স্থীমার ঘাটে রওনা করিয়ে দিলেন। গাড়োয়ানকে ''টেনা-মার্চ্চেণ্টের" ঘাটে যেতে উপদেশ দিয়ে দিলেন। ''মার্চ্চেণ্ট' কথাটি যেমন বুঝেছিলাম "টেনা" কথাটিও যদি তেম্নি বুঝে ষেভাম, তাহ'লে "টেনা-মার্চেন্টের" রহস্তোদ্ধার হয়ত আর ইহকালে হোতোনা। কিন্তু "অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ" এই নীতিবাক্য লজ্জন করেও ধখন লোভী-মন সমস্ত তথ্য জান্তে উৎস্থক হয়ে উঠলো, তখন "টেনা" ও "মার্চেন্ট" ছুটুকেই হারিয়ে ফেল্লাম। টিকিট বাবুর কাছে জান্তে পেলাম Turner-Morrison কোম্পানীর প্রীমার তাদের ঘাট থেকেই ছাড়বে।

টিকিট করে প্রীমার উঠতে যাবো, কুলী আমার বেতের বাল্প ও বিছানা রেখে এসেছে; বলু মহাশয়ের টাল্প নিয়ে চলেছে; এমন সময়ে আর এক ত্র্যোগ উপস্থিত হোলো। চেকার বাবু বিছানা ছাড়া আর কিছু বিনা ভাড়ায় নিতে দিবেন না। একটা ট্রাঙ্কে যে কেবল মাত্র বিছানাই আছে তা খুলে দেখাবার অঙ্গীকার করেও যথন বল্প দেটির ভাড়াও মাপ পেলেন না, তথন "যথালাভ" এই মনে করে তিনি ট্রাঙ্কের ভেতর থেকে বিছ'না পত্র দব বার করে দিনের আলোতে ধরলেন, অন্তর্গু যাতে তার ওল্পন মাশুল থেকে বাদ পড়ে। কিন্তু ট্রাঙ্ক তিনটি ওল্পন না করে লাগেলবারু যথন তার দৈর্ঘ্য প্রস্থ মেপে খালী ট্রাঙ্কটীরই বেশী ভাড়া বিসিয়ে দিলেন, তথন মাশুল ধার্য্যের এই অভিনব কৌশলে প্রমাদ গ'লে একদিকে যেমন বিস্ময় বিরক্তিতে মন ভরে গেল, অক্সদিকে তেমনি যাত্রার অশুভতার বিষয়ে বলুবরের সমস্ত সন্দেহ অন্তর্হিত হোয়ে গেল। যাই হোক্ এত গোলযোগের পর প্রীমারে ভাল জারগা দখলের ত্রাশা ছেড়েই দিলাম। তবু বলুর শরীর রক্ষার স্থানটি হওয়ায় উভয়েই তৃপ্তি বোধ কল্লাম।

তথন মেঘ কেটে রোদ উঠেছে। কর্ণকুলী নদী বেয়ে খানিক এগিয়ে নীলা (Nilla) স্থীমারটী নাল সমুদ্রে এনে পড়লো। প্রথম কিনারা দিয়েই চলেছিল; কিন্তু কুত্বদিয়ার কাছে এনে উন্মুক্ত সাগরে পড়া গেল। উপরে নাল আকাশ, নীচে হিল্লোল-বিলোলিত নীল সমুদ্র; আর তারই মাঝে আমাদের কুদ্রা "নীলা" নেচে নেচে ছুটেছে। আকাশের দুরে দূরে গুলকখানি মেঘের ভেলা" ভেদে চলেছিল, নীচে বঙ্গোপ-সাগরের বক্ষে তারই প্রতিবিম্বের মত দূরে দূরে তু একখানি নৌকা শাদা পাল বেয়ে চলেছিল; আর তেউ বেখানে শত শত শাদা কুল হয়ে কুট্ছিল, তারই খানিক উপরে শাদা শাদা চিল শিকারের চেন্টায় উড়ে বেড়াচ্ছিল। এ ছাড়া সে বিয়াট সৌন্দর্য্যে আর কোন বৈচিত্র্য ছিল না। বেলা যখন পড়ে এসেছে দূরে কাজবাজারের সমুদ্র-বিধীত ছোট ছোট পাহাড়গুলি শীতের জলে কুয়াসার মত দেখাচ্ছিল। সমুদ্র থেকে উঠেছে মাটার পাহাড়; তারপর মেঘের পাহাড়; কোথায় কোন্টির সীমানা সন্ধ্যার ধূদরালোকে তা ধর্বার লোছিল না। সে দিন সন্ধ্যায় স্থীমার থেকে নেমে "গাম্পান" নৌকায় কাজবাজার এসে পৌছলাম।

যা বল্বার ভূমিকাই এতটা হয়ে গেল, পাঠক যদি এতক্ষণে তার মধ্যে কোন সরস গল্পের প্রত্যাণী হয়ে থাকেন তবে Wordsworth এর Simon Leeর মত ভাবপ্রাণ পাঠকের যাড়েই গল্প রচনার ভার চাপিয়ে কাক্সবাজার সম্বন্ধে অল্প পরিচয়ের এলোমেলো তু'একটা বথা বল্তে পারি।

এই এতিহাসিক গবেষণার দিনে কাক্সবাজার নামটির ব্যুৎপত্তি বা উৎপত্তি সম্বন্ধে কৌতৃহল হওয়াটা কেবল যে মার্জ্জনীয় তা নয়; পাণ্ডিত্যেরও পরিচায়ক বটে। স্ত্রাং আদিতে সে কথাটাই বলা দরকার। ইংরেজ অধিকারের প্রথম অবস্থায় এ জায়গায় পর্তুগীজ ও আরাকানী দহ্যদের ভয়ানক অত্যাচার ছিল। Captain Cox নামে জনৈক ইংরেজ সেনা-নায়ক স্থানীয় মগদের যুদ্ধবিতা শিখিয়ে তাদের সাহায্যে দম্য দমন করেছিলেন বলে এজায়গাটীর নাম Cox's Bazar হয়েছে। বাংলা কাক্সবাজার ''সেক্ষপীরেরই" মত সরল অনুবাদ মাত্র।

কার্মবাজার সহর্টা কতকটা উপদ্বীপের মত সমুদ্রের দিকে ঝুঁকে পড়েছে; স্থুতরাং প্রায় তিন দিকেই এর জল। উত্তরে ৫।৬ মাইল দূরে আদিনাথ দ্বীপ, হিন্দুদের তীর্থহান। পশ্চিমদিকে দিগতাবিস্তৃত উন্মুক্ত বঙ্গোপসাগর। এদিকে স্বাস্থ্যাবাদের জক্ত ধনী লোকেরা সমুদ্রের পাড়েই বাংলোনামধারী কতকগুলি বাড়ী করে রেখেছেন। তারই একটাতে আমরা তুইবন্ধু আশ্রের নিয়েছিলাম। এ সকল বাড়ী আর সমুদ্রের মধ্যে বালুর চর ব্যাতীত কোন ব্যবধান নেই। এখানে জীবন্যাতা একটা অবিশ্রাম চুটীর পালা। দিনরাত ছ হ বাতাস, সোঁ সেন্দ্রের ডাক ঘুমপাড়ানী ছড়ার মতই ঘুম এনে দেয়।

প্রথমদিন সমুদ্রের পাড়ে বেড়াতে গিয়ে বড়ই নিরাশ হ'য়ে ফিরে এসেছিলাম। বইতে পড়েছি
সমুদ্র অসীম; মানচিত্রে দেখেছি সমুদ্র বিশাল; কিন্তু চোখে দেখতে গিয়ে মনে ছোলো—এইতো, কত আর
দূর হবে, যেখানে আকাশ এসে সমুদ্রে নেমে পড়েছে। তার পর আর কিছুইত দেখা যায় না। সমুদ্রের
পাড়ে দাঁড়িয়েও তার অসীমতা প্রত্যক্ষ কর্তে না পেরে বড় কফ হয়েছিল মনে। এতাে প্রীমারটি দূর
সীমান্তে অদৃশ্য হয়ে গেল। কল্পনা তার পেছন পেছন ছুটে চলেছে; দৃপ্তি বদ্ধ রয়েছে আমারই কাছে।
মোটেই খুসী লাগ্লো না। সেদিন সমুদ্র ছিল বড় শান্ত; তার বিশালতায় কোন বৈচিত্রা ছিল না। শৃষ্ঠ
জলরানির দিকে চেয়ে চেয়ে মন কোথাও তিন্তিবার ঠাই পাচ্ছিল না; তাই হাঁপিয়ে উঠেছিলাম।

কিন্তু পূর্ণিমার কাছ।কাছি আর একদিন যা দেখেছি সে অন্তর্ত্তম দৃশ্য। সকাল বেলা বিলম্থিত বেলা ভূমির উপর দিয়ে দক্ষিণ মুখে চলেছি! বাম পাশে ছোট ছোট পাহাড়ের শ্রেণী; ভান পাশে বঙ্গোপ্সাগর। উপরে দেবলোকের চাষারা মেঘের মাঠে সবেমাত্র প্রথম চাষ্ব দিয়েছে। তার ভেতর দিয়ে শত বিচ্ছিন্ন সূর্য্যালোক এসে পড়েছে পাহাড়ের গায়, আর সমুদ্রের বুকে। সবটায় মিলে কি যেন একটা স্থপরাজ্যের স্থি হয়েছে। সে রাজ্যে এক্লা আমি প্রেভাত্মার মত দিক্বিদিকে ঘুরে বেড়াছিছ। ভূল হয়ে যায় একি বাস্তব ঘটনা, না একটা স্বপ্লের ছবি।

দেদিন সমৃদ্রের বড় উল্লাস। পাগ্লা ভোলার মত তাগুর নৃত্যে মেতেছে সে। তেউরের পর তেউ উদ্মন্ত বেগে ছুটে আন্চে লাফিয়ে লাফিয়ে hurdle race খেলার মত। সমৃদ্রের সহস্র সহস্র তেউ অসংখ্য শাদা ফুল হয়ে বেলা ভূমিতে লুটিয়ে পড়ছে। এতো ভক্তির অর্থ্য নয়! এ যেন যোদ্ধার অভিবাদন। অর্জ্জন যেমন দ্রোণাচার্ষ্যের পায়ে বাণ মেরে গুরুদেবকে বন্দনা করেছিলেন। মৃত্যুবর্ষী সে বন্দনার সঙ্গে এ বন্দনার বৃদ্ধি মিল আছে। সমৃদ্র আজ সমর-চঞ্চল। স্থলদেব কিন্তু স্থির হয়েই আছেন; চিরন্তন সমরে কোন উৎকেগা নেই। শাস্ত্রে জলকেই আদিম স্থিপ্তি বলা হয়; কিন্তু দেখ্তে তা মনে হয়না। এই অন্তহীন ঘন্দযুক্তে জলদেব ক্বেই এসে পাহাড়ের তাঁবু দিয়ে সীমান্ত ঘিরে বসে আছেন তার ঠিকানা নেই। সমৃদ্র তার পর কড় চেন্টা কচ্ছে; উদ্ভেক্তনার আতিশয়ে প্রতিনিয়ত বিক্ষারিত হয়ে উঠ্ছে; তরু

জারের নামটি নেই। যদিবা শত ঘাতপ্রতিঘাতে একটু জারগা দখল করে নেয়, স্থাদেব স্থাত্ত্ব চালে আর এক জারগার খানিকটা এগিরে পড়েন। সমুজের ভগ্নদূত পরাজয় বার্ত্তা নিয়ে ফিরে যায়। দিনের পর দিন চলেছে দে যুদ্ধ; প্রান্তি নেই, বিরাম নেই। শনিরপেক্ষ দর্শকের পক্ষে দৃশ্যটি মন্দই বা কি ?—এরকম নানা দৃশ্যই দেখা যায় এখানে। পুরীতে যেমন স্র্য্যাদেরের দৃশ্যটি বজুই মনোরম, এখানেও তেমনি স্র্যান্তের দৃশ্য খুব স্থানর। "সোণার কলসী" হয়ে কি করে স্র্যা অস্ত যায়, তা বাস্তবিকই দেখ্বার জিনিস।

সমৃদ্রের হাওয়া খুব স্বাস্থ্যকর। চেউগুলি যেখানে এসে ভেঙ্গে পড়ে সেখানে নাকি প্রচণ্ড আঘাতে জল decomposed হয়ে ozone তৈরী হয়, যা মানুষের পক্ষে পুব উপকারী। কাজেই স্বাস্থ্যান্থেষী সোকদের ঢেউয়ের কাছে কাছে ভিজে বালুতে খালি পায়ে বেড়াতে হয়। আমরা গুই বন্ধু যখন সমুদ্রের পাড়ে হেটে বেড়াই তখন আমার ধরগোস ও কচ্ছপের গল্প মনে পড়ে যায়। কুর্মগতির নিবন্ধন বন্ধু আমার চেয়ে যেটুকু কম হাটেন, নানা রং বেরজের শব্ধ, কড়ি ও ঝিসুক কুড়িয়ে আবার তার ক্ষতিপুরণ করে লন: এসমস্ত সামুদ্রিক জিনিসের নানা রকম অদ্ভুত গঠন ও বর্ণসমাবেশ দেখ্লে হঠাৎ নাস্তিকের মনোরাজ্যে একটা বিজ্ঞোহ সঞ্চারের সম্ভাবনা হয়ে উঠে। দৈনন্দিন অভিভন্ততার মধ্যে যে সব দৃশ্য দেখি আমরা — তা দবই আশ্চর্য্যজনক সন্দেহ নেই; কিন্তু নিত্য পরিচয়ের দোষে বা গুণে তাদের অন্তুত সৃষ্টি-কৌশল আমাদের চোখে পড়ে না। তাই চারদিকে যা দেখ্ছি, তা কোন স্রফীর অপেকা না রেখে আপ্না আপ্নি গড়ে উঠেছে—একথা বল্ভে প্রাণে কোন বাধা ঠেকেনা। কিন্তু এখানে এসে হঠাৎ এতগুলি অপনিচিত কারুকার্য্যের সঙ্গে মুখোমুখী হয়ে, স্প্রির স্বতঃজনন মতের উপর আহা রাখা তুক্তর হয়ে পড়ে। মন যেন অকারণেই কোন অজ্ঞাত শিল্পীর সন্ধানে বেরিয়ে পড়তে চায়। আর মনে হয়, মানুষ এখনো এমন কিছু গড়ে উঠ্তে পারেনি, যা স্প্রিতে আগেই ছিল না। মানুষের আঁকা অনেক চিত্র দেখে মনে হতে পারে, এ কেবল মাত্র কল্পনা-প্রস্ত। কিন্তু ঝিতুক আর কড়ির গায়ে নানা রকম চিত্র-কৌশল দেখে সে বিশাস চলে যায়। এ যে মানুষের আঁকা চিত্রেরই অনুরূপ, আর এর রক্ষেরও ত কোন ইয়তা নেই। কত লোক কত কুড়িয়ে নিচ্ছে, তবু ফুরায় না। সমুদ্রকে রত্নাকর বলা হয় যথার্থই।

সমুদ্র-স্নান এখানে বড়ই আনোদ-জনক, যদি না হাল্পর বা কুমীর এসে হঠাৎ অতর্কিতে গলাধঃ-করণ করে বদে। কুমীর এখানে খুবই কম তবে হাঙ্গরের ভয় নাকি কিছু বেশী। এইতো সেদিন আমরা ১০।১২ জন মিলে স্থান করছি হঠাৎ ছটো বড় বড় কি মাছ তেড়ে এসেছে আমাদের। কোন রকমে প্রাণ বাঁচিয়ে উপরে উঠেছি, কিন্তু একটা মাছ এত জোরে এসেছিল যে বালুর চরে তার মাথা ঠেকে গিয়েছে। যে চেউয়ের সাথে সে এসেছিল সেইটী যখন নেমে গেল তখন অল্ল জলে মাছটি হুড়ো-হুড়ি কচ্ছে। আর এক চেউ এলেই হয়ত চলে যেতে পার্তো কিন্তু ঘটোৎকচ যেমন সাত অক্ষেহিণী সৈত্য নিয়ে পড়েছিল, বন্ধুমশার তেমনি মাছটার উপর চেপে পড়্লেন। "তুল্যং তুলেন"—বালী স্থ্রীবের খানিক মল হোলো; আমরাও সিয়ে ধরলাম। আর কোখায় যায়। লক্ষার দশ সহস্র রাক্ষ্যের হাতে বাঁধা

পড়ে মহাবীর পবন-নন্দনের যে দশা হয়েছিল, আমাদের দশ বীরের হাতে মাছটীরও সে দশাই হোলো। সবাই মিলে টানাটানি করে মাছটাকে ডাঙ্গায় তুলে ফেল্লাম। বন্ধুর সঙ্গে তুলনামূলক ওজনে এই হনুমানামুক্ত দিগুণের বেশী না হইলেও লেখকের যে চতুগুঁণ ছিল সে বিষয়ে কোনই ভুল নেই।

জোরারের সময় যথনই চেউয়ের জোর বেশী থাকে তখন এসব মাছ কাছে আসে না। কাজেই এ সময়ই স্নানের জন্ম প্রশস্ত। চেউয়ের পর চেউ উচু হয়ে আস্ছে, বাস্, কাপড় কসে তার সঙ্গে লড়াইতে নেমে যাও। কোমর জল পর্যান্ত লাফিয়ে লাফিয়ে চেউগুলি পার হয়ে যাওয়া যায়, শেষে আর পারা যায় না। তখন পিঠ পেতে দাও; চেউটা মাথার উপর দিয়ে চলে গেল, আবার তুমি কোমর জলেই আছ। এরক্ম চেউয়ের পর চেউ এসে ভোমাকে স্নান করিয়ে দিছে। বেশ মজা। জাের করে থাক্তে হয় না; হইলে অর্জান্তেমে ডাঙ্গায় উঠিয়ে ফেল্বার উপক্রম। স্নানের সময় বস্কুর কাছে আমার হার মান্তে হয়। ভিনি মৈনাক পর্বত্বের মত পড়ে থাকেন; চেউয়ের পর চেউ এসে আঘাত করে ফিরে যাচেছ; ক্রান্সেপ মাত্র নাই। আর আমি চার পাঁচটা চেউ খেয়েই কড়ি শন্থের মত কিনারায় এসে পড়ি।

সমুদ্রের কথা হয়ত আর বেশী বলা নিপ্পয়োজন; সহর সম্বন্ধে তু'একটা কথা বলা যেতে পারে। কাল্পবাজার একটি সাবডিভিশন একথা সকলেই জানেন হতরাং সাবডিভিশনে সাধারণতঃ যা যা থাকে—আদালত, কৌজদারী, পোষ্ট ও টেলিগ্রাম আফিস, ডাক্তারখানা, ফুল, সাবরেজেট্ররী আফিস, বাজার ইত্যাদি এখানেও সবই আছে। সহরটি পাহাড়ের ধারে, সেজ্বন্ত জায়গাটি উচু নীচু ও ঘরবাড়ী সব এলোমেলো। অধিবাসীদের মধ্যে মগের সংখ্যাই বেশী, মুসলমানও আছে, আর হিন্দু নিভান্ত মুষ্টিমেয়।

শগদের বিষয় ছু'একটি কথা হয়ত বলা দরকার। এরা বৌদ্ধধর্মাবলম্বী মঙ্গোলিয়ান শ্রেণীর লোক, স্তরাং চেহারা ও বং ঠিক মঙ্গোলিয়ান ধরণের। অনেকেই গরীব, কাজেই কুঁড়েয়রে থাকে, আর যাল অপেক্ষাকৃত ধনী ভারা কাঠের ঘরে থাকে। কিন্তু কুঁড়েই হোক্ আর কাঠের ঘরই হোক এরা কোনদিনই মাটার ভিটির উপর ঘর করে না। খুটির সঙ্গে যোগ করে মাটা থেকে ৪৫ হাত উপরে অবস্থাসুসারে বাঁশের কি কাঠের মেজে করে নেয় এবং তার উপর ঘর তৈরী করে। জানালার জঞ্জাল এদের ঘরে নেই বল্লেই চলে।

এদের মধ্যে দ্রী-অবরোধ প্রথা নেই, বরং তারাই কাঠ কাটা প্রভৃতি বাইরের শ্রামাধ্য কাঞ্চ বেশীর ভাগ করে থাকে। কাজেই তাদের স্বাস্থ্যও অতি স্থলর। পুরুষেরা অধিকাংশ সময়ই বাবুগিরি করে এদিক ওদিক ঘুরে বেড়ায়। মেয়েরা সর্ববদাই কাঞ্চ করে। কোন জায়গা জমি নেই এদের—কৃষিরও ধার ধারে না। সিল্ফের লুক্তি বয়নই এদের প্রধান ব্যবসা, এবং মেয়েরাই রাতদিন পরিশ্রাম করে সে ব্যবসাটাকে সজীব রাখ্ছে। প্রত্যেক ঘরেই ২০ খানা তাঁত আছে। ভারি স্থলের লুক্তি করে এরা আর দামও তেম্নি বেশী। এক একখানা ৫ টাকা থেকে আরম্ভ করে ৪০ ।৫০ টাকাও বিক্রি হয়। পুরুষেরা নাকি অনেকেই বিদেশে বাণিজ্য ব্যবসায় নিয়ে থাকে, তাই বাড়ী এলে নিশ্চিন্ত আরামে বাবুগিরি করে বেড়ায়। খাতাখাতের বিচার এদের বিশেষ নেই, এবং শারীরিক পরিচছন্নতা বিষয়েও নাকি খুব

উদাদীন। তবে গায়ের রং স্থন্দর বলে তা ধরা পড়ে না। স্ত্রী পুরুষ বালক বৃদ্ধ সকলের মুথেই সর্ববদা একটা মোটা চুরট বা পাইপ লেগে আছে। পাশ্চাত্য সভ্যতার ভার এখনো এদের ছাতীয় জীবনের সজীবতাকে পিষে কেল্তে পারেনি। চলা ফেরা সাজ সজ্জা এবং উৎসবাদিতেই তা বেশ বোঝা যায়। উজ্জ্বল রং এবং ফুলের আদের এদের মধ্যে খুব বেশা। উৎসবের দিনে যখন মেয়েরা থোঁপায় ও চুলে ফুল পরে স্থন্দর ফুলের কান্দর এদের মধ্যে খুব বেশা। উৎসবের দিনে যখন মেয়েরা থোঁপায় ও চুলে ফুল পরে স্থন্দর ফুলের কান্দর প্রালা আর কার্ককার্য্য বিশিষ্ট পাখা হাতে নিয়ে সিল্লের নিশান আর নাধায় সিল্লের ওড়না উড়িয়ে দলে দলে ক্যাংঘরের দিকে শোভা যাত্রা করে যায় তখন দেখতে ঠিক বায়স্থোপের ছবির মতই মনে হয়়। ক্যাংঘর (Pagoda) গুলি বোদ্ধ উপাসনা-মন্দির। এখানে এ।৭টা ক্যাংঘর আছে। সবগুলিই কাঠের তৈরী। ব্রহ্মদেশীয় নির্দ্ধাণ-শিল্পীরা কাঠের উপর সব রক্ষ কায়্দ্রকার্য্য করে এসব ঘর তৈরী করে। প্রত্যেক ক্যাংঘরে ৪।৫টি কি ততোধিক খেতপ্রস্তর বা বিভিন্ন ধাতুনির্দ্ধিত বৃদ্ধ-মূর্ত্তি আছে। সেখানে নিত্য পূজা ও ভোগ হয়। ক্যাংঘরগুলি কতকটা প্রাচীন আশ্রমের মত। পুরোহিত তার শিল্প-মণ্ডলী নিয়ে ক্যাংঘরে বাস করেন, এবং পাঠাভ্যাস বা ধর্ম-চর্চ্চায় দিন যাপান করেন। পুরোহিতেরা চিরকুমার ব্রতাবলম্বী। স্থানীয় লোকেরাই এসমস্ত ক্যাংঘরের ব্যয়ভার বহন করে।

মগদের শাশান যাত্রা পর্যান্ত বলা হয়ে গেল, বোধ হয় তারপর আর কেউ জানতে চাইবে না, আর চাইলেও শাশানের পরপারের বিষয় লেখক উত্তর দিতে অক্ষম। মৃত্যু এদের মধ্যে বাস্তবিকই মহাযাত্রা। গুণ্ডশ ত্রা পুরুষ মিলে দিক্ষে ঘেরা রথে করে শব নিয়ে শাশানের দিকে শোভাষাত্রা করে যায়। সে দিন সবাই উৎসবের সাজে সেজে আসে। বাজী, বাজ, নিশান কিছুরই অভাব থাকে না। মৃতের জন্ম এরা খারাপ জিনিসটি বেছে দেয় না। আজীয় বন্ধুর চিতায় অনেক বহুমূল্য জিনিস ও স্থানর স্থানর ফলফুল উপহার দিয়ে আসে। এ সমস্ত জিনিস পুরোহিতের প্রাপ্য। সাধারণ লোকের সৎকারে ৪।৫শন্ড টাকা খরচ হয়, আর বিশিষ্ট পুরোহিত হলে ৪।৫ লক্ষও হতে পারে। লেখক ও পাঠকের তুর্ভাগ্য বা সৌভাগ্য বশতঃ আপাততঃ কোন পুরোহিতের মৃত্যু ঘটে নাই। স্থান্তরাং এইখানেই পালা শেষ করা যেতে পারে।

## আর্সি।

("শেওলা" ]

পূজার বাজার। বীরগাঁয়ের বাবু সহরে আসিয়াছেন। ছোট ছেলের জন্য জড়ির পোষাক কিনিতে হইবে; মাপ মিলিতেছিল না।

একটি অনাথ ছেলে তুয়ারে দাঁড়াইয়াছিল। বাবু তাহাকে কাছে তাকিলেন। দোকানী তাহার শরীরে পোষাকটা আটিয়া বাবুর দিকে চাহিল। আজন্ম তুঃখী বালক অ্যাচিত করুণায় আবিষ্ট হইয়া রহিল।

একটু পরেই দোকানী জামাটা খুলিয়া নিয়া ভাঁজ করিয়া বাবুর হাতে গুজিয়া দিল। ছেলেটা কিছু বুঝিতে পারিশ না—শুধু বেদনাতুর চোখ, ছু'টা জিজ্ঞাস্থভাবে বাবুটির পানে ভাকাইয়া রহিল।

#### পরপারে

কিঞ্চিদ্ধিক আটমাস কাল অতীত হইল দেশবন্ধু চিন্তবঞ্জন দাশ মহাশার দার্চ্ছিলিং এব "Step-Aside' ভবনে চিরনিপ্রায় নিজিত ইইয়াছেন। কিন্তু তাঁহার নক্ষর দেহ আন্ধ্র পঞ্জুতে বিলীন হইলেও সেই অক্লান্ত-কর্মী মুক্তি-সাধক স্বাধীনভার উদ্ধান আকাজ্জার বশবর্জী হইয়া ভারতের বর্জমান রাজনৈতিক কার্যধারা ও কর্ম্মাক্তিকে বিপুলভাবে বর্জিত করিয়া দিয়া যে কীর্জি ও প্রাণশক্তির উদ্বোধন করিয়া রাখিয়া গিয়াছেন, ভাহাতে তাঁহার পবিত্র শ্বতি আমাদের মনে ক্রমশঃ ক্লাণ না হইয়া বরং অধিকতর উজ্জল ইইয়াই উঠিতেছে। তাঁহার পবিত্র জীবনকথা ও কীর্ত্তিগাথা সারা বাংলা তথা সমগ্র ভারতের—এমনকি সমগ্র পৃথিবীর আকাশে বাতাসে বিলোঘিত ইইয়াছে। ক্রমভূমির স্বাধীনতার জন্ম কিন্তুপ উদ্ধান আকাজ্জা পোষণ করিছে হয় এবং কিভাবে দেশহিততরে ব্যথাসর্ক্ষর বিসর্জন করিয়া যোগী সন্ন্যাসীর বেশে দেশসেবায় আত্মনিয়োগ করিছে হয় তাঁহার জীবন হইতে সমস্ত পৃথিবী অবাক বিশ্বয়ে সেই শিক্ষাই লাভ করিয়াছে। দেশবন্ধু বলিয়াছিলেন,—
"জীবনের শেষ রক্তাবিন্দু পর্যান্ত তিনি স্বদেশের স্বাধীনভার জন্ম দান করিবেন।" তাই বুঝি অবশেষে
প্রাণদিয়া অক্ষরে অক্লরে তাঁহার সেই প্রতিজ্ঞা পালন করিলেন। ভারতবাসী কোনদিন তাঁহার শ্বতি বিশ্বত ইলেও বাঙ্গালী তাঁহাকে কথনও ভুলিতে পারিবেনা। আজিও বাংলার প্রতি পল্লী, প্রতি জনপদ "দেশবন্ধু"
নামে মুখরিত। আজিও বাঙ্গালী দেশবন্ধুর উল্লোধিত দেশান্ধবোধে জ্বাগরিত। ইহা হইতেই স্পান্ত প্রতীয়মান হয়, সেই স্বাধীনতাকামী বিরাটপুকুষ, বাংলার কে ছিলেন,— বাঙ্গালীর কি ছিলেন; এবং তাঁহার অকাল মৃত্যুতে বাংলা কি হারাইয়াছে—বাঙ্গলীই বা কি হারাইয়াছে।

চিত্ত প্রনের রাজনৈতিক জীবনের অত্যাচ আদর্শ, উন্নত চরিত্র, বিপুল দেশাত্মবোধ, অতুল হাহস, সমহান্ ব্যক্তিত, তুর্জন্ন করানা, নিংস্বার্থ ত্যাগ ও অতুলনীয় দানশীলতার কথা ছাড়িয়া দিয়া আজ আমরা একমাত্র বাংলার ছাত্রসমাজের সঙ্গে ভাঁহার কি মধুর সম্পর্ক ছিল, এবং তাঁহার জীবন হইতে ঘনিষ্ঠ-ভাবে ছাত্রসমাজ কি শিক্ষা লাভ করিয়াছে, অশেষ কৃতজ্ঞতার সহিত তাহারই যথকিঞ্চিৎ প্রকাশ করিব। যথাইই বাংলার ছাত্রসমাজ দেশবন্ধুর কাছে কত অপরিশোধনীয় ঋণে ঋণী তাহার ইয়ন্তা করা যায় না। বাংলার কত দরিত্র ছাত্র তাঁহার দান গ্রহণ করিয়া উচ্চশিক্ষিত ও জীবনে ক্রিপ্রভিতি হইয়াছে, কত হুংস্থ পরিবার কতভাবে তাঁহাদ্বারা উপকৃত হুইয়াছে কে তাহার সংখ্যা নির্ণয় করিবে ? বাংলার কত ছাত্র, কত যুবক কত সময় রাজরোথে অথবা হুষ্ট গ্রহকাঁদে পড়িয়া অন্ধকারাবাদ, অন্তর্নণ বা দ্বীপান্তরে পচিয়া পঁচিয়া অবশেষে অদিতীয় আইন—ব্যবসায়ী চিত্তরপ্রনের অশেষ চেফা ও অ্যাচিত করুণায় মুক্তিলাভ করিয়াছে। বাস্তবিক দেশবন্ধ্ বাংলার ছাত্রগণকে প্রাণাপেলা বেশী ভালবাসিতেন। তিনি বুঝিয়াছিলেন দেশের স্বাধীনতা ফিরাইয়া আনিতে হইলে দেশের ছাত্রগণই সৈনিকের কাজ করিবে। তাই তিনি দেশের ভবিশ্বৎ আশাভরসান্থল ছাত্র ও যুবকগণকে সঞ্চবন্ধ করিয়া উচ্চ আদর্শে অনুশ্রাণিত করিতে এবং তাহাদের সকলকে দেশাত্মবোধে উদ্বুক্ত করিতে প্রাণণৰ চেফা করিয়া বিয়াছেন। তাঁহার চেফায় ধ্বে তিনি সফল্কাম হইয়াছিলেন

তাহাতে আমাদের বিন্দুমাত্র সন্দেহ নাই। বাংলার ছাত্র ও যুধকসম্প্রদায়ের মধ্যে আজকান্স আমরা যে স্বদেশ-হিতৈষণা দেখিতে পাই, যে অনুপ্রেরণা আজ তাহাদিগকে তাহাদের জন্মগত অধিকার স্বাধীনতালাভে অনুপ্রাণিত করিতেছে, তাহার অক্সতম উৎস মেশবন্ধু দাশ ও তাঁহার দেশসেবার মহান্ আদর্শ।

যে বিরাট পুরুষের ব্যক্তিগত চরিত্রের অদৃশ্য প্রভাব কেবল বর্ত্তমান সময়ের নয় ভবিষ্যৎ দেশবাসিগণের মধ্যেও একটা বিশাল শক্তি ও সাহস সঞ্চারিত করিবে, এবং যে মহাপুরুষ আমাদের মাতৃভূমির
স্বাধীনতা প্রতিষ্ঠিত হইলে, অস্ততম প্রতিষ্ঠাতারূপে পূজিত হইবেন তাঁহার পুণ্যময় স্মৃতি আজ আময়া কেমনে
ভূলিব ? তাঁহার পবিত্র স্মৃতির সঙ্গে সাময়া যেন মনে রাখিতে পারি যে তাঁহার আহর্কার্য্য সুসম্পন্ন
করিতে পারিলেই আমাদের স্বারা তাঁহার স্মৃতির প্রকৃত তর্পণ করা হইবে, নচেৎ নয়।

আমরা সাহিত্যসেবী হইবার স্পর্দ্ধা না রাখিলেও 'মালঞ্চের' কবি চিত্তরপ্রনের সাহিত্যসেবার কথা একটিবার উল্লেখ না করিলে আমাদের কৃতজ্ঞতা প্রকাশ অসম্পূর্ণ থাকিয়া যাইবে। বাক্তবিক দেশবন্ধু যে কেবল তাঁহার পার্থিব ধনদৌলভ দেশসেবার বিলাইরা দিয়া ও সর্ববিশ্বে নিজের অমূল্য জীবন স্বাধীনতার যজ্ঞে আছতি দিয়াই অমর হইয়া রহিয়াছেন তাহা নহে; বলভাষার অপূর্ববস্তি তাঁহার "মালঞ্জ' ও "অন্তর্ধ্যামী" তাঁহাকে বলসাহিত্যেও অমর করিয়া রাখিবে।

\* \* \* \*

ভারতের ভাগ্য-বিধাতা ভারতকে কি কঠোর পরীক্ষার মধ্য দিয়া চালিত করিয়া কোণায় লইয়া চলিয়াছেন তাহা তিনিই জানেন। দেশবন্ধুর মৃত্যুর পরে তুইমাস অতীত হইতে না হইতেই ভারতের রাষ্ট্রগুক্ত দেশপুজ্য স্থাবেক আমাদের মধ্য হইতে কাড়িয়া না লইলে ভগবানের সৃষ্টি উল্টাইয়া যাইত কিনা জানিনা, কিন্তু একে একে লোকপ্রিয় দেশনায়কগণকে অপসারিত করিয়া ভারতকে এইভাবে নায়কশৃষ্য করায়, এইদেশের ভাগ্য ও আশা আকাজ্ঞা যে অনেকটা উল্টাইয়া গিয়াছে ভাহার আর সন্দেহ নাই।

জাবনের শেষ সাত-মাট বৎসর ভারতের জন-সাধারণের উপর স্বরেন্দ্রনাথের প্রভাব কমিয়া গিয়া থাকিলেও, একটা কথা আমাদের প্রভাক ভারতবাসীর কৃতজ্ঞতাপূর্ণ হৃদয়ে চিরদিন স্মরণ রাখিতে হইবে যে তিনিই সমগ্রদেশে জাতীরভার ভাব উবুদ্ধ না করিলে, জাতি-ধর্ম নির্বিশেষে সমুদয় ভারতীয়দিগকে একই মহাজাতি বলিয়া মনে করিয়া সকলের মধ্যে এক জাতীয়ভা প্রচার না করিলে, ক্মুদ্র কুদ্র নানা সংকার ও অধিকার লাভের জন্ম ৫০ বৎসর পূর্বে হইতে আন্দোলন না করিলে, আজ রাজনীতিক্ষেত্রে আমাদের আশা, আকাজ্ঞা, দাবা ও আদর্শ বর্ত্তমান আকার ধারণ করিত না। রাজনৈতিক আন্দোলন উপলক্ষে স্বরেন্দ্রনাথ পঞ্চাশ বৎসর পূর্বের্ব একাধিকবার ভারতের এক প্রান্ত হইতে অন্ধ প্রান্ত ভ্রমণ করিয়া তাঁহার অসাধারণ বাগ্মাতা-প্রভাবে সর্বেত্র স্বদেশপ্রেমের বন্ধা ছুটাইয়া দেন; এবং এই সময়ই তিনি সমগ্র ভারতে সর্বিসাধারণের মধ্যে রাজনৈতিক আন্দোলনের প্রবর্ত্তক ও অগ্রণীরূপে পণ্য হন। বঙ্গলার পর তিনি করেক বৎসর উহার বিক্রদ্ধে তীত্র আন্দোলনের নেতৃত্ব করেন, এবং উহা যে একদিন রহিত হইবেই, সেই বিষয়েও হাঁহার বিক্র্মোত্র সন্দেহ ছিল না। তিনি কর্ষনও ভ্রোন্থন হইতেন না।

জীবনে তিনি যতবার নিরাশ হইয়াছেন ত চবারই পূর্ণ উল্লয়ে নৃত্তন কর্মপ্রোতে ঝাঁপ দিয়া পৌরুষের পরিচয় দিয়াছেন।

সুবেন্দ্রনাথ রাষ্ট্রীয় অধিকার লাভের জন্ম কন্ষ্টিটিউশন্তাল আন্দোলনের পক্ষপাতী ছিলেন। ভারতীয়দের স্বাধীনতা খর্বকারী গবর্গমেণ্টের অনেক আইন প্রবাহনের বিরুদ্ধে তিনি আন্দোলন করিয়া কখনও তাহা রদ এবং কখনও বা ভাহার সংস্কার সাধন করিয়াছিলেন। বাংলা গবর্গমেণ্টের মন্ত্রীরূপে তিনি কলিকাতা মিউনিসিপালিটী আইন প্রবাহন করিয়া কলিকাতা মহানগরীকে পূর্ববাপেকা অনেক বেশী পরিমাণে স্বায়ত্রশাসনের অধিকার প্রদান করিয়াছিলেন। কলিকাতাবাদী সকলেই এইজন্ম ভাহার কাছে অপরিশোধনীয় ঋণে ঋণী।

মুরেন্দ্রনাথের সমদাময়িক বহু শক্তিশালী লোক জীবিত থাকিলেও রাজনীতিক্ষেত্রে তিনি স্বীয় প্রতিত্তা, অসাধারণ ব্যক্তির ও অশেষ সদগুণরাশির প্রভাবে সমগ্র ভারতে নিজের নেতৃহ স্থপ্রতিষ্ঠিত করিয়াছিলেন। আজ ভারতে স্বাধীনতার জন্ম যে অদম্য আকাজ্রম। জাগিয়াছে এবং যে দেশাত্মবোধে আজ প্রত্যেক ভারতবাসী উদ্বুদ্ধ হইয়াহে, তাহার মূলে রাষ্ট্রগুরু দেশপৃক্য সুরেন্দ্রনাথ। তিনি যে বিপুল কর্ম্মাক্তির অধিকারী ছিলেন তাহা তাঁহার ৭৭ বৎসর বয়সে তিনথানি দৈনিক কাগজের সম্পাদকীয় কার্য্যে বতী হওয়ার দৃষ্টান্তেই স্থাপান্ট হইয়া রহিয়াছে। বতদিন ভারত ও ভারতবাসী থাকিবে ততদিন স্বরেন্দ্রনাথের চিতান্তর্ম ভারতের আকাশে বাতাসে ছড়াইয়া পড়িয়া প্রতি ভারতবাসীর হৃদয়ে বিপুল কর্মানক্তিও অশেষ কর্মপ্রেরণা সঞ্চারিত করিবে সন্দেহ নাই।

গত ২১শে পৌষ নাটোরের মহারাজ জগদিক নাথ ইহলোক পরিত্যাগ করিয়াছেন। রাজপথে গতিশীল যানে তিনি আঘাত প্রাপ্ত হইশ্লাছিলেন। তথন কে মনে করিয়াছিল যে এমনই অতর্কিত অপ্রত্যাশিত ভাবে তাঁহার আয়ু শেষ হইবে ? কিন্তু ভাহাইত হইল। বাঙ্গালীর মাধায় যে বিনামেঘেই বজ্ঞাঘাত হয়।

আজ বাংলা ও বাঙ্গালী যে জগদিন্দ্র নাথের অকালমৃত্যুশোকে কাতর, তিনি শুধু নাটোরের মহারাজাই ছিলেন না, তিনি একজন স্থী, স্থাসিক সাহিত্য-প্রেমিক ও সত্য সত্য দেশ-প্রেমিক ছিলেন।

জ্বাদিন্দ্র নাথ শৈশবে রাণী প্রক্ষফুন্দরীর দত্তক পুজ্ররূপে নাটোরের রাজপরিবারে প্রবেশ করেন। দিরিন্দ্র ভাজ-পরিবারে তাঁহার জন্ম। তাই তাঁহার অভিজ্ঞাত সম্প্রদায়োচিত ভাবের সঙ্গে রাজবেশের অন্তর্মালে একটা গণভাত্তিক ভাবও বেশ স্থুম্পইটভাবেই লক্ষিত হইত। দরিজের পর্ণকুটীর ইইতে নাটোরের রাজ-প্রাসাদে নীত হইয়া একদিনের জন্মও তিনি কুটীরের কথা ভূলেন নাই। তিনি বলিতেন,—"বংশ পরম্পরাগত দারিদ্যোর দোষগুণ আমার রস্ক্রের সঙ্গে শিরায় শিরায় বহিভেছে স্মভরাং দেহে মনে আমি দরিদ্রেরই একজন।"

বঙ্গীয় প্রাদেশিক সন্মিলনের নাটোর অধিবেশনের পর জগদিন্দ্র নাথ রাজনীতিক্ষেত্রে স্থারিচিত হইয়াছিলেন। দেশের ভূসামারা যে দেশের জনগণ হইতে এক স্বতন্ত্র সম্প্রদায় নহে তাহাই তিনি তাঁহার সকল কার্য্যে দেখাইয়া গিয়াছেন। প্রকৃতপক্ষে জগদিক্রনাথ ছিলেন একজন বিশিষ্ট সাহিত্যিক। কেবল রাজ-প্রাসাদের বিলাস ব্যসনে নিমজ্জিত না থাকিয়া তিনি স্বীয় স্বাভাবিক সাহিত্যানুরাগের বশবর্তী হইয়া প্রথমতঃ "মর্ম্মবাণী" পত্র প্রচার করেন এবং কিছুদিন শরে, "মর্ম্মবাণী" "মানসীর" সঙ্গে গিলিত হইলে তিনি জীবনের শেষ দিন পর্য্যন্ত "মানসী" পত্রিকার সম্পাদনরূপ গুরুদায়িত্বভার বহন করিয়া গিয়াছেন।

তাঁহার মৃত্যুতে আমরা একজন প্রকৃত অদেশহিতৈয়া ও উচ্চপ্রাণ সাহিত্যিক হারাইয়া বিশেষ ক্ষতিগ্রস্ত হইলাম।

মৃত্যুর কাছে কোনদেশের লাভালাভ বা জয় পরাজয়ের বিচার নাই! চিত্তরঞ্জন গেলে ভারতের কি অবছা হইবে, স্থারেন্দ্রনাথ গেলেইবা ভারতের কি তুর্দ্দশা হইবে সেই বিচার সে কোনদিনই করেনা। তবে লোকচক্ষুর কাছে শুরু এই জিনিষটাই ধরা পড়ে বে ভারতের যথন তুর্দ্দশা একবার আরম্ভ হইয়াছে, তথন কি রাজনীতি, কি ধর্মনীতি, কি সমাজনীতি, কি কাব্য-সাহিত্য কোন ক্ষেত্রেই তার তুর্দ্দশা কম হইবে না। নয় যে মান্স্য আরম্ভ বিশবৎসর বাঁচিয়া থাকিয়া দেশসেবা সমাজসেবা করিতে পারিতেন, যে মান্স্যের বাঁচিয়া থাকিবার একটা বিশেষ দরকার ছিল, তিনি অকালে কালগ্রাসে পতিত হন কেন? আবার যে মহাপুরুষ দীর্ঘকাল বাঁচিয়া থাকিয়া দেশের অশেষ কল্যাণ সাধন করিতেছিলেন, তাঁহার আরক্ষ কার্য্য স্থান্সর হওয়ার প্রেই মৃত্যু তাঁহাকে আমাদের সম্মুধ হইতে ছিনাইয়া লয় কেন ও ভারতভূমিতে মৃত্যুর এই অবিচারিত ধ্বংস-লীলা আরু কতকাল চলিবে ?

গত ৫ই মাঘ মঙ্গলবার কলিকাতার ঠাকুরবংশের শীর্ষস্থানীয় দিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় বোলপুরের শান্তিনিকেতনে পরিণত বন্ধসে পূর্ণ শান্তিতে ইহলোক হইতে বিদায় গ্রহণ করিয়াছেন। সম্রান্ত ধনাত্য পরিবারে জন্মগ্রহণ করিয়া তাঁহার কনিষ্ঠ সহোদর রবীন্দ্রনাথের মত তিনিও একাধারে লক্ষ্মী-সরস্বতীর বরপুত্র হইয়াছিলেন। এত বড় বিষয়ী হইয়াও বিষয়ে তিনি নির্লিপ্ত ছিলেন। তাঁহার মনের একমাত্র অবলম্বন ছিল সাহিত্য; এবং সাহিত্যচর্চ্চাই ছিল তাঁহার জীবনের একমাত্র উদ্দেশ্য। বাণীর একনিষ্ঠ সেবকের স্থায়ই আজীবন অশেষ উত্থম উৎসাহ ও একাগ্রতা সহকারে তিনি সাহিত্য, গণিত ও দর্শন শাস্ত্রের চঙ্গা করিয়া গিয়াছেন। তিনি নিস্তৃতে বাঁশীর সাধনা করিয়া পরমানন্দ লাভ করিতেন।

"বড়দাদা" দিজেন্দ্র নাথের অনগুসাধারণ কবি ভাশক্তি ও বৈচিত্র্যময় প্রক্রিভা বঙ্গদাহিত্যকে সমৃদ্ধ ও শ্রীমণ্ডিত করিয়াছিল। গণিত ও দর্শনেও তাঁর প্রতিভা বিকশিত হইয়া উঠিয়াছিল। একাধারে তিনি কবি সাহিত্যিক, দার্শনিক, গণিতবিদ ও স্বদেশদেবী ছিলেন। শেষ জীবনে শান্তিনিকেতনের তপোবনে তাঁহার ঋষির মত পূত পবিত্র জীবন যাপন দেখিয়া অনেকেই মুগ্ধ হইতেন। তাঁহার শিশুসুলভ সরলতা, উদার, অনাবিল হাস্য পরিহাস, বিনয় ও সৌজ্বা দেখিয়া সকলেই তাঁহার প্রতি বিশেষ আকৃষ্ট হইতেন।

দিজেন্দ্রনাথ পরিণত বয়সে সজ্ঞানে পূর্ণ শাস্তিতে শাস্তিময় ধামে চলিয়া গিয়াছেন—ইহাতে শোক করিবার কিছুই নাই, কিন্তু অভিশপ্ত বাঙ্গালার যেস্থান একবার শুক্ত হয় তাহা পূর্ণ করিবার কেই থাকেনা ইহাই একমাত্র ত্বঃধ।

## হাস্ত-কৌতুক।

গিন্নী ( চাকরের প্রতি )—হাঁা রে রামা, বল দিকিন কী শক্ত ময়দাই না এনেছিস্ ?
চাকর ( আশ্চর্য্য ভাবে )—দে কি মা, ময়দা আবার শক্ত হয় নাকি ?
গি—হাঁাগো হাঁা, বাবুকে পুডিং বানিয়ে দিলুম, বাবু ছুড়ি দিয়ে পর্যন্ত কাট্তে পার্লেন না !

\* \*

পিতা (ছোট্ট ছেলের প্রতি)—এই যে কত চাবুক খেলি—সব গেল কোথা? ফের মিনিদের সঙ্গে ঝগড়া করেছিস্ ?—তুই বড় হলে যে কি হবি !—

পুত্র ( গম্ভীরভাবে )—কেন, তখন ত আমিই বাবা হব।

\* \*

নব বিবাহিতা ( Fids কুকুরের প্রতি )—এসো মোর আহরে, এস মোর কাছে ...।
স্বামী ( টেবিলে পাঠ-নিরত )—কেন ওগো প্রাণপ্রিয়ে ভাক্ছো আমারে ?
ন-বি—পাগলামো করো না। আমি আমার Fidsর সঙ্গে খেলা কর্ছি।

\* \* \*

হোটেশ স্বামী (মুরব্বীচালে)—সাত সাত কাপ কফি খেলেন! দেখতে পাচিছ মশাই খুব কফির ভক্ত।

কফি-খোর—যথার্থ, নইলে এডটুকু কফি পাবার আশায় এতগুলি জল কি শুধুই খেলাম ?

**徐 • \*** 

পিতা (বেহুদা-খরচ-করা ছেলের প্রতি) — বাপু এই যে তোমার নামে ৪০ ্টাকার আর এক-থানা বিল এসেছে। এবারও টাকাটা দিচ্ছি। কিন্তু কথাটা হচ্ছে কি বর্ষার দিনের জন্ম প্রস্তুত থেকো। পুজ্র— সেকি বাবা, এ বিল্ যেসতা সতাই একটা বর্ষার দিনের water-proof এর জন্ম।

**非 \*** 

পারুল ( ন্যাকা সেজে)—ভাখ তরু, স্নীল আমায় বে কর্তে চায়, আর সেদিন বল্লে কিনা আমায় ছাড়া সে বাঁচতেই পারবে না। বল্না ভাই, কি কর্নে ভার ভুল বুঝিয়ে দি ?

তরু ( ফিক করে একগাল হেলে )—কেন, সে ত খুব সহজ—ভাকে বে করে !

...

মোটরকার-সামী ( সগর্জনে )—জোচোরি আর কি,—এমন গাড়ী দিয়েছেন যে একদিনও মোটে চল্লোনা।

মোট রকার–বিক্রেতা—উত্তম, সব চাইতে কম পেট্রল খায় এমন গাড়ীই ত চেয়েছিলেন।

(মার্কিনে) ডাক্তার—আপনাকে কি করে হুইস্কির প্রেস্কুপশন লিখে দি ? রোগের অবস্থা বল্বেন তবেত ? বলুন না কি হয়েছে ?

মগ্রপিপাস্থ রোগী—ভাইত .... আ আ—আচ্ছা আপনিই বলুন না কি হলে দিচেন।

গিন্নী (কুড়ের বাদ্সা স্থামীর প্রতি)— কেমন লোক, কিচ্ছু না কত্তে কত্তে হয়রাণ হয়েও পড় না ?

সামী (হাফাইতে হাফাইতে)—বাপরে, হয়রাণ আবার হই না ! \* \* এমনি হয়রাণ
হয়ে পড়ি যে সত্যি সত্যি আর কিচ্ছু কর্তে ইচ্ছে হর না ।

ডাক্তার—ব্যাথাটা দিনে কবার হচ্চে ?
রোগী—পাঁচ মিনিট অন্তর অন্তর।
ডা—ভাইভ••••আচ্ছা একবারে কভক্ষণ থাকে ?
রো—প্রায় পনের মিনিট।

প্র— ভোমার বয়স কত হে বাপু ?
উ—এগার।
প্র—বল্ছকি, গেল বছর না পাঁচ বছর ছিল।
উ—হাঁ, তাইত গেল বছর ছিলুম পাঁচ, এবার ছয়—এই এগার।

অ—ভাই, বিলেতে বেকারদল একেবারে ক্ষেপে উঠেছে আর কি!

আ—কী বোকা—ভারা strike কচ্ছে না কেন ?

\* \*

হাকিম (চোরের প্রতি)---রেফোরেণ্ট থেকে চাম্চে চুরি করে নিয়েছ---ভোমার পক্ষে কিছু বলবার আছে ?

চোর—আভে হুজুর আমি ভুলে নিয়েছিলুম।

হা—ভুল কি রকম ?

চোর—আভে আমি ভেবেছিলুম চাম্চেগুলি রূপোর।

পিতা—কিরে খোকা, ইস্কুলে যাস্নি কেন?

পুত্র—না বাবা, আমি ইস্কুলে যাবনা, মান্টার মশাই পাগল হয়েছেন।

পি—কে কি?

পু—পেদিন বল্লেন চার আর পাঁচে নয় হয়, কাল কিনা বলেন ছয় আর ভিনে নয়।

\* .

বুড়ো ঠাকুদা এই প্রথম বায়োক্ষোপে গিয়েছিলেন—বাড়ী এলে নাতি জিভ্যেস করল্—িকি ঠাকুদা ? কেমন দেখ্লেন?

ঠাকুদ্বি—"চমৎকার" ! দেখ্লাম ত খুব ভালই কিন্তু কি বল্ব দাদা, বুড়ো বয়সে কাণের মাথা খেয়েছি তাই কিচ্ছু শুন্তে পেলামনা।

আতুরে স্ত্রী ( মন-ভোলা প্রফেসার স্থামীর প্রতি )—ইাগা, হপ্তা খরে আমার একটিবার চুমো খেলেনা ?

প্রঃ স্বামী—কি অক্সায়ই হয়ে গেছে। তাইত, তবে কাকেই বা এদিন চুমো খেলাম ?

এই চুট্কী গুলোতে মৌলিকতা নেই বল্লেই হয়। ইংরেজী খেকে নেয়া নমুনার উপর শানিকটা রং ঢেলে দেয়া হয়েছে মাত্র। কস্তরী যেমন একটা-গন্ধের দানই রেথে যায় অনপ্ত কালের গায়ে, তেমনি প্রক্লুত রসিকতা শাশত—রস সঞ্চারে ও হাস্যোৎপাদনে; পাঠকবৃন্দ সুধীজন, তাই "অর্সিকেযু রসস্ত নিবেদনম্" হওয়ার আশহা নাই।

### ঢাকায় বিশ্বকবি রবীন্দ্রনাথ।

গত ৭ই ফেব্রুয়ারী রবিবার বিশ্বকবি রবীজ্ঞনাথ ঢাকায় শুভাগমন করিয়াছিলেন। কবির অভ্যর্থনা ও সম্বর্জনার জন্ম যে বিপুল আয়োজন এখানে হইয়াছিল তাহাতে নাকি কলিকাতার কোন কোন সংবাদ-পত্রের মতে অনেক লাট বড়লাটের মনেও ঈর্ধার উদ্রেক হইতে পারে। কাজেই আমাদের আর সেই বিষয়ে কিছু বলিবার নাই।

কবি একদিন বলিয়াছিলেন, বাঙ্গালী ( বাঙ্গাল্ নম্নত ? ) যে তাঁহাকে ভালবাদে তাহা তিনি ঢাকায় আদিয়া বিশ্বাস করিয়াছেন। ইহার পূর্বেও তাঁহার এবিষয়ে কোন সন্দেহু করিবার ত তেমন কোন কারণ আমরা গুঁজিয়া পাইনা। বিশ্বকৃবি ত বিশ্বজ্ঞরের আগে বা পরে এই স্থানীর্ঘ কালের মধ্যে আর কখনও তাঁহার গুণমুগ্ধ জয়মুগ্ধ পূর্বেবঙ্গবাদিগণকে তাঁহার প্রতি তাহাদের অন্তরের গভীর প্রীতি ভালবাসা দেখাইবার কোন স্থযোগস্থবিধা প্রদান করেন নাই। তাই আমরা এবার দেখিয়াছি, কবিকে আপনাদের মধ্যে পাইয়া কে কাহার আগে যাইবে, কে কাহার আগে অঞ্চলি প্রদান করিবে, কে কোথায় রাখিবে ইহা লইয়া ঢাকায় একটা হালস্থল পড়িয়া গিয়াছিল। কবিও হয়ত অনেকটা বিব্রত হইয়া পড়িয়াছিলেন। আমরা আশাকরি বাঙ্গালীর ভালবাসায় কবির কোন সন্দেহ বা মিধ্যা ভ্রম থাকিলে এবার তাহা দূর হইয়াছে।

কবির অভ্যর্থনা উপলক্ষে যে সব অভিনদ্দন পত্র পঠিত হয়, তাহার উত্তরে তিনি যাহা বলিয়াছেন তাহা বিশেষ প্রনিধানযোগ্য। দেশের মহাপুক্ষদের মুখ হইতে আমরা মুগে যুগে যে সত্যের বাণী শুনিরা থাকি, তাহা কার্য্যে পরিণত করিবার শক্তি ও সামর্থ্য যেন আমাদের নাই, তাই দেশের আজ এই অবস্থা। কবি একদিন বলিয়াছেন, "দেবা ও আস্মোৎসর্গ" ব্যতীভ প্রকৃত কাজ হইতে পারেনা। অবিরত টেফা এবং আত্মোৎসর্গের বলে নিজের দেশের উপর যে অধিকার ও শক্তির প্রতিষ্ঠা হয় সেই অধিকার ও শক্তি যতদিন পর্যান্ত আমরা লাভ করিতে না পারিব ততদিন পর্যান্ত শাসকবর্গের সহিত আদান প্রদানে মর্য্যাদা রক্ষা করিয়া আমরা চলিতে পারিবনা, আর সেই আদান প্রদানে কোন থাটা লাভও আমাদের হইবেনা।" কবির মুখে দেশের কথা শুনিলেই আমাদের সেই স্বদেশী আন্দোলনের কথা মনে হয়, যথন কবি গাহিয়াছিলেন,—

"কর মোরে সম্মানিত নব বীর-বেশে, তুরাই কর্ত্তব্য ভারে, তুঃসহ কঠোর বেদনায়। পরাইয়া দাও অঙ্গে মোর ক্ষতিহিত অলঙ্কার। ধন্য করো দাসে সকল চেফার আর নিক্ষল প্রারাসে। ভাবের ললিত ক্রোড়ে না রাখি' নিলীন কর্মাক্ষেত্রে ক'রে দাও সক্ষম স্বাধীন।" কিন্তু কর্মক্ষেত্রে যোগ্যভাবে অবতীর্ণ হইবার জন্ম এই প্রার্থনা করিয়া, কিছুদিন পরে যখন তিনি সেই মান্দোলন হইতে নিজেকে বিচ্ছিন্ন করিয়া নিয়া গাহিলেন,—

"বিদায় দেহ ক্ষম আসায় ভাই।
কাজের পথে আমি ত আর নাই।
এগিয়ে সবে যাওনা দলে দলে,
জয় সাল্য লওনা তুলি' গলে,
আমি এখন বনচ্ছায়াতলে
অলক্ষিতে পিছিয়ে বেতে চাই,
ভোমরা মোরে ডাক দিয়োনা ভাই।

অনেকদূর এলেম সাথে সাথে
চলেছিলেম সবাই াতে হাতে
এই খানেতে ছুটি পথের মোড়ে,
হিয়া আমার উঠল কেমন করে
ভানিনে কোন ফুলের গন্ধ ঘোরে
স্প্রিছাড়া ব্যাকুল বেদনাতে
আর ত চলা হয়না সাথে সাথে।"

তখন কিন্তু তাঁহার এই পথের মোড়ে আসিয়া ভিন্নপথ লওয়াটা ভাল হইয়াছিল কি মন্দ হইয়াছিল, তাহা নিয়া অনেকেই বিচারে প্রান্ত হইয়াছিলেন। কিন্তু আজ যথন দেখি বাংলার কবি বিশ্বের দরবারে চংস্থ ভারতের জন্ম উচ্চ আসন অৰ্জ্জন করিয়া বিশের জয়মাল্য গলায় পরিয়া বিশ্ববরণ্য কবি সাজিয়াছেন, তথন কিন্তু আবার আমাদেরই মনে হয় বে এ পথের মোড়ে আসিয়া ভিন্ন পথ লওয়াটাই ছিল কবির স্বধর্ম, এবং এই স্বধর্মপালন করিয়াই আজ বাংলার কবির পক্ষে ভারতের অতিথিশালা হইতে জগতের যে যেথায় আছ, আমার কাছে এস' বলিয়া সমস্ত জগতবাসীকে আহ্বান করা সম্ভবপর হইয়াছে।

•••তারপর, যাহা বলিতেছিলাম—

কবি তিন দিন পর্যান্ত ঢাকা জনদাধারণের অতিথিম্বরূপ মিউনিসিপালিটা, পিপ্ল্স্
এনোসিয়েসন, বিশ্বভারতী, দিপালা, বাক্ষদমাজ প্রভৃতির অভিনন্দন গ্রহণ করিয়া ১০ই ফেব্রুয়ারী
বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আতিথা স্বীকার করিয়া বেলা আড়াইটার সময় বিশ্ববিদ্যালয়ে শুভ
পদার্পণ করেন এবং ২—৪৫ মিনিটের সময় বিশ্ববিদ্যালয়ের বিদ্যার্থী-সঞ্জের অভিনন্দনপত্র গ্রহণ করেন!
উত্তরে তিনি তাঁহার স্বাভাবিক বাণাকণ্ঠে প্রায় ৫০ মিনিট ব্যাপী স্কুদীর্ঘ বক্তৃতায় যে সব কথা বলিয়াছিলেন,
তাহা শুনিয়া সকলেই বিশেষ মুগ্ধ ও অনুপ্রাণিত হইয়াছিল। প্রথমেই তিনি এই বলিয়া আরম্ভ করেন
যে উচ্চ বক্তৃতা-মঞ্চের উপর দাঁড়াইয়া ছাত্রদের সম্মুখে পোষাকীভাবে বক্তৃতা করিয়া নির্মরক্ষাকরার
কাজটিকে তিনি কোন্দিনই পছর্শ্দ করেন না।

নেহাৎ আপনার জনের মত প্রাণ খোলাখোলি ভাবে মিশিয়া উভয়ের প্রাণের কথার আদান প্রদান করাটাই তিনি খুব ভালবাদেন এবং তাহা করিতে পারিলেই সব চাইতে বেশী সুখী হন। দূরে দূরে থাকিয়া বক্তৃতা দিয়া বা শুনিয়া বক্তা ও শ্রোতার মধ্যে সত্যিকার পরিচয়লাভ কখনও ঘটিতে পারে না। তাই তিনি চান ছাত্রেরা তাঁহাকে চুরি করিয়া আপনাদের মধ্যে লইয়া গিয়া তাঁহার প্রাণের কথা কাড়িয়া লউক এবং তাঁহাকেও ছাত্রগণকে খুব ঘনিউভাবে চিনিয়া লইবার স্থ্যোগ প্রদান করুক। এখানে তিনি বলিয়াছিলেন, তাঁহার চুলে 'পাক ধরিলেও' তাঁহার মনটা খুবই কাঁচা রহিয়া গিয়াছে এবং তিনি ছাত্রদেরই সম-বয়সী। কাজেই অবাধ মেলামেশায় সক্ষোচ করিবার কিছুই নাই। এইসব কথায় কিন্তু আমাদের মনে হইয়াছিল,—

''কেশে আমার পাক ধরেছে কটে,

তাহার পানে নজর এত কেন । পাড়ায় যত ছেলে এবং বুড়ো সবার আমি এক-বয়সী জেনো।

সবাই মোরে করেন ডাকাডাকি কখন শুনি পরকালের ডাক ! সবার আমি সমান বয়সী ষে চুলে আমার যত ধরুক পাক।"

তারপর কবি তাঁহার বাল্যকাল ও ছাত্রজীবন স্মর্প করিয়া বড়ই ছংখ করিয়া বলিরাছিলেন তখনকার দিনে
শিক্ষার এত সুব্যবস্থা, জ্ঞান অর্জ্জনের এত সুযোগ সুবিধা মোটেই ছিল না। বাহ্য জগতের শিক্ষা-দীক্ষা ও
জ্ঞানের সঙ্গে ভারতের এত ঘনিষ্ট সন্থন্ধ ও সংযোগের নিহাস্তই অভাব ছিল। তাই আজ তিনি বিংশ শতাব্দীর
যুবক সাজ্ঞিয়া বিশ্বের সমস্ত জ্ঞান আহরণ পূর্বেক নৃতনতর সাধনায় সিন্ধিলাভ করিবার জ্ঞা অনেক সময়
একটা ব্যাকুলতা অত্মন্তব করেন। শেষে তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণকে ডাকিয়া বলেন "দেশের বড়
স্থান্য এসেছে। দেশের জ্ঞা তোমরা আজ নৃতন ক'রে, বড় ক'রে ভাবতে শেখ। বড় আদর্শ সন্মুখে
রেখে কেবল কাজ ক'রে যাও। তোমাদের মধ্যে যে বিপুল কর্মশক্তি আছে তা' কেবল নিজেরে প্রচার
কর্তেই বায় করে ফেলো না—কাজে লাগিও। এঞ্জিনের সবটুকু স্তিম্ কেবল তুইদিল দিয়ে ফুকিয়ের
ফুকিয়েই নিঃশেষ করে দিওনা।"

কতবড় সত্যকথা। বাঙ্গালীর যে আত্মপ্রচারেই সব গ্রীম্ ধর্চ হইরা যায়, সে রেলগাড়ী চালাইবে কি দিয়া ? বাঙ্গালী আমরা ভুলিয়া যাই,—

"আমারে না ষেন করি প্রচার আমার আপন কাজে; ভোমারি ইচ্ছা কর হে পূর্ণ আমার জীবন মাঝে।"

কবি ঐ দিনই বৈকাল বেলা সারে চারিটার সময় মুস্লিম্ হলের অভিনন্দনপত্ত গ্রহণ করেন।

তাহার উত্তরে তিনি হিন্দু-মুদলমানের এক্য স্থাপনদারা ভারতে যে বিশাল জাতীয়তার উদ্মেষ হইবে ভারতের মুক্তি যে শুধু তাহারই উপর নির্ভর করে, তাহাই স্থন্দরভাবে বুঝাইয়া দিয়াছেন। তৎপর সদ্ধ্যা দাড়ে ছয়টায় কবি বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে "Meaning of Art" সম্বন্ধে ইংরেজাতে এক স্থদীর্ঘ বিষ্ণৃতাপাঠ করেন। এইদর বক্তৃতা অনেক কাগজে বাহির হইয়া গিয়াছে। কাজেই অমরা দে বিষয় আর কিছু বলিবনা।

একই দিনে সহরের অক্সান্ত স্থানে ও বিশ্ববিদ্যালয়ে প্রায় পাঁচ ছয়টা সন্তায় বক্তৃতা করিয়া কবি বিশেষ অস্থৃন্ত হইয়া পড়েন। কাজেই ১ ই ও ১২ই ফেব্রুম্বারীর সব Porgramme cancelled হয়।

১১ই ও ১২ই ফেব্রুথারী সন্ধ্যা সাড়ে ছয়টায় রবীক্রনাথের সন্ধ্যে তাকায় আগত ইতালীয় প্রোফেসার Formichi এবং Tucci কার্জন হলে, "Meditative and Active India" ও "Idealistic School in Buddhism" সন্ধন্ধে তুইটি বক্তৃতা পাঠকরেন। পরদিন ১৩ই কেব্রুথারী শনিবার সন্ধ্যায় কবিবর অসুস্থ শরীরেই "Rule of the Giant" সন্ধন্ধে প্রায় এক ঘণ্টাব্যাপী স্থদীর্ঘ বক্তৃতা পাঠ কয়িয়া ঢাকা বিশ্ববিভালয়ের প্রতি তাঁহার এবারকার কর্ত্তব্য শেষ করেন। ঢাকা হল ও জগরাধহলে কবিসম্বর্জনার যে আয়োজন হইয়াছিল কবির অসুস্থতা নিবন্ধন তাহা Cancelled হওয়ায় ঢাকা ও জগরাথ হলের পক্ষ হইতে তুইখানা অভিনন্দনপত্র শনিবারের বক্তৃতার পূর্বেব কার্জন হলেই পঠিত হয়। ইহার উত্তরে কবি বিশেষ কিছু বলিতে পারেন নাই। নেহাত কাতরম্বরে একটি কথা মাত্র বলিয়াছিলেন "আমি যদি তোমাদিগকে কিছু দিয়ে গিয়ে থাকি ভবে আমার স্মৃতির সঙ্গে তাই তোমরা মনে রেখো।"

১৫ই ফেব্রুয়ারী সোমবার বেলা এগারটার গাড়ীতে কবিবর ঢাকা পরিত্যাগ করিয়া ময়মনসিংহ রওনা হন।

ঢাকার বুড়ীগন্ধার তীরে দাঁড়াইয়া সেদিন কবি করোনেশন পার্কে অন্তগমনোমুখ সুর্য্যের দিকে হাত বাড়াইয়া যখন বলিয়াছিলেন, অন্তসাগরের কুল হইতে তাঁহার মিত্র "রবি" তাঁহাকে ডাকিতেছে, তখন সকলেই বিশেষ ব্যথিত হইয়াছিলেন। যদিও কবি তাঁহার "বড়দাদাকে" হারাইয়া তাঁহার শোকে কাতর হইয়াই নিজের বিদায়ের সময় ঘনাইয়া আসিয়াছে বলিয়া মনে করিতেছেন, তথাপি আমাদের মন কিন্তু তাহা মানিতে চায় না । আমাদের মনে পূর্ণ আশা ও দৃঢ় বিশাস আছে যে তিনিও তাঁহার দীর্ঘকাবী পিতা ও অগ্রজদের মত দীর্ঘায়ু লভি করিয়া বিশ্বমানবের আরও অশেষ কল্যাণ ও আনন্দের কারণ হইবেন। আটাশ বৎসর পূর্ব্বে যখন তিনি গাহিয়াছিলেন,—

''এবার চলিমু তবে। সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছিড়িতে হবে।"

তখন যেমন আমরা ইহাকে শুধু গান বলিয়াই মনে করিয়াছিলাম, আজ কবির এই শেষ-বিদায়-গ্রহণ-সূচক কথাগুলিকেও আমরা তেমনি 'কথার কথা' বলিয়াই মনে করিতেছি, আমরা এখনই তাঁহাক ছাড়িয়া দিতে প্রস্তুত নহি।

## খেল।

[ শ্রীহীরেন্দ্র নাথ রায় বি, এ ]
কবে কোন্ স্থার অতীতে হে মহান্ বিরাট পুরুষ,
আপনি আপনা হ'তে
নানারপে নানাছন্দে ছুটে এলে অনস্তের কোলে,—
কোন্ ছলে,

কেহ নাহি জানে।
সেই হ'তে কেন তুমি পলে পলে যুগ যুগ ধরি
হারাণো ক্ষরের মভ
কত ভাবে কও স্থার কুকারিছ গুমরি গুমরি
কত ভাবে

অতি সঙ্গোপনে 🛭

শরতের ভরা নদী বেয়ে উচ্ছুল যৌবন বেগে খাও তুমি কার পানে ?

উর্মি দিয়ে মালা গাঁথ জ্যোৎসা-ধোয়া গলিত কাঞ্চনে, কার তরে

বল, কেবা জানে !

অথবা জলধিবক্ষে প্রলয়ের জীমৃত গর্জনে নিক্ষল আকোশে কেন

আপনার বুকে জালি হোম-শিখা বাড়ব-অনল দহ আপনারে

তীব্ৰ আক্ষালনে 🕈

শ্রাবণের বরিষণে ঝলকে ঝলকে, কার ভরে আঁথিনীরে ভাসাও মেদিনী?

মেঘের কাজল পরি বিজ্ঞলীর চকিত চমকে

চাৰ কাকে

দেখিৰার তরে?

অথবা বৈশাখী-রাতে ঝঞ্চা সাথে নৃত্য কর তৃমি,— আপনার তথ্যখাসে চূর্ণিয়া আপন স্থান্ট,—ধ্বংস মাঝে মহাকালরূপী;—
একি জানিবারে
শুধু আপনারে ?

স্বাং প্রলয়স্কর, শঙ্করের মুখে ঘোষিলে কি বাণী, আপনার প্রকাশের মাঝে

মায়ার আচল রচি অহরহ বিরহের থেলা,

আপনায়

মিলিতে আপনি।

ঘর্ষাবারা কর্মাযোগে পুনঃ সাধিছ এ কোন্ খেলা 📍 কার তরে কর্মা করা ?

ভ্ৰমসি, পূৰ্ণ ভূমি ; কার ভরে কর্ম্মের মেখসা জড়াভেছ চৌদিকেতে টানি ?

কার তরে ধেন্তু লায়ে গোকুলেতে নৃপুর সিঞ্জনে, গোপাঙ্গনাগণে

প্রাণ মন উচাটন করি' দিলে বাঁশরীর গানে! নীপকুঞ্জে লুকোচুরি খেলে

কার ভরে অবহেলে গোপীদের তুকুল মঞ্চালে?

कालीपञ् नीरलारशरल

কার রূপ দিলে ঢেলে ? বিচ্ছেদ-যাতনা-রসে যমুনারে

উজান বহালে !

কার তরে প্রকৃতি পুরুষ প্রাণ মরমে মরমে উঠে ঝঙ্কারিয়া,

ফুকারিয়া উঠে কোন্ মর্শ্বস্থদ বিরহ বেদনে

শতকাজে

রহিয়া রহিয়া !

প্রাণপণে পেতে চায় ভূলে যাওয়া গানের রাগিণী! বর্ণে গকে হ্লপে গানে

একি খেলা খেল তুমি মিলনের মাঝে

অহরহ বিচেছদ রচিয়া!

## উড়ে। খবর।

## [ শ্রীমান্ ঘূর্ণীবায়ু ]

#### ্বেতার খবর—

বিলাতে সরকারী বেতার খবর এতদিন লিফিল্ড হইতে পাঠান হইত। কংশ্রুকদিন হইল রাগনিতে বেতার খবরের লাজ-সরঞ্জান ও মাল-মসল্লা স্থানান্তরিত করা হইয়াছে। পৃথিবীর মধ্যে রাগবির যন্ত্রপাতির বেতার-বিত্যুৎ উৎপাদনের শক্তি সবচেয়ে বেশী, এইরূপ বিলাতী কাগজ বলিয়াছেন। নিজের গাছের ফল সবচেয়ে মিষ্টি হয়; তাঁহাদের ধারণাও সেইরূপ কি না জানি না। এদেশীয় খবরের কাগজ-গুলি বেতার-ধরা যন্ত্রপাতি যদি নিজ নিজ আফিসে বসান, তাহা হইলে বিলাতের সংবাদ জানিতে cablegramএর পিছনে তাঁহারা বৎসর বৎসর যে অজতা টাকা ঢালিতেছেন তাহা বাঁচিয়া ঘাইবে—সন্দেহ নাই। প্রথমটা যন্ত্রপাতি বসাইতে খবচা একটু জমকালো রক্ষমের হইতে পারে, কিন্তু তাহাতে ঘাব্রাইবার কোন কারণ নাই।

## ট্রেণে বেতার টেলিফোন---

আঞ্জকাল প্রতীচা জগতে বেতার সম্পর্কীয় সর্ববিষয়ই 'জলবৎ তরলং' ইইয়াছে। এই সেদিন জার্মানীতে ট্রেণে বেতার টেলিফোনের এরপে স্থবন্দোবস্ত ও উন্নতি করা ইইয়াছে যে ঘণ্টায় ৬০ মাইল চলা গাড়ীতেও যাত্রীগণ বেতার খবর স্পন্ত শুনিতে পান। পূর্বের যন্ত্রপাত্তির শক্তি ও গুণ কম থাকাতে এতদিন বেতার টেলিফোন বিস্তার লাভ করিতে পারে নাই।

এই প্রসঙ্গে বলিতে হয় আমাদের দেশ এতদ্বিষয়ে অন্যান্ম সভাজতির অনেক পশ্চাতে পড়িয়া গিয়াছে। কলিকাতা, বোসাই এবং আরও হয়ত চুই এক জায়গায় বেতার সঙ্গীত ও থবর পাঠানের যন্ত্র বসান হইয়াছে। আশা করা যায় অদূর ভবিস্তুতে এদেশেও 'বেতার' সমাক্ সমাদের লাভ করিবে। স্থেখন বিষয়, আমাদের বিশ্ববিদ্যালয়ে বেতার-খবর-ধরা যন্ত্র বসান হইয়াছে এবং পদার্থ-বিজ্ঞানের ছাত্রগণ বেতার সন্ধন্ধে বই-পড়া ও হাত্তে-কলমের শিক্ষা উভয়ই পাইতেছেন। আধুনিকতম অন্যান্ম উচ্চ বিষয়েও তাঁহারা মনোযোগ দিতেছেন।

## টেলিগ্রামের বাহার---

বিগত চন্দ্রবিংশং ভারতীয় কংগ্রেসের প্রথম অধিবেশনের দিনে (২৬শে ডিসেম্বর ভারিখে)
কাণপুর টেলিগ্রাম আফিস ৬০,০০০ হাজার শব্দ তারে পাঠাইয়াছে, ২৩শে হইতে ২৯শে পর্যান্ত অনুমান
২,৬০,০০০ শব্দ শুধু কংগ্রেসের খবরের জন্ম প্রেরিত হইয়াছিল। টেলিগ্রামের এরূপ হাট লাগিষে
বুঝিয়া গ্রন্মেণ্ট পূর্বে হইতেই আলাদা আফিস ও লোকজনের বন্দোবস্ত করিয়াছিলেন। গ্রন্মেণ্টের
এই অনুকম্পার জন্ম কংগ্রেস হইতে গ্রন্মেণ্টকে ধন্মবাদ জানান হইয়াছে।

## স্কুল-ছেলেদের শিক্ষা—

বাসত বৎসর পূর্বেও যদি কেই বিদেশী ভাষার শিক্ষা দেওয়া পদ্ধতির বিক্তক্কে এডটুকু সন্দেহ দেখাইতেন তাহা ইইলে দেশশুদ্ধ লোক তাহাকে মধ্যম-নারায়ণ তৈল মাখিতে কিন্ধা বহুরমপুরে পাঠানের বন্দোবস্ত করিতেন। কিন্তু এই প্রচণ্ড ভুলটা আজ আমাদের চোখের সামনে এরূপ সহজভাবে দেখা দিয়াছে যে এ বিষয়ে আমাদের পূর্বেকার ধারণা ভাগিতে গেলে নিজেদিগকে লচ্ছিত ইইতে হয়। কোন আতিই স্বীয় ভাব ও ভাষার সম্পদ অগতের সাহিত্য-ভাগুরে পরকীয় ভাবার মুখোসের ভিতর দিয়া দান করিতে পারেনা, এই মর্দ্মে সেদিন (ওস্মানিয়া বিশ্ববিদ্যালয়ের কৌন্সিল সদস্ত ) ডাঃ হায়দারী বক্তৃতা, দিয়াছেন। বিগত বড়দিনের ছুটাতে সমগ্র বঙ্গের রাজকীয় স্কুল শিক্ষকদের ৬ঠ অধিবেশনে অভ্যর্থনা সমিতির সভাপতি-মহাশয় তাঁহার রিপোর্টে উক্ত কথা পুনরাবৃত্তি করিয়া আধুনিক শিক্ষাপদ্ধতির অস্তাত্য দোষের মধ্যে তিনটা দোষই চোখে আঙ্গুল দিয়া দেখাইয়ছেন,—প্রথমে ছাত্রদিগের স্বাস্থের প্রতি কোনপ্রকার নজর দেওয়া হয় না, দ্বিভীয়তঃ করে-খাওয়া কিন্তা কোনপ্রকার কার্য্যকরী শিক্ষা নাই এবং শেষে বিদেশী ভাষায় শিক্ষা দান।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস্চ্যান্সেলার গ্রীভস্ সাবেষ সভাপতির আসন হইতে এই সব বিষয়ে সহামুভূতি দেখাইয়া বলিয়াছেন, বাংলা গ্রুপ্রেণ্ডের অমুরোধে কলিবাতায় Intermediate Board সংস্থাপন বিষয়ে বিশ্ববিদ্যালয় একটা খসরা প্রস্তুত করিয়াছেন। Board হইলে বিশ্ববিদ্যালয়ের কোন প্রকার আরের লাঘ্য হইতে পারিবেনা, পূর্বের শ্রায় ইহা Matriculation পরীক্ষা পরিচালনা করিবে; Board সম্পূর্ণ স্বাধীন থাকিবে এবং মাতৃভাষার মধ্য দিয়াই শিক্ষাদান করিতে হইবে;—এইরূপ আরও ক্রেকটা সর্ত্ত ঐ খসরায় সন্নিবিষ্ট করিয়াছেন। ভ্রাশুতোষের বর্ণিত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের 'tradition' (of liberty and independence) আজ পর্যান্ত অটুট রাখিয়া Greaves সাহেব সকলের ধ্যাবাদ্য হইয়াছেন।

#### বাংলাতে প্রাথমিক শিক্ষা—

বর্গদেশে সর্বত্ত প্রাথমিক শিক্ষা প্রচলন ও বিস্তাবের জন্ত গ্রবর্ণমণ্ট একটী বিল প্রস্তুত করিরাছেন। এরপ শিক্ষা কালবিলন্থ না করিয়াই প্রচলন করা উচিত,—বিশেষতঃ যে দেশে লেখা-পড়া জানা লোকের সংখ্যা থুব কর্ম। কিন্তু সমস্তা দাঁড়াইয়াছে টাকার ব্যাপারে; গ্রবর্ণমেণ্টের ইচ্ছা, education cess কিন্তা ঐ রক্মের একটা ট্যান্স বসাইয়া দরকারী টাকার কিয়দংশ উঠান এবং বাদবাকীটা গ্রবর্ণমেণ্ট পূরণ করেন। দেদিন হাবড়া টাউন হলে এই প্রসঙ্গে একটা সভা বসিয়াছিল। সভাপতি শ্রীযুক্ত শাস্মল মহাশয় বক্তৃতা কালে বলিয়াছেন, গ্রব্ণমেণ্টকে ক্তকগুলি সর্ত্ত পালন করিতে হইবে। প্রাথমিক শিক্ষা অবৈতনিক ও বাধ্যতামূলক হইবে; শিক্ষার বোর্ড দেশের লোকের দ্বারা নির্দ্ধারিত হইবে, পাঠ্যপুস্তক নির্ব্রাচন এবং অক্ষান্ত বিষয়ে পরিচালনার ভার সেই বোর্ডের উপর ন্যস্ত হইবে এবং শিক্ষা ব্যাপারে গ্রব্ণমেণ্টের নামগন্ধও কোন কিছুতে থাকিবেনা,—একয়েকটা শাস্মল মহাশয়ের সর্বগুলির মধ্যে প্রধান। এ সব ভাবিবার কর্থা।

পৃথিবীতে	লেখা-পড়া-জানা	লোকের	হিদাব—
----------	----------------	-------	--------

		<b>ን</b> ሥራን	7907	2922	3952	
2	হল্যাপ্ত	۶2	<b>b</b> _6	≫8.¢	200.0	শতকরা।
२।	নরওয়ে	৮২	<b>৮</b> 9	\$¢.0	>00.0	22 <sub>4</sub> ,
৩।	জার্মানি	৮৩	b b	৯৫.●	>00.0	77
8 1	ফরাসী	৮8	<b>b</b> b	৯২∵•	\$8.0	200
0 1	মার্কিণ	p-a	৮৬	৯৯.৽	৯৫.৪	m
७।	ইংলগু	<b>b</b> >	৮৬	৯৭:•	৯৩.৫	19
91	জাপান	৬৫	₽•	<b>⊘</b> ¢-∘	94.P	59
<b>b</b>	ফিলিপাই	न २৯	89	6 d. o	9•'&	33
51	বৃঃ ভারত	٩	<b>a.</b> 8	8.4	<b>€.</b> ≤	m

[ দ্রপ্টব্য :—বঙ্গদেশে বৎসরে প্রতি মাথা হিসাবে শিক্ষার জন্ত ১ টাকারও কম ব্যায়িত হয় ]

## ডাঃ রমণের রুশিয়া ভ্রমণ---

ক্রশিয়ায় বিজ্ঞানের 'নেলাতে' কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডাঃ রমণ নিমন্ত্রণ রক্ষা করিতে গিয়াছিলেন। ভ্রমণকালে তাঁহার মনে রুশিয়া সন্ধন্ধে যে ছাপ পড়িয়ছে তাহাই তিনি সেদিন University Institute এ ব্যক্ত করিরছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লোক বলিয়া তিনি সর্বত্রই রাজসমারোছে আদর অভ্যর্থনা পাইয়ছেন। জগতের চোখে উক্ত বিশ্ববিদ্যালয়ের স্থান এত উচ্চে বলিয়া প্রত্যেক ভারতবাসী নিজেকে গর্বিত মনে করিতে পারেন। কুশিয়ায় শ্রীয়ুক্ত রমণ ছুইটা জিনিস বিশেষ লক্ষ্য করিয়াছেন। প্রথমতঃ তাঁহাদের সন্থাদয়ত্রতা ও আতিথ্য এবিষয়ে প্রাচাজগতের মৌরসি পাট্টা ভাঙ্গিয়া কেলিবার উপক্রেম করিয়াছে এবং বিতায়তঃ স্বেহপরবশা ভগিনী সাম্রাজ্য কয়টা বলশেভিক ও সভিয়েট ক্রশিয়ার থেরূপ বিভাষিকার মূর্ত্তি সমগ্রজগতকে দেখাইয়াছেন সেরূপ মূর্ত্তি রুশিয়া-জীবনের যথার্থ প্রতিকৃতি হইয়াছে কিনা সন্দেই। স্থে-স্বাচ্ছন্দ্য, লেখাপড়া, গানগাজনা, কৃষি-বাণিজ্য কোনটাতৈই তিনি রুশিয়াকে খাটো দেখেন নাই।

#### পঞ্জাবে মেয়েদের কথা—

মেরেরাও সদস্য নির্বাচনে ভোট দিতে পারিখেন,—পঞ্চাব কৌসিলের এই প্রস্তাবে গ্রবণ্মণ্টও অল্ল ক্ষেকদিন হইল সায় দিয়াছেন; স্থতরাং আগামীবার নির্বাচন কালে মেরে মহলেও রাজনৈতিক বিষয়ে বড় না বহিলেও মৃত্যুন্দ সমীরণ যে খেলিয়া যাইবে তাহা বেশ অনুমান করা চলে। কেবল মাত্র জ্ঞী-পুরুষ ভেদে উভয়ের মধ্যে প্রায় সব ব্যাপারে যে অলজ্য প্রাচীর তোলা হয় তাহা অযৌক্তিক ও সম্পূর্ণ অসমর্থনীয়। ভগ্রানের স্প্তি-রাজ্যে জ্ঞী পুরুষের প্রকৃত সমন্বয় না হইলে মামুষের পূর্ণবিকাশ হইতে

পারে না ; স্থতরাং স্ত্রীজাতিকে পুরুষেরা ষতই দূরে ফেলিয়া রাখিকে, ততই তাহারা নিজেদের মঙ্গল ও উন্নতির ধারাতে বাঁধা দিবে ৷

বাংলা, বোম্বাই এবং মাদ্রাজও এরপ প্রস্তাব গ্রহণ করিয়াছিলেন সত্য; কিন্তু কার্য্যতঃ এ পর্যান্ত কিছু হয় নাই। গবর্গনেণ্টের সায়-সাপেক্ষ হইলে দেশের লোকের এবিষয় একটা 'এস্পার ওস্পার' করিয়া ফেলাই উচিত। শুধু নির্বাচনে ভোট দিবার ক্ষমতা কেন, মেয়েদিগের সদস্য হইবারও আইন করা যুক্তিসঙ্গত।

বিলাতে সম্প্রতি পুরুষ ভোটার হইতে মেয়ে ভোটারের সংখ্যাই বেশী। বিলাতে শীত---

বিলাতে এবার ভয়ানক শীত পড়িয়াছে। তুষারপাতে সমস্ত পথঘাট বর্ফের সমুদ্র হইয়া গিয়াছে, সকল রকমের চলাচল কয়েক দিন প্রায় বন্ধ ছিল। বরক কাটিবার বড় বড় য়ন্তুদিয়া বরক কাটিয়া রেল লাইন পরিকার করা হইয়াছিল। বিলাতের উত্তাপ বরক-জমা উত্তাপেরও নীচে নামিয়াছিল। ইহাও কিছু ভাল। ইউরোপের অভ্যান্ত দেশের উত্তাপ কিন্তু বিলাতের চেয়েও কম ছিল। সে সব দেশে অনেক সময় এত বরক জমিয়া বায় যে, যন্ত্র দিয়া কাটিয়াও কুল পাওয়া যায় না। কাজেই রেলগাড়ীও কতকদিন বন্ধ থাকে। তখন বরফের উপর দিয়া চলে এইরূপ কুকুরবাহী গাড়ীর সাহায়ে ডাক সরবরাহ করা হয়।

রাস্তায় প্রথম গ্যাদের আলো---

একশত বৎসর পূর্বের সেক্সার্ণ প্রদেশে ফ্রায়েলার্গে যখন প্রথম গ্যাসের আলো রাস্তায় রাস্তায় বসান হয় তখন জার্মানীর খবরের কাগজগুলি এমন সব অন্তুত ধরণের কথা বলিয়াছিলেন যে সে সব মনে পড়িলে আমাদের এখন ভুগু হাসিই পায়। •••প্রকৃতির নৈশ ক্ষমকার বিদূরিত করিলে দৈব নিয়মের উল্লেখন ও অধর্ম করা হইবে; মানুষের স্বাস্থ্য ও নৈতিক জীগনের অনিষ্ট হইবে, প্রণয়িগণ অধিক রাত্রি বাহিরে কাটাইবেন, তাঁহাদের সন্দিকাশি হইবে; ঘোড়াগুলি আলো দেখিয়া চমকাইয়া উঠিবে। চোর ডাকাতের স্থবিধা হইবে। আর রাত্রিকালে বুমাইয়া কাটাইবার সময় মিছামিছি বাতি জ্বালিয়া পয়সা খরচ করায় একটা মহাপাণ্ড হইবে ইত্যাদি।

#### বেতার তুর্ঘটনা---

একদিন রাত্রে ডেভেণ্ট্রি বেতার ফেঁশনে তাড়িৎ সঙ্কোচ করিবার যন্ত্রে একটি ছোট ইতুর পড়িয়া গিয়াছিল; ফলে বিলাতের সব জায়গা হইতে ফাঁহারা বেতার খবর ধরিতেছিলেন, কাঁহারা ১২ মিনিটকাল 'নিঃশব্দ' (Silence) শুনিতে পাইয়াছিলেন।
যন্ত্রের বাহার—

জগতে বেতারে সব চাইতে বড় করিয়া কথা বলিবার যন্ত্র ( lond speaker ) জার্দ্মানীতে তৈয়ারী

হইতেছে। সিকি মাইলের মধ্যে লোকজন ইহার কথা শুনিতে পাইবে। যন্ত্রটির তিনটি মুখোস থাকিবে। আর প্রত্যেক মুখোসের 'হা' চল্লিশ ফিট (২৬২ হাত) এবং যন্ত্রটি উচ্চতায় ১১০ ফিট (৭৩৬ হাত) হইবে। প্রেরিত খবর ঐ যন্ত্র সুইশত গুণ বড় করিয়া বলিবে।

টেলিফোনে চিকিৎসা—

আমেরিকার ভারটেলিফোনে ১০০০ মাইল দূর হইতে একজন রোগীর নাড়ীর স্পান্দন ও তাহার অবস্থা ও উপদর্গ ১৫০০ ডাব্রুনার শুনিতে পাইয়াছিলেন। আজকাল পাশ্চাত্য-জগতে গ্রামের দাধারণ লোকদিগকে ভাহাদের রোগের ব্যবস্থার জক্ত অর্থনফ্ট (ও মনঃকন্ট) করিয়া মহানগরীতে যাইতে হয় না। গ্রামের ডাব্রুনার সহরের পারদর্শী ডাব্রুনারের নিকট রোগীর অবস্থা জানাইয়া ব্যবস্থা লাইডেছেন এই ভার-টেলিফোনের ভিতর দিয়া।

## বৈজ্ঞানিক আইন্ষ্টিন্—

জার্মাণ বৈজ্ঞানিক আইনন্তিন্ (Einstein) দশ বার বৎসর পূর্বেব বেইদিন তাঁহার নৃতন তত্ত্ব ( relativity ) প্রচার করিয়াছিলেন সেইদিন হইতে বিজ্ঞান-জগতে একটা বিপ্লবের স্থান্তি ইইয়াছে। তত্ত্ব সমস্থাপ্রকৃতিক—সভা হইতেও পারে, না-ও পারে। কিন্তু উহা বে একেবারে আজগুরি কিন্তা সম্পূর্ণ মিথা নয় তার প্রমাণ এই যে,—পরবর্ত্তী সময় হইতে আজ পর্যান্ত জগতের পুর বড় বড় বৈজ্ঞানিক ঐ তত্ত্বের আমুক্লো পরীক্ষা-ঘটিত ( হাতে-কলমে ) অনেক ফল পাইয়াছেন, আর চিন্তাশীল ব্যক্তি মাত্রেই তাঁহাদের চিন্তার ধারা আজ হঠাৎ বিশ্লেষণ করিতে বিদ্যাহেন। ছেলে-বেলা হইতে পার্থির বস্তার বল-বিজ্ঞান ( mechanics ), নিউটনের আইন-কামুন এবং ইউক্লিডের জ্যামিতি শিখিয়া আসিতেছি, আর ( পরীক্ষার থাতিরে ) গ্রুণ সভা বলিয়াই জানিয়াছি। কিন্তু এ-সব তলাইয়া দেখিলে মনে খটুকা লাগিয়া যায়, কেন না ঐ সব শান্ত্র কণ্ডকণ্ডলি assumptionএর উপর দাঁড়ে করান হইয়াছে, এবং ইউক্লেডের স্বতঃসিন্ধ, সরল-বেখা, বিন্দু, আয়তন ইভ্যাদির সংজ্ঞাও ভাল ছেলের ফ্রায় মানিয়া নেওয়া হইয়াছে। স্থল-কথা, আমাদের চিন্তা ও জ্ঞান বস্তুজগতের যে ছাঁচে ঢালা সে-সব্ সত্য না-ও হইতে পারে। কেমন করে আরও স্থাপন্ট ও স্থান যুক্তি থারা ঐ সব চিন্তা করা চুলে, Einsteinএর তত্ত্ব ভাহাই ইপ্লিত করিতেছে।

পাঁচ বৎসর পূর্বের জ্যোতির্বিদ পণ্ডিতগণ সূর্যাগ্রহণের সময় আকাশের ফটো লইয়াছিলেন। ফটো হইতে অনেক কিছু তত্ত্বই তাঁহারা জানিতে পারিয়াছেন; কিন্তু তাঁহাদের আনিজারের প্রধান জিনিসই হইল, আলোর সরল-গতি বাধিয়া যায়—মাধাকর্ষণীর টোনে। সূর্য্যের তীক্ষ আলোকের জন্ম কতকগুলি সন্নিকটবর্তী তারা বৎসরের কোন সময়ই চোখে পড়ে না। গ্রহণের সময় তাহাদিগকে দেখা যায় বটে কিন্তু ভাহাদের আলো সূর্যাকে ঘেসিয়া আসিতে বাঁকিয়া যায়। কাজেই ভাহারা আকাশের

1

গাখে খানিকটা সরিয়া গিয়াছে বলিয়া মনে হয়। Einstein এর তত্তে এইরূপ ভবিষ্যৎবাণী লেখা ছিল। এই তত্ত্ব এখনও সময়ের বিচার-সাপেক্ষ; যদি টিকিয়া যায় তবে অদূর ভবিষ্যতে স্কুলের ছেলেদের জন্ম জ্যামিতি ও বস্ত্ব-পদার্থের বিজ্ঞানশাস্ত্র নৃতন করিয়া গড়িয়া তুলিতে হইবে।

\*
সূর্য্ত্রহণ—

সেদিনকার সূর্য্যগ্রহণে জগতের সব বড় বড় বৈজ্ঞানিক কেন্দ্র হইতে জ্যোতির্বিদ পণ্ডিতগণকে পাঠান হইয়াছিল সেই সব জায়গার, যে-সব জায়গা হইতে গ্রহণ অনেকক্ষণ ও সবচাইতে ভাল দেখিতে পাওয়া যাইবে। বেন্দ্রির ভাগ পণ্ডিতই কিন্তু স্থ্যাক্রা উপদ্বীপে তাঁহাদের আড্ডা ঠিক করিয়াছিলেন। তাঁহারা ভিন্ন ভিন্ন যন্ত্র-পাতির ঘারা যে সব ফটো তুলিয়াছেন ও পর্য্যবেক্ষণ করিয়াছেন ভাহাতে জগতের জ্ঞান-ভাগুরে অনেক কিছুই দিতে পারিবেন। শোনা যায় সূর্য্যের চারিদিকে যে জিনিস (?) আছে ভাহার প্রকৃত স্বভাব, অবস্থা, উত্তাপ প্রভৃতি জানা যাইবে। আর solar spectrum এর অসম্পূর্ণ ও বাকী জায়গাটাও সম্পূর্ণ ও ভর্ত্তি হইয়া উঠিবে।

সুখের বিষয় এবার প্রহণের সময় আকাল পরিকার ও শীতল ছিল এবং বৈজ্ঞানিকদের কটো তুলিতে বা অন্ত কোন বিষয়ে কোন অস্থাবিধা হয় নাই। কিন্তু এমনও ঘটিয়াছে, সহস্র সহস্র মুদ্রা ব্যয় করিয়া এবং বৎসরের পর বৎসর কত কন্ট ও পরিতামের ফলে বন্ত্র-পাতি তৈরী করিয়াও বৈজ্ঞানিকগণ গ্রহণের সময় ফটো নিতে পারেন নাই; তাঁহাদের সকল কন্ট, চিন্তা ও উল্লেগ শাস্ত ও স্তব্ধ করিয়া দিয়া গেল শুক্ত-মুহূর্ত্তে একখানা মেঘ,—সূর্য্যকে ঢাকিয়া দিয়া।

শুধু চোখে বড়জোর ৫০০০ তারা পাওয়া ষায়; কিন্তু ইংরেজদের সব চাইতে বড় দূরবীক্ষণের সাহায্যে ৩০০,০০০,০০০ তারা দেখা যায়। এই দূরবীক্ষণের টিউব এত বড় যে একখানা সাধারণ মোটরগাড়ী ইহার ভিতর দিয়া অনায়াসে চলিয়া যাইতে পারে। ইহার ওজন ১৫৪০/০ মণ হইলেও যন্ত্রটী এমনিভাবে তৈরী হইয়াছে যে উপরের দিক হইতে ২৫।২৬ সের ওজনের চাপ দিলেই উহা চালান যাইতে পারে। প্রত্যেক দূরবীক্ষণেরই এক একটা Concave lens থাকে। এই দূরবীক্ষণের lensটির ওজনই ৫৬/০ মণ—ব্যাস চারিহাত এবং ইহা ১২ ইঞ্চি পুরু। বৃঃ কোলান্বিয়া ভিক্টোরিয়া নগরে এই বন্ত্রটী স্থাপিত হইয়াছে।

পৃথিবীর মধ্যে সব চাইতে বড় দূরবীক্ষণ কালিফোর্লিয়ায় Mount William Observatoryতে আছে, তাহার lensএর ওজন ১২৬/০ মণ জার যন্ত্রটীর মোট ওজন ২৮০০/০ মণ, শুধু lens থানা তৈয়ার করিতেই দশ বৎসর লাগিয়াছিল।

#### চিঠির বাহার—

বড় লোকের কাছে রোজ কতখানা চিঠি আসিতে পারে, সেই ধারণা বোধ হয় আমাদের অনেকেরই নাই। পৃথিবীর বিখ্যাত ধনী হেন্রি ফোর্ড ( যাঁহার নাম Ford carএর সঙ্গে এমন খনিক ভাবে সংশ্লিক্ত) একটি প্রবন্ধে লিখিয়াছেন, ভিনি নাকি দৈনিক ১৫০০ চিঠি পান। ভাঁহার জক্য একটি আলাদা পোক্টাফিস আছে এবং বিভিন্ন শ্বান হইতে "Ford mail" নামধারী আলাদা সব ব্যাগে ভাঁহার চিঠিপত্র ঐ পোক্টাফিসে আস্মিন থাকে। এতগুলি চিঠি একজন লোকের পক্ষেপাড়িয়া ভাহার উত্তর লেখা যে কভখানি অসম্ভব ভাহা সকলেই বুবিতে পারেন। কিন্তু বড়লোকের কাছে সাধারণতঃ যেই জিনিসটা সচরাচর পাওয়া যায় না সেই সৌজস্টাটুকু হেন্রি ফোর্ডের নিকট হইতে সকলেই পাইয়া থাকেন। ভাঁহার নিমৃক্ত কেরাণীগণ প্রায় সকল চিঠিরই উত্তর লিখিয়া দেন। Important lettersগুলি কোর্ডিসাহেব নিজে পড়িয়া ভবে ভাহার জবাব দেন। এতগুলি চিঠির মধ্যে অধিকাংশই নাকি begging letters অর্থাৎ কেহ লিখিডেছেন "বন্ধু বান্ধবেরা শলেন আমি একজন বড় genius, আমাকে কিছু টাকা সাহাব্য করিলে আমি ইউরোপে গিয়া আমার শিক্ষা সম্পূর্ণ করিয়া আসিতে পারি।" কেহ লিখিডেছেন "আমি মেটিরে পৃথিবী পর্যাটন করিতে ইচছা করি, আমাকে যদি একখানা বেদ দেন......" কেহ লিখিডেছেন "আমি একখানা বই লিখিয়া ফোলয়া রাথিয়াছি, অনুগ্রহ করিয়া ছাপবার খরচটা আপনি যদি আমাকে দিয়া দেন,......" আবার কেহ লিখিডেছেন "আমার স্ত্রী organ বাজায় খুব ভাল কিন্তু organ অভাবে ভাহার বিদ্যাটা দিন দিন হাস পাইতেছে। আপনার ড টাকার কোন অভাব নাই। যদি দয়া পরবন্দ হইয়া সামান্য কয়েকটা টাকা..... ইডাাদি"।

ক্ষোর্ডসাছেব লিখিয়াছেন, পৃথিবীর সব জায়গা হইতেই তিনি এইরূপ আবেদন পত্র পাইয়াছেন, বাদে ভারতবর্ষ। খন্ত ভারতবর্ষ। আজ এই তুর্দিনেও ভোমার মান নিয়া তুমি বাঁচিয়া আছ।

## घटतत कथा।

## ঢাকা হল ইউনিয়ন কাউন্সিল।

নূতন নিয়মামুসারে এই বৎসর আমাদের ইউনিয়নকাউন্সিলের সদস্য নির্বাচন জুলাই মাদের শেষ ভাগেই হইয়াছিল। এবারের নির্বাচনেও ছাত্রগণের মধ্যে বিষম চাঞ্চল্য ও বিভিন্ন পদপ্রার্থি-সাণের মধ্যে বিশেষ প্রতিদ্বন্দিতা লক্ষিত হয়। এই নির্প্রাচনদ্বন্দের সময় ভোটের লড়াই দেখিয়া আমাদের কিন্তু অনেক ব্যবস্থাপক সভার সদস্য নির্বাচনের কথাই মনে পড়ে এবং ভবিশ্বতে এই কাউন্সিল-অভিন্ত ও কার্য্যকুশলতাও যে আমাদের বিশেষ উপকারে আসিতে পারে এইরপ কোন উপসংহারে পৌছিত্তেও বিলম্ব হয় না।

এবারকার নির্বাচনে নিম্নলিখিত ছাত্রগণ সদস্য নির্বাচিত হইয়াছিলেন —

ভাইস্প্রেসিডেণ্ট — শ্রীকিরণচন্দ্র দাস।
শেলার সেক্টোরী — শ্রীসত্যুদ্রনাথ দাস।
কমনক্রম সেক্টোরী — শ্রীশচীন্দ্রমোহন গুহঠাকুরতা।
সমাজসেবা সেক্টোরী — শ্রীশবনীরঞ্জন ঘোষ।
নাট্য সেক্টোরী — শ্রীহরিশ্চন্দ্র দাশ গুপ্ত বি, এ।
লাইব্রেরীয়ান — শ্রীথগেন্দ্র ভূষণ চন্দ্র বি, এস্ সি।
এডিটার, (হলম্যাগাজিন) — শ্রীনরেন্দ্রচন্দ্র কর এম, এ।

সাধারণ সদস্যাণ—শ্রীজ্বণীভূষণ রুদ্র, শ্রীজরুণকুমার মুখোপাধ্যায় বি, এ, শ্রীধারাজকুমার ভট্টাচার্যা, শ্রীকালীপদ শক্ষ্যোপাধ্যায়, শ্রীপরেশচন্দ্র নন্দী, শ্রীসস্তোষকুমার দাস ও শ্রীউপেন্দ্রচন্দ্র দত্ত।

নির্বাচনের কয়েকদিন পরেই কার্জ্জন হলে তদানীস্তন প্রোভোফ্ট মিঃ জেক্ষিণ্টোর সভাপতিত্বে ইউনিয়নের এক বিশেষ অধিবেশনে নবনির্বাচিত সদস্যগণের অভিষেক উৎসব স্থাসপার হয়। পুরাতনের বিদায়গ্রহণ এবং নৃতনের বরণ বরাবরের মতই সকলের প্রীতিকর হইয়াছিল।

কয়েক দিন পরে নরেনবারু বি, সি, এস, পরীক্ষা দিয়া বায়্-পরিবর্ত্তনের জন্ম তাঁছার পদত্যাগ করিলে পুনর্নির্বাচনে সম্পাদকের পদে শ্রীপ্রতাপচন্দ্র গুণ নির্বাচিত হন।

আবার জাসুয়ারী মাসে থগেনবংবু সংরেজিপ্রার নিযুক্ত হইয়া তাঁহার লাইত্রেরীয়ানের পদ ত্যাগ করিলে ঐ পদে পুনর্নির্বাচনে শ্রীশৈলেশচন্দ্র কায় নির্বাচিত হন।

আমরা নরেননারুও খগেনবাবুর ভাবিয়াত উন্নতিও দীর্ঘায় কামনা করি।

ঢাকা হল ইউনিয়নের যাবতীয় কার্য্য পরিচালনা ও পর্যালোচনার ভার কাউজিলের উপরই ফ্রন্ত । কাউজিলের কাজের পরিমাণ দেখিয়া ইউনিয়নের সফলতার বিচার করিতে ইইলে বলিতে ইইবে যে এবারে আমাদের ইউনিয়ন ভার উদ্দেশ্য সাধনে অনেকদূর অগ্রসর ইইয়াছে। এই পর্যান্ত আমাদের কাউজিলের হারটি অধিবেশন ইইয়া গিয়াছে; অফ্যান্ত বারে সারা বছরে ৬।৭টিং বেশী ইইত না। এই বারটি অধিবেশনে বাজেট তৈরী করা প্রভৃতি সাধারণ কাজগুলি ছাড়া হলের সর্ববিদ্ধাণ উন্নতিকর অনেক প্রস্তাব উত্থাপিত ও গৃহীত ইইয়াছে। এবং কাউজিলের প্রেসিডেন্ট (প্রোভোষ্ট ভাষার অধিকাংশই কার্য়ো পরিণত করিয়াছেন। এমন কি বিশ্ববিদ্যালয়ের কার্যাকরী সভাসমূহও আমাদের অনেক প্রস্তাবে যথোচিত মনোবােগ দিয়াছেন। আমাদের কাউজিলের বিশেষত্ব এই যে কাউজিলের সভাপতি স্বয়ং প্রোভোষ্ট হলের সব মঙ্গলামঙ্গল বাধাবিধি সৃত্বন্ধে কাউজিলে আলোচনা করেন, কাউজিলের স্বাধীন মত প্রকাশে ও স্থাপনে স্থাপনে স্থাপন প্রত্তিল আজ্ব-প্রতিষ্ঠা লাভ করিয়াছে এবং হলের দেহীস্বরূপ ইউনিয়নের প্রাণ্ড ইইয়া আছে।

আমাদের ভূতপূর্বব প্রোভোক্ট মিঃ ল্যাঙ্লী স্থদীর্ঘ অবকাশের পর গত জুলাই মাসে ইউনিভার্সিটির কার্য্যে যোগদান করিয়া কয়েকদিন অস্থায়ীভাবে Vice-Chancellorএর কার্য্য করেন। পরে ডাঃ হার্টগ তাঁহার ছুটী ফুরাইলে গত নভেম্বর মাসে পুনঃ Vice-Chancellorএর কার্য্যভার গ্রহণ করিলে পর মিঃ লাঙিলী তদানীস্তান অস্থায়ী প্রোভোক্ট ডাঃ জেছিলের নিকট হইতে ঢাকাহলের প্রোভোক্টের কার্য্যভার গ্রহণ করেন। কিন্তু তুই মাস ঘাইতে না যাইতেই আবার জানুয়ারী মাসের প্রথমভাগে পুননির্বাচনের ফলে আমরা রসায়ণশাল্রাধ্যাপক স্থনামখ্যাত ডাঃ জ্রানেন্দ্রচন্দ্র ঘোষ মৃহাশয়কে আমাদের প্রোভোক্টরুরপে পাইয়াছি। ইনিই ঢাকাহলের প্রথম হিন্দু প্রোভোক্ট হইলেন। ইভিমধ্যেই আমরা তাঁহাকে আমাদের হলের যাবতীয় অনুষ্ঠানের মধ্যে এমন ঘনিষ্ঠভাবে পাইয়াছি যে সকল বিষয়েই তাঁহার পূর্ণ সহামুভূতি লাভ করিয়া এবং মহা-প্রাণতার পরিচয় পাইয়া আমরা মুগ্ধ হইয়াছি। আমরী আশা করি তাঁহার সভাপতিত্বে আমাদের ইউনিয়নের খ্যাতি ও গৌরব চিরদিন অক্ষুন্ন রহিবে এবং ভবিষ্যতে এই ইউনিয়নের সফ্লতা অপূর্বব শ্রীমণ্ডিত হইবে।

এক হিসাবে এইবারের কাউন্সিলের বড় সোভাগ্য এই যে কাউন্সিল এবছর সাত আট মাসের মধ্যে পর পর তিনজন বিচক্ষণ সভাপতির সভাপতির লাভ করিয়াছে। কিন্তু দুঃখের বিষয় প্রথম দুইজনের মধ্যে কাহারও নায়কত্ব দীর্ঘকাল উপভোগ করিতে পারে নাই। ইহাতে আমাদের ক্লোভের কোনই কারণ নাই। বরং গর্বব করিবার মত আমাদের এই আছে যে আমাদেরই ভূতপূর্বব প্রোভোষ্ট ত প্রেসিডেণ্ট বর্ত্তমানে বিশ্ববিদ্যালয়ের Vice-Chancellor নিযুক্ত হইয়াছেন। ঢাকা-হল ইউনিয়নের গোরব ও সফলতার জন্য আমর। ভূতপূর্বব অস্থায়ী প্রোভোষ্ট ডাঃ জেন্ধিকা ও স্থায়ী প্রোভোষ্ট মিঃ ল্যাঙ্লীর নিকট বিশেষভাবে ঋণী। ইউনিয়নের পক্ষ হইতে আমি তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ প্রাপন করিতেছি।

এবার ইউনিয়নে সাহিত্য-সম্মেলন নামে একটি নৃত্ন শাখার স্প্তি করা হইয়াছে এবং এই সাহিত্য-সম্মেলনের উদ্যোগেই এবারকার অনেক সভাসমিতি আহ্বান করা হইয়াছে। আমরা উক্ত শাখার সেক্রেটারী শ্রীঅধনীভূষণ রুদ্রকে উহার সাফল্যের জন্য ধন্যবাদ জানাইতেছি।

সাহিত্য-সম্মেলনের সভা ছাড়া এবার তিনটি তর্কসভা (debate meeting) ও চুইটি বিশেষ সভারও অধিবেশন হইয়া গিয়াছে। তা'মাদের তর্কসভাগুলিতে বিশ্ববিদ্যালয়ের অনেক অধ্যাপক ও অক্যান্য হলের অনেকছাত্র বিশেষ উৎসাহ সহকারে যোগদান করিয়া থাকেন। এজন্য তাঁহাদিগকে ধন্যবাদ।

প্রথম তর্কসভায় প্রস্তাবের বিষয় ছিল "বিশ্ববিদ্যালয়ে বাধ্যভামূলক সামবিক শিক্ষা গঞ্নীয়।" স্থানীয় ব্যারিফারেও বিশ্ববিদ্যালয়-কোর্টের সদস্য মিঃ আর, কে, দাস বিশেষ ওজন্মিতা ও যুক্তির সহিত প্রস্তাবটি উত্থাপিত করেন। রেভারেও ব্রিজেস্ ছর্জ্জর প্রমাণের সহিত ইহার প্রতিবাদ করেন। ভোটে প্রস্তাব গৃহীত হয়। দিতীয় সভায় প্রস্তাব ছিল "একুশ বংসর পর্যান্ত কেবল জীবিকা ও শিক্ষার উপযোগী ভিন্ন, নিজের অনার্জ্জিত অন্য কোন প্রকারের আর্থিক সাহায্য অন্তের নিকট হইতে গ্রহণ করা যে কোন ব্যক্তির পক্ষের প্রস্তাব হওয়া উচিত যদি সে শারীরিক বা মানসিক ব্যাধিগ্রস্ত হইয়া

উপার্চ্জনাক্ষম না হয়।" বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা বাগ্মী ডাঃ ক্লেক্কিন্স তাঁহার স্বাভাবিক যুক্তি-চাতুর্য্য ও ভাষা-নৈপুণ্যের সহিত এই প্রস্তাব উত্থাপিত করিয়া সভাকে মন্ত্রমুগ্ধ করিয়াছিলেন। তাঁহার উপযুক্ত প্রতিবন্দী শ্রীযুত উমেশচন্দ্র ভট্টাচার্য্য এম, এ প্রাঞ্জল, ভাষায় অথগুনীয় যুক্তি হারা ইহার প্রতিবাদ করেন। ভোটে প্রস্তাব প্রত্যাখ্যাত হয়। তৃতীয় দিন তর্কের বিষয় ছিল "ভারতবাসীর পক্ষে পাশ্চাত্যদেশীয় জীবনযাপন-ধারা অবলম্বন করা দেশের সর্ব্ববিধ উন্ধতির সহায়ক।" বিশ্ববিদ্যালয়ের অর্থশান্ত্রাধ্যাপক মিঃ ক্লে, সি, সিংহ অনেকগুলি যুক্তির সাহায্যে প্রস্তাবটি উত্থাপিত করেন। কিস্তু বিশ্ববিদ্যালয়ের অক্সতম বাগ্মী মিঃ এইচ্, ডি, ভট্টাচার্য্য, তাঁহার প্রত্যোকটি যুক্তিকে থণ্ডন করিয়া এরপভাবে উহার তীত্র প্রতিবাদ করেন যে ভোটে প্রস্তাবটি প্রত্যাখ্যান করা হয়। এই তিন সভাতেই ছলের ছাত্রেরা অদ্যা উৎসাহে আলোচনায় যোগদান করিয়াছিলেন।

এবারকার বছরে অক্ত যে তুইটা বিশেষ সভার অধিবেশন হইরাছিল, ভাহাও বিশেষভাবে উল্লেখ-যোগ্য। একসভায় ঢাকা সদর মহকুমা ম্যাজিষ্ট্রেট মিঃ এস্, সি, ঘটক ভদানীস্তান জেলা ম্যাজিষ্ট্রেট্ মিঃ ডামণ্ডের সভাপতিত্ব পল্লীস্বায়ত্ত-শাসন সম্বন্ধে একটি মূল্যবান বক্তৃতা দেন। অন্য সভাতে শ্রীনিকেতনাগত জগন্নাথ-হল সমাজসেবা-প্রদর্শনীর বিশিষ্ট অভিথি মিঃ সি, এল, লাল ও শ্রীযুক্ত কালীমোহন ঘোষ প্রাঞ্জল ভাষায় সমাজসেবা সম্বন্ধে আবশ্যকীয় তুইটা বক্তৃতা দিয়া আমাদিগকে বিশেষ উপকৃত করিয়াছেন।

আমাদের হিতৈষী যে সমস্ত সাহিত্যামোদী স্থাী ও বিশেষজ্ঞগণ অনুগ্রহ করিয়া বাহির হইতে আসিয়া বক্তৃতাদির সাহায্যে আমাদের অশেষ কল্যাণ সাধন ও আমাদের প্রতি তাঁহাদের গভীর সহামুভূতি প্রকাশ করেন, তাঁহাদিগকে ঢাকা-হল ইউনিয়নের পক্ষ হইতে আমি আন্তরিক ধন্তবাদ জ্ঞাপন করিতেছি।

এবারে হলের সামাজিক সন্মিলনের (Social gathering) শোভা নানা কারণে বাড়িয়া উঠিয়াছিল। এই দিনই ভূতপূর্বব ভাইস্চ্যান্সেলার ডাঃ হার্টগের (বর্ত্তমানে স্থার ফিলিপ হার্টগ) বিদায় উপলক্ষে তাঁহার প্রতি ঢাকা হলের ছাত্রগণের শ্রদ্ধা প্রকাশ করিবার আয়োজন করা হইয়াছিল। হলের সন্মুখন্থ বিস্তৃত আয়তনে অন্ধ-বৃত্তাকারে টেবিল চেয়ার সাঞ্চাইয়া ছাত্রশিক্ষকের অবাধ মিলামিশার মধ্য দিয়া যে প্রীতিভোগ্ধনের ব্যবস্থা হইয়াছিল ভাহা সত্যই হল-জীবনের একটা বিশেষ স্মরণীয় গৌরবের বস্তু সন্দেহ নাই।

Social gathering উপলক্ষে হলের নাট্যামোদী ছাত্রসণ কর্ত্ব একটি ছোট প্রহসন "বিরিঞ্জি বাবা" অভিনীত হয়। এই "বিরিঞ্জি বাবার" সঙ্গে হয়ত বঙ্গীয় পাঠক পাঠিকাগণ সকলেই পরিচিত। "ভারতবর্ষে" প্রকাশিত হাস্তরসের অবভার প্রীপরশুরাম বিরচিত "বিবিঞ্জি বাবা" আমাদের অক্তরম ছাত্রবন্ধু শ্রীস্থবোধচন্দ্র সেন অভিনয়োপযোগী করিয়া লিখিয়া বিশেষ উৎসাহ ও যতুসহকারে আমাদের নাট্যামোদী বন্ধুগণের সাহায্যে অত্যক্ষকালের মধ্যে এমন সর্ববাঙ্গস্থন্দর করিয়া অভিনয় করিয়াছিলেন যে উপস্থিত ভদ্রমগুলী সেই অভিনয় দেখিয়া বাস্তবিকই মুগ্ধ হইয়াছিলেন। আমরা আমাদের নাট্যরসিক স্থবোধবাবু ও অন্যান্ত নাট্যামোদী বন্ধুগণকে "বিরিঞ্জি বাবার" সাফল্যের জন্ত

বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। আর এই সঙ্গে আমাদের সাহিত্যে স্থপরিচিত প্রীপর্ক্তরামকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। সভাসভাই এই প্রহসনটি যে কত স্থানর ও চমৎকারভাবে অভিনীত ইইয়াছিল তাহা যাঁহারা উপভোগ করিয়াছেন তাঁহাদের ভিন্ন আর কাহাকেও বলিয়া বুঝাইবার নয়। মোটের উপর স্বটায় মিলিয়া Social gathering এর দিনটা আমাদের হলকে আনন্দময় করিয়া ভূলিয়াছিল। এই দিনের সাফলোর জন্য আমাদের অক্লান্তকর্মী ভাইস্প্রসিভেন্ট্ মিঃ কিরণচন্দ্র দাসকে আমরা বিশেষভাবে ধন্যবাদ প্রদান করিতেছি।

সর্বশেষে এবারের কাউন্সিলের সদস্যগণকে তাঁহাদের নিজ নির্দ্ধিষ্ট কার্য্য স্থচারুরূপে সম্পন্ন করিয়াছেন বলিয়া ইউনিয়নের পক্ষ হইতে ধন্যবাদ জানাইতেছি।

> শ্রীউপেক্রচক্র দন্ত। জেনারেল সেক্রেটারী।

#### ঢাকা হল সাহিত্য-সম্মেলন।

বহুদিন থাবত ঢাকা হল ইউনিয়নে একটি সাহিত্য-শাখার অভাব তীব্রভাবে অমুভূত ইইভেছিল। এতদিন হলের সাহিত্য-চর্চ্চা শুধু হল-ম্যাগাঞ্চিনেই নিবন্ধ ছিল। তাহা বৎসরে একবার মাত্র প্রকাশিত হয়। হলের ছাত্রবৃদ্দ খাহাতে সম্যক-প্রকারে সাহিত্য অমুশীলন ও আলোচনা করিবার একটী বৃহৎ ক্ষেত্র ও উৎকৃষ্ট স্থযোগ প্রাপ্ত হয় তজ্জন্য গত ১২ই আগষ্ট তারিখে হল কাউন্সিলের এক অধিবেশনে একটী স্বতন্ত্র সাহিত্য-শাখা প্রতিষ্ঠিত করার প্রস্তাব গৃহীত হয়।

নিম্নলিখিত বিষয়গুলি সাহিত্য-সম্মেলনের কার্য্যাবলীর অন্তর্ভুক্ত;—(১) রচনা ও প্রবন্ধাদি পাঠ, (২) নিমন্ত্রিত বিশেষজ্ঞগণদ্বারা নানাবিষয়ে বক্তৃতা প্রদান, (৩) আবৃত্তি, (৪) বার্ষিক উৎসব ।

এই নৃতন স্বতন্ত্র প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনার জন্য আমাদের কোন tradition নাই।
এই সুর্বল শিশু প্রতিষ্ঠানের কলেবর-পরিপুষ্টি, ইহার কার্য্যকারিতা বৃদ্ধি ও কার্য্যক্ষেত্রের পরিসর
বিস্তৃতির জন্ম আমাদের সহপাঠীগণের সহৃদয় সাহায্য, অধ্যাপক-মগুলীর জ্ঞানগৃর্ভ উপদেশ ও শিক্ষিত
জনসাধারণের কুপাদৃষ্টি একান্ত গঞ্জনীয়।

এপর্যান্ত যে কয়েকটী অধিবেশন হইয়াছে ভাহার স্পক্ষিপ্ত বিষরণ নিম্নে প্রদন্ত হইল। ১ম অধিবেশন—৮ই সেপ্টেম্বর, ১৯২৫। সভাপতি—মিঃ জি, এইস্, ল্যান্ডলী, আই, ই, এস্।

একটী স্থমধুর সঙ্গীতদ্বারা সভার কার্য্য জারস্ত হয়। জামাদের ভূতপূর্ব্ব Vice-Chancellor Dr. (এখন Sir) P. J. Hartog C. I. E. এই নবগঠিত সম্মেলনের প্রয়োজনীয়তা সম্বন্ধে একটী নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করিলে পর ঢাকার সবডিভিশনাল অফিসার প্রবাণ সাহিত্যিক শ্রীযুক্ত স্থরেশচন্দ্র ঘটক এম্, এ মহাশয়—"প্রাচ্যের রহস্ত-পূর্ণ গীতিকথা— বৈহ্যব-কার্য" (The Mystic Song of the East-Vaisnavic Poetry) শীর্ষক একটী সারগর্ভ প্রবন্ধ পাঠ করেন।

প্রথমতঃ তিনি বিষয়টার একটা সাধারণ আভাস প্রদান করেন। তৎপর তিনি বলেন বৈষ্ণ্যৰ-কাব্যভাব একটা চুক্তের তত্ব ও বিশপ্রেম দ্বারা ইহা সঞ্জীবিত। এই তত্ত্ব মানব-হৃদয়বীণার সমস্ত যুগেই একটা মধুর রাগিণী বাজাইরাছে। আবহমানকাল হইতে মানবের মনোরাজ্যে ইন্দ্রিয়-গ্রাহ্ম ও অতীন্দ্রিয় জগৎ লইয়া চিরস্তন দক্ত—ইহার মীমাংসার দিকে বৈষ্ণ্যৰ কাব্যের ইঙ্গিত—বৈষ্ণ্যৰ-কাব্যে ভাব ও চিন্তার ক্রমবিকান্দের কথা ইত্যাদি বিষয় তিনি স্কুলরভাবে বিহুত করেন। তৎপর সফীধর্ম্মের সহিত তুলনা-মূলক সমালোচনায় তিনি বলেন—সফীধর্ম্মে যেমন (১) ধ্যান, (২) পুলক ও উচ্ছাুাস, (৩) পরাজ্যান, (৪) জগবৎ-প্রেম, (৫) সাধক-জনোচিত অন্তুত ভাবের অবস্থা, (৬) নিত্যানন্দের কথা প্রভৃতি পর পর অবস্থার উল্লেখ আছে—বৈষ্ণ্যৰ-সাহিত্যেও সেই সেই অবস্থা বর্ত্তমান রহিয়াছে। পরিশেষে প্রসঙ্গ-ক্রমে তিনি চন্ত্রীদাস ও বিল্পাতির ভাতি-মধুর কাব্যাংশ সমূহ উদ্ধৃত্ত করিয়া বক্তৃতাটি সরস ও স্ক্রমধুর করিয়া তোলেন। \* \* বক্তৃতা-শেষে আমাদের হলের অস্তত্তম চাত্র শ্রীস্থিরচন্দ্র দাশগুপ্ত বি, এস্ সি, একটা হাস্থরসোদ্দীপক ইংরেজী গল্প স্কুল্বভাবে আর্ত্তি করিয়া উপস্থিত সকলের মনোরঞ্জন করেন। ২য় অধিবেশন—২০শে নবেষ্বর, ১৯২৫। সভাপতি—মিঃ জি, এইচ্, ল্যাঙলী, আই, ই, এস্।

এই সভায় ডাঃ স্থান্দ কুমার দাস, এম্, এ, পি, এইচ্, ডি ( লণ্ডন ) মহাশয় "Prof. Flint on Hindu Pantheism" বেদান্ত বা সর্বব্রক্ষবাদ (প্রতিবাদমূলক সমালোচনা) শীর্ষক একটা প্রবন্ধ পাঠ করেন। অধ্যাপক ফ্লিণ্ট কর্তৃক লিখিত "Anti-Theistic Theories" নামক গ্রন্থের অন্তর্গত "Hindu Pantheism" অধ্যায়ের প্রতিবাদচ্ছলে প্রবন্ধণেখক দেখাইতে চেটা করিয়াছেন যে শাঙ্কর বেদাস্তকে 'Pantheism বা সর্বব্রক্ষবাদ বলিলে এই মতের উপর অ্যথা দোষারোপ করা হয়। উক্ত অধ্যাপকের যুক্তির খণ্ডন-মুখে লেখক ইহাও দেখাইতে চেফ্টা করিয়াছেন যে বেদাস্তের একা, অনুভূতির অভিরিক্ত অন্তঃসার শূন্য কেবল একটা "একত্ব" (Unity) নয়৷ এই একত্ব-খ্রূপ ব্রহ্মকে নির্বিকল্প ভ্রানের ভিতর দিয়া অন্যুভব ও প্রত্যক্ষ করিলে দেখা যায় যে তিনি আনন্দ-স্বরূপ ও অখণ্ডৈকরস চৈত্তখ্যমাত্র। এই একত্ব-স্বরূপ প্রকাভ্যাতৃ-ভ্রেয়রূপে প্রকাশিত সাধারণ জ্ঞানের উদ্ধি অবস্থিত ইত্যাদি। লেখক পঞ্চদণী, চিৎস্থী প্রভৃতি গ্রন্থ হইতে কতকগুলি বাছা বাছা যুক্তি উদ্ধৃত করিয়া অধ্যাপকের যুক্তির খণ্ডন ও বেদাস্তের "সাক্ষি-তত্ত্ব" এবং "নির্বিকল্প-প্রভাক্ষ" এই ছুইটী মূল বিষয় পরিকার করিয়া দেখাইতে চেষ্টা করিয়াছেন। Prof. Flintএর গ্রন্থখানি কোন কোন বিশ্ব-বিদ্যালয়ের উচ্চ-শ্রেণীর পাঠ্য-তালিকার অন্তর্গত। এই প্রকার গ্রন্থে ভারতীয় দর্শন-শিক্ষার্থী ছাত্রদিগের বিশেষ অপকার সাধিত হইতেছে। এই রকম পাশ্চাত্য-সমালোচকদের হাত হইতে নিষ্কৃতি লাভ করিয়া জিজ্ঞাস্থ ছাত্র-মণ্ডলী মূলগ্রাস্থাদি অধ্যয়ন ও বিচার করিয়া বেদাস্তের প্রকৃত তথ্য জানিতে চেষ্টা করেন ইহাই প্রবন্ধ লেখকের একমাত্র উদ্দেশ্য।

তৃতীয় অধিবেশন—১৯শে ডিসেম্বর, ১৯২৫ কার্চ্ছন হলে শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সভাপতিত্বে এই সভার অধিবেশন হইয়াছিল। এই সভায় ঢাকার বহু গণ্যমান্ত ব্যক্তির সমাগম হইয়াছিল—শ্রীযুক্ত যোগেশচন্দ্র দাস, জমিদার মহোদয় "ভারতীয় সঙ্গাত" সম্বন্ধে একটা বিশেষ গবেষণা-পূর্ণ প্রবন্ধ পাঠ করেন। প্রথমতঃ তিনি অস্থান্ত বিদ্যা-শিক্ষার স্থায় সঙ্গাত আলোচনার দিকে বিশ্ব-বিদ্যালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। প্রাচীন-ভারতের নাগরিক জীবনে সঙ্গাত-কলা কি প্রকার উচ্চদ্বান লাভ করিয়াছিল তাহা তিনি বাৎস্থায়নের "কাম-সূত্র" হইতে কিয়দংশ উদ্ধৃত করিয়া প্রমাণ করিয়াছেন। ক্রুৎপিপাসার নিবৃত্তি সভ্যতার মাপকাঠি নয়। দৈহিক-প্রবৃত্তির চরিতার্থতার অভীত মানসিক বৃত্তির যথার্থ উন্মেষই হইতেছে সভ্যতার উচ্চ আদর্শ এবং বাস্তবিক ইহাই মানুষকে আনন্দ-রাজ্যের অধিকারী করে। প্রাচীন ভারত, সভ্যতার মাপকাঠি স্বরূপ সঙ্গীত-কলাকে সাদরে গ্রহণ করিয়াছিল। লেখক বুঝাইতে চেন্ডা করিয়াছেন যে বৈচিত্রান্ময় ভারতীয় সঙ্গীতের একটা বৈশিক্ষ্য হইতেছে বিশ্বরসের উরোধন—অল্পকে ছাড়িয়া ভূমাকে গ্রহণ করা ইত্যাদি। উপসংহারে তিনি ঢাকার অভীত এবং বর্ত্তমান সঙ্গাত-চর্চচা সম্বন্ধে কয়েকটি প্রণিধানযোগ্য তথ্যকথা বলিয়া প্রবন্ধ সমাপ্ত করেন।

অতঃপর ঢাকার প্রানিদ্ধ সঙ্গীতজ্ঞগণ কর্তৃক যন্ত্রযোগে অতি সুমধুর ও হাদয়গ্রাহী সঙ্গীতালাপ হইয়াছিল।

৪র্থ অধিবেশন—২৩শে জানুয়ারী ১৯২৬। সভাপতি ডাঃ জ্ঞানেন্দ্রচন্দ্র ঘোষ ডি, এস্সি।

আমাদের হলের অক্সতম ছাত্র শ্রীযুক্ত অমুল্যচন্দ্র চক্রবর্তী বি, এ মহাশয় 'পাহিত্যের কথা" শীর্ষক একটী প্রবন্ধ পাঠ করেন। [৪১ পৃষ্ঠা দ্রস্টব্য ]

পরিশেষে, যাঁহাদের সহাসুভূতি ও সাহচর্য্যে আমাদের এই নবীন সাহিত্য-সম্মেলন সাফল্যমণ্ডিত হইয়াছে তাঁহাদিগকে আমি ঢাকা হল ইউনিয়নের পক্ষ হইতে আন্তরিক ধ্যাবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রীক্ষবনীভূষণ রুদ্র।

সম্পাদক,

ঢাকা হল সাহিত্য-সংস্থেলন।

#### ঢাকা-হল লাইত্রেরী।

লাইব্রেরী আমাদের হলের একটি প্রধান বিশেষত্ব। ইহার প্রথম জীবন আরম্ভ হয় টাকা কলেজ হোস্টেলের কতকগুলি বই লইয়া। তারপর ক্রমাগত চেফ্টায় ইহাকে এত বড় করিয়া ভোলা হইয়াছে। এ বৎসর ইহার জীবনের গতির অনেক পরিবর্ত্তন সংঘটিত হইয়াছে।—

প্রথমতঃ ইছা স্থানাস্তরিত হইয়াছে "লিটন হলে।" কতকগুলি আসবাবপত্রও ইউনিভার্সিটির নিকট হইতে পাওয়া গিয়াছে। দ্বিতীয়তঃ এবার লাইন্ত্রেরী অনেকটা ইউনিভার্সিটির আয়তের মধ্যে গিয়াছে। এ ধৎসর আরও নুতন বই ক্রয়ে করায় ইহার আকার ও অঙ্গুসোষ্ঠব উভয়ই আরও স্থুন্দর ছইয়াছে। গত বৎসর পর্যান্ত মোট বইএর সংখ্যা ছিল ২২০০, এবারও প্রায় ২০০ বই ক্রেয় করা ছইয়াছে। এবার লাইব্রেরীর জন্ম ৩০০ মঞ্জুর হইয়াছিল; তদ্মরা ইংরাজী, বাংলা, সর্ব্যপ্রকার পুস্তকই কিছু কিছু ক্রেয় করা হইয়াছে। পাঠ্যপুস্তক ক্ষেরৎ পাইতে প্রায়েই দেরী হয় বলিয়া এবার পাঠ্যপুস্তক বেশী আনান হয় নাই।

হলের ছেলেরাই লাইত্রেরীর বই ব্যবহার করিতে পায়। হলবাসী (Resident) ছাত্রগণ প্রত্যেহই বই পাইয়া থাকেন এবং যাঁহারা বিশ্ববিদ্যালয়-সম্পর্কিত ব্যাপারে হলের অধীন, অথচ সহরে অভিভাবকদের অধীনে বাস করেন, তাঁহাদিগকে সপ্তাহে ৪ দিন বই দেওয়া হয়। বংবরই বই দেওয়া এবং কেরৎ লুওয়ার সময়ে বিশৃত্থলা হয় বলিয়া এবার এক নূতন নিয়ম প্রেবর্ত্তন করা হইয়াছে। ছেলেরা কাগজে বই ও নিজের নাম লিখিয়া কাগজিটি একটি বাজের মধ্যে দিয়া গেলে 'লাইত্রেরীয়ান' ঐ কাগজ দেখিয়া বই বাহির করিয়া য়াথেন এবং পরে ছেলেরা আসিয়া যার যার বই লইয়া যায়। ইহাতে স্থ্রিধাও প্রচুর, সময়ও লাগে কম। সাধারণতঃ প্রত্যেককে ২ খানার বেশী বই দেওয়া হয় না। গড়ে প্রতিদিন প্রায় ৩০ জন ছেলে লাইত্রেরী ইইতে বই নিয়া থাকে এবং প্রতিদিন গড়ে ৭২ খানা বই ছেলেদের ব্যবহারে থাকে। ইহাতেই বুঝা যায় যে লাইত্রেমীর ব্যবহার ছেলেদের মধ্যে খুব ব্যাপক।

ইংরাজী অপেক্ষা বাংলা বইএর চাহিদা বেশী, অথচ বাংলা বইএর সংখ্যা তুলনায় খুব কম। ইংরাজী বইএর চাহিদা কম হইবার কারণ বোধ হয় ইতঃপূর্বের ক্রেয় করিবার সময় পুস্তক ঠিকমত নির্বাচন করা হয় নাই। কারণ এমন অনেক বই আছে যাহা কেউ কখনও খুলিয়াও দেখে নাই।

লাইব্রেরীর প্রায় ৩০০।৩৫০ বই ফেরং পাওয়া যাইতেছে না। কাজেই প্রোভোষ্ট এবার একটু কড়াকড়ি করিয়া বইগুলি replace করিবার বন্দোবস্ত করিয়াছেন। আমরা আশা করি, হল লাইব্রেরীর বইগুলি যাহাতে সংরক্ষিত হয়, সকল ছাত্রই ভাহাতে একটু মনোযোগ দিবেন।

> শ্রীশৈলেশচন্দ্র রায়। লাইত্রেরীয়ান।

## ঢাকাহল নাট্য-সন্মিলন।

বরাবর যেমন হয় এবারও তেমনি পূজার ছুটীর পূর্বেই আমাদের নাট্যাভিনয় হইয়া গিয়াছে। অভিনয় দুইরাত্রিই হইয়াছিল—প্রথমরাত্রি পুরুষদের জুন্ম, আর দ্বিতীয়রাত্রি শুধু মেয়েদের জন্ম।

এবারের অভিনয়ে ঢাকাহল বেশ সুনাম অর্জ্জন করিয়াছে। সাহিত্য-সম্রাট্ বিশ্বনচন্দ্রের "বিষর্ক্ষ" এবারকার অভিনয়ের বিষয় ছিল। যাঁহার অক্লান্ত পরিশ্রাম ও বিপুল উৎসাহে প্রতি বৎসর ঢাকাহলের নাট্যাভিনয় স্থাসম্পন্ন হইয়া থাকে আমাদের সেই নাট্যামোদী শ্রান্ধের অধ্যাপক শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ ঘোষ মাহশয় এবার "নগেন্দ্রে"র ভূমিকায় নামিয়াছিলেন। তাঁহার অভিনয়-নৈপুণ্যে উপস্থিত সকলেই

বিশেষ আনন্দিত ও প্রীত হইয়াছিলেন। দেবেন্দ্র, সূর্য্যমুখী, কুন্দ এবং হীরার ভূমিকায় গাঁহারা নামিয়াছিলেন তাঁহাদের অভিনয়ও বিশেষভাবে উল্লেখযোগ্য। কমলমণি ও শ্রীশের অভিনয়ও কুটিয়াছিল ভাল। মোটের উপর এবারের অভিনয় সত্য সভাই খুব স্কুন্দর এবং সাফল্য-মণ্ডিত হইয়াছিল। শ্রীযুক্ত স্থরেন্দ্রনাথ ঘোষ মহাশয় প্রতিবহসর যেরূপ উৎসাহ ও যত্ন সহকারে আমাদিগকে অভিনয়-শিক্ষা দিয়া থাকেন, তাহাতে বলিতে হয় ঢাকাহলের অভিনয়ের সফলতা একমাত্র তাঁহারই অমুক্রহের দান। আমরা তাঁহাকে আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

ছাত্রজীবনে খেলাধূলার মত অভিনয় শিক্ষা করাও যে আর্টের হিসাবে খুবই দরকারী এবং পুঁথি পুস্তকের বাইরে এইরপ নির্দেষ আমোদ-প্রমোদেরও যে একটা মথার্থ সার্থকতা আছে ইউনিভাসিটির কর্তৃপক্ষ এতদিনে যেন তাহা বুঝিতে পারিয়াছেন। নূতন দৃশ্যাবলী (Scenes) ক্রম করিবার জন্ম এবার কর্তৃপক্ষ ঢাকা ও জগরাথ হলকে ১০০০ টাকা মঞ্জ্ব করিয়াছেন। হলের আর্থিক অবস্থা তত স্থবিধাজনক নয় বলিয়া সর্ব্বাঙ্গস্থন্দর অভিনয়ের ব্যবস্থা করা এতদিন বড়ই ছংসাধ্য ছিল। এখন বিশ্ব-বিদ্যালয়ের মঞ্জুরী টাকায় দৃশ্যাবলী কিনিয়া লইতে পারিলে উহা দ্বারা ভবিশ্যতে অভিনয়ের মৌন্দর্যাবৃদ্ধি ও উৎকর্ষ সাধনের অনেক সহায়তা হইবে।

এবার Social gathering উপলক্ষে আমাদের নাট্যসন্মিলন বেরূপ সুন্দরভাবে পরশুরাম বিরচিত "বিরিঞ্চিবাবা" অভিনয় করিয়াছিল, তাহাতে উপস্থিত ভদ্রমগুলী বিশেষ আনন্দলাভ করিয়াছিলেন এবং অনেকে উচ্চ প্রশংসাও করিয়া গিয়াছেন। আজ আমরা সুবোধবাবু প্রমুখ হলের নাট্যামোদী বক্ষুদিগকে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

শ্রীহরিশ্চন্দ্র দতগুপ্ত। শেক্রেটারী।

## ঢাকা-হল কমন্ রুম্।

কমন রুমের কথা কিছু বলিতে হইলেই সর্বপ্রথম আমাদের অস্থায়ী প্রোভোষ্ট ডাঃ কেন্ধ্রিস্ক আমাদের আন্তরিক ধস্পবাদ জ্ঞাপন করিতে হয়। ইউনিভার্সিটির প্রারম্ভ হইডে ১৯২৫ খুন্টাব্দের জুলাই মাস পর্যান্ত কমন রুমের স্থানাভাবে ঢাকাহলের ছাত্রগণকে বিশেষ অসুবিধা ভোগ করিতে হইয়াছিল। ডাঃ জেন্ধিন্দের বিপুল উৎসাহ ও চেফার ফলে গত বৎসর ঢাকা-হলের কমন রুম, লাইত্রেরী ও প্রোভোষ্ট অফিসের জন্ম স্থান্দর একখানা দালান তৈরী হইয়াছে এবং বর্ত্তমান সেসনের প্রারম্ভেই কমন রুম প্রভৃতি উক্ত দালানে স্থানান্তরিত করা হইয়াছে। টেবিল, চেয়ার, বেঞ্চ, আলমারী প্রভৃতি যাবতীয় প্রয়োজনীয় সাক্ত সরজাম, বৈত্যুতিক আলো বাতাস এবং সন্থান্য ছোট

স্থা স্থাবিধায় বর্ত্তমান কমন্ রুম ঢাকা-হলের একটা গৌরবের বস্ত হইয়াছে সন্দেহ নাই। হলের ছোট সভা সমিতি ও তর্ক-সভাগুলির অধিবেশনের জ্বাও এখন কমন্ রুমই ব্যবহৃত হইয়া থাকে।

কমন্ রুমে গত বংসর যে সব দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পত্রিকাদি রাখা হইত তাহার প্রায় সবগুলিই এবংসরও রাখা হয়। মাঝে মাঝে তুই একখানার পরিবর্ত্তে অশু নৃতন পত্রিকাও রাখা হইয়া থাকে। মোটের উপর আমাদের দেশের বাংলা, ইংরেজী প্রায় সবগুলি প্রসিদ্ধ পত্রিকাই বর্তুমানে আমাদের কমন্ রুমে আছে।

পিংপং, কেরম, দাবা ইত্যাদি indoor games আগের মতই চলিতেছে।

জামাদের কুমন্ক্রম প্রভাহ বেলা ১১টা হইতে রাত্রি ৮টা পর্যন্ত খোলা থাকে। এবং উহার প্রায় সব সময়ই ছাত্রগণ কমন্ক্রম ব্যবহার করে। চাকা-হলের প্রায় সকল ছাত্রই দৈনন্দিন অফ্যান্ত কাজের মত প্রভাহই একবার কমন্ক্রমে যাইয়া পড়াশুনা বা ক্রীড়াদি করিয়া থাকে। ইহা চাকা-হলের প্রভ্যেক ছাত্রেরই একটা বিশেষত্ব। কাজেই গড়ে প্রায় ২০ হইতে ৩০ জন ছাত্র সব সময়ই ক্মন্ক্রমে দেখিতে পাওয়া হায়।

আমরা নুতন ছবি প্রভৃতি দারা বর্তমান রুচি অসুধায়ী কমন রুমটিকে আরও স্থুন্দরভাবে সাজাইয়া রাখিবার জন্ম আমাদের বর্তমান প্রোভোষ্টের মনোযোগ আকর্ষণ করিতেছি।

শ্রীশচীস্রমোহন গুহঠাকুরতা। সেক্রেটারী।

## ঢাকা-হল সমাজসেবা সমিতি।

ঢাকাহল সমাজসেবা সমিতি তার ৫ম বর্ষে পদার্পণ করলো। একাস্ত নীরব কন্মীর উন্মাদনা নিয়ে তার প্রথম প্রতিষ্ঠা হয়েছিল ১৯২১ সালে। যে কয়টা মহৎ প্রাণ তখন এর অবলম্বন হ'য়ে দাঁড়িয়েছিল, তাঁরা আজ তাঁদের মহন্তর কর্ত্তব্য নিয়ে নানাস্থানে ছড়িয়ে পড়েছেন। পরবর্তী কন্মীগণ একে কর্তটুকু পরিপৃষ্ঠি দিতে পেরেছে একবছরে—আজ তাই একটু আলোচনা করা যাক্—খ্র সংক্ষেপে।

#### নৈশ বিভালয়---

প্রথমতঃ নৈশ বিভালয়। দুস্থ কালকদের প্রাথমিক শিক্ষার ব্যবস্থা সরকারের পক্ষ হ'তে মোটেই করা হচ্ছেনা আমাদের দেশে,—কিন্তু মনে হয় এর প্রয়োজনীয়তা কোন বিশেষ কিছু থেকে বড় কম নয়। এই সমিতির প্রারম্ভে ছয়টী বালককে নিয়ে নৈশ-বিদ্যালয় স্থাপিত হয়েছিল। আজ ছাত্র পঞ্চাশ জন হয়ে দাঁড়িয়েছে। এদের মধ্যে যারা একটু লেখাপড়ায় ভাল হয়েছে তাদের উচ্চ ইংরেজী স্কুলে ভর্ত্তি করিয়ে দেওয়া হয়েছে। সম্প্রতি সাতটী ছাত্র নবকুমার স্কুলে পড়ছে। স্কুলের বেতন, পুস্তকের দাম ইত্যাদি সমস্তই আমাদের ফণ্ড হ'তে দেওয়া হয়ে থাকে।

ছাত্রদের চরিত্র-গঠন ও শারীরিক উন্নতির জন্ম যথেক্ট যত্ন নেয়া হচ্ছে। ফুটবল, ক্রিকেট ইত্যাদি খেলার সরঞ্জামও ওদের শেস্কা গেছে। বৎসরের শেষে বার্ষিক পুরস্কার দেবারও ব্যবস্থা আছে।

জানিনা জগতে রোগ শোক কেন হয়। এ যদি ঈশরের বিধান হয়ে থাকে, তবে কারও যন্ত্রণা লাঘবের চেফা করা তাঁর বিক্লাচরণ মাত্র। কিন্তু ঢাকাহলের ছেলেরা এ কালে ঈশরের বিক্লাচরণকেই ধর্ম ব'লে মেনে নিয়েছে। ছোট বড়, ইতর ভদ্র যে কেহ আজ যদি তাদের ডাকে—তারা অমনি তাদের ক্ষুদ্র সামর্থাটুকু নিয়ে হাজির হয়। কলেরা, নিউমোনিয়া, প্লুড়িসিস্ ইত্যাদি বিবিধ রোগের শুক্রাবা তারা সর্ববদাই করে আসছে। এ কাজের সাহায্যের জন্ম থার্মোমিটার, বৈড্পেন, আইস্ব্যাগ্, হট্ওয়াটার-বট্ল্, ইউরিনেল ইত্যাদি সমিতির নিজস্বই আছে। প্রয়োজন মত দরিক্র রোগীদের সিক্কমে রাথার বন্দোবস্ত আছে। ঔষধাদির ব্যবস্থাও আছে। এ বিষয়ে ইউনিভারসিটির ডাক্তারবাবু আমাদের বিশেষ সাহায্য করিতেছেন; এর জন্ম সমিতি তাঁহার নিকট চির-কৃত্তে।

হোম্-নার্সিং, ফাস্ক এইড্ইত্যাদি বিষয়ে কম্মীদের কিছু কিছু জ্ঞান থাকা দরকার। এ উদ্দেশ্যে ক্লাশ করার ব্যবস্থা প্রতিবারই করা হয়। এবারও ডাক্তার দাশগুপ্ত সপ্তাহে একদিন বক্তৃতা দিতেন। কোন কারণে সম্প্রতি ক্লাশ বন্ধ হয়ে আছে।
বক্ত্তা—

দেশের ও দশের উন্নতিবিধায়ক বক্তৃতা সর্বসাধারণের ও কন্মীদের পক্ষে বিশেষ উপযোগী। পারদর্শী, বিজ্ঞ স্থধীবৃন্দ মাঝে মাঝে এই সমস্ত বিষয়ে বক্তৃতা দিয়া থাকেন। ম্যাজিক লেণ্টার্ণের সাহায্যেও কখন কখন বক্তৃতার আয়োজন হয়ে থাকে।
স্বেচ্ছাসেবক-সঞ্জ্ঞ

স্থেনি বিকের প্রয়োজনীয়তা সম্বন্ধে, বোধ হয়, বলবার বিশেষ প্রয়োজন নেই। লাকলবন্ধ-মান উপলক্ষে ঢাকা ও নানাস্থান থেকে অনেক স্থেচাসেবকই সেখানে গিয়ে থাকেন, এখান থেকেও পাঠান হয়। গত বংসর এখান থেকে ৫০ জন কর্ম্মী সেখানে গিয়ে তাহাদের যথাসাধ্য শক্তি সেই বিপুল জনসমাগমের মঙ্গলার্থে নিয়োগ করেছিলেন। তাদের মধ্যে অনেকেই সারাদিন মাথার উপর সূর্য্য আর পায়ের নীচে কাদা নিয়ে অক্রান্ত পরিশ্রমে কর্ত্তব্য সম্পাদন করেছিলেন। আবার অনেককে ভোর হতে সন্ধ্যা জলে দাঁড়িয়েও থাক্তে হয়েছিল।

ঢাকার জন্মান্টমীর শোভাষাত্রা উপলক্ষে লোকসমাগম হয় বিপুল। কিন্তু কোন বছরই ছাত্রপক্ষ হতে তাদের সাহায্যের কোন ব্যবস্থা করা হোত না। মৃষ্টিমেয় পুলিশের পক্ষে তথন শাস্তিরক্ষা করা অসম্ভব, ফলে কোন বছরই তুর্ঘটনার অভাব হোত না। এবারই প্রথম ঢাকাহল থেকে ১০৭ ১৬জন স্বেচ্ছাদেবক দেখানে যান। ঢাকাস্থ অত্যাত্ম ছাত্র-বন্ধুগণও এ কাজে যোগ দিয়েছিলেন। ফলতঃ উভয় দিনের কাজই স্কুচারুরূপে সম্পন্ন হয়েছিল। ঢাকেশ্বরীর বাড়ী ও ছোট বড় সমস্ত কাজেই প্রয়োজন হলে স্বেচ্ছাদেবক পাঠান হয়। ত

আমাদের এ "সোণার বাংলা" আজ দারিদ্রোর ক্ষাঘাতে জর্জ্জরিত। ভিক্ষাদানে এদেশের লোককে মৃত্যুর হাত হ'তে বাঁচানো পাগলের পাগলামো বই কিছুই নয় সত্য। পরস্তু আমাদের দেশে যে ভিক্ষা-বৃদ্ধি এমন অনেকে অবলম্বন করেছে—বাদের খাটবার শক্তি আছে, সেও মিথ্যে নয়; কিন্তু তা'বলে আমাদের যতটুকু শক্তি সেইটুকু যে আমরা কেন সাধারণের হিতে নিয়োগ কোরবো না তাও বোঝা যায় না। তবে এটুকু দেখা দরকার যে ভিক্কুক সত্যই ভিক্ষার উপযুক্ত পাত্র কিনা, তাহলেই যথেক্ট। আমাদের ফাণ্ডের এক তৃতীয়াংশ শুধু ভিক্ষাদানেই বায়িত হয়ে থাকে। কত অন্ধ আত্র আজ যরে যরে হাহাকার করছে, শুধু এক মৃত্তি অন্নের জগ্য—আর সে তুলনায় আমাদের সাহায্যের ক্ষমতা কত ক্ষুদ্র। চাকাহল সমাজসেবা-সমিতির এই টুকুই একটু ক্ষুদ্র ইতিহাস—যদিও সংক্ষেপে। আমাদের আশা আছে এর কাক্ষ ক্রেমে বংসারের পর বংসার প্রারভালাভ করবে।

শ্রী**অব**নীরঞ্জন ঘোষ। সম্পাদক।

## বাৎসরিক খেলাধূলা।

ঢাকাহলের খেলাধূলার কথা কিছু বলিতে হইলেই পুরাতন ঢাকা কলেঞ্চের খেলার খ্যাতি ও কীর্ত্তির কথা মনে পড়ে। আমাদের কিন্তু মনে হয় ঢাকা কলেজের সেই গৌরব ঢাকা হলই অক্লুণ্ণ রাখিতেছে।

নিত্যকার মামূলা খেলা যেমন বরাবর হইয়া থাকে, এবারও তেমনই হইয়াছে। নিয়মিত
প্রেলায়াড়ের সংখ্যা বৃদ্ধি ভিন্ন হ্রাস পায় নাই। শঙ্খনিধির নামের সঙ্গে সম্পৃত্তি
ফুটবল।

Shieldটার জন্ম আমরা শেষ পর্যাস্ত লড়িয়াছিলাম; কিন্তু অস্তের জন্ম উহা আমাদের
ভাগ্যে জুটিল না।

এবার তুইটী ভিন্ন জায়গার খেলোয়াড়গণ এখানে ফুটবল খেলিতে আসিয়াছিলেন। বহরমপুর কলেজের সঙ্গে আমাদের আপন মাঠেই আমাদের তুই বাজি ফুটবল খেলা হয়। একদিন ওঁরা হারিয়া যান; আর একদিন হারজিত কিছু হয় নাই।

প্রেসিডেন্সী কলেজও ঢাকায় খেলিতে আসিয়াছিলেন। তাঁদের সঙ্গে আমাদেরও একটা থেলা হয়—হারজিত কারোই হয় নাই।

এই তুই কলেজকেই আমরা তাঁদের অমুপ্রহের জন্ম ধন্যবাদ জানাইতেছি।

অনেকে আবার 'এ'টীম্ 'বী'টীম্ করিয়া খেলোয়াড়দিগকে শ্রেণীবিজ্ঞ করিয়া থাকেন; আমাদের তা করিবার দরকার হয় নাই। অথচ, মোটের উপর প্রায় ত্রিশজন খেলোয়াড় নিয়মিতভাবে ফুটবল খেলিয়া আসিয়াছেন। এবং খেলা আমাদের একটুও খারাপ হয় নাই।

এনার ক্রিকেটে আমরা প্রায় দশ এগারটা ম্যাচ্ খেলিয়াছি এবং একটা ছাড়া সব কয়টীতেই জিতিয়াছি। আর স্বরাজ লাভের প্রথম সোপান-স্বরূপ ঢাকার European Club এর সাহেব খেলোয়াড়ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেট।
ক্রিকেটা সাহেবদেরই
খেলা; অথচ, সেই খেলার আমরা যে সাহেবদিকেই হারাইয়া দিলাম, এটা কি কম

তবে, এখানে একটু কৃতজ্ঞতা প্রকাশ করা প্রয়োজন যে, আমাদের তদানীস্তন প্রোভোষ্ট মিঃ ডব্লিউ, এ, জেন্ধিকা আমাদের হইয়া সাহেবদের বিরুদ্ধে খেলিয়াছিলেন। বলা বাহুল্য, তিনিও ঢাকা ক্লাবের একজন মেশ্বর।

ক্রিকেট খেলিয়া এবার আমরা ভাথান কাপ্টি ( Nathan Cup ) পাইয়াছি,—দে কথা কিন্তু ভুলিতে পারিনা।

টেনিস্, ব্যাডমিণ্টন্ এবং ভলি বল—বরাবর যেমন চলিভেছে, ভেমনই চলিয়াছে

এই বিপুল জীবনসংগ্রামের দিনেও যে আমরা খেলার আনন্দটুকু হারাইয়া ধসি নাই, এটাও একটা গৌরবের বিষয় সন্দেহ নাই।

আমাদের হলের ছাত্রদের মধ্যে যাঁরা অযুগ্ম হইয়া টেনিস্ খেলিতে পারেন, তাঁদের মধ্যে যিনি সকলের সেরা তাঁকে প্রোভোষ্ট বরাবরই একটা পুরস্কার দিয়া থাকেন। এবারও আমাদের গেলবারের বিজয়ীবীর (Champion) প্রীপ্রমথ নাথ সেনগুপ্তই ঐ পুরস্কার লাভ করিয়াছেন। তাঁহাকে আমাদের আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

তিন হলের ছাত্রদের নিয়া ইউনিভার্সিটীতে যে বাৎসরিক ক্রীড়া-প্রদর্শনী হয়, তাতে আমাদের সাফল্য বাস্তবিকই গর্বব করিবার মত জিনিস। এবার সব শুদ্ধ ২০ রক্ষের খেলা দেখানো হয়; তার বাৎসরিক ক্রীড়া মধ্যে ১৪টাতেই আমরা প্রথম স্থান অধিকার করিয়াছি। সব শুদ্ধ ৭৬ জন এই প্রদর্শনী খেলার প্রতিযোগিতায় যোগদান করেন; কিন্তু তার মধ্যে ৪০ জনই আমাদের (Annual Sports) আপন লোক। আরও আছে। আমাদের খেলা বিভাগের অধিনায়ক সত্যেক্ত নাথ স্বয়ং সমস্ত প্রতিযোগীদের মধ্যে সকলের উপরে হইয়াছেন; তার মানে আজ তিনি সমস্ত ইউনিভার্সিটীর Champion বা প্রথম খেলোয়াড়। সকলে জানেন কিনা, বলা কঠিন, যে এই সব খেলারও নম্বর আছে।

#### সভ্যেন্দ্ৰনাথ

- (১) স্থুদীর্ঘ লক্ষপ্রদানে প্রথম হইয়াছেন ; তার নম্বর হইল—
- (২) ১০০ গজ দৌড়ানোতেও ১ম হইয়াছেন ; তারও নম্বর—
- (৩) ২২০ গজ দৌড়ানোতেও তাই; তারও নশ্বর—
- (৪) ৪৪০ গজ দৌড়—ভাতেও ভাই, নম্বর—
- (৫) আর একটা বিশিষ্ট রক্ষমের বাধা ডিঙ্গাইয়াণ্ড তিনি দৌড়াইয়াছেন—যার নাম
  Hurdle race;—ভাতে তিনি দ্বিভীর হইয়াছেন, এবং নম্বর পাইয়াছেন, ৩। একুনে তিনি ২৩ নম্বর পাইয়া
  সকলের উপরে হইয়াছেন। এবং এই Champion হওয়ার জন্ম তিনি একটা বিশেষ পুরস্কারও পাইয়াছেন।
  ভা ছাড়া, প্রত্যেকটা পৃথক্ খেলায় প্রথম দ্বিভীয় হওয়ার জন্ম আলাদা পুরস্কারও পাইয়াছেন।

খেলায় যিনি বিশ্ব-বিদ্যালয়ের মধ্যে দ্বিভীয় হইয়াছেন, ৰলা দরকার বে, ভিনিও আমাদের হলেরই—জিতেন্দ্রনাথ মুখোপাধ্যায়। ইনি এক মাইল এবং আধ মাইল দেড়ে প্রথম হইয়াছেন;— আর, Cross Country অর্থাৎ 'দিগ্দেশ ভ্রমণ' দেড়ে দ্বিভীয় হইয়াছেন। তা ছাড়া নিশান-চালানো দেড়ি (Relay race) আছে একরকম; তাতে এই ইউনিভার্সিটীর জন্ম হইতেই আমরা প্রথম হইয়া আসিতেছি—এবারও হইয়াছি।

তিন হলের আপেক্ষিক তুলনায়ও আবার ঢাকা-হলই প্রথম হইয়াছে। ঢাকা-হল সব শুন্ধ ৯৪ নম্বর পাইয়াছে মোসুেম হল ৩৬ এবং জগন্ধাথ হল ২৮ নম্বর পাইয়াছে।

ভিন হলের মধ্যে যে হল প্রথম হয়, সেই হলকেও আবার একটা পুরস্কার দেওয়া হয়—তার নাম "Vice-Chancellor's Cup''। সেটা গত পাঁচ বৎসর বাবতই আমরা পাইয়া আসিতেছি। এটা প্রথম ভাইস্-চ্যান্সেলার স্থার ফিলিপ হাটগ্ দান করিয়াছিলেন; তিনি এবার অবসর গ্রহণ করিয়াছেন। আমাদের মনে হয়, অতঃপর আর এই 'পেয়ালাটী' নিয়া খেলা হওয়া উচিত নয়। পাঁচ বৎসর যে হল ওটা পাইয়াছে, সেটা ভারই হওয়া উচিত। আমাদের নৃতন ভাইস্-চ্যান্সেলার মিঃ জি, এইচ, ল্যাঙ্গলী যদি ঐরূপ একটা পেয়ালা দান করেন, তবেই সব গোলবোগ মিটিয়া যায়।

Champion prize অর্থাৎ সব-সেরা পুরস্কারটা একটা অতি স্থন্দর পেয়ালা। এবার,—যেন ঢাকা-হলের জয় হইবে জানিয়াই—এই পেয়ালাটী বিগত কয়েক বৎসরের চেয়ে বড় করিয়া বানানো হইয়াছিল। এজন্য খেলা কমিটির অধ্যক্ষ এবং আমাদের ভূতপূর্ব্ব প্রোভোষ্ট মিঃ জেঙ্কিন্সকে আমরা ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। আর সাধারণভাবেও এই ক্রীড়া-প্রদর্শনীর নির্বিদ্ধ সমাপ্তির জন্য আমরা তাঁর স্থবন্দোবস্তের কাছে ঝণী।

ভবিষ্যতের জন্য আমরা এই একটু নিবেদন করিতে চাই যে, প্রথম পুরস্কার সবগুলিই যদি Cup বা পেয়ালা হয়, ভবেই যেন ভাল দেখায়। এজিনিসগুলি দেখিতেও ভাল, রক্ষা করাও চলে; এবং এই জম্মে সকলেরই মনোরঞ্জন হয়।

আমাদের একজন নামকরা খেলোয়াড় সরোজপ্রসন্ন গুপ্ত এবার সব্-রেজিপ্রার হইয়া গিয়াছেন; স্থুতরাং তাঁকে খেলার মাঠে আর দেখিতে পাইবনা। সেজগু আমরা ছুঃগিত।

্তবে ভরসার কথা এই যে এবার কয়েকজন নূতন খেলোয়াড়ও আমরা পাইয়াছি। সরোজবাবুর মত্ত কোনও একটা পদ লাভ না করা পর্যান্ত, আশা করি, তাঁরা আমাদের মায়া আর কাটাইতে পারিবেন না।

ইউনিভার্সিটিতে এবারমাত্র প্রথম Aquatic sports আরম্ভ হইয়াছে। প্রতিযোগিতায় "হলেও যেমন, জলেও তেমন"—ঢাকা-হলই অধিক সংখ্যক পুরস্কার লাভ করিয়াছে। আবার তার মধ্যে প্রায় সব জলের খেলা। গুলিই প্রথম পুরস্কার। প্রতিযোগিতাকারীদের মধ্যে শ্রীস্থীরচন্দ্র গুপ্তের নাম বিশেষ উল্লেখযোগ্য।

সর্বিশেষে যে সব থেলোয়াড়ের উৎসাহ ও চেম্টায় এবার ঢাকাহলের খেলার°গৌরব বৃদ্ধি পাইয়াছে, ভাঁহাদিগকে ঢাকাহল ইউনিয়নের পক্ষ হইতে আস্তুরিক ধক্যবাদ জ্ঞাপন করিতেছি।

> শ্রীসত্যেক্তনাথ দাস। সেক্তেটারী।

#### ক্লাবের কথা।

বিশ্বকবি রবীন্দ্রনাথের ঢাকায় আগমনোপলক্ষে স্থানীয় ছোট বড় সব প্রতিষ্ঠানগুলির মধ্যেই একটা বিশেষ ঢাঞ্চল্য ও নবজীবনের নবীন উৎসাহ-উদ্দীপনার স্থান্তি হইয়াছিল। বিশেষ বরেণ্য কবিকে আশনার ধরে সাদরে বরিয়া লইতে যাহার যতটুকু শক্তি ছিল, যাহার যতটুকু সামর্থ্য ছিল গভীর আন্তরিকভার সহিত সেই সবটুকু শক্তিসামর্থ্য নিংশেষ করিয়া দিতে কেহ কোন কার্পণ্য করে নাই। কিন্তু প্রথের বিষয় কবি-বরণ ত সকলের ভাগ্যে ঘটিল না। কবির আকস্মিক অন্তন্ত্রতা ক্ষুদ্রন্থৎ কত প্রতিষ্ঠানের কত আয়োজনকে পণ্ড করিয়া দিল।

অনেকদিন আগে আমাদের হলের কয়েকজন বিশিষ্ট উদ্যোগী ছাত্রবন্ধু মিলিয়া লালেগ্রো ক্লাব ("L'allegro Club) নামে একটা ক্লাব গঠন করেন। পরস্পার খোলাখোলি ভাবে মেলামেশার মধ্যদিয়া সমসাময়িক দেশের যাবতীয় সমস্যামূলক বিষয়গুলির যথোচিত আলোচনা করিবার জন্ম এবং পরস্পারের মধ্যে একটা প্রীতির বন্ধন ও গোহাদ্দা স্থাপনের উদ্দৈশ্যেই এই ক্লাব প্রথমতঃ গড়িয়া উঠে। সপ্তাহের প্রত্যেক শনিবার রাজিভোজনের পর ক্লাবে debate meeting এর অধ্বেশন হয়। এক একদিন এক একটি প্রস্তাবিত বিষয়ের বিস্তৃত আলোচনা হইয়া ভোটে উহা গৃহীত বা প্রত্যাখ্যাত হয়। ইহা ছাড়া ক্লাবে মাঝে মাঝে প্রবন্ধাদি পাঠ ও সাহিত্যালোচনাও হইয়া থাকে।

লালেগ্রো ক্লাবের মেম্বরগণও রবীন্দ্রনাথের ঢাকায় আগমনে মাতিয়া উঠিয়া ছল। কাজও করিয়াছে তাহারা ঢের। রবীন্দ্রনাথের সঙ্গে যে সব বিদেশীয় খ্যাতনামা প্রফেসারগণ আসিয়াছিলেন, ঐ ক্লাব তাঁহাদের বিশেষভাবে সম্বর্দ্ধনা করিয়াছে এবং কার্জনহলে তাঁহাদের তিনটি বক্তৃতার বন্দোবস্ত করিয়া সহরের শিক্ষিত সাধারণের পক্ষে বিদেশীয় বিশেষজ্ঞগণের বক্তৃতা শুনিধার বিশেষ স্থবিধা করিয়া দিয়াছিলেন। তাঁহাদের যে যে বিষয়ের বক্তৃতা পঠিত হইয়াছিল তাহার নাম নিম্নে প্রদত্ত হইল।

Prof. Formichi-"The Upanisadas."

Prof. Tucci-"The Indian and the Italian Epics".

Prof. Lim-"The Present-day China."

সঙ্গে সঙ্গে নীনেন্দ্রবাবুর গানও উপস্থিত শ্রোত্মন্ত্রনীর আনন্দ বর্দ্ধন করিয়াছিল। লালেগ্রো ক্লাবের প্রভাগ্য, কবিবর তাহাদের কবি-সন্ধর্দ্ধনার ক্ষুদ্র আয়োজনকে ব্যর্থ করিবেন না কথা দিয়াও আকস্মিক অস্থৃত্তা নিবন্ধন তাহাদের নিমন্ত্রণ রক্ষা করিতে পারেন নাই! কিন্তু মহা-প্রাণ বিশ্বকবি এ ক্লাবকে একেবারে ভুলিয়া যান নাই। ঢাকা ত্যাগ করিবার অব্যবহিত পূর্বের তাঁহারই বিশেষ অনুগ্রহে এ ক্লাবের সমস্ত মেম্বরগণ, কবিবর ও ইতালীয় প্রফেসারগণ, ভাইস্চ্যান্সেলার এবং ঢাকা ও জগন্নাথ হলের প্রভাগ্য প্রইজনকে লইয়া কার্জ্জন হলের সম্মুখে একখানা Group Photograph তুলিবার স্ক্রেণাগ পাইয়াছিল।

লালেগ্রো ক্লাবের মত ঢাকাহলে এবার আরও একটি ক্লাব গড়িয়া উঠিয়াছে। ইহার নাম ইউনিয়ন ক্লাব। এই ক্লাবের উজোগে কার্জ্জন হলে Prof. Limএর আরও একটি বক্তৃতা হয়। এই বক্তৃতার বিষয় ছিল Sun-yet-Sen, এই দিনও দীনেক্সবাবুর গান হইয়াছিল।

মোটের উপর এই তুইটী ক্লাবের উত্তোগে যে সব বক্তৃতাদি হইয়াছে তাহাতে যেমন ঢাকাহলের লাভ হইয়াছে যথেষ্ট, তেমনি স্থানীয় শিক্ষিত সমাজও লাভবান হইয়াছেন অনেকখানি।

## সম্পাদকের শেষ কথা।

এবার বছরের প্রথমে বিনি "শতদলের" সম্পাদক নির্বাচিত হইয়াছিলেন, তিনি গত ডিসেম্বর মাসে পদত্যাগ করায় সম্পাদকের পুনর্নির্বাচন হয়; এবং তাহারই ফলে পত্র-সম্পাদনের গুরুভার বর্ত্তমান সম্পাদকের স্বন্ধে পতিত হয়। এদিকে মার্চ্চমাদের প্রথম সপ্তাহে বি, এ পরীক্ষা সমাপ্ত হইয়া গোলেই, হলের যে সকল ছাত্র এবার বি, এ পরীক্ষা দিবেন, তাঁহারা হল ছাড়িয়া চলিয়া যাইবেন বলিয়া মার্চ্চের প্রথম সপ্তাহেই "শতদল" প্রকাশিত করিতে হইবে, স্থির করা হয়। কিন্তু মাত্র তুই মাস সময়ের মধ্যে এরপ একখানা বার্ষিক পত্র সর্বাক্ষত্বন্দর করিয়া বাহির করা বড়ই কন্ট্যাধ্যা কাছেই বাধ্য হইরা তাড়াতাড়ি করিতে যাইয়া সব জায়গায় ছাপার ভুলগুলি সংশোধন করা হইয়া উঠে নাই। আশা করি স্থি পাঠকরন্দ সময়ের অত্যক্ষতা বিবেচনা করিয়া সম্পাদকের এইসব ক্রেটী বিচ্যুতি ধরিবেন না।

আমাদের হলের যে সকল শিক্ষক এবং ছাত্রের আগ্রহ ও উৎসাহে এ বছরের "শতদল" প্রকাশিত হইল, তাঁহাদিগকে আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। সঙ্গে সঙ্গে এই কথাটাও বলিয়া রাখা ভাল যে যাঁহাদের লেখা আমরা "শতদলে" প্রকাশিত করিতে পারি নাই, তাঁহারা যেন "নিউইয়র্কের" সেই সপ্তদশ-বর্ষীয়া যুবতীর মত ছাপার অক্ষরে নিজের লেখা বাহির না-হওয়ার্ তৃঃখে জীবনে নিরাশ হইয়া বিষপানে আত্মহত্যা করিবার উদ্যোগ না করেন। আমাদের মধ্যে ঐরপ নিরাশ করির সন্ধান পাইলে আমরা তাহার লেখা নিশ্চয়ই বাহির করিবার চেক্টা করিতাম।



# শুদ্ধি-পত্র।

	•		
পৃষ্ঠা	পংক্তি	অংশুক	豐香
8	₹•	বিভন্ন	বিভিন্ন
ď	2	অবমানিত	অ্বনমিত
ર૭	29	বধু	বধু
84	æ	দন্ত-পংতির	দম্ভ-পংক্তির
86	22	হাঠাৎই	হঠাৎই
8 <b>b</b>		ছিমিয়ে	ঝিমিয়ে
88	>>	ছাড্ছেনা	ছাড় তেনা
<b>@</b> >	28	ভভিষ্যতে	ভবিষ্যতে
(com	> 0	মাংশপেশী	মাংসপেশী ভিত্তিক
<b>७8</b>	20	ছিকিয়ে	ছিনিয়ে পুনর্দর্শনের
92	. <b>b</b>	পুনদশনের শীকারের	শুক্র ব্রের শিকারের
96	. 20	শাকারের শা <b>শা</b> র	বাণীর
26	22	শীহরিশচন্দ্র দাশ গুপ্ত	•••দত্ত প্র
225	<b>U</b>	व्यासित रुख सा। उ	1